অলজ্জ (লজ্জাহীন) অলজ্‌জো [ɔlɔɟɟʒò]

অলপ্পেয়ে (গালিবিশেষ, স্বল্পায়ু) অলোপ্‌পেয়ে [ɔlòppe(ĕ)e]

অলব্ধ (যা পাওয়া যায়নি) অলব্‌ধো [ɔlɔbdhò]

অলভ্য (অপ্রাপ্য) অলোব্‌ভো [ɔlòbbhò]

'অলম্বুষ' (রাক্ষসবিশেষ) অলোম্‌বুশ্‌ [ɔlòmbuʃ]

অলস (কুঁড়ে) অলোশ্‌ [ɔlòʃ] **অলসতা** (কুঁড়েমি) অলোশতা [ɔlòʃɔta]

অলাত (জ্বলন্ত কয়লা) অলাৎ [ɔlat] **অলাতচক্র** (চক্রাকারে ঘুরন্ত আগুন) অলাতোচক্‌ক্রো [ɔla-tòcʃɔkkrò]

অলাবু (লাউ) অলাবু [ɔlabu]

অলাভ (ক্ষতি ; লাভহীনতা) অলাভ্‌ [ɔlab(h)]

অলি, অলী (ভ্রমর) ওলি [òli] **অলিকুল** (ভ্রমরের দল) ~কুল্‌ [~kul]

অলিখিত (যা লেখা নেই) অলিখিতো [ɔlikhitò]

অলিগলি (সরু পথ) ওলিগোলি [òligòli]

অলিন্দ (বারান্দা) অলিন্‌দো/ওলিন্‌দো [ɔlindò/òlindò]
অলীক (মিথ্যা, অসত্য) অলিক্‌ [ɔlik]
অলুক (যার লোপ নেই ; সমাসবিশেষ) অলুক্‌ [ɔluk]
অলোক (লোক বা পৃথিবীর অতীত) অলোক্‌ [ɔlok] **অলোকদৃষ্টি** (অতীন্দ্রিয় বস্তু দেখার ক্ষমতা) ~দ্রিষ্‌টি/ অলোকোদ্রিষ্‌টি [~driʃṭi/ɔlokò-(d)driʃṭi] **অলোকসামান্য** (অসাধারণ) ~শামান্‌নো/অলোকোশামান্‌নো [~ʃamannò/ɔlokòʃamannò] **অলোকসুন্দর** (অসাধারণ সুন্দর) ~শুন্‌দোর্‌/অলোকোশুন্‌দর্‌ [~ʃundòr/ɔlokòʃundɔr]
অলৌকিক (লোকাতীত) অলৌকিক্‌ [ɔloŭkik]
অল্প (কম) অল্‌পো [ɔlpò] **অল্পক্ষণ** ~ক্‌খোন্‌ [~kkhòn] **অল্পজ্ঞ** (অল্প জ্ঞানসম্পন্ন) ~গ্‌গোঁ [~ggõ] **অল্পতা** ~তা [~ta] **অল্পপ্রাণ** (unaspirated) ~প্‌প্রান্‌ [~ppran] **অল্পবয়স্ক** ~বয়োশ্‌কো [~bɔĕòʃkò] **অল্পভাষী** (যে কম কথা বলে) ~ভাশি [~bɦaʃi] **অল্পমতি** ~মোতি [~mòti] **অল্পস্বল্প** ~শল্‌পো [~ʃɔlpò]
অল্পাধিক (কমবেশি) অল্‌পাধিক্‌ [ɔlpadɦik] **অল্পায়ু** (ক্ষীণজীবী) অল্‌পায়ু [ɔlpaĕu] **অল্পাশয়** অল্‌পাশয়্‌ [ɔlpaʃɔĕ] **অল্পাহার** অল্‌পাহার্‌ [ɔlpaɦar]
অশক্ত (অক্ষম ; শক্তিহীন) অশক্‌তো/অশোক্‌তো [ɔʃɔktò/ɔʃòktò]
অশক্য (অসাধ্য) অশোক্‌কো [ɔʃòkkò]
অশঙ্ক (শঙ্কা বা ভয় নেই এমন ; নির্ভীক) অশংকো [ɔʃɔŋkò] **অশঙ্কিত** (নির্ভীক) অশোংকিতো [ɔʃòŋkitò]
অশথ (অশ্বত্থ গাছ) অশোথ্‌ [ɔʃòt(h)]
অশন (আহার ; খাওয়া) অশোন্‌ [ɔʃòn]
অশনি (বজ্র) অশোনি [ɔʃòni] **অশনিপাত** ~পাৎ [~pat] **অশনিসংকেত** ~শংকেৎ [~ʃɔŋket]
অশরীরী (দেহহীন ; প্রেত) অশোরিরি [ɔʃòriri]
অশান্ত (অস্থির ; দুরন্ত) অশান্‌তো [ɔʃantò] **অশান্তি** (শান্তির অভাব) অশান্‌তি [ɔʃanti]
অশালীন (অশিষ্ট ; অশ্লীল) অশালিন্‌ [ɔʃalin]
অশাস্ত্রীয় (শাস্ত্র-বিরোধী) অশাস্‌ত্রিয়ো [ɔʃastriò]
অশিক্ষা (শিক্ষার অভাব) অশিক্‌খা [ɔʃikkha] **অশিক্ষিত** (শিক্ষা পায়নি এমন) অশিক্‌খিতো [ɔʃikkhitò]
অশিষ্ট (অভদ্র ; দুরন্ত) অশিষ্‌টো [ɔʃiʃṭò] **অশিষ্টতা** ~তা/অশিষ্‌টতা [~ta/ɔʃiʃṭɔta]
অশীতি (আশি) ওশিতি/অশিতি [òʃiti/ɔʃiti] **অশীতিপর** ~পর্‌ [~pɔr]
'অশীন' অশিন্‌ [ɔʃin]
অশুচি (অপবিত্র) অশুচি [ɔʃucʃi]
অশুদ্ধ (অপবিত্র ; ভ্রমপূর্ণ) অশুদ্‌ধো [ɔʃuddɦò] **অশুদ্ধি** অশুদ্‌ধি [ɔʃuddɦi]
অশুভ (অকল্যাণ) অশুভো [ɔʃubɦò] **অশুভকর** ~কর্‌ [~kɔr] **অশুভকামনা** ~কামোনা [~kamòna]
অশেষ (শেষহীন) অশেশ্‌ [ɔʃeʃ] **অশেষপ্রকার** (নানা রকম) ~প্রোকার্‌ [~pròkar]
অশোক (শোকহীন) অশোক্‌ [ɔʃok] **অশোককানন** ~কানোন্‌ [~kanòn] **অশোকবন** ~বোন্‌ [~bòn] **অশোকষষ্ঠী** ~শোষ্‌ঠি [~ʃòʃṭhi]
অশোধন (শোধনের অভাব) অশোধোন্‌ [ɔʃodɦòn] **অশোধিত** অশোধিতো [ɔʃodɦitò]
অশোভন (অসুন্দর ; বেমানান) অশোভোন্‌ [ɔʃobɦòn]
অশৌচ অশৌচ্‌ [ɔʃoucʃ] **অশৌচান্ত** (অশৌচের শেষ) অশৌচান্‌তো [ɔʃoŭcʃantò]
অশ্ব (ঘোড়া) অশ্‌শো [ɔʃʃò] **অশ্বখুরাকৃতি** ~খুরাক্রিতি [~khura(k)kriti] **অশ্বচালনা** ~চালোনা [~cʃalòna] **অশ্বডিম্ব** ~ডিম্‌বো [~ḍimbò] **অশ্বতর** (খচ্চর) ~তরো [~tɔrò] **অশ্বমেধ** (যজ্ঞবিশেষ) ~মেধ্‌ [~med(ɦ)]
অশ্বত্থ (গাছবিশেষ) অশ্‌শোৎথো/অশ্‌শৎথো [ɔʃʃòtthò/ɔʃʃɔtthò]
অশ্বারোহণ (ঘোড়ায় চড়া) অশ্‌শারোহোন্‌ [ɔʃʃaroɦòn] **অশ্বারোহী** অশ্‌শারোহি [ɔʃʃaroɦi]
'অশ্বিনী' (নক্ষত্র-বিশেষ) ওশ্‌শিনি [òʃʃini] **'অশ্বিনীকুমার'** ~কুমার্‌ [~kumar]
অশ্ম (প্রস্তর, শিলা) অশ্‌শোঁ [ɔʃʃõ] **অশ্মীভবন** ওশ্‌শিঁভবোন্‌ [òʃʃibɦɔbòn] **অশ্মীভূত** ওশ্‌শিঁভুতো [òʃʃibɦutò]

অশ্রদ্ধা (অভক্তি) অস্স্রোদ্‌ধা [ɔssròddɦa] **অশ্রদ্ধেয়** অস্স্রোদ্‌ধেয়ো [ɔssròddɦeò]

অশ্রাব্য (শোনা যায় না এমন ; অশ্লীল) অস্স্রাব্‌বো [ɔssrabbò]

অশ্রু (চোখের জল) ওস্স্রু [òssru] **অশ্রুজল** ~জল্ [~ɟʒɔl] **অশ্রুপাত** (চোখের জল ফেলা) ~পাৎ [~pat] **অশ্রুপূর্ণ** (সজল, tearful) ~পুর্‌নো [~pur(n)nò] **অশ্রুরুদ্ধ** ~রুদ্‌ধো [~ruddɦò] **অশ্রুসজল** ~শজোল্ [~ʃɔɟʒòl]

অশ্রুত (শোনা যায় না বা যায়নি এমন) অস্স্রুতো [ɔssrutò]

অশ্লীল (অশিষ্ট) অস্স্লিল্/অশ্‌শ্লিল্ [ɔsslil/ɔʃʃlil]

অশ্লেষা (অশুভ নক্ষত্রবিশেষ) অস্স্লেশা/অশ্‌শ্লেশা [ɔssleʃa/ɔʃʃleʃa]

অষ্ট (আট) অশ্‌টো [ɔʃṭò] **অষ্টক** ~ক্ [~k] **অষ্টপ্রহর** (সারাদিন, সর্বক্ষণ) ~প্প্রোহোর্ [~ppròɦòr] **অষ্টবসু** (রাজা দক্ষের আট দৌহিত্র) ~বোশু [~bòʃu] **অষ্টমঙ্গলা** (দুর্গার মূর্তিবিশেষ) ~মোঙ্‌গোলা [~mòŋgòla] **অষ্টরম্ভা** ~রম্‌ভা [~rɔmbɦa]

অষ্টাঙ্গ (দেহের আট অঙ্গ) অশ্‌টাঙ্‌গো [ɔʃṭaŋgò] **অষ্টাদশ** অশ্‌টাদশ্ [ɔʃṭadɔʃ] **অষ্টাদশী** অশ্‌টাদোশি [ɔʃṭadòʃi] **অষ্টাবক্র** (মুনিবিশেষ) অশ্‌টাবক্‌ক্রো [ɔʃṭabɔkkrò]

অষ্টোত্তর (আটের বেশি) অশ্‌টোৎতর্/অশ্‌টোৎতোর্ [ɔʃṭottɔr/ɔʃṭottòr]

অসংকোচ (কুণ্ঠার অভাব) অশংকোচ্ [ɔʃɔŋkocʃ] **অসংকুচিত** অশোংকুচিতো [ɔʃòŋkucʃitò]

অসংখ্য (অগুনতি) অশোংখো [ɔʃòŋkhò]

অসংগত (অনুচিত ; সংগতিহীন) অশংগতো/অশোংগতো [ɔʃɔŋgɔtò/ɔʃòŋgɔtò] **অসংগতি** অশংগোতি/অশোংগোতি [ɔʃɔŋgòti/ɔʃòŋgòti]

অসংবৃত (আঢাকা ; অগোছালো) অশংব্রিতো/অশোংব্রিতো [ɔʃɔŋbritò/ɔʃòŋbritò]

অসংযম (উচ্ছৃঙ্খলতা) অশংজম্ [ɔʃɔŋɟʒɔm] **অসংযমী** অশংজোমি/অশোংজোমি [ɔʃɔŋɟʒòmi/ɔʃòŋɟʒòmi] **অসংযত** অশংজতো [ɔʃɔŋɟʒɔtò]

অসংলগ্ন (পরস্পর সম্পর্কহীন) অশংলগ্‌নো [ɔʃɔŋlɔgnò]

অসংশয় (নিঃসন্দেহ) অশংশয়্ [ɔʃɔŋʃɔĕ] **অসংশয়িত** অশংশোইতো [ɔʃɔŋʃòitò]

অসংশোধিত (সংশোধন হয়নি এমন) অশংশোধিতো [ɔʃɔŋʃodɦitò]

অসংস্কৃত (সংস্কার হয়নি এমন ; সংস্কৃত ভাষা ছাড়া অন্য) অশংশ্‌ক্রিতো [ɔʃɔŋʃkritò]

অসচ্চরিত্র (মন্দ স্বভাববিশিষ্ট) অশচ্‌চোরিৎত্রো [ɔʃɔccʃòrittrò]

অসজ্জন (মন্দ লোক) অশজ্‌জোন্ [ɔʃɔɟɟʒòn]

অসৎ (অসাধু) অশৎ [ɔʃɔt]

অসতর্ক (অসাবধান) অশতর্‌কো/ অশোতর্‌কো [ɔʃɔtɔrkkò/ɔʃòtɔrkkò] **অসতর্কতা** ~তা [~ta]

অসতী (কুলটা ; ভ্রষ্টা) অশোতি [ɔʃòti]

অসত্য (মিথ্যা) অশোৎতো [ɔʃòttò]

অসদাচরণ (অসৎ বা মন্দ ব্যবহার) অশদাচরোন্/অশোদাচরোন্ [ɔʃɔdacʃɔròn/ɔʃòdacʃɔròn]

অসদুদ্দেশ্য (মন্দ অভিপ্রায়, কু-মতলব) অশদুদ্‌দেশ্‌শো/অশোদুদ্‌দেশ্‌শো [ɔʃɔduddeʃʃò/ɔʃòdud-deʃʃò]

অসদুপায় (অসৎ পন্থা) অশদুপায়্/অশোদুপায়্ [ɔʃɔdupaĕ/ɔʃòdupaĕ]

অসদ্ব্যবহার (অনুচিত বা মন্দ ব্যবহার) অশদ্‌ব্যাবোহার্/অশোদ্‌ব্যাবোহার্ [ɔʃɔdbæbòɦar/ɔʃòdbæbòɦar]

অসদ্ভাব (মনোমালিন্য ; বিবাদ) অশদ্‌ভাব্/অশোদ্‌ভাব্ [ɔʃɔdbɦab/ɔʃòdbɦab]

অসন্তুষ্ট (বিরক্ত) অশোন্‌তুশ্‌টো [ɔʃòntuʃṭò] **অসন্তোষ** (বিরক্তি) অশন্‌তোশ্/অশোন্‌তোশ্ [ɔʃɔntoʃ/ɔʃòntoʃ]

অসবর্ণ (ভিন্ন বর্ণ বা জাতির অন্তর্ভুক্ত) অশোবর্‌নো/অশবর্‌নো [ɔʃòbɔr(n)nò/ɔʃɔbɔr(n)nò]

অসভ্য (অমার্জিত ; বর্বর) অশোব্‌ভো [ɔʃòbbɦò] **অসভ্যতা** ~তা [~ta]

অসম (অসমান) অশমো/অশোমো [ɔʃɔmò/ɔʃòmò] **অসমসাহস** (অকুতোভয়তা) ~শাহোশ্ [~ʃaɦòʃ] **অসমসাহসী** (নির্ভীক ; দুঃসাহসী) ~শাহোশি/অশোম্‌শাহোশি [~ʃaɦòʃi/ɔʃòm-ʃaɦòʃi]

অসমতল (বন্ধুর) অশমোতল্ [ɔʃɔmòtɔl]

অসময় (অনুপযুক্ত সময়) অশোময়/অশময় [ɔʃòmɔĕ/ɔʃɔmɔĕ]

অসমর্থ (অক্ষম) অশমর্‌থো/অশোমর্‌থো [ɔʃɔmɔr(t)thò/ɔʃòmɔr(t)thò]

অসমর্থিত (অনুমোদিত নয় এমন) অশমোর্‌থিতো [ɔʃɔmòr(t)thitò]

অসমান (এক রকম বা সমান নয় এমন ; বাঁকা) অশোমান্/অশমান্ [ɔʃòman/ɔʃɔman]

অসমাপিকা (সম্পূর্ণ করে না এমন) অশমাপিকা/অশোমাপিকা [ɔʃɔmapika/ɔʃòmapika]

অসমাপ্ত (শেষ বা সম্পূর্ণ হয়নি এমন) অশমাপ্‌তো/অশোমাপ্‌তো [ɔʃɔmaptò/ɔʃòmaptò]

অসমীচীন (অনুচিত) অশোমিচিন [ɔʃòmicʃin]

অসম্পূর্ণ (অসমাপ্ত) অশোম্‌পুর্‌নো/অশম্‌পুর্‌নো [ɔʃòmpur(n)nò/ɔʃɔmpur(n)nò]

অসম্বদ্ধ (সংলগ্ন নয় এমন ; সম্বন্ধহীন) অশম্‌বদ্‌ধো/অশোম্‌বদ্‌ধো [ɔʃɔmbɔddɦò/ɔʃòmbɔddɦò]

অসম্বন্ধ (সম্বন্ধ বা সম্পর্ক নেই এমন ; অসংলগ্ন) অশম্‌বন্‌ধো [ɔʃɔmbɔndɦò]

অসম্ভব (যা ঘটে না বা ঘটতে পারে না) অশোম্‌ভব্/অশম্‌ভব্ [ɔʃòmbɦɔb/ɔʃɔmbɦɔb]

অসম্মত (রাজি নয় এমন) অশম্‌মতো/অশোম্‌মতো [ɔʃɔmmɔtò/ɔʃòmmɔtò]

অসম্মান (অপমান) অশোম্‌মান্/অশম্‌মান্ [ɔʃòmman/ɔʃɔmman] **অসম্মানিত** (অপমানিত) অশোম্‌মানিতো/ অশম্‌মানিতো [ɔʃòmmanitò/ɔʃɔmmanitò]

অসহ (অসহ্য) অশোহো/অশহো [ɔʃòɦò/ɔʃɔɦò] **অসহনীয়** (অসহ্য) ~নিয়ো [~niò]

অসহযোগ (সহযোগিতার অভাব) অশোহোজোগ্/অশহোজোগ্ [ɔʃòɦòɟʒog/ɔʃɔɦòɟʒog]

অসহায় (সহায়হীন, সম্বলহীন) অশোহায়্/অশহায়্ [ɔʃòɦaĕ/ɔʃɔɦaĕ]

অসহিষ্ণু (সহ্যশক্তিহীন) অশোহিশ্‌নু [ɔʃòɦiʃnu]

অসহ্য (সহ্য করা যায় না এমন) অশোজ্‌ঝো [ɔʃòɟɟʒɦò]

অসাড় (অনুভূতিহীন) অশাড়্ [ɔʃaɽ]

অসাধারণ (অসামান্য) অশাধারোন্ [ɔʃadɦaròn]

অসাধু (অসৎ) অশাধু [ɔʃadɦu]

অসাধ্য (সাধ্য বা ক্ষমতার অতীত) অশাদ্‌ধো [ɔʃaddɦò] **অসাধ্যসাধন** ~শাধোন্ [~ʃadɦòn]

অসাবধান (অসতর্ক) অশাব্‌ধান্ [ɔʃabdɦan]

অসামাজিক (মেলামেশা করে না এমন) অশামাজিক্ [ɔʃamaɟʒik]

অসামান্য (অসাধারণ) অশামান্‌নো [ɔʃamannò]

অসাম্প্রদায়িক (বিশেষ কোনো দল বা সম্প্রদায় সম্পর্কে নিরপেক্ষ) অশাম্‌প্রোদাইক্ [ɔʃampròdaik]

অসাম্য (সমতার অভাব) অশাম্‌মো [ɔʃammò]

অসার (সারবস্তুর অভাব) অশার্ [ɔʃar] **অসারতা** অশারোতা [ɔʃaròta]

অসি (তরবারি) ওশি [òʃi] **অসিধারা** ~ধারা [~dɦara] **অসিযুদ্ধ** ~জুদ্‌ধো [~ɟʒuddɦò]

অসিত (কালো ; কৃষ্ণবর্ণ) অশিৎ [ɔʃit]

অসিদ্ধ (সিদ্ধ হয়নি এমন ; অশুদ্ধ) অশিদ্‌ধো [ɔʃiddɦò]

অসীম (সীমাহীন) অশিম্ [ɔʃim]

অসু (প্রাণ) ওশু [òʃu]

অসুখ (অসুস্থতা) অশুখ্ [ɔʃuk(h)] **অসুখী** (দুঃখিত ; দুঃখী) অশুখি [ɔʃukhi]

অসুবিধা (অস্বাচ্ছন্দ্য) অশুবিধা [ɔʃubidɦa]

অসুর[১] (পুরাণের দৈত্য, দানব) ওশুর্ [òʃur]

অসুর[২] (দেবতা নয় এমন) অশুর্ [ɔʃur]

অসুস্থ (পীড়িত) অশুস্‌থো [ɔʃusthò] **অসুস্থতা** ~তা [~ta]

অসূয়া (ঈর্ষা, হিংসা) অশুআ [ɔʃua]

অসৌজন্য (অভদ্রতা) অশৌজোন্‌নো [ɔʃoŭɟʒònnò]

অস্ত (শেষ, অবসান) অস্‌তো [ɔstò] **অস্তাচল** অস্‌তাচল্ [ɔstacʃɔl] **অস্তাচলগামী** (অস্ত যাচ্ছে এমন) অস্‌তাচলোগামি [ɔstacʃɔlògami] **অস্তোদয়** অস্‌তোদয় [ɔstodɔĕ] **অস্তোন্মুখ** ~ন্‌মুখ্ [~nmuk(h)]

অস্ত্র (হাতিয়ার) অস্‌ত্রো [ɔstrò] **অস্ত্রধারণ** ~ধারোন্ [~dɦaròn] **অস্ত্রশস্ত্র** ~শস্‌ত্রো [~ʃɔstrò] **অস্ত্রাগার** অস্‌ত্রাগার্ [ɔstragar]

অস্ত্রোপচার (শল্যচিকিৎসা, operation) অস্ত্রোপচার্/অস্ত্রোপোচার্ [ɔstropɔcʃar/ɔstropòcʃar]

অস্থানিক (বহিরাগত) অস্‌থানিক্ [ɔsthanik]

অস্থাবর (স্থানান্তরিত করা যায় না এমন) অস্‌থাবর্/অস্‌থাবোর্ [ɔsthabɔr/ɔsthabòr]

অস্থায়ী (অল্পকাল স্থায়ী) অস্‌থায়ি [ɔsthai]

অস্থি (হাড়) ওস্‌থি [òsthi] **অস্থিচর্মসার** ~চর্‌মোশার্ [~cʃɔrmmòʃar]

অস্থিতিস্থাপক (inelastic) অস্‌থিতিস্‌থাপোক্ [ɔsthitisthapòk]

অস্থির (চঞ্চল) অস্‌থির্ [ɔsthir] **অস্থিরতা** অস্‌থিরতা/অস্‌থিরোতা [ɔsthirɔta/ɔsthiròta] **অস্থিরমতি** ~মোতি [~mòti]

অস্থৈর্য (অস্থিরতা, ধৈর্যহীনতা) অস্‌থৈর্‌জো [ɔsthoĭr(ɟ)ɟʒò]

অস্পষ্ট (ঝাপসা; অপরিস্ফুট, আবছা) অশ্‌পষ্‌টো/অস্‌পষ্‌টো [ɔʃpɔʃṭò/ɔspɔʃṭò] **অস্পষ্টতা** ~তা [~ta]

অস্পৃশ্য (অশুচি, অচ্ছুত) অস্‌প্রিশ্‌শো [ɔspriʃʃò] **অস্পৃশ্যতা** ~তা [~ta]

অস্ফুট (অব্যক্ত; আধো আধো) অশ্‌ফুট্/অশ্‌ফুটো/অস্‌ফুট্/অস্‌ফুটো [ɔʃphuṭ/ɔʃphuṭò/ɔsphuṭ/ɔsphuṭò]

অস্বচ্ছ (ঘোলা, অনচ্ছ) অশচ্‌ছো [ɔʃɔccʃhò] **অস্বচ্ছতা** ~তা [~ta]

অস্বচ্ছন্দ (স্বচ্ছন্দ বা সাবলীল নয় এমন) অশ্‌চ্ছন্‌দো/অশচ্‌ছোন্‌দো [ɔʃɔccʃhɔndò/ɔʃɔccʃhòndò]

অস্বস্তি (স্বাচ্ছন্দ্যের অভাব) অশ্‌শোস্‌তি [ɔʃʃòsti]

অস্বাচ্ছন্দ্য (স্বাচ্ছন্দ্য বা সাবলীলতার অভাব) অশাচ্‌ছন্‌দো/অশাচ্‌ছোন্‌দো [ɔʃaccʃhɔndò/ɔʃaccʃhòndò]

অস্বাভাবিক (স্বাভাবিক বা প্রকৃতিগত নয় এমন) অশ্‌শাভাবিক্ [ɔʃʃabɦabik]

অস্বাস্থ্য (অসুস্থতা) অশাস্‌থো [ɔʃasthò] **অস্বাস্থ্যকর** ~কর্ [~kɔr]

অস্বীকার (না মানা; অসম্মতি) অশ্‌শিকার্ [ɔʃʃikar] **অস্বীকৃতি** (অসম্মতি) অশিক্রিতি [ɔʃi(k)kriti]

অস্মিতা (অহংকার; ব্যক্তিত্ব, personality) ওশ্‌মিতা/অশ্‌মিতা/অস্‌মিতা [òʃmita/ɔʃmita/ɔsmita]

অহং (অহংকার) অহোং [ɔɦòŋ] **অহংকার** ~কার্ [~kar] **অহংকারী** ~কারি [~kari] **অহংবাদী** ~বাদী [~badi]

অহমিকা (অহংকার) অহোমিকা [ɔɦòmika]

অহরহ (সর্বদা, নিত্য) অহোরহো [ɔɦòrɔɦò]

অহর্নিশ (দিনরাত, দিবারাত্র) অহোর্‌নিশ্ [ɔɦòr(n)niʃ] **অহর্নিশি** অহোর্‌নিশি [ɔɦòr(n)niʃi]

'অহল্যা' অহোল্‌লা [ɔɦòlla]

অহি (সাপ) ওহি [òɦi]

অহিংস (হিংসাহীন) অহিংশো [ɔɦiŋʃò] **অহিংসা** অহিংশা (হিংসার অভাব) [ɔɦiŋʃa]

অহিত (অমঙ্গল; ক্ষতি) অহিৎ/অহিতো [ɔɦit/ɔɦitò]

অহিফেন (আফিং) ওহিফেন্ [òɦiphen]

অহেতুক (অকারণ) অহেতুক্ [ɔɦetuk]

অহোরাত্র (দিনরাত) অহোরাৎত্রো [ɔɦorattrò]

আ

আ (বাংলা স্বরবর্ণবিশেষ) আ [a:]

আইচ (পদবি-বিশেষ) আইচ্/আয়িচ্ [aicʃ]

আইঢাই (হাঁসফাঁস) আই ঢাই [aiḍɦai]

আইন (নিয়ম, বিধি) আইন্ [ain] **আইনকানুন** ~কানুন্ [~kanun] **আইনজীবী** ~জিবি [~ʒibi] **আইনব্যবসায়ী** (উকিল, ব্যারিস্টার প্রভৃতি) ~ব্যাবোশায়ি [~bæbòʃai] **আইনমাফিক** ~মাফিক্ [~maphik] **আইনসম্মত** ~শম্‌মতো/~শম্‌মোতো [~ʃɔmmɔtò/~ʃɔmmòtò] **আইনানুগ** আইনানুগ্/আইনানুগো [ainanug/ainanugò]

আইবুড়ো (অবিবাহিত) আইবুড়ো [aĭburo]

আইমা (দিদিমা) আইমা [aĭma]

আইসক্রিম আইস্‌ক্রিম/আয়িস্‌ক্রিম্ [aiskrim]

আউশ (ধানবিশেষ) আউশ্ [auʃ]

আওড়ানো (উচ্চারণ করা; আবৃত্তি করা) আওড়ানো [aòrano]

আওতা (আশ্রয়, প্রভাব) আও্তা [aòta]
আওয়াজ (শব্দ) আও্আজ্ [aòaɟʒ]
আংটা, আঙটা (হাতল, কড়া) আংটা [aŋṭa]
আংটি, আঙটি (অঙ্গুরীয়, ring) আংটি [aŋṭi]
আংশিক (খানিক, কতক) আংশিক্ [aŋʃik]
আঁক (চিহ্ন ; অঙ্ক) আঁক্ [ã:k]
আঁকশি (লগা) আঁক্শি [ãkʃi]
আঁকা (দাগ দেওয়া, চিহ্ন দেওয়া, অঙ্কন করা) আঁকা [ãka] **আঁকা-জোঁকা** ~জোঁকা [~ɟʒõka]
আঁকাবাঁকা (বাঁকা) আঁকাবাঁকা [ãkabãka]
আঁকুপাঁকু (হাঁকপাঁক) আঁকুপাঁকু [ãkupãku]
আঁখি (চোখ) আঁখি [ãkhi] **আঁখিজল** ~জল্ [~ɟʒɔl] **আঁখিঠার** (চোখের ইঙ্গিত) ~ঠার্ [~ṭhar] **আঁখিপাত** ~পাৎ [~pat]
আঁচ (আন্দাজ ; তাপ) আঁচ্ [ã:cʃ]
আঁচড় (রেখা, দাগ) আঁচোড়্ [ãcʃòṛ]
আঁচল (অঞ্চল, শাড়ির প্রান্ত) আঁচোল্ [ãcʃòl] **আঁচলা** আঁচ্লা [ãcʃla]
আঁচিল (wart) আঁচিল্ [ãcʃil]
আঁজনাই (আঞ্জনি) আঁজ্নাই/আজ্নাই [ãɟʒnai/aɟʒnai]
আঁজলা (অঞ্জলি পরিমাণ, handful) আঁজলা [ãɟʒla]
আঁটসাঁট আঁট্শাঁট্ [ãṭʃãṭ] **আঁটিসাঁটি** আঁটিশাঁটি [ãṭiʃãṭi]
আঁটকুড়, আঁটকুড়ো (নিঃসন্তান) আঁট্কুড়ো [ãṭkuṛo]
আঁটনি (শক্ত বাঁধন) আঁটোনি [ãṭòni] **আঁটুনি** আঁটুনি [ãṭuni]
আঁটি (গুচ্ছ) আঁটি [ãṭi]
আঁটুনি আঁটনি দ্র
আঁত (নাড়ি ; মতলব) আঁৎ [ã:t]
আঁতাঁত (entente) আঁতাঁৎ [ãtãt]
আঁতুড় (সূতিকাগার) আঁতুড়্ [ãtuṛ]
আঁধার (অন্ধকার) আঁধার্ [ãdɦar]
আঁধি (অন্ধকার) আঁধি [ãdɦi]
আঁশ (রোঁয়া) আঁশ্ [ã:ʃ] **আঁশফল** ~ফল্ [~phɔl]
আঁষ (আমিষ) আঁশ্ [ã:ʃ]
আঁস্তাকুড় (আবর্জনা ফেলার জায়গা) আঁস্তাকুড়্ [ãstakuṛ]

আকছার (সর্বদা) আক্ছার্ [akcʃhar]
আকণ্ঠ (কণ্ঠ পর্যন্ত) আকন্ঠো [akɔnṭhò]
আকথাকুকথা (মন্দ কথা) আকথা কুকথা [akɔtha kukɔtha]
আকন্দ (গাছবিশেষ) আকোন্দো/আকন্দো [akòndò/akɔndò]
'আকবর' আক্বর্ [akbɔr]
আকবরি (আকবরের, আকবরের আমলের) আক্বোরি [akbòri]
আকর (খনি ; আধার) আকর্/আকোর্ [akɔr/akòr]
আকর্ণ (কান পর্যন্ত) আকর্নো [akɔr(n)nò]
আকর্ষ (লতাতন্তু, tendril) আকর্শো [akɔr(ʃ)ʃò]
আকর্ষক (যা আকর্ষণ করে) আকোর্শক্ [akòr(ʃ)ʃɔk]
আকর্ষণ (টান) আকর্শোন্/আকোর্শোন্/আকোর্শন্ [akɔr(ʃ)ʃòn/akòr(ʃ)ʃòn/akòr(ʃ)ʃɔn]
আকাঙ্ক্ষা (ইচ্ছা) আকাংখা [akaŋkha]
আকার (আকৃতি, চেহারা) আকার্ [akar]
আকাল (দুর্ভিক্ষ) আকাল্ [akal]
আকাশ (গগন, sky) আকাশ্ [akaʃ]
আকাশকুসুম (অবাস্তব জিনিস) আকাশ্কুশুম্ [akaʃkuʃum]
আকাশপাতাল (স্বর্গ থেকে পাতাল পর্যন্ত) আকাশ্পাতাল্ [akaʃpatal]
আকাশপ্রদীপ (কার্তিক মাসে বাড়ির ছাদে বাঁশের ডগায় জ্বালানো প্রদীপ) আকাশ্প্রোদিপ্ [akaʃpròdip]
আকিঞ্চন (দৈন্য) আকিন্চন্/আকিন্চোন্ [akincʃɔn/akincʃòn]
আকীর্ণ (ছড়ানো) আকির্নো [akir(n)nò]
আকুল (অধীর) আকুল্ [akul]
আকুতি (আকুলতা) আকুতি [akuti]
আকৃতি (চেহারা, আকার) আক্রিতি [a(k)kriti]
আকৃষ্ট (প্রলুব্ধ, মুগ্ধ ; আকর্ষণ করা হয়েছে এমন) আক্রিশ্টো [a(k)kriʃṭò]
আক্কেল (কাণ্ডজ্ঞান) আক্কেল্ [akkel]
আক্রম (বিক্রম ; আক্রমণ) আক্রম্/আক্রোম্ [akkrɔm/akkròm]

আক্রমণ (হানা) আকক্রোমোন্ [akkròmòn]
আক্রমণাত্মক (জঙ্গি ; সংগ্রামী) আকক্রোমোনাৎতোঁক্ / আকক্রোমনাৎতোঁক্ [akkròmònattõk/ akkròmɔnattõk]
আক্রা (দুর্মূল্য) আকক্রা [akkra]
আক্রান্ত (আক্রমণ করা হয়েছে এমন) আকক্রান্তো [akkrantò]
আক্রোশ (ক্রোধ, বিদ্বেষ) আকক্রোশ্ [akkroʃ]
আক্ষরিক (অক্ষর অনুসারী, literal) আকখোরিক্ [akkhòrik]
আক্ষেপ (তড়কা, fits; ক্ষোভ) আকখেপ্ [akkhep]
আখ (ইক্ষু) আখ্ [a:k(h)]
আখগাছ (ইক্ষুর গাছ, sugar-cane) আখ্গাছ্/আগ্গাছ্ [ak(h)gacʃ(h)/aggacʃ(h)]
আখড়া (ব্যায়ামের কেন্দ্র ; আড্ডা) আখ্ড়া [ak(h)ṛa]
আখর (অক্ষর) আখোর্ [akhòr]
আখরোট (walnut) আখ্রোট্ [ak(h)roṭ]
আখের (পরিণাম, ভবিষ্যৎ) আখের্ [akher]
আখ্যা (সংজ্ঞা ; উপাধি) আকখা [akkha]
আখ্যাত (কথিত) আকখাতো/আকখ্যাতো [akkhatò/akkhætò]
আখ্যান (কাহিনী) আকখান্ [akkhan]
আখ্যায়িকা (কাহিনী) আকখাইকা [akkhaika]
আগড়বাগড় (অর্থহীন কথা) আগোড়্বাগোড়্ [agòṛbagòṛ]
আগত (এসেছে এমন) আগতো/আগোতো [agɔtò/ agòtò]
আগন্তুক (অতিথি ; নবাগত) আগোন্তুক্ [agòntuk]
আগম (আগমন ; import; শাস্ত্র) আগোম্/আগম্ [agòm/agɔm]
আগমন (আসা) আগোমোন্/আগমোন্ [agòmòn/ agɔmòn]
আগমনী (দুর্গার পিত্রালয়ে আসার গান) আগোমোনি [agòmòni]
আগল (খিল) আগোল্ [agòl]
আগলা (খোলা) আগ্লা [agla]
আগাম (advance) আগাম্ [agam]
আগামী (ভবিষ্যৎ) আগামি [agami]
আগুন (অগ্নি, fire) আগুন্ [agun]
আগুয়ান (আগ্রসর, অগ্রবর্তী) আগুআন্ [aguan]
আগ্নেয় (আগুনসম্বন্ধীয়) আগ্নেও [agneò]
আগ্রহ (ব্যগ্রতা ; কৌতূহল) আগ্গ্রোহো [aggròɦò]
আঘাত (চোট, ঘা) আঘাৎ [aɡɦat]
আঘ্রাণ (গন্ধগ্রহণ) আগ্ঘ্রান্ [aggɦran]
আঙটা আংটা দ্র
আঙিনা, আঙ্গিনা (উঠান, অঙ্গন) আঙিনা [aŋina]
আঙুর (grapes) আঙুর্ [aŋur]
আঙুল (finger) আঙুল্ [aŋul]
আঙ্গিক (কলাকৌশল) আংগিক্ [aŋgik]
'আঙ্গিরস' (অঙ্গিরস মুনির পুত্র) আংগিরশ্ [aŋgirɔʃ]
আঙ্গুর আঙুর দ্র
আঙ্গুল আঙুল দ্র
আচকান (জামাবিশেষ) আচ্কান্ [acʃkan]
আচমকা (হঠাৎ) আচ্মকা/আচোম্কা [acʃɔmka/ acʃòmka]
আচমন (আঁচানো) আচ্মোন্/আচোমোন্ [acʃmòn/ acʃòmòn]
আচম্বিতে (হঠাৎ) আচোম্বিতে [acʃòmbite]
আচরণ (চালচলন) আচোরোন্/আচরোন্ [acʃòròn/acʃɔròn] **আচরণীয়** (পালনীয়) আচোরোনিয়ো/আচরোনিয়ো [acʃòròniò/acʃɔròniò] **আচরিত** আচোরিতো [acʃòritò]
আচার (ক্রিয়াকর্ম ; অনুষ্ঠান ; sauce) আচার্ [acʃar]
আচার্য (গুরু) আচারজো [acʃar(ɟ)ɟʒò] **আচার্যানী** আচারজানি [acʃar(ɟ)ɟʒani]
আচ্ছন্ন (আবৃত) আচ্ছন্নো/আচ্ছোন্নো [accʃhɔnnò/accʃhònnò]
আচ্ছা (তাই হবে) আচ্ছা [accʃha]
আচ্ছাদন (আবরণ) আচ্ছাদোন্ [accʃhadòn] **আচ্ছাদিত** (আবৃত, ঢাকা) আচ্ছাদিতো [accʃhaditò]
আছড়ানো (আছাড় দেওয়া) আছ্ড়ানো [acʃ(h)ṛano]
আছাঁকা (ছাঁকা হয়নি এমন) আছাঁকা [acʃhãka]

আছাড় (জোরে নিচে নিক্ষেপ বা পতন) আছাড় [acʃhaṛ]
আছোলা (খোসা ছাড়ানো হয়নি এমন) আছোলা [acʃhola]
আজ (এই দিন, today) আজ্ [a:ɟʒ] **আজকাল** ~কাল্ [~kal]
আজগুবি (উদ্ভট) আজ্গুবি [aɟʒgubi]
আজনাই আঁজনাই দ্র
আজন্ম (জন্মাবধি) আজন্মো/আজোন্মো [aɟʒɔn-mò/aɟʒònmò]
আজব (অদ্ভুত) আজোব্/আজব্ [aɟʒòb/aɟʒɔb]
আজাদ (মুক্ত) আজাদ্ [aɟʒad] **আজাদি** (মুক্তি, স্বাধীনতা) আজাদি [aɟʒadi]
আজান (নামাজের আহ্বান) আজান্ [aɟʒan]
আজানু (হাঁটু অবধি) আজানু [aɟʒanu] **আজানুলম্বিত** ~লোম্বিতো [~lòmbitò]
আজীবন (সারাজীবন) আজিবোন্ [aɟʒibòn]
আজেবাজে (তুচ্ছ, অকেজো) আজেবাজে [aɟʒebaɟʒe]
আজ্ঞা (আদেশ) আগ্গাঁ [aggã] **আজ্ঞাধীন** ~ধিন্ [~dɦin] **আজ্ঞাবহ** ~বহো [~bɔɦò]
আজ্ঞে (আজ্ঞা করুন ; তাই হবে) আঁগ্গে/আগ্গেঁ [ãgge/aggẽ]
আঞ্চলিক (অঞ্চল সম্বন্ধীয়, স্থানীয়) আন্চোলিক্ [ancʃòlik]
আঞ্জনি (চোখের ব্রণ) আন্জোনি [anɟʒòni]
আঞ্জাম (বন্দোবস্ত) আন্জাম্ [anɟʒam]
আঞ্জুমান (সভা) আন্জুমান্ [anɟʒuman]
আট (eight) আট্ [a:ṭ]
আটঘাট (সব দিক) আট্ঘাট্/আড্ঘাট্ [aṭgɦaṭ/aḍgɦaṭ]
আটচালা (আটটি চালযুক্ত ঘরবিশেষ) আট্চালা [aṭcʃala]
আটপৌরে (সারাদিন পরা যায় এমন) আট্পৌরে [aṭpoure]
আটই (৮ই) আটোই [aṭòi]
আটক (বন্ধ ; বন্দি) আটোক্ [aṭòk] **আটকা** আট্কা [aṭka] **আটকানো** আট্কানো [aṭkano]
আটা (coarse flour) আটা [aṭa]
আটাশ (২৮) আটাশ্ [aṭaʃ] **আটাশে** আটাশে [aṭaʃe]
আটাত্তর (৭৮) আটাত্তোর্ [aṭattòr]
আটানব্বই (৯৮) আটানব্বোই/আটানোব্বোই [aṭa-nɔbbòi/aṭanòbbòi]
আটান্ন (৫৮) আটান্নো [aṭannò]
আঠা (gum, glue) আঠা [aṭha] **আঠালো** আঠালো [aṭhalo]
আঠারো (১৮) আঠারো [aṭharo]
আড় (প্রস্থ ; বাঁকা) আড় [a:ṛ]
আড়ং (গঞ্জ ; হাট) আড়োং [aṛòŋ]
আড়মোড়া (আড়ষ্টতা দূর করার জন্য শরীর মোচড় দেওয়া) আড়্মোড়া [aṛmoṛa]
আড়ত, আড়ৎ (গোলা, depot) আড়োৎ [aṛòt] **আড়তদার** ~দার্/আড়োদ্দার্ [~dar/aṛòddar]
আড়ম্বর (জাঁকজমক ; ঘটা) আড়োম্বর্ [aṛòmbɔr]
আড়ষ্ট (জড় ; অস্বচ্ছন্দ) আড়োষ্টো/আড়ষ্টো [aṛòʃṭò/aṛɔʃṭò]
আড়াআড়ি (কোনাকুনি) আড়াআড়ি [aṛa aṛi]
আড়াই ($2\frac{1}{2}$) আড়াই [aṛai]
আড়াঠেকা (সংগীতের তালবিশেষ) আড়াঠেকা [aṛaṭheka]
আড়ানা (রাগিণীবিশেষ) আড়ানা [aṛana]
আড়াল (অন্তরাল ; আবরণ) আড়াল্ [aṛal]
আড়ি (আড়াল ; বিবাদ) আড়ি [aṛi]
আড্ডা (বাসস্থান ; গল্পগুজব) আড্ডা [aḍḍa]
আঢ্য (পদবিবিশেষ) আড্ঢো [aḍḍɦò]
আণবিক (অণু-সম্বন্ধীয়) আনোবিক্ [anòbik]
আণ্ডা (ডিম) আন্ডা [anḍa]
আতঙ্ক (ভয়) আতোংকো/আতংকো [atòŋkò/atɔŋkò]
আততায়ী (শত্রু ; আক্রমণকারী) আতোতাই [atò-tai]
আতপ (রৌদ্র) আতোপ্ [atòp]
আতর (সুগন্ধ পুষ্পসার) আতোর্ [atòr]
আতশ, আতস (আগুন) আতোশ্ [atòʃ]
আতা (ফলবিশেষ) আতা [ata]
আতান্তর (বিপদ) আতান্তর্/আতান্তোর্ [atantɔr/atantòr]

আতিথেয় (অতিথিসেবাপরায়ণ) আতিথেয়ো [atitheò] **আতিথেয়তা** ~তা [~ta]
আতিথ্য (অতিথিসেবা) আতিৎথো [atitthò]
আতিশয্য (আধিক্য) আতিশোজ্‌জো [atiʃòɟɟʒò]
আতুর (আর্ত ; অসুস্থ) আতুর্ [atur]
আত্তীকরণ (assimilation) আৎতিকরোন্ [at-tikɔròn]
আত্ম (নিজ) আৎতোঁ/আঁৎতো [attõ/ãttò] **আত্মকলহ** ~কলোহো [~kɔlòɦò] **আত্মকেন্দ্রিক** (স্বার্থপর) ~কেন্‌দ্রিক্ [~kendrik] **আত্মগরিমা** ~গোরিমা [~gòrima] **আত্মগ্লানি** ~গ্‌গ্লানি [~gglani] **আত্মঘাত** (আত্মহত্যা) ~ঘাৎ [~gɦat] **আত্মঘাতী** ~ঘাতি [~gɦati] **আত্মজ** (পুত্র) ~জো [~ɟʒò] **আত্মজীবনী** ~জিবোনি [~ɟʒibòni] **আত্মতৃপ্তি** ~ত্রিপ্‌তি [~(t)tripti] **আত্মত্যাগ** (স্বেচ্ছায় জীবনদান) ~ৎত্যাগ্ [~ttæg] **আত্মদর্শন** (নিজের চরিত্র সম্পর্কে বোধ) ~দরশোন্ [~dɔr(ʃ)ʃòn] **আত্মনিয়োগ** ~নিয়োগ্ [~niog] **আত্মনেপদ** ~নেপদ্ [~nepɔd] **আত্মপ্রকাশ** ~প্‌প্রোকাশ্ [~ppròkaʃ] **আত্মপ্রতারণা** (নিজেকে ঠকানো) ~প্‌প্রোতারোনা [~ppròtaròna] **আত্মপ্রত্যয়** (নিজের প্রতি আস্থা) ~প্‌প্রোৎতয় [~ppròttɔĕ] **আত্মপ্রসাদ** (নিজের মনের তৃপ্তি) ~প্‌প্রোশাদ্ [~ppròʃad] **আত্মবিশ্বাস** ~বিশ্‌শাশ্ [~biʃʃaʃ] **আত্মম্ভরিতা** (দম্ভ) ~ম্‌ভোরিতা [~mbɦòrita] **আত্মশুদ্ধি** (প্রায়শ্চিত্ত) ~শুদ্‌ধি [~ʃuddɦi] **আত্মহত্যা** ~হোৎতা [~ɦòtta]
আত্মা (soul) আঁৎতা/আৎতাঁ [ãtta/attã] **আত্মাভিমান** ~ভিমান্ [~bɦiman] **আত্মারাম** (আত্মাপুরুষ ; প্রাণপাখি) ~রাম্ [~ram] **আত্মাহুতি** (আত্মদান) ~হুতি [~ɦuti] **আত্মীকরণ** (assimilation) আঁৎতিকরোন্/আৎতিঁকরোন্ [ãttikɔròn/at-tĩkɔròn]
আত্মীয় (পরিজন, স্বজন) আঁৎতিয়ো/আৎতিঁয়োঁ [ãttiò/attĩõ] **আত্মীয়তা** ~তা [~ta] **আত্মীয়স্বজন** ~শজোন্ [~ʃɔɟʒòn]
আত্মোন্নতি (নিজের উন্নতি) আঁৎতোন্‌নোতি [ãttonnòti]
আত্মোৎসর্গ (নিজেকে উৎসর্গ করা) আঁৎতোৎশর্‌গো [ãttotʃɔr(g)gò]

আত্যন্তিক (অত্যধিক) আৎতোন্‌তিক্ [attòntik]
'আত্রেয়' (অত্রিমুনির পুত্র) আৎত্রেয়ো [attreò]
আদত (আসল) আদোৎ [adòt]
আদপে (আসলে) আদোপে [adòpe]
আদবকায়দা (ভদ্রতার রীতিনীতি) আদোব্ কায়্‌দা [adòb kaĕda]
আদম (প্রথম মানব) আদোম্ [adòm]
আদমশুমার (লোকগণনা) আদোম্‌শুমার্ [adòm-ʃumar]
আদমি (মানুষ) আদ্‌মি [admi]
আদর (সোহাগ ; যত্ন ; খাতির) আদোর্ [adòr] **আদরণীয়** (আদর পাবার যোগ্য) আদোরোনিয়ো [adòròniò] **আদরিণী** আদোরিনি [adòrini]
আদর্শ (অনুকরণীয় বিষয়, ideal) আদর্‌শো/আদোর্‌শো [adɔr(ʃ)ʃò/adòr(ʃ)ʃò]
আদল (মিল) আদোল্ [adòl]
আদা (ginger) আদা [ada]
আদাড় (আবর্জনা ফেলার জায়গা) আদাড়্ [adaɽ]
আদানপ্রদান (দেওয়া-নেওয়া) আদান্ প্রোদান্ [adan pròdan]
আদাব (সালাম) আদাব্ [adab]
আদায় (উসুল, সংগ্রহ) আদায়্ [adaĕ]
আদালত (court) আদালৎ [adalɔt]
আদি (আরম্ভ ; আদ্য, প্রথম) আদি [adi] **আদিকবি** ~কোবি [~kòbi] **আদিকাণ্ড** ~কান্‌ডো [~kanḍò] **আদিকাব্য** ~কাব্‌বো [~kabbò] **আদিনাথ** (মহাদেব) ~নাথ্ [~nat(h)] **আদিবাসী** (আদিম জাতি বা তাদের বংশধর) ~বাশি [~baʃi] **আদিরস** ~রশ্ [~rɔʃ]
আদিখ্যেতা (বাড়াবাড়ি) আদিক্‌খেতা [adikkheta]
আদিগন্ত (দিগন্ত পর্যন্ত) আদিগন্‌তো/আদিগোন্‌তো [adigɔntò/adigòntò]
আদিত্য (সূর্য) আদিৎতো [adittò] **আদিত্য নারায়ণ** ~নারায়োন্ [~naraĕòn]
আদিম (প্রথম ; প্রাচীন) আদিম্ [adim] **আদিমতা** আদিমোতা/আদিমতা [adimòta/adimɔta]
আদিষ্ট (আজ্ঞাপ্রাপ্ত) আদিশ্‌টো [adiʃṭò]
আদুড় (নগ্ন) আদুড়্ [aduɽ]
আদৃত (অভ্যর্থিত) আদ্রিতো [a(d)dritò]

আদেশ (হুকুম, আজ্ঞা) আদেশ্ [adeʃ]
আদৌ (মোটেই ; আদপেই) আদৌ [adoŭ]
আদ্য (প্রথম) আদ্দো [addò] **আদ্যন্ত** আদ্দন্তো/আদ্দোন্তো [addɔntò/addòntò] **আদ্যশ্রাদ্ধ** (মৃতের প্রথম শ্রাদ্ধ) ~স্স্রাদ্ধো [~ssraddɦò]
আদ্যাশক্তি (মহামায়া) আদ্দাশোক্তি [addaʃòkti]
আদ্যোপান্ত (আগাগোড়া) আদ্দোপান্তো [ad-dopantò]
আধকপালে (কপালের অর্ধাংশ জুড়ে যন্ত্রণা হয় এমন রোগ) আধ্কপালে/আদ্কপালে [ad(ɦ)kɔ-pale/adkɔpale]
আধপেটা (অর্ধেক পেট ভরে এমন) আধ্পেটা [ad(ɦ)peṭa]
আধবয়সী (মাঝবয়সী) আধ্বয়োশি [ad(ɦ)bɔĕòʃi]
আধলা (অর্ধেক ইট) আধ্লা/আদ্লা [ad(ɦ)la/adla]
আধাখেঁচড়া (অসম্পূর্ণ) আধাখ্যাঁচ্ড়া [adɦa-khæ̃cʃṛa]
আধার (পাত্র) আধার্ [adɦar]
আধিকারিক (officer) আধিকারিক্ [adɦikarik]
আধিক্য (বাহুল্য) আধিক্কো [adɦikkò]
আধিখ্যেতা (বাড়াবাড়ি) আধিক্খেতা [adɦikkheta]
আধিপত্য (প্রাধান্য) আধিপোৎতো [adɦipòttò]
আধুনিক (নব্য, নতুন, সাম্প্রতিক) আধুনিক্ [adɦunik]
আধুলি (আট আনি) আধুলি [adɦuli]
আধেয় (আধারস্থ বস্তু, content) আধেও [adɦeò]
আধ্যাত্মিক (আত্মাসম্বন্ধীয়, spiritual) আদ্ধাঁৎতিক্ [addɦãttik]
আনকোরা (নতুন) আন্কোরা [ankora]
আনচান (অস্থির) আন্চান্ [ancʃan]
আনন (মুখ) আনোন্ [anòn]
আনন্দ (তৃপ্তি ; সুখ) আনোন্দো [anòndò] **আনন্দদায়ক** ~দায়োক্ [~daĕòk] **আনন্দময়** ~ময় [~mɔĕ] **আনন্দময়ী** ~মোই [~mòi] **আনন্দিত** আনোন্দিতো [anònditò]
আনমন (অন্যমনস্ক) আন্মোন্ [anmòn]
আনমনা (অন্যমনস্ক) আন্মোনা [anmòna]
আনয়ন (আনা) আনয়োন্ [anɔĕòn]
আনাজ (সবজি) আনাজ্ [anaɟʒ]
আনাড়ি (অপটু) আনাড়ি [anaṛi]
আনারস (pineapple) আনারশ্ [anarɔʃ]
আনীত (আনা হয়েছে এমন) আনিতো [anitò]
আনুকূল্য (অনুগ্রহ) আনুকূল্লো [anukullò]
আনুগত্য (বাধ্যতা) আনুগোৎতো [anugòttò]
আনুপূর্ব (পরম্পরা) আনুপুর্বো [anupur(b)bò]
আনুপূর্বিক (আগাগোড়া) আনুপুর্বিক্ [anupur(b)bik]
আনুমানিক (আন্দাজি) আনুমানিক্ [anumanik]
আনুষঙ্গিক (সংলগ্ন ; সম্পর্কিত) আনুশোংগিক্ [anuʃòŋgik]
আনুষ্ঠানিক (অনুষ্ঠান-সম্পর্কিত) আনুষ্ঠানিক্ [anuʃṭhanik]
আন্তরিক (মনোগত ; অকপট) আন্তোরিক্ [an-tòrik]
আন্তরিকতা (অকপটতা, অকৃত্রিমতা, হৃদ্যতা) আন্তোরিকতা/আন্তোরিকোতা [antòrikɔta/antòrikòta]
আন্তর্জাতিক (international) আন্তোর্জাতিক্ [antòr(ɟ)ɟʒatik]
আন্দাজ (অনুমান) আন্দাজ্ [andaɟʒ]
আন্দোলন (আলোড়ন, বিক্ষোভ ; দোলন) আন্দোলন্/আন্দোলোন্ [andolɔn/andolòn]
আপজাত্য (সদ্গুণের অভাব) আপোজাৎতো [apòɟʒattò]
আপণ (দোকান) আপোন্ [apòn]
আপতন (আকস্মিক সংঘটন, accident) আপ-তোন্/আপোতোন্ [apɔtòn/apòtòn]
আপতিক (হঠাৎ ঘটেছে এমন, accidental) আপোতিক্ [apòtik]
আপত্তি (অসম্মতি) আপোৎতি [apòtti]
আপদ (বিপদ) আপোদ্ [apòd]
আপন (নিজ) আপোন্ [apòn]
আপনার (নিজের) আপ্নার্ [apnar]
আপনি (you, honorific) আপ্নি [apni]
আপশোস (অনুতাপ, ক্ষোভ) আপ্শোশ্ [apʃoʃ]
আপস (রফা) আপোশ্ [apòʃ]

আপসে (বন্ধুভাবে) আপোশে [apòʃe]
আপাত (উপস্থিত সময়) আপাতো[apatò] **আপাতদৃষ্টিতে** ~dদ্রিশ্‌টিতে [~driʃṭite]
আপাততো (প্রথম দর্শনে) আপাততো/আপাতোতো [apatɔtò/apatòtò]
আপাদমস্তক (পা থেকে মাথা পর্যন্ত) আপাদমস্তোক্ আপাদোমস্তোক্ [apadmɔstòk/apadòmɔstòk]
আপেক্ষিক (তুলনামূলক) আপেক্‌খিক্ [apekkhik]
আপ্তবাক্য (বেদের বিধান) আপ্‌তোবাক্‌কো[aptòbakkò]
আপ্যায়ন (সমাদর) আপ্‌পায়োন্ [appaĕòn]
আপ্রাণ (প্রাণপণ) আপ্‌প্রান্ [appran]
আপ্লুত (সিক্ত) আপ্‌প্লুতো [applutò]
আফগান (Afghan) আফ্‌গান্ [ap(h)gan]
আফিঙ আফিং [aphiŋ]
আবছা (অস্পষ্ট) আব্‌ছা [abcʃha]
আবছায়া (আবছা) আব্‌ছায়া [abcʃhaĕa]
আবদার (বায়না) আব্‌দার [abdar]
আবরণ (আচ্ছাদন) আবোরোন্/আবোরন্ [abòròn/abòrɔn]
আবর্জনা (ময়লা ; বর্জন করার মতো জিনিস) আবোর্‌জোনা/আবোর্‌জনা [abòr(ɟ)ɟʒòna/abòr(ɟ)ɟʒɔna]
আবর্ত (ঘূর্ণিজল) আবোর্‌তো/আবর্‌তো [abbòr(t)tò/abɔr(t)tò]
আবলুস (কালো রঙের কাঠবিশেষ) আব্‌লুশ্ [abluʃ]
আবশ্যক (প্রয়োজনীয়) আবোশ্‌শক্/আবোশ্‌শোক্ [abòʃʃɔk/abòʃʃòk]
আবশ্যিক (অবশ্য গ্রহণীয় বা করণীয়, compulsory) আবোশ্‌শিক্ [abòʃʃik]
আবহ (বায়ুমণ্ডল, atmosphere) আবোহো/আবহো [abòɦò/abɔɦò] cslydlPsg ~বিগ্‌গ্যান্ [~biggæ̃n] **আবহসংগীত** (background music) ~শোংগিৎ [~ʃòŋgit]
আবহমান (চিরপ্রচলিত) আবোহোমান্/আবহোমান্ [abòɦòman/abɔɦòman]
আবহাওয়া (জলবায়ু) আবোহাওআ/আব্‌হাওআ [abòɦaŏa/abɦaŏa]
আবাদ (চাষ) আবাদ্ [abad] **আবাদী, আবাদি** আবাদি [abadi]
আবার (পুনরায়) আবার্ [abar]
আবালবৃদ্ধবনিতা (শিশু থেকে বৃদ্ধ ও স্ত্রীলোক সকলেই) আবাল্‌ব্রিদ্‌ধোবোনিতা [abalbriddɦòbònita]
আবাল্য (শৈশব থেকে) আবাল্‌লো [aballò]
আবাস (বাসস্থান) আবাশ্ [abaʃ]
আবাসন (গৃহনির্মাণ ব্যবস্থা) আবাশোন্/আবাশন্ [abaʃòn/abaʃɔn]
আবাসিক (বসবাসকারী) আবাশিক্ [abaʃik]
আবাহন (আমন্ত্রণ) আবাহোন্ [abaɦòn] **আবাহনী** আবাহোনি [abaɦòni]
আবির, আবীর NFs[M আবির্ [abir]
আবির্ভাব (উদয় ; অধিষ্ঠান) আবির্‌ভাব্ [abir(b)bɦab] **আবির্ভূত** আবির্‌ভুতো [abir(b)bɦutò]
আবিল (কলুষিত) আবিল্ [abil]
আবিষ্কার (উদ্ভাবন ; অপ্রকাশিত বা অজানা বিষয়ের সন্ধান) আবিশ্‌কার্[abiʃkar] **আবিষ্কর্তা** আবিশ্‌কর্‌তা [abiʃkɔr(t)ta] **আবিষ্কৃত** আবিশ্‌ক্রিতো [abiʃkritò]
আবিষ্ট (অভিভূত) আবিশ্‌টো [abiʃṭò]
আবীর আবির দ্র
আবৃত (ঢাকা) আব্রিতো [a(b)britò]
আবৃত্তি (পাঠ ; বারংবার পাঠ) আব্রিৎতি[a(b)britti]
আবৃত্ত (পুনরাগত) আব্রিৎতো [a(b)brittò]
আবেগ (তীব্র ভাব বা বিহ্বলতা) আবেগ্ [abeg]
আবেদন (প্রার্থনা, নিবেদন) আবেদোন্/আবেদন্ [abedòn/abedɔn]
আবেশ (বিহ্বলতা) আবেশ্ [abeʃ]
আবেষ্টন (ঘিরে রাখা) আবেশ্‌টন্/আবেশ্‌টোন্ [abeʃṭɔn/abeʃṭòn] **আবেষ্টনী** (বেষ্টনী ; বেড়া) আবেশ্‌টোনি [abeʃṭòni]
আবোলতাবোল (অর্থহীন কথা) আবোল্ তাবোল্ [abol tabol]
আভরণ (অলংকার) আভোরোন্/আভোরন্ [abɦòròn/abɦòrɔn]
আভা (দীপ্তি) আভা [abɦa]

আভাষ (ভূমিকা) আভাশ্ [abɦaʃ]
আভাস (ইঙ্গিত) আভাশ্ [abɦaʃ]
আভিজাত্য (বংশমর্যাদা) আভিজাৎতো [abɦiɟʒatto]
আভিধানিক (অভিধান-সংক্রান্ত ; অভিধানকার) আভিধানিক্ [abɦidɦanik]
আভোগ (গানের চতুর্থ কলি) আভোগ্ [abɦog]
আভ্যন্তর (অভ্যন্তর-বিষয়ক) আব্‌ভোন্‌তর্ [abbɦòntɔr] **আভ্যন্তরিক** আব্‌ভোন্‌তোরিক্ [abbɦòntòrik]
আভ্যুদয়িক (মাঙ্গলিক কর্মবিশেষ) আব্‌ভুদোইক্ [abbɦudòik]
আম (mango) আম্ [a:m]
আম-আদা (আদা-বিশেষ) আম্‌আদা/আমাদা [amada]
আমচুর (আমসি) আম্‌চুর্ [amcʃur]
আমড়া (hog-plum) আম্‌ড়া [amṛa]
'আমতা' আম্‌তা [amta]
আমদরবার (সর্বসাধারণের সভা) আম্‌দর্‌বার্ [amdɔrbar]
আমদানি (import) আম্‌দানি [amdani]
আমন (ধানবিশেষ) আমোন্ [amòn]
আমন্ত্রণ (আবাহান ; সম্ভাষণ, নিমন্ত্রণ) আমোন্‌ত্রোন্/আমোন্‌ত্রন্ [amòntròn/amòntrɔn]
আমন্ত্রিত আমোন্‌ত্রিতো [amòntritò]
আমবাত (nettle-rash) আম্‌বাৎ [ambat]
আমরণ (মৃত্যু পর্যন্ত) আমরোন্ [amɔròn]
আমরুল (শাকবিশেষ) আম্‌রুল্ [amrul]
আমল (যুগ) আমোল্ [amòl]
আমলকী (আমলাফল) আম্‌লোকি [amlòki]
আমলা (সরকারি কর্মচারী) আম্‌লা [amla]
আমলাতন্ত্র ~তন্‌ত্রো [~tɔntrò]
আমসত্ত্ব (শুকানো আমের রসের খাবার) আম্‌শৎতো [amʃɔttò]
আমসি (আমচুর) আম্‌শি [amʃi]
আমানত (মজুত) আমানৎ [amanɔt]
আমানি (পান্তাভাতের জল) আমানি [amani]
আমার (মদীয়, my) আমার্ [amar]
আমাশয় (dysentery) আমাশয় [amaʃɔĕ]
আমাশা (dysentery) আমাশা [amaʃa]
আমিন (কর্মচারী-বিশেষ) আমিন্ [amin]
আমির, আমীর (সম্ভ্রান্ত মুসলমান) আমির্ [amir] **আমিরি, আমিরী** আমিরি [amiri]
আমিষ (মাছ মাংস প্রভৃতি জৈব খাদ্য) আমিশ্ [amiʃ]
আমুদে (রসিক ; আমোদপ্রিয়) আমুদে [amude]
আমূল (সম্পূর্ণ) আমুল্ [amul]
আমেজ (রেশ) আমেজ্ [ameɟʒ]
আমোদ (আনন্দ ; আহ্লাদ) আমোদ্ [amod]
আমোদপ্রমোদ ~প্রোমোদ্ [~pròmod]
আম্মা (মা) আম্‌মা [amma]
আম্র (আম) আম্‌ম্রো [ammrò]
আয় (উপার্জন) আয়্ [a:ĕ] **আয়কর** (income tax) ~কর্ [~kɔr] **আয়ব্যয়** ~ব্যায়্ [~bæĕ]
আয়ত (বিস্তৃত) আয়োতো [aĕòtò] **আয়তক্ষেত্র** খেৎত্রো [~khetrò]
আয়তন (পরিসর, area) আয়োতোন্/আয়োতন্ [aĕòtòn/aĕòtɔn]
আয়ত্ত (অধিগত) আয়োৎতো [aĕòttò]
আয়না (দর্পণ) আয়্‌না [aĕna]
আয়া (দাই) আয়া [aĕa]
'আয়ান' (রাধিকার স্বামী) আয়ান্ [aĕan]
আয়াস (কষ্ট) আয়াশ্ [aĕaʃ] **আয়াসসাধ্য** ~শাদ্‌ধো [~ʃaddɦò]
আয়ু (জীবনকাল) আয়ু [aĕu]
আয়ুধ (অস্ত্র) আয়ুধ্ [aĕud(ɦ)]
আয়ুর্বেদ (কবিরাজি চিকিৎসা পদ্ধতি) আয়ুর্‌বেদ্ [aĕur(b)bed]
আয়ুষ্কাল (জীবনকাল) আয়ুশ্‌কাল্ [aĕuʃkal]
আয়ুষ্মান (দীর্ঘজীবী) আয়ুশ্‌মান্ [aĕuʃman]
আয়েশ, আয়েস (আরাম) আয়েশ্ [a(ĕ)eʃ]
'আয়েষা' আয়েশা [a(ĕ)eʃa]
আয়োজন (ব্যবস্থা ; উদ্যোগ) আয়োজোন্/আয়োজন্ [aĕoɟʒòn/aĕoɟʒɔn] **আয়োজিত** আয়োজিতো [aĕoɟʒitò]
আয়োডিন (iodine) আয়োডিন্ [aĕoḍin]
আর (এবং, ও ; অন্য) আর্ [a:r] **আরও, আরো** আরো [aro]
আরক (নির্যাস, রস) আরোক্ [aròk]

আরক্ত (লাল) আরোক্‌তো/আরক্‌তো [aròktò/arɔktò] **আরক্তিম** (লাল, লালিমাযুক্ত) আরোক্‌তিম্ [aròktim]

আরক্ষা (পুলিস বিভাগ) আরোক্‌খা [aròkkha] **আরক্ষী** আরোক্‌খি [aròkkhi]

আরণ্য (বন্য) আরোন্‌নো [arònnò] **আরণ্যক** আরোননক্ / আরোন্‌নোক্ [arònnɔk/arònnòk]

আরতি (প্রদীপ ধূপ প্রভৃতি সহযোগে দেবমূর্তি বরণ) আরোতি [aròti]

আরদালি (পিয়ন, বেয়ারা) আরদালি [ardali]

আরব (Arab) আরব্ [arɔb] **আরবি, আরবী** (ভাষা) আর্‌বি [arbi]

আরব্ধ (আরম্ভ হয়েছে এমন) আরব্‌ধো/আরোব্‌ধো [arɔbdɦò/aròbdɦò]

আরম্ভ (শুরু) আরোম্‌ভো/আরম্‌ভো [aròmbɦò/arɔmbɦò]

আরশি, আরসি (আয়না) আর্‌শি [arʃi]

'আরাকান' (পর্বতবিশেষ) আরাকান্ [arakan]

আরাধনা (পূজা) আরাধোনা [aradɦòna] **আরাধ্য** আরাদ্‌ধো [araddɦò]

'আরাবল্লি' আরাবোল্‌লি [arabòlli]

আরাম (সুখ) আরাম্ [aram]

'আরামবাগ' আরাম্‌বাগ্ [arambag]

আরূঢ় (আরোহণ করেছে এমন) আরূঢ়ো/আরূড়ো [aruɽɦò/aruɽ(ɦ)ò]

আরেক (অন্য এক) আর্যাক্ [aræk] **আরেকটি** আরেক্‌টি [arekʈi]

আরোগ্য (রোগমুক্তি) আরোগ্‌গো [aroggò]

আরোপ (স্থাপন) আরোপ্ [arop] **আরোপণ** আরোপোন্/আরোপন্ [aropòn/aropɔn] **আরোপিত** আরোপিতো [aropitò]

আরোহণ (উপরে ওঠা) আরোহোন্/আরোহন্ [aroɦòn/aroɦɔn] **আরোহণী** (সিঁড়ি) আরোহোনি [aroɦòni] **আরোহী** (যে ওঠে) আরোহি [aroɦi]

আর্জুনি (অর্জুনের পুত্র) আর্‌জুনি [ar(ɟ)ɟʒuni]

আর্তি (যন্ত্রণা) আর্‌তি [ar(t)ti]

আর্থ (অর্থ-সম্বন্ধীয়) আর্‌থো [ar(t)thò] **আর্থিক** আর্‌থিক্ [ar(t)thik]

আর্থনীতিক (অর্থনীতি-সম্বন্ধীয়) আর্‌থোনিতিক্ [ar(t)thònitik]

আর্দ্র (ভেজা) আর্‌দ্রো [ar(d)drò]

আর্দ্রক (আদা) আর্‌দ্রক্ [ar(d)drɔk]

আর্য (আর্যভাষী প্রাচীন জাতিবিশেষ) আর্‌জো [ar(ɟ)ɟʒò] **আর্যাবর্ত** আর্‌জাবর্‌তো [ar(ɟ)ɟʒabɔr(t)tò]

আর্ষ (ঋষি-সম্বন্ধীয়) আর্‌শো [ar(ʃ)ʃò]

আল (জমির বাঁধ) আল্ [a:l]

আলকাতরা (coal tar) আল্‌কাৎরা [alkatra]

আলখাল্লা (লম্বা ঢিলা জামা) আল্‌খাল্‌লা [alkhalla]

আলগা (ঢিলা) আল্‌গা [alga]

আলগোছ (অসংলগ্ন ; আলতো) আল্‌গোছ্ [algocʃ(h)] **আলগোছে** আল্‌গোছে [algocʃhe]

আলংকারিক, আলঙ্কারিক (অলংকার-সম্বন্ধীয় ; অলংকার-শাস্ত্রজ্ঞ) আলোংকারিক্ [alòŋkarik]

আলজিভ (uvula) আল্‌জিভ্ [alɟʒib(ɦ)]

আলতা (লাক্ষারস) আল্‌তা [alta]

আলতারাফ (কবজাবিশেষ) আল্‌তারাফ্ [altarap(h)]

আলতো (আলগা) আল্‌তো [alto]

আলপাকা (ভেড়ার লোমের কাপড়) আল্‌পাকা [alpaka]

আলপিন (ছোট পিন) আল্‌পিন [alpin]

আলবাত (নিশ্চয়) আল্‌বাৎ [albat]

আলবোলা (গড়গড়া) আল্‌বোলা [albola]

'আলমগীর' আলোম্‌গির্/আলম্‌গির্ [alòmgir/alɔmgir]

আলমারি (almirah) আল্‌মারি [almari]

আলম্ব (আশ্রয়) আলম্‌বো/আলোম্‌বো [alɔmbò/alòmbò] **আলম্বিত** আলোম্‌বিতো [alòmbitò]

আলয় (গৃহ ; আবাস) আলয় [alɔẽ]

আলসে (অলস) আল্‌শে [alʃe]

আলস্য (অলসতা) আলোশ্‌শো [alòʃʃò]

আলাদা (পৃথক) আলাদা [alada]

আলান (গোঁজ ; খুঁটি) আলান্ [alan]

আলাপ (পরিচয় ; কথাবার্তা) আলাপ্ [alap] **আলাপচারী** (আলাপ) ~চারি/ আলাপোচারি [~cʃari/alapòcʃari] **আলাপন** (কথাবার্তা)

আলাপোন্/আলাপন্ [alapòn/alapɔn] **আলাপী** (পরিচিত ; আলাপপ্রিয়) আলাপি [alapi]
আলাল (ধনী) আলাল্ [alal]
আলিঙ্গন (কোলাকুলি) আলিংগন্ [aliŋgɔn] **আলিঙ্গনাবদ্ধ** আলিংগনাবদ্‌ধো [aliŋgɔnabɔddɦò]
আলু (potato) আলু [alu]
আলুনি (লবণহীন) আলুনি [aluni]
আলুবোখরা (কুলজাতীয় ফলবিশেষ) আলুবোখ্‌রা/আলুবোক্‌রা [alubok(h)ra/alubokra]
আলুলায়িত (আলুথালু) আলুলায়িতো [alulaitò]
আলেখ্য (চিত্র) আলেক্‌খো [alekkhò]
আলেয়া (will-o'-the-wisp) আলেয়া [alea]
আলো (আলোক, light) আলো [alo]
আলোক (আলো) আলোক্ [alok] **আলোকচিত্র** (photograph) ~চিৎত্রো [~cʃitrò] **আলোকচ্ছটা** আলোকোচ্‌ছটা [alokòccʃhɔṭa] **আলোকবিজ্ঞান** (optics) ~বিগ্‌গাঁন্ [~biggæ̃n] **আলোকবর্ষ** (light year) ~বর্‌শো [~bɔr(ʃ)ʃò] **আলোকস্তম্ভ** (lighthouse) ~স্তম্‌ভো/আলোকোস্‌তম্‌ভো [~stɔmbɦò/alokòstɔmbɦò] **আলোকসজ্জা** ~শজ্‌জা [~ʃɔɟɟʒa] **আলোকিত** (দীপ্ত, উদ্ভাসিত) আলোকিতো [alokitò]
আলোচনা (বিচার, বিবেচনা, discussion) আলোচোনা/আলোচনা [alocʃòna/alocʃɔna] **আলোচিত** আলোচিতো [alocʃitò] **আলোচ্য** আলোচ্‌চো [aloccʃò]
আলোড়ন (আন্দোলন) আলোড়ন্/আলোড়োন্ [aloṛɔn/aloṛòn] **আলোড়িত** আলোড়িতো [aloṛitò]
আলোয়ান (চাদর) আলোআন্ [aloan]
আল্লা, আল্লাহ্ (ঈশ্বর) আল্‌লা [alla]
আশকারা (প্রশ্রয়) আশ্‌কারা [aʃkara]
আশঙ্কা (ভয়) আশোংকা [aʃòŋka]
আশপাশ (কাছাকাছি জায়গা) আশ্‌পাশ্ [aʃpaʃ]
আশা (পাবার জন্য অপেক্ষা, hope) আশা [aʃa] **আশাতীত** ~তিতো [~titò] **আশান্বিত** ~ন্‌নিতো [~nnitò] **আশাপ্রদ** ~প্‌প্রোদো [~ppròdò] **আশাবাদী** ~বাদি [~badi]
'আশাবরী' (রাগিণী-বিশেষ) আশাবোরি [aʃabòri]
আশিস, আশীষ (আশীর্বাদ) আশিশ্ [aʃiʃ]
আশীর্বচন (আশীর্বাদ) আশির্‌বচোন্ [aʃir(b)bɔcʃòn]
আশীর্বাদ (গুরুজনের শুভেচ্ছা) আশির্‌বাদ্ [aʃir(b)bad] **আশীর্বাদক** আশির্‌বাদোক্ [aʃir(b)badòk]
আশু (শীঘ্র) আশু [aʃu] **আশুতোষ** ~তোশ্ [~toʃ]
আশৈশব (ছোটবেলা থেকে) আশৈশব্ [aʃoi̯ʃɔb]
আশ্চর্য (বিস্ময় ; বিস্ময়কর) আশ্‌চোর্‌জো [aʃcʃòr(ɟ)ɟʒò]
আশ্বস্ত (ভরসা বা আশ্বাস পেয়েছে এমন) আশ্‌শোস্‌তো/আশ্‌শস্‌তো [aʃʃòstò/aʃʃɔstò] **আশ্বাস** (ভরসা, সান্ত্বনা) আশ্‌শাশ্ [aʃʃaʃ]
'আশ্বিন' আশ্‌শিন্ [aʃʃin]
আশ্রম (তপোবন, মুনিদের আবাস) আস্‌স্রম্/আস্‌স্রোম্ [assrɔm/assròm] **আশ্রমিক** আস্‌স্রোমিক্ [assròmik]
আশ্রয় (অবলম্বন) আস্‌স্রয়্ [assrɔe̯] **আশ্রিত** আস্‌স্রিতো [assritò]
আশ্লেষ (আলিঙ্গন) আস্‌স্লেশ্ [assleʃ] **আশ্লিষ্ট** আস্‌স্লিশ্‌টো [assliʃṭò]
'আষাঢ়' আশাড়্ [aʃaṛ] **আষাঢ়ে** আশাড়ে [aʃaṛe]
আষ্টেপৃষ্ঠে আশ্‌টেপ্রিশ্‌ঠে/আশ্‌টেপ্রিশ্‌টে [aʃṭe(p)priʃṭhe/aʃṭe(p)priʃṭe]
আসকে (পিঠে-বিশেষ) আশ্‌কে [aʃke]
আসক্ত (অনুরক্ত) আশোক্‌তো/আশক্‌তো [aʃòktò/aʃɔktò] **আসক্তি** আশোক্‌তি [aʃòkti]
আসঙ্গ (সঙ্গ ; সহবাস) আশংগো/আশোংগো [aʃɔŋgò/aʃòŋgò]
আসত্তি (মিলন ; নৈকট্য) আশোৎতি [aʃòtti]
আসন (বসার ভঙ্গি, বসার স্থান) আশোন্ [aʃòn]
আসন্ন (আগতপ্রায়) আশোন্‌নো/আশন্‌নো [aʃònnò/aʃɔnnò]
আসবাব (গৃহসজ্জার উপকরণ) আশ্‌বাব্ [aʃbab]
আসমান (আকাশ) আশ্‌মান্ [aʃman] **আসমানি, আসমানী** আশ্‌মানি [aʃmani]
আসমুদ্র (সমুদ্র পর্যন্ত) আশোমুদ্‌দ্রো [aʃòmuddrò]

আসমুদ্রহিমাচল (সমুদ্র থেকে হিমালয় পর্যন্ত) ~হিমাচল্ [~fiimacʃɔl]
আসর (বৈঠক) আশোর্ [aʃòr]
আসল (প্রকৃত ; মূলধন) আশোল্ [aʃòl]
আসশেওড়া (গাছবিশেষ) আশ্শ্যাও্ড়া [aʃʃæŏṛa]
আসা (আগমন করা) আশা [aʃa] **আসা যাওয়া** ~জাও্আ [~ɟʒaŏa]
আসান (লাঘব) আশান্ [aʃan]
'আসাম' আশাম্ [aʃam]
আসামি (কয়েদি) আশামি [aʃami]
আসিদ্ধ (সিদ্ধ বা পক্ব নয় এমন) আশিদ্ধো [aʃiddfiò]
আসীন (অধিষ্ঠিত) আশিন্ [aʃin]
আসুর (অসুর-সম্বন্ধীয়) আশুর্ [aʃur] **আসুরিক** আশুরিক্ [aʃurik]
আস্কারা আশকারা দ্র
আস্ত (গোটা) আস্তো [astò]
আস্তরণ (আচ্ছাদন) আস্তোরন্/আস্তরোন্ [astò-rɔn/astɔròn]
আস্তানা (আড্ডা) আস্তানা [astana]
আস্তাবল (ঘোড়া রাখার জায়গা) আস্তাবল্ [astabɔl]
আস্তিক (ঈশ্বরে বিশ্বাসী) আস্তিক্ [astik]
আস্তিন (জামার হাতা) আস্তিন্ [astin]
আস্তীর্ণ (বিস্তীর্ণ) আস্তির্নো [astir(n)nò]
আস্তে (ধীরে) আস্তে [aste]
আস্থা (বিশ্বাস) আস্থা [astha]
আস্পদ (আধার) আশ্পদ্ [aʃpɔd]
আস্ফালন (দম্ভ প্রকাশ) আশ্ফালোন্ [aʃphalòn]
আস্ফোট (ঠোকাঠুকির শব্দ) আশ্ফোট্ [aʃphoṭ]
আস্বাদ (স্বাদ) আশ্শাদ্ [aʃʃad] **আস্বাদিত** আশ্শাদিতো [aʃʃaditò]
আস্য (মুখ) আশ্শো [aʃʃò]
আহব (যুদ্ধ) আহব্/আহোব্ [afiɔb/afiòb]
আহরণ (সংগ্রহ) আহোরোন্/আহোরন্/আহরন্ [afiòròn/afiòrɔn/afiɔrɔn]
আহম্মক (নির্বোধ) আহম্মোক্/আহোম্মোক্ [afiɔm-mòk/afiòmmòk]
আহার (খাদ্য) আহার্ [afiar] **আহার্য** (খাদ্য) আহার্জো [afiar(ɟ)ɟʒò]
আহিত (ন্যস্ত) আহিতো [afiitò] **আহিতকরণ** ~করোন্ [~kɔròn]
আহির, আহীর (গোপজাতি-বিশেষ) আহির্ [afiir]
আহুতি (হোম) আহুতি [afiuti]
আহৃত (সংগৃহীত) আরহিতো [arfiitò]
আহ্নিক (দৈনিক) আন্নহিক্/আন্নিক্ [annfiik/annik]
আহ্বান (আবাহন, আমন্ত্রণ) আও্ভান্ [aŏbfian]
আহ্বায়ক (আহ্বানকারী) আও্ভায়োক্ [aŏbfiaĕòk]
আহ্লাদ (হর্ষ ; আনন্দ) আল্ল্হাদ্/আল্লাদ [all(fi)ad/allad]

ই

ই (বাংলা ভাষার তৃতীয় স্বরবর্ণ) ই [i:]
ইউনানি (হাকিমি চিকিৎসা) ইয়ুনানি [iŭnani]
ইউরেশিয়ান (Eurasian) ইয়ুরেশিয়ান্ [iŭreʃian]
ইউরোপ (Europe) ইয়ুরোপ্ [iŭrop] **ইউরোপীয়** ইয়ুরোপিয়ো [iŭropiò]
ইংরেজ (the English nation) ইংরেজ্ [iŋreɟʒ]
ইংরেজি (English) ইংরেজি [iŋreɟʒi]
ইঁচড় (কাঁচা কাঁঠাল) ইঁচোড়্ [ĩcʃòṛ]
ইঁদারা (কূপ) ইঁদারা [ĩdara]
ইঁদুর (mouse, rat) ইঁদুর্ [ĩdur]
ইক্ষু (আখ) ইক্খু [ikkhu]
'ইক্ষ্বাকু' (প্রাচীন রাজবংশ) ইক্খাকু [ikkhaku]
ইঙ্গিত (ইশারা) ইংগিৎ [iŋgit]
ইচ্ছা (কামনা, বাসনা) ইচ্ছা [iccʃha] **ইচ্ছাময়ী** (পরমেশ্বরী) ~মোই [~mòi] **ইচ্ছামৃত্যু** (নিজের ইচ্ছানুযায়ী মৃত্যু) ~ম্রিৎতু [~(m)mrittu]
ইচ্ছুক (ইচ্ছাযুক্ত) ইচ্ছুক্ [iccʃhuk]
ইচ্ছে (ইচ্ছা) ইচ্ছে [iccʃhe]
ইজারা (লিজ) ইজারা [iɟʒara] **ইজারাদার** ~দার্ [~dar]

ইজের (দড়িবাঁধা হাফপ্যান্টবিশেষ) ইজের্ [iʒer]
ইজ্জত (সম্মান) ইজ্‌জৎ/ইজ্‌জোৎ [iɟɟɔt/iɟɟòt]
ইঞ্চি (inch) ইন্‌চি [inʃi]
ইঞ্জিন (engine) ইন্‌জিন্ [inɟʒin]
ইঞ্জিনিয়ার (engineer) ইন্‌জিনিয়ার্ [inɟʒiniar]
ইট (brick) ইট্/ইঁট্ [i:t/ĩ:t]
ইড়া (নাড়িবিশেষ) ইড়া [iɽa]
ইতর (নীচ) ইতোর্/ইতর্ [itòr/itɔr]
ইতস্ততঃ, ইতস্তত (এদিক-ওদিক ; দ্বিধা) ইতোস্‌ততো/ইতস্‌ততো [itòstɔtò/ itɔstɔtò]
ইতি (এই ; শেষ) ইতি [iti] **ইতিকথা** (ইতিহাস) ~কথা [~kɔtha] **ইতিবৃত্ত** (ইতিহাস) ~ব্রিৎতো [~(b)brittò]
ইতিহাস (ইতিকথা, history) ইতিহাশ্ [itiɦaʃ]
ইতিপূর্বে (এর আগে) ইতিপুর্‌বে [itipur(b)be]
ইতিমধ্যে (এর মধ্যে, এর আগে) ইতিমোদ্‌ধে [itimòddɦe]
ইতু (সূর্য) ইতু [itu]
ইত্যবসরে (এই ফাঁকে) ইৎতবোশরে [ittɔbòʃɔre]
ইত্যাকার (এইসব, এই রকম) ইৎতাকার্ [ittakar]
ইত্যাদি (প্রভৃতি) ইৎতাদি [ittadi]
ইদ, ঈদ (মুসলমানদের পর্ববিশেষ) ইদ্ [i:d]
ইদানীং (আজকাল) ইদানিং [idaniŋ]
ইদানীন্তন (সাম্প্রতিক) ইদানিন্‌তন্/ইদানিন্‌তোন্ [idanintɔn/idanintòn]
ইনসান (মানুষ) ইন্‌সান্ [insan]
ইনসাফ (ন্যায় বিচার) ইন্‌সাফ্ [insap(h)]
ইনাম (পুরস্কার) ইনাম্ [inam]
ইন্দিরা (লক্ষ্মী দেবী) ইন্‌দিরা [indira]
ইন্দু (চন্দ্র) ইন্‌দু [indu] **ইন্দুভূষণ** ~ভুশোন্ [~bɦuʃòn] **ইন্দুমতী** ~মোতি [~mòti] **ইন্দুমুখী** ~মুখি [~mukhi] **ইন্দুলেখা** ~লেখা [~lekha]
'ইন্দ্র' (দেবরাজ) ইন্‌দ্রো [indrò] **ইন্দ্রজাল** (ম্যাজিক) ~জাল্ [~ɟʒal] **ইন্দ্রজিৎ** ~জিৎ [~ɟʒit] **ইন্দ্রধনু** ~ধোনু [~dɦònu] **ইন্দ্রনাথ** ~নাথ্ [~nat(h)] **ইন্দ্রপুরী** ~পুরি [~puri] **ইন্দ্রলুপ্ত** (টাক) ~লুপ্‌তো [~luptò] **ইন্দ্রলোক** (দেবলোক) ~লোক্ [~lok]
ইন্দ্রিয় (sense-organ) ইন্‌দ্রিয়ো [indriò] **ইন্দ্রিয়গোচর** (ইন্দ্রিয়ের দ্বারা যা বোঝা যায়) ~গোচর্/~গোচোর্ [~gocʃɔr/~gocʃòr] **ইন্দ্রিয়গ্রাহ্য** ~গ্রাজ্‌ঝো [~graɟɟʒɦò]
ইন্ধন (fuel) ইন্‌ধোন্/ইন্‌ধন্ [indɦòn/indɦɔn]
ইমন (সংগীতের রাগবিশেষ) ইমন্/ইমোন্ [imɔn/imòn]
ইমান (বিবেক) ইমান্ [iman]
ইমাম (ধর্মগুরু) ইমাম্ [imam] **ইমামবাড়া** ~বাড়া [~baɽa]
ইমারত (পাকা বাড়ি) ইমারৎ [imarɔt]
ইয়ত্তা (সংখ্যা ; সীমা) ইয়ৎতা/ইয়োৎতা [iɔtta/iòtta]
ইয়ার (বন্ধু) ইয়ার্ [iar] **ইয়ার্কি** ~কি [~ki] **ইয়ার বকশি** ~বোক্‌শি [~bòkʃi]
ইরম্মদ (বিদ্যুৎ) ইরম্‌মদ্/ইরোম্‌মদ্ [irɔmmɔd/iròmmɔd]
ইরা (পৃথিবী) ইরা [ira]
'ইরাক' ইরাক্ [irak] **ইরাকি, ইরাকী** ইরাকি [iraki]
'ইরান' ইরান্ [iran]
'ইরাবতী' ইরাবোতি [irabòti]
ইলশেগুঁড়ি (গুঁড়ি গুঁড়ি বৃষ্টি) ইল্‌শেগুঁড়ি/ইল্‌শেগুড়ি [ilʃegũɽi/ilʃeguɽi]
ইলা (পৃথিবী) ইলা [ila]
ইলাহি (ঈশ্বর) ইলাহি [ilaɦi]
ইলিশ (মাছবিশেষ) ইলিশ্ [iliʃ]
ইলেক (গণিতের চিহ্নবিশেষ) ইলেক্ [ilek]
'ইল্বল' (দৈত্যবিশেষ) ইল্‌লল্/ইল্‌লোল্ [illɔl/illòl]
ইশারা (ইঙ্গিত) ইশারা [iʃara]
ইষ্ট (মঙ্গল) ইশ্‌টো [iʃʈò]
ইষ্টক (ইট) ইশ্‌টক্ [iʃʈɔk]
ইষ্টি (যজ্ঞ) ইশ্‌টি [iʃʈi] **ইষ্টিকুটুম** ~কুটুম্ [~kuʈum]
ইসবগুল (শাকের বীজবিশেষ) ইশব্‌গুল্ [iʃɔbgul]
ইসলাম (মুসলমান ধর্ম) ইস্‌লাম্ [islam] **ইসলামি, ইসলামী** ইস্‌লামি [islami]
ইস্তক (পর্যন্ত ; থেকে) ইস্‌তোক্/ইস্‌তক্ [istòk/istɔk]
ইস্তফা (শেষ ; ক্ষান্তি) ইস্‌তফা/ইস্‌তোফা [istɔpha/istòpha]
ইস্তাহার (প্রচারপত্র) ইস্‌তাহার্ [istaɦar]

ইস্তিরি (কাচা কাপড় মসৃণ করার যন্ত্র) ইস্‌তিরি [istiri]

ইস্পাত (steel) ইশ্‌পাৎ [iʃpat]

ইহ (এই ; এই জগৎ) ইহো [ihò] **ইহজগৎ** ~জগোৎ [~ɟʒɔgòt]

ঈ

ঈ (বাংলা ভাষার চতুর্থ স্বরবর্ণ) ই [i:]

ঈক্ষণ (দর্শন ; চক্ষু) ইক্‌খোন্/ইক্‌খন্ [ikkhòn/ikkhɔn]

ঈগল (eagle) ইগল্/ইগোল্ [igɔl/igòl]

ঈদ ইদ দ্র

ঈদৃশ (এরূপ) ইদ্রিশো [i(d)driʃò]

ঈপ্সা (বাসনা) ইপ্‌শা [ipʃa] **ঈপ্সিত** ইপ্‌শিতো [ipʃitò]

ঈর্ষা (হিংসা) ইর্‌শা [ir(ʃ)ʃa]

ঈশ (প্রভু ; ঈশ্বর) ইশো [iʃò]

ঈশা (লাঙলদণ্ড) ইশা [iʃa]

ঈশান (শিব) ইশান্ [iʃan]

ঈশিতা (প্রভুত্ব) ইশিতা [iʃita]

ঈশ্বর (ভগবান) ইশ্‌শর্ [iʃʃɔr] **ঈশ্বরী** ইশ্‌শোরি [iʃʃòri]

ঈষ (লাঙলদণ্ড) ইশ্ [i: ʃ]

ঈষৎ (সামান্য, অল্প) ইশৎ [iʃɔt]

ঈষদচ্ছ (কিছুটা স্বচ্ছ) ইশদচ্‌ছো [iʃɔdɔcʃhò]

ঈষদুষ্ণ (অল্প গরম) ইশদুশ্‌নো/ইশোদুশ্‌নো [iʃɔduʃnò/iʃòduʃnò]

ঈহা (ইচ্ছা) ইহা [iha]

উ

উ (বাংলা ভাষার পঞ্চম স্বরবর্ণ) উ [u:]

উই (white ant) উই [ui] **উইঢিবি** ~ঢিবি [~ɖhibi]

উইল (ইচ্ছাপত্র) উইল্ [uil]

উঁকি (peeping) উঁকি [ũki] **উঁকিঝুঁকি** ~ঝুঁকি [~ɟʒhũki]

উঁচু (উচ্চ) উঁচু [ũcʃu] **উঁচকপালী** উঁচ্‌কপালি [ũcʃkɔpali]

উকিল (ব্যবহারজীবী, advocate) উকিল্ [ukil]

উকুন (louse) উকুন্ [ukun]

উক্ত (কথিত, উল্লিখিত) উক্‌তো [uktò]

উখড়া (উপড়ানো) উখ্‌ড়া [uk(h)ɽa]

উগ্র (তীব্র ; রূঢ়) উগ্‌গ্রো [uggrò] **উগ্রক্ষত্রিয়** (আগুরি) ~খোৎত্রিয়ো [~khòttriò] **উগ্রচণ্ডা** ~চন্‌ডা [~cʃɔnɖa] **'উগ্রসেন'** ~শেন্ [~ʃen]

উচাটন (ব্যাকুলতা) উচাটোন্ [ucʃaʈòn]

উচিত (সংগত ; উপযুক্ত) উচিৎ [ucʃit]

উচ্চ (উঁচু) উচ্‌চো [uccʃò] **উচ্চনীচ** ~নিচ্ [~nicʃ] **উচ্চবাচ্য** (সাড়াশব্দ) ~বাচ্‌চো [~baccʃò]

উচ্চকিত (চমকিত) উচ্‌চোকিতো [uccʃòkitò]

উচ্চনীচ উচ্চ দ্র

উচ্চাঙ্গ (দেহের ঊর্ধ্ব অংশ ; উন্নত) উচ্‌চাংগো [uccʃaŋgò]

উচ্চাটন (উৎকণ্ঠা) উচ্‌চাটোন্ [uccʃaʈòn]

উচ্চারণ (বলা, কথন) উচ্‌চারোন্ [uccʃaròn] **উচ্চারণীয়** উচ্‌চারোনিয়ো [uccʃaròniò] **উচ্চারিত** উচ্‌চারিতো [uccʃaritò] **উচ্চার্য** উচ্‌চার্‌জো [uccʃar(ɟ)ɟʒò]

উচ্চিংড়ে (পতঙ্গবিশেষ) উচ্‌চিংড়ে [uccʃiŋɽe]

'উচ্চৈঃশ্রবা' উচ্‌চোইস্‌স্রোবা/উচ্‌চোইস্‌স্রবা [uccʃoissròba/uccʃoissrɔba]

উচ্ছন্ন (অধঃপতিত) উচ্‌ছন্‌নো [uccʃhɔnnò]

উচ্ছল (উথলিত, ছাপিয়ে গেছে এমন) উচ্‌ছল্ [uccʃhɔl] **উচ্ছলিত** উচ্‌ছোলিতো [uccʃhòlitò]

উচ্ছিদ্যমান (যার বিনাশ হচ্ছে) উচ্‌ছিদ্‌দোমান্ [uccʃhiddòman]

উচ্ছিন্ন (উৎপাটিত) উচ্‌ছিন্‌নো [uccʃhinnò]

উচ্ছিষ্ট (এঁটো) উচ্‌ছিশ্‌টো [uccʃhiʃʈò]

উচ্ছৃঙ্খল (যথেচ্ছকারী) উস্‌স্রিংখল্ [ussriŋkhɔl]

উচ্ছে (তেতো সবজিফল বিশেষ) উচ্‌ছে [uccʃhe]

উচ্ছেদ (উৎপাটন) উচ্‌ছেদ্ [uccʃhed]

উচ্ছ্বসিত (উচ্ছলিত) উচ্‌ছোশিতো [uccʃhòʃitò]

উচ্ছ্বাস (প্রবল ভাবাবেগ) উচ্‌ছাশ্ [uccʃhaʃ]

উছল (উচ্ছল) উছল্/উছোল্ [ucʃhɔl/ucʃhòl]

উছলান (উথলে ওঠা) উছ্‌লানো [ucʃ(h)lanò]

উজাড় (শেষ) উজাড়্ [uɟʒar]
উজান (স্রোতের বিপরীত) উজান্ [uɟʒan]
উজির (মন্ত্রী) উজির্ [uɟʒir]
'উজ্জয়িনী' উজ্‌জোইনি [uɟɟʒòini]
উজ্জীবন (নবজীবন-সঞ্চার) উজ্‌জিবোন্/উজ্‌জিবন্ [uɟɟʒibòn/uɟɟʒibɔn]
উজ্জ্বল (দীপ্ত, উদ্ভাসিত) উজ্‌জল্ [uɟɟʒɔl]
উঞ্ছ (হীন জীবিকা) উন্‌ছো [uncʃhò] **উঞ্ছবৃত্তি** ~ব্রিৎতি [~(b)britti]
উট (camel) উট্ [u:t̪]
উটজ (কুঁড়েঘর) উটজো/উটজ্ [ut̪ɔɟʒò/ut̪ɔɟʒ]
উঠতি (উঠছে এমন) উঠ্‌তি [ut̪(h)ti]
উঠন (অঙ্গন, আঙিনা) উঠোন্ [ut̪hòn]
উড়নচণ্ডী (অপব্যয়ী) উড়োন্‌চোন্‌ডি [uɽòncʃònɖi]
উড্ডয়ন (ওড়া) উড্‌ডয়োন্ [uɖɖɔèòn]
উড্ডীন (উড়ন্ত) উড্‌ডিন্ [uɖɖin]
'উতঙ্ক' উতংকো [utɔŋkò]
'উতথ্য' উতোৎথো [utòtthò]
উতরানো (অতিক্রম করা) উৎরানো [utrano]
উতরোল (কোলাহল ; অশান্ত) উতরোল্ [utɔrol]
উৎকট (তীব্র, উগ্র) উৎকট্ [utkɔt̪]
উৎকণ্ঠ (ব্যাকুল) উৎকন্‌ঠো [utkɔnt̪hò] **উৎকণ্ঠা** উৎকন্‌ঠা [utkɔnt̪ha]
উৎকণ্ঠিত (ব্যাকুল) উৎকোন্‌ঠিতো [utkònt̪hitò]
উৎকর্ণ উৎকর্‌নো [utkɔr(n)nò]
উৎকর্ষ (উৎকৃষ্টতা) উৎকর্‌শো [utkɔr(ʃ)ʃò]
'উৎকল' (উড়িষ্যা) উৎকল্ [utkɔl]
উৎকলিত (উদ্ধৃত) উৎকোলিতো [utkòlitò]
উৎকীর্ণ (ক্ষোদিত) উৎকির্‌নো [utkir(n)nò]
উৎকৃষ্ট (শ্রেষ্ঠ ; ভালো) উৎক্রিশ্‌টো [utkriʃt̪ò]
উৎকোচ (ঘুস) উৎকোচ্ [utkocʃ]
উৎক্ষিপ্ত (উপরে নিক্ষিপ্ত) উৎখিপ্‌তো [utkhiptò]
উৎক্ষেপ (ঊর্ধ্বে নিক্ষেপ) উৎখেপ্ [utkhep] **উৎক্ষেপণ** উৎখেপন্/উৎখেপোন্ [utkhepɔn/utkhepòn]
উৎখাত (উৎপাটিত) উৎখাৎ [utkhat]
উত্তপ্ত (তপ্ত, গরম) উৎতপ্‌তো [uttɔptò]
উত্তম (ভালো) উৎতম্ [uttɔm] **উত্তমমধ্যম** (প্রহার) ~মোদ্‌ধোম্/ ~মোদ্‌ধম্ [~mòddɦòm/~mòddɦɔm]
উত্তমাঙ্গ (প্রধান অঙ্গ ; শরীরের ঊর্ধ্বাংশ) উৎতোমাংগো/উৎতমাংগো [uttòmaŋgò/uttɔmaŋgò]
'উত্তমাশা' (অন্তরীপ-বিশেষ) উৎতোমাশা/উৎতমাশা [uttòmaʃa/uttɔmaʃa]
উত্তর (জবাব ; পরবর্তী ; north) উৎতোর [uttòr] **উত্তরকাণ্ড** ~কান্‌ডো [~kanɖò] **উত্তরকাল** (পরবর্তী কাল, ভবিষ্যৎ) ~কাল্ [~kal] **উত্তরপক্ষ** ~পোক্‌খো [~pòkkhò] **উত্তরফাল্গুনী** ~ফালগুনি [~phalguni] **উত্তরমেরু** ~মেরু [~meru] **উত্তর সাধক** ~শাধোক্ [~ʃadɦòk]
উত্তরণ (পার বা অতিক্রান্ত হওয়া) উৎতোরোন্/উৎতরোন্ [uttòròn/uttɔròn]
'উত্তরপাড়া' উৎতোর্‌পাড়া [uttòrpaɽa]
উত্তরাধিকার (বংশের পরবর্তী সদস্যদের অধিকার) উৎতোরাধিকার্ [uttòradɦikar]
উত্তরাপথ (ভারতবর্ষের উত্তরাংশ, আর্যাবর্ত) উৎতোরাপথ্/উৎতরাপথ্ [uttòrapɔt(h)/uttɔrapɔt(h)]
উত্তরায়ণ (সূর্যের উত্তরে গমন) উৎতোরায়োন্ [uttòraèòn]
'উত্তরাষাঢ়া' (নক্ষত্রবিশেষ) উৎতোরাশাড়া [uttòraʃaɽa]
উত্তরীয় (চাদর) উৎতোরিয়ো [uttòriò]
উত্তরোত্তর (ক্রমাগত) উৎতোরোৎতোর্ [uttòrottòr]
উত্তল (convex) উৎতল্ [uttɔl]
উত্তান (চিৎ) উৎতান্ [uttan]
উত্তাপ (তাপ, উষ্ণতা) উৎতাপ্ [uttap]
উত্তীর্ণ (অতিক্রান্ত) উৎতির্‌নো [uttir(n)nò]
উত্তুঙ্গ (খুব উঁচু) উৎতুংগো [uttuŋgò]
উত্তুরে (উত্তরের) উৎতুরে [utture]
উত্তেজক (উত্তেজনা সৃষ্টি করে এমন) উৎতেজক্/উৎতেজোক্ [utteɟʒɔk/utteɟʒòk]
উত্তেজনা (প্রবল চিত্তচাঞ্চল্য, উদ্দীপনা) উৎতেজনা/উৎতেজোনা [utteɟʒɔna/utteɟʒòna] **উত্তেজিত** উৎতেজিতো [utteɟʒitò]
উত্তোলন (তুলে ধরা) উৎতোলোন্/উৎতোলন্

[uttolòn/uttolɔn] **উত্তোলিত** উৎতোলিতো [uttolitò]

উত্যক্ত (বিরক্ত) উৎতক্‌তো [uttɔktò]

উত্থান (ওঠা ; উন্নতি) উৎথান্ [utthan]

উত্থাপন (তোলা ; প্রস্তাব করা) উৎথাপোন্/উৎথাপন্ [utthapòn/utthapɔn] **উত্থাপিত** উৎথাপিতো [utthapitò]

উত্থিত (উঠেছে এমন) উৎথিতো [utthitò]

উৎপত্তি (উদ্ভব, জন্ম) উৎপোৎতি [utpòtti]

উৎপথ (কুপথ) উৎপথ্ [utpɔt(h)] **উৎপথগামী** উৎপথোগামি [utpɔthògami]

উৎপন্ন (জাত ; উদ্ভূত) উৎপন্‌নো [utpɔnnò]

উৎপল (পদ্ম) উৎপল্ [utpɔl]

উৎপাটন (উপড়ে ফেলা) উৎপাটোন্/উৎপাটন্ [utpaṭòn/utpaṭɔn]

উৎপাত (উপদ্রব) উৎপাৎ [utpat]

উৎপাদক (উৎপাদনকারী, নির্মাতা ; গুণনীয়ক) উৎপাদোক্ [utpadòk] **উৎপাদন** (নির্মাণ, সৃষ্টি) উৎপাদোন্ [utpadòn] **উৎপাদিকা** উৎপাদিকা [utpadika] **উৎপাদিত** উৎপাদিতো [utpaditò]

উৎপীড়ন (অত্যাচার, নিগ্রহ) উৎপিড়োন্/উৎপিড়ন্ [utpiṛòn/utpiṛɔn] **উৎপীড়ক** (অত্যাচারী) উৎপিড়ক্/উৎপিড়োক্ [utpiṛɔk/utpiṛòk]

উৎপ্রেক্ষা (অর্থালংকারবিশেষ) উৎপ্রেক্‌খা [utprekkha]

উৎফুল্ল (প্রফুল্ল, আনন্দিত) উৎফুল্‌লো [utphullò]

উৎস (মূল) উৎশো [utʃò] **উৎসমুখ** ~মুখ্ [~muk(h)]

উৎসব (আনন্দ-অনুষ্ঠান) উৎশব্ [utʃɔb]

উৎসর্গ (নিবেদন) উৎশর্‌গো [utʃɔr(g)gò] **উৎসর্গীকৃত** (নিবেদিত) উৎশোর্‌গিক্রিতো [utʃòr(g)gi(k)kritò]

উৎসর্জন (দান) উৎশর্‌জোন্ [utʃɔr(ɟ)ɟʒòn]

উৎসাদন (উচ্ছেদ) উৎশাদোন্ [utʃadòn]

উৎসার (দূর করা) উৎশার্ [utʃar] **উৎসারণ** উৎশারোন্ [utʃaròn] **উৎসারিত** উৎশারিতো [utʃaritò]

উৎসাহ (প্রেরণা, উদ্যম) উৎশাহো [utʃaɦò]

উৎসুক (ব্যগ্র) উৎশুক্ [utʃuk]

উথালপাথাল (ওলটপালট ; বিপর্যস্ত) উথাল্‌পাথাল্ [uthalpathal]

উদগ্র (তীব্র) উদগ্‌গ্রো/উদোগ্‌গ্রো [udɔggrò/udòggrò]

উদজান (hydrogen) উদোজান্ [udòɟʒan]

উদম (উলঙ্গ) উদোম্ [udòm]

উদয় (আবির্ভাব) উদয়্ [udɔẽ] **উদয়াচল** উদয়াচল্ [udɔẽacʃɔl] **উদয়াস্ত** উদয়াস্‌তো [udɔẽastò]

'উদয়ন' উদয়োন্ [udɔẽòn]

উদর (পেট) উদর্ [udɔr] **উদরাময়** উদরাময়্/উদোরাময়্ [udɔramɔẽ/udòramɔẽ]

উদরী (রোগবিশেষ) উদোরি [udòri]

উদাত্ত (উদার, মহান, দরাজ) উদাৎতো [udattò]

উদার (দরাজ, প্রশস্ত) উদার্ [udar] **উদারতা** উদারোতা/উদারতা [udaròta/udarɔta]

উদারা (সংগীতের নিম্নসপ্তক) উদারা [udara]

উদাস (উন্মনা) উদাশ্ [udaʃ] **উদাসী** উদাশি [udaʃi]

উদাসীন (নির্লিপ্ত) উদাশিন্ [udaʃin]

উদাহরণ (দৃষ্টান্ত) উদাহরোন্ [udaɦɔròn] **উদাহৃত** (উল্লিখিত) উদার্‌হিতো [udarɦitò]

উদিত (উদয় হয়েছে এমন) উদিতো [uditò]

উদীচী (উত্তর দিক) উদিচি [udicʃi]

উদীয়মান (উদিত হচ্ছে এমন) উদিয়োমান্ [udiòman]

উদুখল (হামানদিস্তা) উদুখল্ [udukhɔl]

উদো (নির্বোধ) উদো [udò]

উদোম উদম দ্র

উদ্‌গত (উৎপন্ন ; বহির্গত) উদ্‌গতো [udgɔtò]

উদ্‌গম (উদ্ভব) উদ্‌গম্ [udgɔm]

উদ্‌গাতা (বেদগানের গায়ক) উদ্‌গাতা [udgata]

উদ্‌গার (ঢেকুর) উদ্‌গার্ [udgar]

উদ্‌গিরণ (নির্গমন) উদ্‌গিরন্/উদ্‌গিরোন্ [udgirɔn/udgiròn]

উদ্‌গীর্ণ (বমি করে তুলে ফেলেছে এমন ; নিঃসৃত) উদ্‌গির্‌নো [udgir(n)nò]

উদ্‌গ্রীব (ব্যগ্র) উদ্‌গ্রিব [udgrib]

উদ্‌ঘাটন (প্রকাশ, উন্মোচন) উদ্‌ঘাটোন্ [udgɦaṭòn] **উদ্‌ঘাটিত** উদ্‌ঘাটিতো [udgɦaṭitò]

উদ্দণ্ড (মারমুখি) উদ্‌দন্‌ডো [uddɔnḍò]

উদ্দাম (প্রবল, অসংযত) উদ্‌দাম্ [uddam] **উদ্দামতা** উদ্‌দামোতা [uddamòta]

উদ্দিষ্ট (লক্ষ্য) উদ্দিশ্‌টো [uddiʃṭò]
উদ্দীপন (প্রজ্বলন) উদ্‌দিপোন্/উদ্‌দিপন্ [uddipòn/uddipɔn]
উদ্দীপনা (উৎসাহ, প্রেরণা) উদ্‌দিপনা [uddipɔna] **উদ্দীপিত** উদ্‌দিপিতো [uddipitò] **উদ্দীপ্ত** উদ্‌দিপ্‌তো [uddiptò]
উদ্দেশ (খোঁজ ; সন্ধান) উদ্‌দেশ্ [uddeʃ]
উদ্দেশ্য (অভিপ্রায়, মতলব) উদ্‌দেশ্‌শো [uddeʃʃò]
উদ্ধত (দুর্বিনীত) উদ্‌ধতো [uddɦɔtò]
'উদ্ধব' (শ্রীকৃষ্ণের মন্ত্রী) উদ্‌ধব্ [uddɦɔb]
উদ্ধার (ত্রাণ) উদ্‌ধার্ [uddɦar]
উদ্ধৃত (সংকলিত) উদ্‌ধ্রিতো [uddɦritò] **উদ্ধৃতি** (quotation) উদ্‌ধ্রিতি [uddɦriti]
উদ্বন্ধন (ফাঁসি) উদ্‌বন্‌ধোন্ [udbɔndɦòn]
উদ্বর্তন (উন্নতি) উদ্‌বর্‌তোন্ [udbɔr(t)tòn]
উদ্বায়ী (উবে যায় এমন) উদ্‌বাই [udbai]
উদ্বাস্তু (নিজ বাসস্থান থেকে যে উৎখাত হয়েছে) উদ্‌বাস্‌তু [udbastu]
উদ্বাহ (বিবাহ) উদ্‌বাহো [udbaɦò]
উদ্বাহু (উর্ধ্ববাহু) উদ্‌বাহু [udbaɦu]
উদ্বিগ্ন (ব্যাকুল) উদ্‌বিগ্‌নো [udbignò]
উদ্বিড়াল, উদ্‌বিড়াল (otter) উদ্‌বিড়াল্ [udbiṛal]
উদ্বুদ্ধ (অনুপ্রাণিত) উদ্‌বুদ্‌ধো [udbuddɦò]
উদ্বৃত্ত (বাড়তি, surplus) উদ্‌ব্রিৎতো [udbrittò]
উদ্বেগ (উৎকণ্ঠা) উদ্‌বেগ্ [udbeg]
উদ্বেজক (উদ্‌বেগজনক) উদ্‌বেজোক্/উদ্‌বেজক্ [udbeɟʒòk/udbeɟʒɔk] **উদ্বেজিত** (উত্ত্যক্ত) উদ্‌বেজিতো [udbeɟʒitò]
উদ্বেল (উচ্ছলিত) উদ্‌বেল্ [udbel] **উদ্বেলিত** উদ্‌বেলিতো [udbelitò]
উদ্বোধন (সূচনা) উদ্‌বোধোন্ [udbodɦòn] **উদ্বোধক** (উদ্বোধনকারী) উদ্‌বোধোক্/উদ্‌বোধক্ [udbodɦòk/udbodɦɔk]
উদ্ভট (অদ্ভুত) উদ্‌ভট্ [udbɦɔṭ] **উদ্ভট্টি** (অদ্ভুত) উদ্‌ভোট্‌টি [udbɦòṭṭi]
উদ্ভব (উৎপত্তি) উদ্‌ভব্ [udbɦɔb]
উদ্ভাবন (আবিষ্কার ; সৃষ্টি) উদ্‌ভাবোন্ [udbɦabòn] **উদ্ভাবনা** উদ্‌ভাবোনা [udbɦabòna] **উদ্ভাবক** উদ্‌ভাবোক্ [udbɦabòk] **উদ্ভাবিত** উদ্‌ভাবিতো [udbɦabitò]
উদ্ভাস (বিকাশ) উদ্‌ভাশ্ [udbɦaʃ] **উদ্ভাসিত** (দীপ্ত, আলোকিত) উদ্‌ভাশিতো [udbɦaʃitò]
উদ্ভিজ্জ (উদ্ভিদ থেকে প্রস্তুত) উদ্‌ভিজ্‌জো [udbɦiɟɟʒò]
উদ্ভিদ (গাছপালা ও তৃণাদি যা মাটি ভেদ করে ওঠে) উদ্‌ভিদ্ [udbɦid]
উদ্ভূত (উৎপন্ন) উদ্‌ভুতো [udbɦutò]
উদ্ভেদ (প্রকাশ) উদ্‌ভেদ্ [udbɦed]
উদ্‌ভ্রান্ত (বিহ্বল ; দিশাহারা) উদ্‌ভ্রান্‌তো [udbɦrantò]
উদ্যত (উন্মুখ) উদ্‌দতো [uddɔtò]
উদ্যম (উৎসাহ ; উদ্যোগ) উদ্‌দম্ [uddɔm] **উদ্যমী** উদ্‌দোমি [uddòmi]
উদ্যান (বাগান) উদ্‌দান্ [uddan]
উদ্‌যাপন (পালন) উদ্‌জাপোন্/উজ্‌জাপোন্ [udɟʒapòn/uɟɟʒapòn]
উদ্‌যোগ (উদ্যোগ ; প্রচেষ্টা) উদ্‌জোগ্/উজ্‌জোগ্ [udɟʒog/uɟɟʒog]
উদ্যোগ (উদ্যম ; প্রচেষ্টা) উদ্‌দোগ্ [uddog] **উদ্যোগী** উদ্‌দোগি [uddogi]
উদ্রিক্ত (সঞ্চারিত) উদ্‌দ্রিক্‌তো [uddriktò]
উদ্রেক (সঞ্চার) উদ্‌দ্রেক্ [uddrek]
উধাও (ধাবমান ; অন্তর্হিত) উধাও [udɦaŏ]
উনপাঁজুরে (অলক্ষুণে) উন্‌পাঁজুরে [unpãɟʒure]
উনান (চুলা) উনান্ [unan]
উনি (তিনি) উনি [uni]
উনিশ (১৯) উনিশ্ [uniʃ] **উনিশে** (১৯ তারিখ) উনিশে [uniʃe]
উনুন (চুলা) উনুন্ [unun]
উন্নত (উঁচু ; সমৃদ্ধ) উন্‌নতো [unnɔtò] **উন্নতি** উন্‌নোতি [unnòti]
উন্নয়ন (উন্নতি) উন্‌নয়োন্ [unnɔèòn] **উন্নয়নশীল** (উন্নত নয় কিন্তু উন্নতি করছে এমন) ~শিল্ [~ʃil]
তজ্জনিত (সেইজন্য) তজ্জোনিতো [tɔɟɟʒònitò]
তজ্জন্য তজ্জোন্নো [tɔɟɟʒònnò]
তঞ্চক (ঠগ) তন্চোক্ [tɔncʃòk] **তঞ্চকতা** তন্চোকতা/তন্চকতা [tɔncʃòkɔta/tɔncʃɔkɔta]
তট (তীর) তট্ [tɔ:ʈ] **তটরেখা** তটোরেখা [tɔʈòrekha]
তটস্থ (ভয়ে অস্থির) তটোস্থো [tɔʈòsthò]
তটিনী (নদী) তোটিনি [tòʈini]]
তড়কা (খেঁচুনি) তড়্কা [tɔɽka]

তড়পানো (আস্ফালন করা) তড়্পানো [tɔṛpano] **তড়পানি** তড়্পানি [tɔṛpani]

তড়বড় (তাড়াহুড়ো) তড়্বড়্ [tɔṛbɔṛ] **তড়বড়ানি** তড়্বড়ানি [tɔṛbɔṛani] **তড়বড়ে** তড়্বোড়ে [tɔṛbòṛe]

তড়াক (হঠাৎ লাফিয়ে ওঠা) তড়াক্ [tɔṛak]

তড়াগ (দীঘি) তড়াগ্ [tɔṛag]

তড়িঘড়ি (তাড়াতাড়ি) তোড়িঘোড়ি [tòṛighòṛi]

তড়িৎ (বিদ্যুৎ) তোড়িৎ [tòṛit] **তড়িদ্দ্বার** (electrode) তোড়িদ্দার্ [tòṛiddar]

তণ্ডুল (চাল) তোন্ডুল্ [tònḍul]

তত, ততো (অত, তেমন) ততো [tɔto] **ততক্ষণ** ~ক্খোন্ [~kkhòn] **ততোধিক** ~ধিক্ [~dhik]

তৎকাল (সেকাল, সেই সময়) তৎকাল্ [tɔtkal] **তৎকালীন** তৎকালিন্ [tɔtkalin] **তৎক্ষণাৎ** তৎখোনাৎ [tɔtkhònat] **তৎপর** (সতর্ক ; ক্ষিপ্র) তৎপর্ [tɔtpɔr] **তৎপরতা** তৎপরোতা [tɔtpɔròta] **তৎপুরুষ** (সমাসবিশেষ) তৎপুরুশ্ [tɔtpuruʃ] **তৎসংক্রান্ত** (সেই বিষয় সম্পর্কিত) তৎশংক্রান্তো [tɔtʃɔŋkrantò] **তৎসম** তৎশমো [tɔtʃɔmò]

তত্তুল্য (সেই রকম) তৎতুল্লো [tɔttullò]

তত্ত্ব (সত্য ; স্বরূপ ; মতবাদ) তৎতো [tɔttò] **তত্ত্বচিন্তা** ~চিন্তা [~cʃinta] **তত্ত্বজিজ্ঞাসা** ~জিগ্গাঁশা [~ɟʒiggãʃa] **তত্ত্বজ্ঞ** ~গ্গোঁ/~গ্গো [~ggõ/~ggò] **তত্ত্বজ্ঞান** ~গ্গাঁন্ [~ggãn] **তত্ত্বজ্ঞানী** ~গ্গাঁনি [~ggãni] **তত্ত্বতলাস** ~তলাশ্ [~tɔlaʃ] **তত্ত্বদর্শী** ~দোর্শি [~dòr(ʃ)ʃi] **তত্ত্বাবধান** তৎতাবধান্/তৎতাবোধান্ [tɔttabɔdhan/tɔttabòdhan] **তত্ত্বাবধায়ক** তৎতাবধায়োক্ [tɔttabɔdhaĕòk] **তত্ত্বীয়** তোৎতিয়ো [tòttiò]

তত্র (সেখানে) তৎত্রো [tɔttrò] **তত্রস্থ** ~স্থো [~sthò]

তত্রাচ (তবু) তৎত্রাচো [tɔttracʃò] **তত্রাপি** (তবু) তৎত্রাপি [tɔttrapi]

তথা (সেখানে ; সেইস্থান) তথা [tɔtha] **তথাকথিত** ~কোথিতো [~kòthitò] **তথাগত** (বুদ্ধ) ~গতো [~gɔtò] **তথাপি** ~পি [~pi] **তথায়** ~য় [~ĕ] **তথাস্তু** (তাই হোক) ~স্তু [~stu]

তথৈব (সেই রকমই) তথৈবো [tɔthoibò] **তথৈবচ** তথৈবচো [tɔthoibɔcʃò]

তথ্য (প্রকৃত ব্যাপার ; খবর) তোৎথো [tòtthò] **তথ্যচিত্র** ~চিৎত্রো [~cʃittrò] **তথ্যানুসন্ধান** তোৎথানুশন্ধান্ [tòtthanuʃɔndhan]

তদতিরিক্ত (তার চেয়ে বেশি, তাছাড়া) তদোতিরিক্তো [tɔdòtiriktò]

তদনুযায়ী (সেই অনুসারে) তদোনুজাই [tɔdònuɟʒai]

তদনুসারে (সেইমতো) তদোনুশারে [tɔdònuʃare]

তদন্ত (অনুসন্ধান) তদোন্তো [tɔdòntò]

তদবধি (সেই সময় থেকে) তদোবোধি [tɔdòbòdhi]

তদবির (দেখাশুনা) তোদ্বির্ [tòdbir]

তদানীন্তন (তৎকালীন) তদানিন্তন্/তদানিন্তোন্ [tɔdanintɔn/tɔdanintòn]

তদারক (দেখাশুনা) তদারোক্/তদারক্ [tɔdaròk/tɔdarɔk] **তদারকি** তদারোকি [tɔdaròki]

তদীয় (তার) তোদিয়ো [tòdiò]

তদুপরি (উপরন্তু) তদুপোরি/তোদুপোরি [tɔdupòri/tòdupòri]

তদুপলক্ষে, তদুপলক্ষ্যে (সেই উদ্দেশ্যে) তদুপোলোক্খে [tɔdupòlòkkhe]

তদ্‌গত (একাগ্র) তদ্গতো [tɔdgɔtò] **তদ্‌গতচিত্ত** ~চিৎতো [~cʃittò]

তদ্দণ্ডে (সেই মুহূর্তে) তদ্দন্ডে [tɔddɔnḍe]

তদ্দিন (তত দিন) তদ্দিন্ [tɔddin]

তদ্দ্বারা (তার দ্বারা) তদ্দারা [tɔddara]

তদ্ধিত (প্রত্যয়বিশেষ) তোদ্ধিৎ/তদ্ধিৎ [tòddhit/tɔddhit]

তদ্বির তদবির দ্র

তদ্বিষয়ক (সেই বিষয় সম্বন্ধীয়) তদ্বিশয়ক্/তদ্বিশয়োক্ [tɔdbiʃɔĕɔk/tɔdbiʃɔĕòk]

তদ্ভব (সংস্কৃত ভাষা থেকে উৎপন্ন কিন্তু পরিবর্তিত) তদ্ভবো [tɔdbhɔbò]

তদ্ভিন্ন (তাছাড়া) তদ্ভিন্নো [tɔdbhinnò]

তদ্রূপ (সেই রকম) তদ্রুপ্ [tɔddrup]

তনখা (বেতন) তন্খা [tɔnkha]

তনয় (পুত্র) তনয় [tɔnɔĕ]

তনিমা (সুন্দর কৃশতা) তোনিমা/তনিমা [tònima/tɔnima]

তনু (দেহ) তোনু [tònu] **তনুজ** (পুত্র) ~জো [~ɟʒò] **তনুজা** (কন্যা) ~জা [~ɟʒa] **তনুত্যাগ** ~ৎত্যাগ্ [~ttæg] **তনুশ্রী** ~স্স্রি [~ssri]

তন্তু (তাঁত) তোন্তু [tòntu] **তন্তুজ** ~জো [~ɟʒò] **তন্তুবায়** ~বায় [~bae̯]

তন্ত্র (শাস্ত্র ; পথ ; মন্ত্র) তন্ত্রো [tɔntrò] **তন্ত্রধারী** ~ধারি [~dɦari]

তন্ত্রী (তারযুক্ত বাদ্যযন্ত্র) তোন্ত্রি [tòntri]

তন্দুর (উনুনবিশেষ) তোন্দুর্ [tòndur] **তন্দুরি** তোন্দুরি [tònduri]

তন্দ্রা (ঘুম, ঘুমের আবেশ) তন্দ্রা [tɔndra] **তন্দ্রালু** ~লু [~lu] **তন্দ্রিত** তোন্দ্রিতো [tòndritò]

তন্নতন্ন (পুঙ্খানুপুঙ্খ) তন্নোতন্নো [tɔnnòtɔnnò]

তন্নিষ্ঠ তন্নিষ্‌ঠো/তোন্নিষ্‌ঠো [tɔnniʃʈhò/tònniʃʈhò]

তন্বী (সুন্দর দেহবিশিষ্টা) তোন্নি [tònni]

তন্ময় (একাগ্রচিত্ত) তন্ময় [tɔnmɔe̯] **তন্ময়তা** তন্ময়োতা [tɔnmɔe̯òta]

তন্মাত্র (সেইটুকু) তন্মাৎত্রো [tɔnmattrò]

তপঃক্লেশ (তপস্যার কষ্ট) তপোক্‌ক্লেশ্ [tɔpòkkleʃ]

তপঃপ্রভাব তপোপ্‌প্রোভাব্ [tɔpòppròbɦab]

'তপতী' (সূর্যকন্যা) তপোতি [tɔpòti]

তপন (সূর্য) তপোন্ [tɔpòn]

তপশ্চর্যা (তপস্যা) তপোশ্‌চর্‌জা [tɔpòʃcʃɔr(ɟ)ɟʒa]

তপসে (মাছবিশেষ) তোপ্‌শে [tòpʃe]

তপসিল তফসিল দ্র

তপস্বী (তাপস ; মুনি) তপোশ্‌শি [tɔpòʃʃi]

তপস্যা (সাধনা) তপোশ্‌শা [tɔpòʃʃa]

তপোধন (তপস্বী) তপোধোন্/তপোধন্ [tɔpodɦòn/tɔpodɦɔn]

তপোনিধি (মুনি, ঋষি) তপোনিধি [tɔponidɦi]

তপোবন (মুনিদের আশ্রম) তপোবোন্ [tɔpobòn]

তপোবল (তপস্যার শক্তি) তপোবল্ [tɔpobɔl]

তপোভঙ্গ (তপস্যায় বিঘ্ন) তপোভংগো [tɔpobɦɔŋgò]

তপ্ত (গরম) তপ্‌তো [tɔptò] **তপ্তকাঞ্চনবর্ণ** ~কান্‌চোন্‌বর্‌নো [~kancʃònbɔr(n)nò]

তফসিল (তালিকা, schedule) তফ্‌শিল্ [tɔp(h)ʃil]

তফাত তফাৎ [tɔphat]

তব (তোমার) তবো [tɔbò] **তবহি** ~হি [~ɦi]

তবক (সোনা-রুপোর পাত) তবোক্ [tɔbòk]

তবলচি, তবলচী (তবলা-বাদক) তবোল্‌চি [tɔbòlcʃi]

তবলা (তাল বাদ্যবিশেষ) তব্‌লা [tɔbla]

তবিল (তহবিল) তোবিল্ [tòbil] **তবিলদারি** ~দারি [~dari]

তবু (তা সত্ত্বেও) তোবু [tòbu] **তবুও** ~ও [~o]

তবে (তাহলে) তবে [tɔbe]

তম (তমোগুণ ; অন্ধকার) তমো [tɔmò]

'তমলুক' তোম্‌লুক্/তম্‌লুক্ [tòmluk/tɔmluk]

তমস (অন্ধকার) তমোশ্ [tɔmòʃ]

তমসা (অন্ধকার ; নদীবিশেষ) তমোশা [tɔmòʃa] **তমসাচ্ছন্ন** ~চ্‌ছন্‌নো [~ccʃhɔnnò] **তমসাবৃত** ~ব্রিতো [~(b)britò]

তমসুক (ঋণপত্র) তমোশুক্/তোম্‌শুক্ [tɔmòʃuk/tòmʃuk]

তমাল (গাছবিশেষ) তমাল্ [tɔmal] **তমালী** তমালি [tɔmali]

তমিস্র (অন্ধকার) তোমিস্‌স্রো [tòmissrò] **তমিস্রা** তোমিস্‌স্রা [tòmissra]

তমোগুণ (তমঃনামক গুণবিশেষ) তমোগুন্ [tɔmogun]

তমোঘ্ন (অন্ধকার দূরকারী) তমোঘ্‌নো/তমোগ্‌নো [tɔmog(ɦ)nò]

তমোনাশ (অন্ধকার দূরকারী) তমোনাশ্ [tɔmonaʃ]

তমোময় (অন্ধকারময়) তমোময় [tɔmomɔe̯]

তম্বি (আস্ফালন) তোম্‌বি [tòmbi]

তম্বুরা (তানপুরা) তোম্‌বুরা [tòmbura]

তয়খানা (ভূগর্ভস্থ কক্ষ) তয়্‌খানা [tɔe̯khana]

তয়ফা (নাচওয়ালির দল) তয়্‌ফা [tɔe̯pha]

তয়ের (তৈরি) তোয়ের্ [tòer]

তর (বিলম্ব) তর্ [tɔːr]

তরকারি (আনাজ ; ব্যঞ্জন) তর্‌কারি [tɔrkari]

তরক্ষু (নেকড়ে) তরোক্‌খু [tɔròkkhu]

তরঙ্গ (ঢেউ) তরোংগো [tɔròŋgò] **তরঙ্গায়িত** তরোংগাইতো [tɔròŋgaitò] **তরঙ্গিণী** তরোংগিনি [tɔròŋgini] **তরঙ্গিত** তরোংগিতো [tɔròŋgitò]

তরজমা, তর্জমা (অনুবাদ) তর্‌জোমা [tɔrɟʒòma]
তরজা (কবিগানবিশেষ) তর্‌জা [tɔrɟʒa]
তরণ (পার হওয়া) তরোন্ [tɔròn]
তরণী (নৌকা) তরোনি [tɔròni]
তরতর (দ্রুতচলার ভাব) তর্‌তর্ [tɔrtɔr]
তরতাজা (টাটকা) তর্‌তাজা [tɔrtaɟʒa]
তরফ (দিক, পক্ষ) তরোফ্/তরোপ্ [tɔròp(h)] **তরফদার** ~দার্ [~dar]
তরবারি (তলোয়ার) তরোবারি [tɔròbari]
তরমুজ (সরস ফলবিশেষ) তোর্‌মুজ্ [tòrmuɟʒ]
তরল (পাতলা ; গলিত ; আর্দ্র) তরোল্ [tɔròl] **তরলতা** তরোলতা/তরোলোতা [tɔròlɔta/tɔròlòta] **তরলিত** তরোলিতো [tɔròlitò] **তরলীকৃত** তরোলিক্রিতো [tɔròli(k)kritò]
তরশু (গত পরশুর পূর্বদিন বা আগামী পরশুর পরদিন) তোর্‌শু [tòrʃu]
তরস্বান (বেগবান) তরোশ্‌শান্ [tɔròʃʃan]
তরা (পার করা) তরা [tɔra] **তরানো** ~নো [~no]
'তরাই' তরাই [tɔrai]
তরাস (ত্রাস) তরাশ্ [tɔraʃ]
তরিবত, তরিবৎ (ভদ্রতা) তোরিবৎ [tòribɔt]
তরী, তরি (নৌকা) তোরি [tòri]
তরু (গাছ) তোরু [tòru] **তরুমূল** ~মুল্ [~mul] **তরুলতা** ~লতা [~lɔta]
তরুণ (নবীন ; নতুন) তোরুন্ [tòrun] **তরুণাস্থি** তোরুনাস্‌থি [tòrunasthi] **তরুণিমা** তোরুনিমা [tòrunima] **তরুণী** তোরুনি [tòruni]
তরোয়াল (তলোয়ার) তরোআল্ [tɔroal]
তর্ক (বিতর্ক ; বিচার, যুক্তি) তর্‌কো [tɔr(k)kò] **তর্কবিদ্যা** ~বিদ্‌দা [~bidda] **তর্কাতর্কি** তর্‌কাতোর্‌কি [tɔr(k)katòr(k)ki]
তর্জন (হম্বিতম্বি ; তিরস্কার) তর্‌জোন্ [tɔr(ɟ)ɟʒòn] **তর্জন গর্জন** ~গর্‌জোন্ [~gɔr(ɟ)ɟʒòn]
তর্জনী (বুড়ো আঙুলের পাশের আঙুল) তর্‌জোনি [tɔr(ɟ)ɟʒòni]
তর্জমা তরজমা দ্র
তর্পণ (পিতৃপুরুষের উদ্দেশে জলদান) তর্‌পোন্ [tɔr(p)pòn]
তল (নিম্নদেশ) তল্ [tɔ:l] **তলদেশ** তলোদেশ্ [tɔlòdeʃ] **তলপেট** ~পেট্ [~peṭ] **তলেতলে** তলেতলে [tɔletɔle]
তলতল (খুব নরম ভাব) তল্‌তল্ [tɔltɔl] **তলতলে** তল্‌তোলে [tɔltòle]
তলপি তল্পি দ্র
তলব (ডেকে পাঠানো) তলোব্ [tɔlòb]
তলা (নিম্নদেশ) তলা [tɔla]
তলাও (পুকুর) তলাও্ [tɔlaŏ]
তলানি (যা নিচে পড়ে থাকে) তলানি [tɔlani] **তলানো** তলানো [tɔlano]
তল্পি (গাঁটরি) তোল্‌পি [tòlpi] **তল্পিতল্পা** ~তল্‌পা [~tɔlpa] **তল্পিবাহক** ~বাহোক [~bahòk]
তল্লাট (অঞ্চল, প্রদেশ) তল্‌লাট্ [tɔllaṭ]
তল্লাশ (খোঁজ) তল্‌লাশ্ [tɔllaʃ] **তল্লাশি** তল্‌লাশি [tɔllaʃi]
তসবির (ছবি) তোশ্‌বির্/তশ্‌বির্ [tòʃbir/tɔʃbir]
তসরুফ (চুরি) তোস্‌রুপ্/তস্‌রুপ্ [tòsrup/tɔsrup]
তসলিম (সালাম) তোশ্‌লিম্/তশ্‌লিম্ [tòʃlim/tɔʃlim]
তসিল (তহসিল) তোশিল্ [tòʃil] **তসিলদার** ~দার্ [~dar]
তস্কর (চোর) তশ্‌কর্ [tɔʃkɔr]
তহবিল (ভাঁড়ার ; কোষ) তহোবিল্ [tɔɦòbil]
তহসিল, তহসীল (খাজনা) তহোশিল্ [tɔɦòʃil]
তাই (সেজন্য, সুতরাং ; হাততালি) তাই [tai]
তাইরে-নাইরে (গানের ধ্বনিবিশেষ) তাই্‌রেনাই্‌রে [taire naire]
তাওয়া (চাটু) তাও্‌আ [taŏa]
তাঁত (কাপড় বোনার যন্ত্র) তাঁৎ [tã:t] **তাঁতি, তাঁতী** তাঁতি [tãti] **তাঁতিনী** তাঁতিনি [tãtini]
তাঁবু (কাপড়ের তৈরি ঘর) তাঁবু [tãbu]
তাঁবে (কর্তৃত্বে) তাঁবে [tãbe] **তাঁবেদার** ~দার্ [~dar] **তাঁবেদারি** ~দারি [~dari]
তাক (লক্ষ্য, নিশানা ; থাক) তাক্ [ta:k]
তাকত, তাকৎ (শক্তি) তাকোৎ [takòt] **তাগদ** তাগোদ্ [tagòd]
তাকানো (দেখা) তাকানো [takano] **তাকাতাকি** তাকাতাকি [takataki]

তাকিয়া (মোটা বালিশ) তাকিয়া [takia]
তাগ (লক্ষ্য ; টিপ) তাগ্ [ta:g]
তাগড়া (বলিষ্ঠ) তাগ্ড়া [tagṛa] **তাগড়াই** ~ই [~i]
তাগদ তাকত দ্র
তাগা (দড়ির বাঁধন ; অলংকারবিশেষ) তাগা [taga]
তাগাদা (বারবার অনুরোধ বা পীড়াপীড়ি) তাগাদা [tagada] **তাগিদ** তাগিদ্ [tagid]
তাগিদ তাগাদা দ্র
তাচ্ছিল্য (অবজ্ঞা) তাচ্ছিল্লো [taccʃhillò]
তাজ (টুপি ; টোপর) তাজ্ [ta:ɟʒ] **তাজমহল** ~মহোল্ [~mɔɦòl]
তাজা (টাটকা) তাজা [taɟʒa]
তাজিয়া (নকল কবর) তাজিয়া [taɟʒia]
তাজী (আরবের ঘোড়া) তাজি [taɟʒi]
তাজ্জব (অদ্ভুত ; বিস্ময়) তাজ্জোব্/তাজ্জব্ [taɟɟʒòb/taɟɟʒɔb]
তাঞ্জাম (চতুর্দোলা) তান্জাম্ [tanɟʒam]
'তাড়কা' (রাক্ষসীবিশেষ) তাড়োকা [taṛòka]
তাড়ন (তিরস্কার ; জ্বালাতন) তাড়োন্ [taṛòn] **তাড়না** তাড়োনা [taṛòna]
তাড়স (তীব্র বেদনা) তাড়োশ্ [taṛòʃ]
তাড়া (ব্যস্ততা ; পশ্চাদ্ধাবন) তাড়া [taṛa]
তাড়াতাড়ি (শীঘ্র) তাড়াতাড়ি [taṛataṛi]
তাড়ানো (খেদানো) তাড়ানো [taṛano]
তাড়াহুড়ো (তাড়াতাড়ি) তাড়াহুড়ো [taṛaɦuṛo]
তাড়ি (তালের রসের মদ) তাড়ি [taṛi]
তাড়িত (বৈদ্যুতিক) তাড়িতো [taṛitò] **তাড়িতবার্তা** ~বার্তা [~bar(t)ta] **তাড়িতী** তাড়িতি [taṛiti]
তাড়ু (কাঠের হাতা) তাড়ু [taṛu]
তাণ্ডব (প্রলয়ংকর ব্যাপার) তান্ডব্ [tanḍɔb]
তাত[১] (উত্তাপ) তাৎ [ta:t]
তাত[২] (পিতৃব্য, গুরুজন) তাতো [tatò]
তাতা-থৈ (নাচের বোলবিশেষ) তাতা থৈ [tata thoi]
তাতানো (গরম করা) তাতানো [tatano]
তাৎকালিক (তৎকালীন) তাৎকালিক্ [tatkalik]
তাৎক্ষণিক (তৎক্ষণাৎ কৃত) তাৎখোনিক্ [tatkhònik]
তাত্ত্বিক (তত্ত্বসম্বন্ধীয়) তাৎতিক্ [tattik]
তাৎপর্য (মর্ম ; গুরুত্ব) তাৎপোর্জো [tatpòr(ɟ)ɟʒò]
তাদৃশ (সেই রকম) তাদ্রিশো [ta(d)driʃò]
তান (সুরের আলাপ) তান্ [ta:n]
তানপুরা (তম্বুরা) তান্পুরা [tanpura]
তান্ত্রিক (তন্ত্রশাস্ত্রজ্ঞ ; তন্ত্রশাস্ত্র-সম্বন্ধীয়) তান্ত্রিক্ [tantrik]
তাপ (উষ্ণতা ; উত্তাপ) তাপ্ [ta:p] **তাপন** তাপোন্/তাপন্ [tapòn/tapɔn] **তাপমান** তাপোমান্ [tapòman] **তাপহর** তাপোহরো [tapòɦɔrò] **তাপহারী** তাপোহারি [tapòɦari]
তাপস (মুনি) তাপোশ্ [tapòʃ]
তাপিত (দুঃখিত ; উত্তপ্ত) তাপিতো [tapitò]
'তাপ্তী' তাপ্তি [tapti]
তাবৎ (সমস্ত) তাবোৎ [tabòt]
তাবিজ (মাদুলি) তাবিজ্ [tabiɟʒ]
তামস (অন্ধকারময়) তামোশ্ [tamòʃ]
তামসিক (অজ্ঞান-জনিত) তামোশিক্ [tamòʃik] **তামসিকতা** তামোশিকতা [tamòʃikɔta]
তামা (তাম্র) তামা [tama] **তামাটে** ~টে [~ṭe]
তামাক (মাদক হিসাবে ব্যবহৃত পাতাবিশেষ) তামাক্ [tamak]
তামাদি (time-barred) তামাদি [tamadi]
তামাম (সমগ্র) তামাম্ [tamam]
তামাসা, তামাশা (মজা, কৌতুক) তামাশা [tamaʃa]
তামিল (পালন) তামিল্ [tamil]
তাম্বুরা (তানপুরা) তাম্বুরা [tambura]
তাম্বুল (পান) তাম্বুল্ [tambul]
তাম্বুলী (পান-ব্যবসায়ী) তাম্বুলি [tambuli]
তাম্র (ধাতুবিশেষ, copper) তাম্রো [tammrò] **তাম্রকুণ্ড** ~কুন্ডো [~kunḍò] **তাম্রপত্র** ~পৎত্রো [~pɔttrò] **তাম্রপাত্র** ~পাৎত্রো [~pattrò] **তাম্রফলক** ~ফলোক্ [~phɔlòk] **তাম্রবর্ণ** ~বর্নো [~bɔr(n)nò] **তাম্রযুগ** ~জুগ্ [~ɟʒug] **তাম্রলিপি** ~লিপি [~lipi] **'তাম্রলিপ্ত'** ~লিপ্তো [~liptò] **তাম্রশাসন** (তামার ফলকে খোদিত রাজাজ্ঞা) ~শাশোন্ [~ʃaʃòn]
তাম্রকূট (তামাক) তাম্রোকুট্ [tammròkuṭ]

তার (ধাতুর সুতো ; উত্তরণ) তার্ [ta:r]
তারক (রক্ষক) তারোক্ [taròk] **তারকনাথ** ~নাথ্ [~nat(h)] **'তারকেশ্বর'** তারোকেশ্শর্ [taròkeʃʃɔr]
তারকা (আকাশের তারা) তারোকা [taròka]
তারণ (রক্ষা) তারোন্ [taròn] **তারণি** তারোনি [taròni]
তারতম্য (পার্থক্য) তারোতোম্মো [taròtòmmò]
তারপর (অতঃপর, then) তার্পর্ [tarpɔr]
তারবার্তা (টেলিগ্রাম) তার্বার্তা [tarbar(t)ta]
তারল্য (তরলতা) তারোল্লো [taròllò]
তারসপ্তক (চড়ার সপ্তক) তার্শপ্তোক্ [tarʃɔptòk]
তারসানাই (বাদ্যযন্ত্রবিশেষ) তার্শানাই্ [tarʃanaĭ]
তারস্বর (উচ্চস্বর) তারোশ্শর্ [taròʃʃɔr]
তারা (নক্ষত্র) তারা [tara] **তারানাথ** ~নাথ্ [~nat(h)] **তারামণ্ডল** ~মোন্ডোল্ [~mòndòl]
তারিখ (date) তারিখ্ [tarik(h)]
তারিণী (দুর্গা) তারিনি [tarini] **'তারিণীচরণ'** ~চরোন্ [~cɔròn]
তারিফ (প্রশংসা) তারিফ্ [tarip(h)]
তারুণ্য (নবীনতা ; যৌবন) তারুন্নো [tarunnò]
তার্কিক (তর্কপটু) তার্কিক্ [tar(k)kik]
তার্পিন (তেলবিশেষ) তার্পিন্ [tarpin]
তাল (ফলবিশেষ ; গানের তাল) তাল্ [ta:l]
তালই (ভাই-বোনের শ্বশুর) তালোই্ [taloĭ] **তালুই** তালুই্ [taluĭ]
তালকাটা (তাল ভঙ্গ হয়েছে এমন) তাল্কাটা [talkaṭa]
তালকানা (তালজ্ঞানহীন) তাল্কানা [talkana]
তালগোল (গোলযোগ) তাল্গোল্ [talgol]
তালপাতা (তালগাছের পাতা) তাল্পাতা [talpata]
তালপুকুর (তালগাছবেষ্টিত পুকুর) তাল্পুকুর্ [talpukur]
তালবেতাল (ঝঞ্ঝাট) তাল্বেতাল্ [talbetal]
তালব্য (palatal) তালোব্বো [talòbbò]
তালভঙ্গ (তাল কেটে যাওয়া) তাল্ভংগো [talbɦɔŋgò]
তালশাঁস (কচি তালের শাঁস) তাল্শাঁশ্ [talʃãʃ]
তালা (কুলুপ) তালা [tala]
তালাক (বিবাহবিচ্ছেদ) তালাক্ [talak]
তালাশ (খোঁজ) তালাশ্ [talaʃ]
তালি (তাপ্পি) তালি [tali]
তালিকা (ফর্দ, নির্ঘণ্ট) তালিকা [talika] **তালিকাভুক্ত** ~ভুক্তো [~bɦuktò]
তালিম (শিক্ষা) তালিম্ [talim]
তালু (টাকরা) তালু [talu]
তালুই তালই দ্র
তালুক (ভূসম্পত্তি) তালুক্ [taluk] **তালুকদার** ~দার্/তালুগ্দার্ [~dar/talugdar] **তালুকদারি** ~দারি/তালুগ্দারি [~dari/talugdari]
তালেগোলে (গোলেমালে) তালেগোলে [talegole]
তালেবর (মান্যগণ্য ; লায়েক) তালেবর্ [talebɔr]
তাস (playing cards) তাশ্ [ta:ʃ]
তাসা (বাদ্যযন্ত্রবিশেষ) তাশা [taʃa]
তাস্কর্য (চৌর্য) তাশ্কোর্জো [taʃkòr(ɟ)ɟɜò]
তাহ (তা, উহা) তাহা [taɦa] **তাহাকে** ~কে [~ke] **তাহার** তাহার্ [tahar]
তিক্ত (তেতো) তিক্তো [tiktò] **তিক্ততা** ~তা [~ta]
তিঙন্ত (অন্তে তিঙ্ বা ক্রিয়াবিভক্তিযুক্ত) তিঙন্তো/তিঙোন্তো [tiŋɔntò/tiŋòntò]
তিজেল (হাঁড়িবিশেষ) তিজেল্ [tiɟʒel]
তিড়বিড় (অস্থিরতার ভাব) তিড়্বিড়্ [tiṛbiṛ]
তিড়িং বিড়িং (ক্রমাগত লাফালাফি) তিড়িং বিড়িং [tiṛiŋ biṛiŋ]
তিতা (তিক্ত) তিতা [tita] **তিত, তিতো** তিতো [tito] **তেতো** তেতো [teto]
'তিতাস' (নদীবিশেষ) তিতাশ্ [titaʃ]
তিতিক্ষা (সহ্যগুণ) তিতিক্খা [titikkha] **তিতিক্ষিত** তিতিক্খিতো [titikkhitò] **তিতিক্ষু** তিতিক্খু [titikkhu]
তিতির (পাখিবিশেষ) তিতির্ [titir] **তিত্তির** তিৎতির্ [tittir]
তিথি (চান্দ্র দিন) তিথি [tithi] **তিথিক্ষয়** তিথিক্খয়্ [tithikkhɔĕ]
তিন তিন্ [ti:n] **তিনকাল** ~কাল্ [~kal] **তিনকুল** ~কুল্ [~kul] **তিনকোনা** ~কোনা [~kona]

তিনতাল ~তাল্ [~tal] **তিনপ্রহর** ~প্রোহোর্ [~pròfiòr]
তিনি (উনি) তিনি [tini]
তিন্তিড়ী (তেঁতুল) তিন্‌তিড়ি [tintiṛi]
তিন্দু (গাব গাছ) তিন্‌দু [tindu] **তিন্দুক** তিন্‌দুক্ [tinduk]
তিপ্পান্ন (৫৩ সংখ্যা) তিপ্‌পান্‌নো [tippannò]
'**তিব্বত**' তিব্‌বৎ [tibbɔt] **তিব্বতী** তিব্‌বোতি [tibbòti]
তিমি (বিশাল সামুদ্রিক প্রাণী বিশেষ) তিমি [timi]
তিমিঙ্গিল (তিমির চেয়েও বড় কাল্পনিক প্রাণী-বিশেষ) তিমিংগিল্ [timiŋgil]
তিমির (অন্ধকার) তিমির্ [timir] **তিমিরনাশক** তিমিরোনাশোক্ [timirònaʃòk] **তিমিরপুঞ্জ** তিমিরোপুন্‌জো [timiròpunɟʒò] **তিমিররাত্রি** তিমিরোরাৎত্রি [timiròrattri]
তিয়াত্তর (৭৩ সংখ্যা) তিয়াৎতোর্ [tiattòr]
তিয়াস (পিপাসা) তিয়াশ্ [tiaʃ]
তিরস্কার (ভর্ৎসনা) তিরোশ্‌কার্ [tiròʃkar] **তিরস্কৃত** তিরোশ্‌ক্রিতো [tiròʃkritò]
তিরানব্বই (৯৩ সংখ্যা বা সংখ্যক) তিরানোব্‌বোই/ তিরানব্‌বোই [tiranòbbòi/tiranɔbbòi]
তিরাশি (৮৩ সংখ্যা) তিরাশি [tiraʃi]
তিরি (তিন ফোঁটার তাস) তিরি [tiri]
তিরিক্ষি (রুক্ষ) তিরিক্‌খি [tirikkhi]
তিরিশ (৩০ সংখ্যা) তিরিশ্ [tiriʃ]
তিরোধান (মৃত্যু) তিরোধান্ [tirodfian]
তিরোভাব (মৃত্যু) তিরোভাব্ [tirobfiab]
তিরোহিত (প্রয়াত) তিরোহিতো [tirofiitò]
তির্যক (বাঁকা) তির্‌জক্/তির্‌জোক্ [tir(ɟ)ɟʒɔk/ tir-(ɟ)ɟʒòk]
তিল (শস্যবিশেষ) তিল্ [ti:l]
তিলক (চন্দনের ছাপ) তিলক্/তিলোক্ [tilɔk/ tilòk] **তিলকমাটি** ~মাটি [~maṭi]
তিলাঞ্জলি (তিল ও জলের তর্পণ) তিলান্‌জোলি [tilanɟʒòli]
তিলার্ধ (সামান্য অংশও) তিলার্‌ধো [tilar(d)dfiò]
তিলি, তিলী (হিন্দুজাতিবিশেষ) তিলি [tili]
তিলেক (সামান্য অংশও) তিলেক্ [tilek]
'**তিলোত্তমা**' তিলোৎতমা [tilottɔma]
তিষ্ঠানো (টেকা, অবস্থান করা) তিষ্‌ঠানো [tiʃṭhano]
তিষ্ঠনো তিষ্‌ঠোনো [tiʃṭhòno]
তিসি (শস্যবীজবিশেষ) তিশি [tiʃi]
'**তিস্তা**' তিস্‌তা [tista]
তীক্ষ্ণ (সূক্ষ্ম ; ছুঁচলো) তিখ্‌নো [tik(h)nò] **তীক্ষ্ণতা** ~তা [~ta] **তীক্ষ্ণদৃষ্টি** ~দ্রিষ্‌টি [~(d)driʃṭi] **তীক্ষ্ণধী** ~ধি [~dfii]
তীবর (ব্যাধ) তিবর্ [tibɔr]
তীব্র (প্রখর) তিব্‌ব্রো [tibbrò] **তীব্রতা** ~তা [~ta]
তীর (শর, বাণ ; পাড়, কূল) তির্ [ti:r]
তীরন্দাজ (ধনুর্ধর) তিরোন্‌দাজ্ [tirònda ɟʒ]
তীর্ণ (অতিক্রান্ত) তির্‌নো [tir(n)nò]
তীর্থ (পুণ্যস্থান) তির্‌থো [tir(t)thò] **তীর্থভ্রমণ** ব্‌ভ্রোমোন্ [~(b)bfiròmòn] **তীর্থযাত্রা** ~জাৎত্রা [~ɟʒattra] **তীর্থযাত্রী** ~জাৎত্রি [~ɟʒattri] **তীর্থস্নান** ~স্নান [~ssnan]
তীর্থঙ্কর (জৈন ধর্মগুরু) তির্‌থোংকর্/তির্‌থংকর্ [tir(t)thòŋkɔr/tir(t)thɔŋkɔr]
তুই (তুমি-র তুচ্ছার্থক রূপ) তুই [tui] **তুই-তোকারি** ~তোকারি [~tokari]
তুঁত (গাছবিশেষ) তুঁৎ [tũ:t] **তুঁতগাছ** ~গাছ্ [~gacʃ(h)] **তুঁতপোকা** ~পোকা [~poka]
তুঁতে (copper sulphate) তুঁতে [tũte]
তুঁহু (তুমি ; তুই) তুঁহু/তুঁহুঁ [tũfiu/tũfiũ]
তুক (জাদু) তুক্ [tu:k] **তুকতাক** তুক্‌তাক্ [tuktak]
তুখড়, তুখোড় (ওস্তাদ) তুখোড়্ [tukhoṛ]
তুঘলক (সুলতান বংশবিশেষ) তুঘ্‌লক্ [tug(fi)lɔk]
তুঘলকি (খামখেয়ালি) তুঘ্‌লোকি [tug(fi)lòki]
তুঙ্গ (উঁচু) তুংগো [tuŋgò] **তুঙ্গী** তুংগি [tuŋgi]
তুচ্ছ (নগণ্য) তুচ্‌ছো [tuccʃhò] **তুচ্ছতা** ~তা [~ta]
তুড়ি (আঙুলের শব্দবিশেষ) তুড়ি [tuṛi]
তুণ্ড (জীবজন্তুর মুখ) তুন্‌ডো [tunḍò]
তুফান (ঝড়) তুফান্ [tuphan]
তুবড়ি (আতস বাজিবিশেষ) তুব্‌ড়ি [tubṛi]
তুমি (you) তুমি [tumi]
তুমুল (প্রচণ্ড, ঘোরতর) তুমুল্ [tumul]

তুম্ব (লাউ) তুম্বো [tumbò]
তুরকি, তুর্কি (তুরস্কদেশীয়) তুর্কি [turki]
তুরগ (ঘোড়া) তুরগো/তুরোগো/তুরগ্ [turɔgò/turògò/turɔg]
তুরঙ্গ (ঘোড়া) তুরংগো/তুরোংগো [turɔŋgò/turòŋgò] **তুরঙ্গম** তুরংগম্/তুরংগোম্ [turɔŋgɔm/turɔŋgòm]
তুরপুন (ছুতার যন্ত্রবিশেষ) তুর্পুন্ [turpun]
'তুরস্ক' তুরশ্কো/তুরোশ্কো [turɔʃkò/turòʃkò]
তুরানি, তুরাণি, তুরাণী (তুর্কি) তুরানি [turani]
তুরীয় (মায়ার অতীত) তুরিয়ো [turiò] **তুরীয়ানন্দ** তুরিয়ানন্দো [turianɔndò]
তুরুপ (রঙের তাস) তুরুপ্ [turup]
তুর্কি তুরকি দ্র
তুলকালাম (তুমুল কাণ্ড) তুল্কালাম্ [tulkalam]
তুলট (তুলা থেকে প্রস্তুত) তুলোট্ [tulòṭ]
তুলতুল (অত্যন্ত নরমের ভাব) তুল্তুল্ [tultul] **তুলতুলে** তুল্তুলে [tultule]
তুলনা (সাদৃশ্য) তুলোনা [tulòna] **তুলনীয়** তুলোনিয়ো [tulòniò]
তুলসী (গাছবিশেষ basil) তুল্শি [tulʃi] **তুলসীমঞ্চ** ~মন্চো [~mɔncʃò]
তুলা (cotton) তুলা [tula]
তুলাদণ্ড (দাঁড়িপাল্লা) তুলাদন্ডো [tuladɔnḍò]
তুলি (বুরুশ) তুলি [tuli]
তুলিত (তুলনা করা হয়েছে এমন) তুলিতো [tulitò]
তুল্য (তুলনীয়) তুল্লো [tullò] **তুল্যমূল্য** ~মুল্লো [~mullò]
তুষ, তুস (শস্যের খোসা) তুশ্ [tu:ʃ] **তুষানল** তুশানল্ [tuʃanɔl]
তুষার (বরফ) তুশার্ [tuʃar] **তুষারপাত** ~পাৎ [~pat] **তুষারধবল** ~ধবোল্ [~dɦɔbòl] **তুষারমৌলি** ~মৌলি/তুশারোমৌলি [~moŭli/tuʃaròmoŭli]
তুষ্ট (খুশি) তুশ্টো [tuʃṭò] **তুষ্টি** তুশ্টি [tuʃṭi]
তুস (পশমি বস্ত্র) তুশ্ [tu:ʃ]
তুহিন (হিম) তুহিন্ [tuɦin]
তূণ (তীর রাখার পাত্র) তুন্ [tu:n] **তূণীর** তুনির্ [tunir]
তূর্য (রণভেরী) তুর্জো [tur(ɟ)ɟʒò]
তূলি (বুরুশ) তুলি [tuli] **তূলিকা** ~কা [~ka]
তূষ্ণীম্ভাব (নীরবতা) তুশ্নিম্ভাব্ [tuʃnimbɦab]
তৃণ (ঘাস) ত্রিনো [trinò]
তৃতীয় (৩ সংখ্যার পূরক) ত্রিতিয়ো [tritiò] **তৃতীয়া** ত্রিতিয়া [tritia]
তৃপ্ত (সন্তুষ্ট) ত্রিপ্তো [triptò] **তৃপ্তি** ত্রিপ্তি [tripti]
তৃষা (পিপাসা) ত্রিশা [triʃa] **তৃষিত** ত্রিশিতো [triʃitò]
তৃষ্ণা (পিপাসা) ত্রিশ্না [triʃna] **তৃষ্ণাতুর** ~তুর্ [~tur] **তৃষ্ণার্ত** ~র্তো [~r(t)tò]
তেএঁটে (ধূর্ত) তেঁএঁটে/তেএঁটে [tẽẽṭe/teẽṭe]
তেইশ (২৩ সংখ্যা বা তার পূরক) তেয়িশ্/তেইশ্ [teiʃ] **তেইশে** তেইশে [teiʃe]
তেওড়া (সংগীতের তালবিশেষ) ত্যাওড়া [tæŏṛa]
তেঁতুল (টক ফলবিশেষ) তেঁতুল্ [tẽtul]
তেঁদড়, তাঁদড় (ধূর্ত) ত্যাঁদোড় [tæ̃dòṛ] **তেঁদড়ামি** ত্যাঁদ্ড়ামি [tæ̃dṛami]
তেজ (বিক্রম, প্রতাপ ; দীপ্তি) তেজ্ [te:ɟʒ]
তেজপত্র (তেজপাতা) তেজ্পৎত্রো [teɟʒpɔttrò] **তেজপাতা** তেজ্পাতা [teɟʒpata]
তেজবর (তৃতীয়বার বিবাহকারী) তেজ্বর্ [teɟʒbɔr] **তেজবরে** তেজ্বোরে [teɟʒbòre]
তেজস্কর (শক্তিবর্ধক) তেজশ্কর্/তেজোশ্কর্ [teɟʒɔʃkɔr/teɟʒòʃkɔr]
তেজস্ক্রিয় (radioactive) তেজোশ্ক্রিয়ো [teɟʒòʃkriò]
তেজস্বান (তেজী) তেজোশ্শান্ [teɟʒòʃʃan]
তেজস্বী (বিক্রমশালী) তেজোশ্শি [teɟʒòʃʃi] **তেজস্বিতা** ~তা [~ta] **তেজস্বিনী** ~নি [~ni]
তেজারত (সুদের কারবার) তেজারৎ [teɟʒarɔt] **তেজারতি** তেজারোতি [teɟʒaròti]
তেজালো (তীব্র) তেজালো [teɟʒalo]
তেজী (তেজস্বী) তেজি [teɟʒi] **তেজীয়ান্** ~য়ান্ [~an]
তেজোময় (বিক্রমশালী ; জ্যোতির্ময়) তেজোময় [teɟʒomɔĕ] **তেজোময়ী** তেজোময়ি [teɟʒomòi]
তেজোহীন (নিস্তেজ, শক্তিহীন) তেজোহিন্ [teɟʒoɦin]

তেড়ছা (বাঁকা) তেরছা দ্র
তেড়া (বাঁকা) ত্যাড়া [tæɽa]
তেড়েফুঁড়ে (তর্জনসহকারে) তেড়েফুঁড়ে [teɽephũɽe]
তেতলা (ত্রিতল) তেতলা [tetɔla] **তেতালা** তেতালা [tetala]
তেতাল্লিশ (৪৩, সংখ্যাবিশেষ) তেতাল্‌লিশ্ [tetalliʃ]
তেতো (তিক্ত, bitter) তেতো [teto]
তেত্রিশ (৩৩, সংখ্যাবিশেষ) তেৎত্রিশ্ [tettriʃ]
তেনা (ছেঁড়া কাপড়) ত্যানা [tæna]
তেপান্তর (রূপকথার মাঠবিশেষ) তেপান্‌তর্ [tepantɔr]
তেপায়া (তিনটি পা যুক্ত টেবিল) তেপায়া [tepaĕa]
তেভাগা (ফসলের এক-তৃতীয়াংশ) তেভাগা [tebɦaga]
তেমন (সেই রকম) ত্যামোন্ [tæmòn]
তেমনই (সেই রকমই) ত্যামোনি/তেম্‌নি [tæmòni/temni]
তেমনি (উপযুক্ত) তেম্‌নি [temni]
তেমাথা (তিন রাস্তার সংযোগস্থল) তেমাথা [tematha]
তেমোহানা (তিন নদীর মিলনস্থল) তেমোহানা [temoɦana]
তের, তেরো (১৩, সংখ্যাবিশেষ) ত্যারো [tæro] **তেরই, তেরোই** ~ই্ [~i]
তেরছা (বাঁকা) ত্যার্‌ছা [tæreʃha]
তেরপল (ত্রিপল) তের্‌পল্ [terpɔl]
তেল (তৈল, oil) তেল্ [te:l] **তেলচিটে** ~চিটে [~cʃiʈe] **তেলতেলে** ~তেলে [~tele] **তেলা** তেলা [tela] **তেলে** তেলে [tele]
তেলাকুচা (ফলবিশেষ) ত্যালাকুচা [tælakucʃa] **তেলাকুচো** ত্যালাকুচো [tælakucʃo]
তেলানো (তোষামোদ করা) তেলানো/ত্যালানো [telano/tælano]
তেলাপিয়া (মাছবিশেষ) ত্যালাপিয়া [tælapia]
তেলাপোকা (আরশোলা) ত্যালাপোকা [tælapoka]
তেলি, তেলী (তেলব্যবসায়ী জাতি) তেলি [teli]
'তেলিঙ্গানা' তেলিংগানা [teliŋgana]
তেলুগু (ভাষাবিশেষ) তেলুগু [telugu]
'তেলেঙ্গানা' তেলেংগানা [teleŋgana]
তেলেনা (সংগীতের প্রারম্ভিক বোল) তেলেনা [telena]
তেলেভাজা (ভাজা খাবারবিশেষ) তেলেভাজা [telebɦaɟʒa]
তেলো (মাথার চাঁদি ; করতল) তেলো [telo]
তেষট্টি (৬৩ সংখ্যা) তেশোট্‌টি [teʃòʈʈi]
তেষ্টা (পিপাসা) তেষ্‌টা [teʃʈa]
তেসরা (৩ তারিখ) তেশোরা/তেশ্‌রা [teʃòra/teʃra]
'তেহট্ট' তেহট্‌টো [teɦoʈʈò]
তেহাই (ত্রিগুণ) তেহাই্ [teɦai]
তৈজস (ধাতু-নির্মিত) তৈজশ্/তৈজোশ্ [toĭɟʒɔʃ/toĭɟʒòʃ]
তৈত্তিরীয় (বেদের শাখাবিশেষ) তৈৎতিরিয়ো [toittiriò]
তৈয়ার (প্রস্তুত) তৈয়ার্ [toĭar] **তৈয়ারি** তৈয়ারি [toĭari]
তৈরি, তৈরী (প্রস্তুত) তৈরি [toĭri]
তৈল (তেল) তৈলো/তৈল্ [toĭlò/toil] **তৈলচিত্র** তৈলোচিৎত্রো [toĭlòcʃittrò] **তৈলবীজ** তৈলোবিজ্ [toĭlòbiɟʒ] **তৈলমর্দন** তৈলোমর্‌দোন্ [toĭlòmɔr(d)dòn]
'তৈলঙ্গ' তৈলংগো/তৈলোংগো [toĭlɔŋgò/toĭlòŋgo]
তৈলাধার (তেলের পাত্র) তৈলাধার্ [toĭladɦar]
তোড় (প্রবল স্রোত) তোড়্ [to:ɽ]
তোড়জোড় (প্রস্তুতি) তোড়্‌জোড়্ [toɽɟʒoɽ]
তোড়া (স্তবক ; গোছা) তোড়া [toɽa]
তোড়ি, তোড়ী (রাগিণীবিশেষ) তোড়ি [toɽi]
তোতলা (জিভের জড়তাযুক্ত) তোৎলা [totla]
তোপ (কামান) তোপ্ [to:p] **তোপধ্বনি** তোপোদ্‌ধোনি [topòddɦòni]
তোফা (চমৎকার) তোফা [topha]
তোবড়ানো (টোল খাওয়া) তোব্‌ড়ানো [tobɽano]
তোমর (প্রাচীন অস্ত্রবিশেষ) তোমর্/তোমোর্ [tomɔr/tomòr]

তোমরা (তুমি-র বহুবচনের রূপ) তোম্‌রা [tomra]
তোমার (তুমি-র সম্বন্ধার্থক রূপ) তোমার্ [tomar]
তোয়দ (মেঘ) তোয়দ্/তোয়োদ্ [toĕɔd/toĕòd]
তোয়াক্কা (সমীহ) তোআক্‌কা [toakka]
তোয়াজ (যত্ন) তোআজ্ [toaɟʒ]
তোয়ালে (towel) তোআলে [toale]
তোর (তুই-এর সম্বন্ধার্থক রূপ) তোর্ [to:r]
তোরঙ (বাক্স) তোরোং [toròŋ]
তোরঙ্গ (বাক্স) তোরোং/তোরোংগো [toròŋ/toròŋgò]
তোরণ (ফটক) তোরোন্ [toròn]
তোলন (ওজন করা) তোলোন্ [tolòn]
তোলপাড় (প্রবল আলোড়ন) তোল্‌পাড়্ [tolpaɽ]
তোলা (উপরে উঠানো) তোলা [tola]
তোলাপাড়া (ক্রমাগত চিন্তা) তোলাপাড়া [tolapaɽa]
তোশক (mattress) তোশোক্ [toʃòk]
তোশাখানা (পোশাক বা দামি জিনিস রাখার ঘর) তোশাখানা [toʃakhana]
তোষণ (তৃপ্তি, সন্তোষ) তোশোন্ [toʃòn]
তোষামোদ (খোশামোদ) তোশামোদ্ [toʃamod] **তোষামুদে** তোশামুদে [toʃamude]
তোষিণী (সন্তোষকারিণী) তোশিনি [toʃini]
তৌল (ওজন) তৌল্/তৌলো [toul/toulò] **তৌলন** তৌলোন্ [toulòn]
তৌলিক (যে ওজন করে) তৌলিক্ [toulik]
ত্বক (দেহচর্ম ; ফলের খোসা) তক্ [tɔ:k]
ত্বদীয় (তোমার) তোদিয়ো/তদিয়ো [tòdiò/tɔdiò]
ত্বরণ (বেগের ক্রমবৃদ্ধি) তরোন্ [tɔròn]
ত্বরা (দ্রুততা) তরা [tɔra] **ত্বরায়** তরায় [tɔraĕ]
ত্বরান্বিত (দ্রুত) তরান্‌নিতো [tɔrannitò]
ত্বরিত (দ্রুত) তোরিতো [tòritò]
ত্বষ্টা (ছুতোর) তষ্‌টা [tɔʃʈa]
ত্বিষাম্পতি (সূর্য) তিশাম্‌পোতি [tiʃampòti]
ত্যক্ত (বর্জিত ; বিরক্ত) ত্যাক্‌তো/তক্‌তো [tæktò/tɔktò]
ত্যজন (ত্যাগ) ত্যাজোন্/তজোন্ [tæɟʒòn/tɔɟʒòn]
ত্যজ্যমান (ত্যাগ করা হচ্ছে এমন) ত্যাজ্‌জোমান্ [tæɟɟʒòman]
ত্যাঁদড় তেঁদড় দ্র
ত্যাগ (বর্জন) ত্যাগ্ [tæ:g] **ত্যাগধর্ম** ত্যাগোধর্‌মো [tægòdɦɔr(m)mò] **ত্যাগী** ত্যাগি [tægi]
ত্যাজ্য (বর্জনীয়) ত্যাজ্‌জো [tæɟɟʒò] **ত্যাজ্যপুত্র** ~পুৎত্রো [~puttrò]
ত্রয় (তিনটি ; তিনসংখ্যক) ত্রয় [trɔ:ĕ]
ত্রয়ী (ব্রহ্মা বিষ্ণু শিব এই ত্রিমূর্তি) ত্রোয়ি/ত্রোই [tròi]
ত্রয়োদশ (১৩, সংখ্যাবিশেষ) ত্রোয়োদশ্/ত্রয়োদশ্ [tròĕodɔʃ/trɔĕodɔʃ] **ত্রয়োদশী** ত্রোয়োদোশি [tròĕodòʃi]
ত্রয়োবিংশ (২৩, সংখ্যাবিশেষ) ত্রোয়োবিংশো [tròĕobiŋʃò]
ত্রসন (ভয়) ত্রোশোন্/ত্রশোন্ [tròʃòn/trɔʃòn]
ত্রসর (মাকু) ত্রোশর্ [tròʃɔr]
ত্রসরেণু (আলোর মধ্যে যে ধূলিকণা উড়তে দেখা যায়) ত্রশোরেনু/ত্রোশোরেনু [trɔʃòrenu/tròʃòrenu]
ত্রস্ত (ভীত) ত্রোস্‌তো [tròstò]
ত্রস্নু (ভয়ার্ত) ত্রোস্‌নু [tròssnu]
ত্রাণ (উদ্ধার) ত্রান্ [tra:n]
ত্রাতা (উদ্ধারকারী) ত্রাতা [trata]
ত্রায়মাণ (ত্রাণ করছে এমন) ত্রায়োমান্ [traĕòman]
ত্রাস (ভয়) ত্রাশ্ [tra:ʃ] **ত্রাসিত** ত্রাশিতো [traʃitò]
ত্রাহি (বাঁচাও) ত্রাহি [traɦi]
ত্রিংশ (৩০, সংখ্যাবিশেষ) ত্রিংশো [triŋʃò]
ত্রিকাল (অতীত বর্তমান ও ভবিষ্যৎ এই তিন কাল) ত্রিকাল্ [trikal] **ত্রিকালজ্ঞ** ত্রিকালোগ্‌গোঁ/ত্রিকালোগ্‌গো [trikalòggõ/trikalòggò] **ত্রিকালদর্শী** ত্রিকালোদোর্‌শি [trikalòdòr(ʃ)ʃi]
ত্রিকোণ (তিন কোণবিশিষ্ট) ত্রিকোন্ [trikon] **ত্রিকোণমিতি** ত্রিকোনোমিতি [trikonòmiti]
ত্রিগুণ (সত্ত্ব রজঃ তমঃ) ত্রিগুন্ [trigun] **ত্রিগুণাতীত** ত্রিগুনাতিতো [trigunatitò]
ত্রিঘাত (cubic) ত্রিঘাৎ/ত্রিঘাতো [trigɦat/trigɦatò] **ত্রিঘাতরাশি** ত্রিঘাতোরাশি [trigɦatòraʃi]
ত্রিজগৎ (স্বর্গ মর্ত্য ও পাতাল) ত্রিজগোৎ [triɟʒɔgòt]

ত্রিতল (তেতলা) ত্রিতল্ [tritɔl]
ত্রিদিব (স্বর্গ) ত্রিদিব্ [tridib]
ত্রিধারা (তিনটি ধারায় প্রবাহিত নদী) ত্রিধারা [tridɦara]
ত্রিনয়ন (শিব) ত্রিনয়োন্ [trinɔĕòn] **ত্রিনয়নী** ত্রিনয়োনি [tri-nɔĕòni]
ত্রিপদী (তিন চরণের বাংলা ছন্দ) ত্রিপোদি [tripòdi]
ত্রিপর্ণ (তিনটি পাতাযুক্ত) ত্রিপরনো [tripɔr(n)nò]
ত্রিপল (tarpaulin) ত্রিপল্ [tripɔl]
'ত্রিপিটক' ত্রিপিটক্/ত্রিপিটোক্ [tripiṭɔk/tripiṭòk]
ত্রিপুরারি (শিব) ত্রিপুরারি [tripurari]
ত্রিফলা (হরতকী বহেড়াও আমলকী) ত্রিফলা [triphɔla]
ত্রিবার্ষিক (যা তিন বছর অন্তর হয়) ত্রিবারশিক্ [tribar(ʃ)ʃik]
ত্রিবিধ (তিন রকমের) ত্রিবিধো [tribidɦò]
ত্রিবেণী (তিনটি নদীর সংযোগস্থল) ত্রিবেনি [tribeni]
ত্রিবেদী (ব্রাহ্মণের উপাধিবিশেষ) ত্রিবেদি [tribedi]
ত্রিভঙ্গ (শরীরের তিন স্থানে বক্রতাযুক্ত) ত্রিভংগো [tribɦɔŋgò] **ত্রিভঙ্গমুরারি** (শ্রীকৃষ্ণ) ~মুরারি [~murari]
ত্রিভুজ (triangle) ত্রিভুজ্ [tribɦuɟʒ]
ত্রিভুবন (স্বর্গ মর্ত্য ও পাতাল) ত্রিভুবোন্/ত্রিভুবন্ [tribɦubòn/tribɦubɔn]
ত্রিমাত্রিক (তিন মাত্রাযুক্ত) ত্রিমাৎত্রিক্ [trimattrik]
ত্রিমূর্তি (ত্রয়ী) ত্রিমুর্‌তি [trimur(t)ti]
ত্রিযামা (রাত্রি) ত্রিজামা [triɟʒama]
ত্রিরত্ন (বৌদ্ধধর্মের তিনটি পবিত্র রত্ন) ত্রিরৎনো [trirɔtnò]
ত্রিলোক (স্বর্গ মর্ত্য পাতাল) ত্রিলোক্ [trilok] **ত্রিলোকেশ্বর** ত্রিলোকেশ্‌শর্ [trilokeʃʃɔr]
ত্রিলোচন (শিব) ত্রিলোচোন্ [trilocʃòn]
ত্রিশ (৩০, সংখ্যাবিশেষ) ত্রিশ্ [tri:ʃ]
'ত্রিশঙ্কু' ত্রিশোংকু [triʃòŋku]
ত্রিশূল (তিনটি ফলাযুক্ত অস্ত্রবিশেষ) ত্রিশূল্ [triʃul] **ত্রিশূলধারী** ত্রিশূলোধারি/~ধারি [triʃulòdɦari/~dɦari]
ত্রিসন্ধ্যা (তিন বেলা) ত্রিশোন্ধা [triʃòndɦa]
ত্রিসীমা (নৈকট্য) ত্রিশিমা [triʃima] **ত্রিসীমানা** ~না [~na]
'ত্রিস্রোতা' (গঙ্গানদী) ত্রিস্স্রোতা [trissrota]
ত্রুটি (ভুল, খামতি) ত্রুটি [truṭi]
ত্রেতা (পৌরাণিক যুগবিশেষ) ত্রেতা [treta]
ত্রৈকালিক (তিনকালব্যাপী) ত্রৈকালিক্ [troĭkalik]
ত্রৈবর্ষিক (তিন বছর অন্তর ঘটে এমন) ত্রৈবোরশিক্ [troĭbòr(ʃ)ʃik]
ত্রৈবার্ষিক (তিন বৎসরব্যাপী) ত্রৈবারশিক্ [troĭbar(ʃ)ʃik]
ত্রৈমাসিক (যা তিন মাস অন্তর ঘটে) ত্রৈমাশিক্ [troĭmaʃik]
ত্রৈরাশিক ত্রৈরাশিক্ [troĭraʃik]
ত্রৈলঙ্গ ত্রৈলংগো/ত্রৈলোংগো [troĭlɔŋgò/troĭlòŋgò]
ত্রৈলোক্য (ত্রিলোক-সম্বন্ধীয়) ত্রৈলোককো [troĭlokkò]
ত্র্যম্বক (শিব) ত্রোম্বক্/ত্রোমবোক্ [tròmbɔk/tròmbòk]
ত্র্যহস্পর্শ (অশুভ তিথিবিশেষ) ত্রোহোস্পরশো [tròɦòspɔr(ʃ)ʃò]

থ

থ (বাংলার সপ্তদশ ব্যঞ্জনবর্ণ) থ [thɔ:]
থই, থৈ (তল, ঠাঁই) থোই [thoi] **থইথই** (ভরপুর) থোইথোই [thoĭthoi]
থকথক (কাদার মত ঘন) থক্থক্ [thɔkthɔk] **থকথকে** থক্থোকে [thɔkthòke]
থতমত (হতভম্ব) থতোমতো [thɔtòmɔtò]
থপথপে (স্থূলদেহের জন্য জড়তাগ্রস্ত) থপ্থোপে [thɔpthòpe]
থমক (থেমে থেমে চলা) থমোক্ [thɔmòk] **থমকানো** থম্কানো [thɔmkano]
থমথম (শঙ্কাজনক নিস্তব্ধতা) থম্থম্ [thɔmthɔm] **থমথমে** থম্থোমে [thɔmthòme]
থর (থাক) থর্ [thɔ:r]

থরথর (কম্পনের ভাব) থর্থর্/থরোথরো [thɔrthɔr/thɔròthɔrò]

থরে-বিথরে (পরপর পরিপাটিভাবে) থরে বিথরে [thɔrebithɔre]

থরহরি (ভয়ে কম্পমান) থরোহোরি [thɔròɦòri]

থলথল (চামড়া মাংস প্রভৃতির শিথিলতা) থল্থল্ [thɔlthɔl] **থলথলে** থল্থোলে [thɔlthòle]

থলি (ছোট ব্যাগ) থোলি [thòli] **থলে** থোলে [thòle]

থলো (গুচ্ছ) থোলো [thòlo]

থাউকো (থোক হিসাবে) থাউ্কো [thaŭko]

থাক (তাক ; থাকুক) থাক্ [tha:k]

থাকবন্দী (থরে থরে সাজানো) থাক্বোন্দি [thakbòndi]

থাকা (অবস্থান করা) থাকা [thaka]

থান (অখণ্ড বস্ত্র) থান্ [tha:n]

থানকুনি (শাকবিশেষ) থান্কুনি [thankuni]

থানা (আস্তানা ; পুলিসের দপ্তর) থানা [thana] **থানাদার** ~দার্ [~dar]

থাপড় (চড়) থাপোড়্ [thapòɽ] **থাপ্পড়** থাপ্পোড়্ [thappòɽ]

থাবড়া (থাপড়, চড়) থাব্ড়া [thabɽa] **থাবড়ানো** ~নো [~no]

থাবা (চারপেয়ে জন্তুর সামনের পদতল) থাবা [thaba]

থাম (খুঁটি) থাম্ [tha:m]

থামা (নিশ্চল হওয়া) থামা [thama] **থামানো** ~নো [~no]

থালা (dish) থালা [thala]

থিকথিক (পোকামাকড়ের বহু সংখ্যায় অবস্থানসূচক) থিক্থিক্ [thikthik]

থিতনো (তলায় জমা হওয়া) থিতোনো [thitòno] **থিতানো** থিতানো [thitano]

থিতু (স্থিত) থিতু [thitu]

থিয়েটার (theatre, নাটক) থিয়েটার্ [thieʈar] **থিয়েটারি** থিয়েটারি [thieʈari]

থুকথুক (থিকথিক) থুক্থুক্ [thukthuk]

থুড়থুড় (অতিবৃদ্ধের ভাব) থুড়্থুড়্ [thuɽthuɽ] **থুত্থুড়** থুৎথুড়্ [thutthuɽ] **থুড়থুড়ে** থুড়্থুড়ে [thuɽthuɽe]

থুড়ি (কথা বদলের বা প্রত্যাহারের সংকেতবিশেষ) থুড়ি [thuɽi]

থুতনি (চিবুক) থুৎনি [thutni]

থুতু (spittle) থুতু [thutu] **থুথু** থুথু [thuthu]

থুপ (স্তূপ) থুপ্ [thu:p]

থুরথুরে (থুড়থুড়ে) থুর্থুরে [thurthure]

থেঁতলা (পিষ্ট) থ্যাঁৎলা [thæ̃tla] **থেঁতলানো** ~নো [~no]

থেঁতো (পিষ্ট) থেঁতো [thẽto]

থেকে (থাকিয়া ; হতে) থেকে [theke]

থেকে-থেকে (মাঝে-মাঝে) থেকে থেকে [theke-theke]

থেবড়া (ভোঁতা) থ্যাব্ড়া [thæbɽa]

থৈ থই দ্র

থোঁতা (মোটা থুতনি) থোঁতা [thõta]

থোক (গুচ্ছ) থোক্ [tho:k]

থোকা (গুচ্ছ) থোকা [thoka]

থোড় (কলাগাছের ভিতরের সারাংশ) থোড়্ [tho:ɽ]

থোড়া (সামান্য ; পায়ের গোছ) থোড়া [thoɽa]

থোপা (গুচ্ছ) থোপা [thopa]

থ্যাঁতলা থেতঁলা দ্র

থ্যাবড়া থেবড়া দ্র

দ

দ (বাংলার অষ্টাদশ ব্যঞ্জনবর্ণ) দ [dɔ:]

দই, দৈ (দধি, curd) দোই্ [doi]

দংশন (কামড়) দংশোন্ [dɔŋʃòn] **দংশক** দংশোক্ [dɔŋʃòk]

দংশানো (কামড়ানো ; যন্ত্রণা দেওয়া) দংশানো [dɔŋʃano]

দংশিত (দষ্ট) দোংশিতো [dòŋʃitò]

দংষ্ট্রা (বড় দাঁত) দংশ্ট্রা [dɔŋʃʈra]

দক্ষ (পটু) দোক্খো [dòkkhò] **দক্ষতা** ~তা [~ta]

দক্ষযজ্ঞ (রাজা দক্ষের শিবহীন যজ্ঞ) দোক্খোজোগ্গোঁ [dòkkhòɟɟòggõ]

দক্ষিণ (south) দোক্খিন্ [dòkkhin] **দক্ষিণ মেরু** ~মেরু [~meru] **দক্ষিণ হস্ত** ~হস্তো [~ɦɔstò]

দক্ষিণা (পুরোহিতের পারিশ্রমিক) দোক্‌খিনা [dòkkhina]

দক্ষিণান্ত (দক্ষিণা দানপূর্বক পূজার সমাপ্তি) দোক্‌খিনান্‌তো [dòkkhinantò]

দক্ষিণাপথ (দাক্ষিণাত্য) দোক্‌খিনাপথ্ [dòkkhinapɔt(h)]

দক্ষিণাবর্ত (দাক্ষিণাত্য) দোক্‌খিনাবর্‌তো [dòkkhinabɔr(t)tò]

দক্ষিণায়ন (সূর্যের দক্ষিণে গমন) দোক্‌খিনায়োন্ [dòkkhinaĕòn]

দক্ষিণী (দক্ষিণদেশীয়) দোক্‌খিনি [dòkkhini]

দখনে (দক্ষিণের) দোখ্‌নে [dòk(h)ne]

দখনো (দক্ষিণের) দোখ্‌নো [dòk(h)no]

দখল (অধিকার) দখোল্ [dɔkhòl] **দখলদার** ~দার্ [~dar] **দখলনামা** ~নামা [~nama] **দখলি, দখলী** দখোলি [dɔkhòli] **দখলিকার** দখোলিকার্ [dɔkhòlikar] **দখলিস্বত্ব** দখোলিশঙতো [dɔkhòliʃɔttò]

দখিন (দক্ষিণ) দোখিন্ [dòkhin] **দখিনা** দোখিনা [dòkhina] **দখিনাবায়** দোখিনাবায় [dòkhinabaĕ]

দগদগ (পোড়া বা ক্ষতের জ্বলনসূচক) দগ্‌দগ্ [dɔgdɔg] **দগদগে** দগ্‌দোগে [dɔgdòge]

দগ্ধ (পুড়েছে এমন) দগ্‌ধো [dɔgdɦò]

দগ্ধানো (যন্ত্রণা দেওয়া) দগ্‌ধানো [dɔgdɦano]

দঙ্গল (দল) দঙ্‌গোল্ [dɔŋgòl]

দজ্জাল (ঝগড়াটে) দজ্‌জাল্ [dɔɟɟʒal]

দড় (দক্ষ) দড়ো [dɔṛò]

দড়কচা (আধপাকা আধকাঁচা) দড়্‌কচা [dɔṛkɔcʃa]

দড়মা দরমা দ্র

দড়া (মোটা দড়ি) দড়া [dɔṛa] **দড়াদড়ি** ~দোড়ি [~dòṛi]

দড়াম (শব্দ বিশেষ) দড়াম্ [dɔṛam]

দড়ি (রজ্জু) দোড়ি [dòṛi] **দড়ি কলসি** ~কোল্‌শি [~kòlʃi]

দণ্ড (শাস্তি ; লাঠি ; সময়ের মাপ) দন্‌ডো [dɔnḍò] **দণ্ডগ্রহণ** ~গ্‌গ্রোহোন্ [~ggròɦòn] **দণ্ডধর** ~ধর্ [~dɦɔr] **দণ্ডধারী** ~ধারি [~dɦari] **দণ্ডনীতি** ~নিতি [~niti] **দণ্ডনীয়** ~নিয়ো [~niò] **দণ্ডপাণি** ~পানি [~pani] **দণ্ডবৎ** ~বৎ [~bɔt] **দণ্ডবিধি** ~বিধি [~bidɦi] **দণ্ডমুণ্ড** ~মুন্‌ডো [~munḍò]

'দণ্ডক' (পৌরাণিক রাজাবিশেষ) দন্‌ডোক্ [dɔnḍòk] **'দণ্ডকবন'** ~বোন্ [~bòn] **'দণ্ডকারণ্য'** দন্‌ডোকারোন্‌নো [dɔnḍòkarònnò]

দণ্ডায়মান (দাঁড়িয়ে আছে এমন) দন্‌ডায়োমান্ [dɔnḍaĕòman]

দণ্ডার্হ (শাস্তিযোগ্য) দন্‌ডার্‌হো [dɔnḍarɦò]

দণ্ডি (পৈতা) দোন্‌ডি [dònḍi]

দণ্ডিত (শাস্তিপ্রাপ্ত) দোন্‌ডিতো [dònḍitò]

দণ্ডী (দণ্ডধারী) দোন্‌ডি [dònḍi]

দণ্ড্য (শাস্তিযোগ্য) দোন্‌ডো [dònḍò]

দত্ত (অর্পিত) দৎতো [dɔttò] **দত্তক** (পোষ্যপুত্র) দৎতোক্ [dɔttòk]

দত্যি (দৈত্য) দোৎতি [dòtti] **দত্যিদানো** ~দানো [~dano]

দদ্রু (দাদ) দোদ্‌দ্রু [dòddru]

দধি (দই, curd) দোধি [dòdɦi] **দধিমঙ্গল** ~মোঙ্‌গোল্ [~mòŋgòl]

'দধীচি' দোধিচি [dòdɦicʃi]

দনুজ (দৈত্য) দোনুজ্/দোনুজো [dònuɟʒ/dònuɟʒò] **দনুজদলনী** দোনুজোদলোনি [dònuɟʒòdɔlòni]

দন্ত (দাঁত) দন্‌তো [dɔntò] **দন্তকাষ্ঠ** ~কাষ্‌ঠো [~kaʃṭhò] **দন্তবিকাশ** ~বিকাশ্ [~bikaʃ] **দন্তমঞ্জন** ~মন্‌জোন্ [~mɔnɟʒòn] **দন্তমূল** ~মূল্ [~mul] **দন্তমূলীয়** ~মুলিয়ো [~muliò] **দন্তরুচি** ~রুচি [~rucʃi] **দন্তশূল** ~শূল্ [~ʃul] **দন্তস্ফুট** ~শ্‌ফুট্ [~ʃphuṭ]

দন্তী (হাতি ; দাঁতাল) দোন্‌তি [dònti]

দন্তুর (দাঁতাল) দোন্‌তুর্ [dòntur]

দন্তোদ্‌গম (দাঁত গজানো) দন্‌তোদ্‌গম্ [dɔntodgɔm]

দন্ত্য (দাঁতের সাহায্যে উচ্চারিত) দোন্‌তো [dòntò] **দন্ত্যবর্ণ** ~বর্‌নো [~bɔr(n)nò]

দপদপ (জ্বালা বা জ্বলুনির সূচক) দপ্‌দপ্ [dɔpdɔp]

দপ্তর (অফিস) দপ্‌তোর্ [dɔptòr] **দপ্তরী** দপ্‌তোরি [dɔptòri]

দফতর (অফিস ; কাছারি) দফ্‌তোর্ [dɔp(h)tòr]

দফতরি (যে বই বাঁধায়) দফ্‌তোরি [dɔp(h)tòri]
দফা (কিস্তি ; অবস্থা) দফা [dɔpha] **দফারফা** ~রফা [~rɔpha]
দফাদার (সৈন্য বা চৌকিদারদের সর্দার) দফাদার্ [dɔphadar]
দবদবা (পরাক্রম) দব্‌দবা [dɔbdɔba]
দম (আওয়াজবিশেষ ; শ্বাসপ্রশ্বাস) দম্ [dɔ:m] **দমাদম** দমাদম্ [dɔmadɔm]
দমক (আকস্মিক বেগ) দমোক্ [dɔmòk]
দমকল (fire extinguisher) দম্‌কল্ [dɔmkɔl]
দমকা (দমক) দম্‌কা [dɔmka]
'দমদম' দম্‌দম্ [dɔmdɔm]
দমদমা (চাঁদমারির জন্য তৈরি ঢিপি) দম্‌দমা [dɔmdɔma]
দমন (শাসন) দমোন্ [dɔmòn] **দমনীয়** দমোনিয়ো [dɔmòniò] **দম্য** দোম্‌মো [dòmmò]
'দময়ন্তী' দময়োন্‌তি/দমোয়োন্‌তি [dɔmɔĕònti/ dɔmòĕònti]
দমসম (ফাঁপ) দম্‌শম্ [dɔmʃɔm]
দমা (বশ মানা) দমা [dɔma] **দমানো** ~নো [~no]
দমাদম দম দ্র
দমিত (সংযত) দোমিতো [domitò]
দম্পতি (পতি ও পত্নী) দম্‌পোতি [dɔmpòti]
দম্বল (দইয়ের সাজা) দম্‌বোল্ [dɔmbòl]
দম্ভ (অহংকার) দম্‌ভো [dɔmbɦò] **দম্ভোক্তি** ~ক্‌তি [~kti]
দম্ভোলি (বজ্র) দম্‌ভোলি [dɔmbɦoli]
দম্য দমন দ্র
দয়া (করুণা) দয়া [dɔĕa] **দয়াপরবশ** ~পরোবশ্ [~pɔròbɔʃ] **দয়াবতী** ~বোতি [~bòti] **দয়াময়** ~ময় [~mɔĕ] **দয়াময়ী** ~মোই [~mòi] **দয়ামায়া** ~মায়া [~maĕa] **দয়ার্দ্র** ~র্‌দ্রো [~r(d)drò] **দয়ালু** ~লু [~lu] **দয়াশীল** ~শিল্ [~ʃil]
দয়িত (প্রিয়) দোইতো [dòitò] **দয়িতা** দোইতা [dòita]
দর (দাম) দর্ [dɔ:r] **দরকচা** ~কচা [~kɔcʃa] **দরকার** দর্‌কার্ [dɔrkar] **দরকারি,দরকারী** দর্‌কারি [dɔrkari]
দরকষাকষি (দাম নিয়ে ক্রেতা ও বিক্রেতার বোঝাবুঝি) দর্‌কশাকোশি [dɔrkɔʃakòʃi]
দরখাস্ত (আবেদনপত্র) দর্‌খাস্‌তো [dɔrkhastò]
দরগা, দর্গা (পীরের কবর) দর্‌গা [dɔrga]
দরজা (কপাট) দর্‌জা [dɔrɟʒa]
দরজি, দর্জি (পোশাক প্রস্তুতকারক) দোর্‌জি [dòrɟʒi]
দরদ (মমতা) দরোদ্ [dɔròd] **দরদিয়া** দরোদিয়া [dɔròdia] **দরদি** দরোদি [dɔròdi]
দরদালান (হলঘর) দর্‌দালান্ [dɔrdalan]
দরদি দরদ দ্র
দরদিয়া দরদ দ্র
দরপত্তনি (জমির পত্তনি) দর্‌পৎতোনি [dɔrpɔttòni]
দরবার (সভা ; তদবির) দর্‌বার্ [dɔrbar] **দরবারি, দরবারী** দর্‌বারি [dɔrbari]
দরবিগলিত (তরল হয়ে গলে পড়ছে এমন) দরো-বিগোলিতো [dɔròbigòlitò]
দরবেশ (ফকির) দর্‌বেশ্ [dɔrbeʃ]
দরমা (চাটাই) দর্‌মা [dɔrma]
দরাজ (অকৃপণ) দরাজ্ [dɔraɟʒ]
দরি (গুহা) দোরি [dòri]
দরিদ্র (গরিব) দোরিদ্‌দ্রো [dòriddrò] **দরিদ্রতা** ~তা [~ta]
দরিয়া (নদী) দোরিয়া [dòria]
দরী, দরি (গুহা) দরি দ্র
দরুন (জন্য) দোরুন্ [dòrun]
দরূদ (প্রণতি) দোরুদ্ [dòrud]
দরোয়ান, দরওয়ান (দরজার প্রহরী) দরোআন্ [dɔroan] **দরোয়ানি, দরওয়ানি** দরোআনি [dɔroani]
দর্গা দরগা দ্র
দর্জি দরজি দ্র
দর্দুর (ব্যাং) দোর্‌দুর্ [dòr(d)dur]
দর্প (দম্ভ) দর্‌পো [dɔr(p)pò] **দর্পিত** দোর্‌পিতো [dòr(p)pitò] **দর্পী** দোর্‌পি [dòr(p)pi]
দর্পণ (আয়না) দর্‌পোন্ [dɔr(p)pòn]
দর্বি, দর্বী (হাতা, চামচ) দোর্‌বি [dòr(b)bi] **দর্বিকা** ~কা [~ka]
দর্ভ (তৃণ) দর্‌ভো [dɔr(b)bɦò] **দর্ভাসন** দর্‌ভাশোন্ [dɔr(b)bɦaʃòn]

দর্শক (যে দেখে) দর্‌শোক্ [dɔr(ʃ)ʃòk]

দর্শন (দেখা ; তত্ত্বচিন্তা-বিষয়ক শাস্ত্র) দর্‌শোন্ [dɔr(ʃ)ʃòn] **দর্শনদারী, দর্শনদারি** ~দারি [~dari] **দর্শনশাস্ত্র** ~শাস্‌ত্রো [~ʃastrò] **দর্শনী** (প্রণামী ; নজরানা) দর্‌শোনি [dɔr(ʃ)ʃòni] **দর্শনীয়** (দ্রষ্টব্য ; সুন্দর) দর্‌শোনিয়ো/দর্‌শোনিও [dɔr(ʃ)ʃònið] **দর্শিত** দোর্‌শিতো [dòr(ʃ)ʃitò] **দর্শী** দোর্‌শি [dòr(ʃ)ʃi]

দল (গোষ্ঠী, জোট ; পাতা) দল্ [dɔːl] **দলচ্যুত** দলোচ্চুতো [dɔlòccʃutò] **দলছাড়া** ~ছাড়া [~cʃhaɽa] **দলপতি** দলোপোতি [dɔlòpòti] **দলবদ্ধ** দলোবদ্‌ধো [dɔlòbɔddɦò] **দলবল** ~বল্ [~bɔl] **দলবাজি** ~বাজি [~baɟʒi] **দলভুক্ত** দলোভুক্‌তো [dɔlòbɦuktò] **দলাদলি** দলাদোলি [dɔladòli] **দলীয়** দোলিয়ো/দোলিও [dòlið]

দলন (পেষণ ; মর্দন) দলোন্ [dɔlòn] **দলনী** দলোনি [dɔlòni]

দলমাদল (কামানবিশেষ) দল্‌মাদোল্ [dɔlmadòl]

দলা (পেষণ করা) দলা [dɔla] **দলাই-মলাই** দলাই্‌ মলাই্ [dɔlai̯ mɔlai̯]

দলাদলি দল দ্র

দলিত (পিষ্ট) দোলিতো [dòlitò]

দলিল (নথি) দোলিল্ [dòlil] **দলিল দস্তাবেজ** ~দস্‌তাবেজ্ [~dɔstabeɟʒ]

দলীয় দল দ্র

দশ (১০ সংখ্যা বা সংখ্যক) দশ্ [dɔːʃ] **দশক** দশোক্ [dɔʃòk] **দশকর্ম** দশোকর্‌মো [dɔʃòkɔr(m)mò] **দশচক্র** দশোচক্‌ক্রো [dɔʃòcʃɔkkrò] **দশদিক** ~দিক্ [~dik] **দশদিগন্ত** দশোদিগন্‌তো [dɔʃòdigɔntò] **দশনামী** (সন্ন্যাসী সম্প্রদায়বিশেষ) ~নামি/দশোনামি [~nami/dɔʃònami] **দশভুজা** দশোভুজা [dɔʃòbɦuɟʒa] **দশম** দশোম্ [dɔʃòm] **দশমহাবিদ্যা** দশোমহাবিদ্‌দা [dɔʃòmɔɦabidda] **দশমিক** দশোমিক্ [dɔʃòmik] **দশমী** দশোমি [dɔʃòmi] **দশহরা** দশোহরা [dɔʃòɦɔra]

দশন (দাঁত ; দংশন) দশোন্ [dɔʃòn]

'দশরথ' দশোরথ্ [dɔʃòrɔt(h)]

দশা (অবস্থা) দশা [dɔʃa]

'দশানন' (রাবণ) দশানোন্ [dɔʃanòn]

দশাবতার (বিষ্ণুর দশ অবতার) দশাবোতার্ [dɔʃabòtar]

দশাশ্ব (চন্দ্র) দশাশ্‌শো [dɔʃaʃʃò] **দশাশ্বমেধ** ~মেধ্ [~med(ɦ)]

দশাসই (লম্বা-চওড়া) দশাশোই্ [dɔʃaʃòi̯]

দশাহ (দশদিন) দশাহো [dɔʃaɦò]

দষ্ট (দংশিত) দষ্‌টো [dɔʃʈò]

দস্তক (পরোয়ানা) দস্‌তোক্/দস্‌তক্ [dɔstòk/dɔstɔk]

দস্তখত (সই) দস্‌তোখৎ [dɔstòkhɔt]

দস্তা (zinc) দস্‌তা [dɔsta]

দস্তানা (gloves) দস্‌তানা [dɔstana]

দস্তাবেজ (দলিল) দস্‌তাবেজ্ [dɔstabeɟʒ]

দস্তুর (নিয়ম) দোস্‌তুর্ [dòstur] **দস্তুরমতো** ~মতো [~mɔtò] **দস্তুরমাফিক** ~মাফিক্ [~maphik]

দস্তুরি (বাটা ; কমিশন) দোস্‌তুরি [dòsturi]

দস্যি (দুরন্ত) দোশ্‌শি [dòʃʃi] **দস্যিপনা** ~পোনা/~পনা [~pòna/~pɔna]

দস্যু (ডাকাত) দোশ্‌শু [dòʃʃu] **দস্যুতা** ~তা [~ta] **দস্যুবৃত্তি** ~ব্রিৎতি [~(b)britti]

দহ (হ্রদ ; ঘূর্ণি) দহো [dɔɦò]

দহন (আগুনে পোড়া, জ্বলন) দহোন্ [dɔɦòn] **দহনীয়** দহোনিয়ো/দহোনিও [dɔɦònið]

দহরম-মহরম (অন্তরঙ্গতা) দহোরম্ মহোরম্ [dɔɦòrɔm mɔɦòrɔm]

দহলা (দশ-ফোঁটা-চিহ্নিত তাস) দহোলা [dɔɦòla]

দহা (দগ্ধ করা) দহা [dɔɦa]

দহ্যমান (দগ্ধ হচ্ছে এমন) দোজ্‌ঝোমান্ [dòɟɟʒɦòman]

দাই (ধাত্রী) দাই্ [dai̯]

দাউদাউ (প্রবলভাবে আগুন জ্বলার ভাব) দাউ্‌দাউ্ [daŭdaŭ]

দাও (কাটারি) দাও্ [daŏ]

দাওয়া (বারান্দা) দাও্‌আ [daŏa]

দাওয়াই (ওষুধ) দাও্‌আই্ [daŏai̯]

দাওয়াদ (নিমন্ত্রণ) দাও্‌আদ্ [daŏad]

দাঁও (সুযোগ) দাঁও্ [dãŏ]

দাঁড় (নৌকার বড় বৈঠা) দাঁড়্ [dãːɽ]

দাঁড়কাক (বড় কাকবিশেষ) দাঁড়্‌কাক্ [dãɽkak]

দাঁড়া (মেরুদণ্ড) দাঁড়া [dãɽa]

দাঁড়ানো (দণ্ডায়মান হওয়া) দাঁড়ানো [dãɽano]
দাঁড়াশ (সাপবিশেষ) দাঁড়াশ্ [dãɽaʃ]
দাঁড়ি (পূর্ণচ্ছেদ) দাঁড়ি [dãɽi] **দাঁড়িপাল্লা** (তুলাদণ্ড) ~পাল্লা [~palla]
দাঁড়ী (যে দাঁড় টানে) দাঁড়ি [~dãɽi]
দাঁত (দন্ত) দাঁৎ [dã:t] **দাঁতভাঙা** ~ভাঙা [~bɦaŋa]
দাঁতন[১] দাঁতোন্ [dãtòn]
'দাঁতন'[২] (শহরবিশেষ) দাঁতোন্ [dãtòn]
দাঁতাল, দাঁতালো (বড় দাঁতযুক্ত) দাঁতালো [dãtalo]
দাক্ষায়ণী (দক্ষরাজের কন্যা ; সতী) দাক্খায়োনি [dakkhaĕòni]
দাক্ষিণাত্য (দক্ষিণ ভারত) দাক্খিনাৎতো [dakkhinatto]
দাক্ষিণ্য (দয়া) দাক্খিন্নো [dakkhinnò]
দাখিল (পেশ) দাখিল্ [dakhil] **দাখিলি, দাখিলী** দাখিলি [dakhili]
দাখিলা (রসিদ) দাখিলা [dakhila]
দাগ (চিহ্ন, ছাপ) দাগ্ [da:g]
দাগড়া (লম্বা দাগ) দাগ্ড়া [dagɽa]
দাগবিলি (জমির বিবরণ) দাগ্বিলি [dagbili]
দাগরাজি (মেরামত) দাগ্রাজি [dagraɟʒi]
দাগা (চিহ্ন দেওয়া ; মর্মবেদনা) দাগা [daga]
দাগানো (চিহ্ন দেওয়া) দাগানো [dagano]
দাগাবাজ (প্রতারক) দাগাবাজ্ [dagabaɟʒ]
দাগি, দাগী (ঘাগি) দাগি [dagi]
দাঙ্গা (বহুলোকের মারামারি) দাংগা [daŋga] **দাঙ্গাবাজ** ~বাজ্ [~baɟʒ] **দাঙ্গাহাঙ্গামা** ~হাংগামা [~ɦaŋgama]
দাড়ি (চিবুক ; শ্মশ্রু) দাড়ি [daɽi] **দাড়িওয়ালা** ~ওআলা [~oala] **দেড়েল** দেড়েল্ [deɽel]
দাড়িম (ফলবিশেষ) দাড়িম্ [daɽim] **দাড়িম্ব** দাড়িম্বো [daɽimbò]
দাতব্য (দানযোগ্য) দাতোব্বো [datòbbò]
দাতা (দানশীল ; যে দান করে) দাতা [data] **দাতাকর্ণ** ~করনো [~kɔr(n)no]
দাত্র (দা ; কাটারি) দাৎত্রো [datro]
দাদ (চর্মরোগবিশেষ) দাদ্ [da:d]
দাদখানি (উৎকৃষ্ট চালবিশেষ) দাদ্খানি [dadkhani]
দাদন (আগাম) দাদোন্ [dadòn] **দাদনদার** ~দার্ [~dar]
দাদরা (সংগীতের তালবিশেষ) দাদ্রা [dadra]
দাদা (বড় ভাই) দাদা [dada] **দাদাঠাকুর** ~ঠাকুর্ [~ʈhakur] **দাদাবাবু** ~বাবু [~babu] **দাদামশাই** ~মশাই [~mɔʃai] **দাদাশ্বশুর** ~শোশুর্ [~ʃòʃur]
দাদী (পিতামহী ; মাতামহী) দাদি [dadi]
দাদু (পিতামহ বা মাতামহ) দাদু [dadu]
দাদুপন্থী (বৈষ্ণব সম্প্রদায়বিশেষ) দাদুপোন্থি [dadupònthi]
দাদুর (ব্যাং) দাদুর্ [dadur] **দাদুরী** দাদুরি [daduri]
দান (স্বত্ব ত্যাগ করে দেওয়া ; সমর্পণ) দান্ [da:n] **দানধ্যান** ~ধ্যান্ [~dɦæn] **দানপত্র** ~পৎত্রো [~pɔttrò] **দানবীর** দানোবির্ [danòbir] **দানশীল** দানোশিল্/~শিল্ [danòʃil/~ʃil] **দানসাগর** ~শাগোর্ [~ʃagòr] **দানসামগ্রী** ~শামোগ্গ্রি [~ʃamòggri]
দানব (দৈত্য) দানোব্ [danòb] **দানবী** দানোবি [danòbi] **দানবিক** দানোবিক্ [danòbik] **দানবীয়** (দানবের মতো) দানোবিয়ো/দানোবিও [danòbiò]
দানা (ছোলা মটর প্রভৃতি শস্য বা তার বীজ) দানা [dana] **দানাদার** ~দার্ [~dar] **দানাপানি** ~পানি [~pani]
'দানাপুর' দানাপুর্ [danapur]
দানো (দানব) দানো [dano]
দান্ত (সংযত) দান্তো [dantò]
দাপট (তেজ) দাপোট্ [dapòʈ]
দাপন (দান করানো, দেওয়ানো) দাপোন্ [dapòn]
দাপনা (দাবনা) দাপ্না [dapna]
দাপা (আস্ফালন করা ; ছটফট করা) দাপা [dapa] **দাপাদাপি** ~দাপি [~dapi] **দাপানো** ~নো [~no] **দাপানি** ~নি [~ni]
দাব (বন ; তাপ) দাব্ [da:b] **দাবদাহ** দাবোদাহো [dabòdaɦò]
দাবড়ানো (ধাওয়া করা) দাব্ড়ানো [dabɽano]
দাবড়ি (ধমক) দাব্ড়ি [dabɽi]
দাবদাহ দাব দ্র
দাবনা (উরু) দাব্না [dabna]
দাবা (chess) দাবা [daba]

দাবাগ্নি (বনের আগুন) দাবাগ্‌নি [dabagni]
দাবাড়ু (দাবা খেলায় পটু বা উৎসাহী লোক) দাবাড়ু [dabaṛu]
দাবানল (বনাগ্নি) দাবানল্‌ [dabanɔl]
দাবি (অধিকার ; ন্যায্য পাওনা) দাবি [dabi] **দাবিদাওয়া** ~দাও্আ [~daŏa] **দাবিদার** ~দার্‌ [~dar]
দাম¹ (গুচ্ছ) দাম্‌ [da:m]
দাম² (দর) দাম্‌ [da:m]
দামড়া (বলদ) দাম্‌ড়া [damṛa]
দামামা (রণবাদ্য) দামামা [damama]
দামাল (দুরন্ত) দামাল্‌ [damal]
দামিনী (বিদ্যুৎ) দামিনি [damini]
দামী, দামি (মূল্যবান) দামি [dami]
'দামোদর' দামোদর্‌ [damodɔr]
দাম্পত্য (দম্পতি-সম্বন্ধীয়) দাম্‌পোৎতো [dampòttò]
দাম্ভিক (অহংকারী) দাম্‌ভিক্‌ [dambɦik] **দাম্ভিকতা** দাম্‌ভিকতা [dambɦikɔta]
দায় (দায়িত্ব ; গরজ) দায়্‌ [da:ĕ]
দায়ক (দাতা ; যে দেয়) দায়োক্‌ [daĕòk]
দায়গ্রস্ত (কর্তব্যপীড়িত) দায়্‌গ্রোস্‌তো [daĕgròstò]
দায়বদ্ধ (প্রতিশ্রুত) দায়্‌বদ্‌ধো [daĕbɔddɦò]
দায়ভাগ (পৈতৃক সম্পত্তির ভাগ) দায়্‌ভাগ্‌ [daĕbɦag]
দায়রা (ফৌজদারি আদালত) দায়্‌রা [daĕra] **দায়রা সোপর্দ** ~শোপর্‌দো [~ʃopɔrdò]
দায়াদ (উত্তরাধিকারী) দায়াদ্‌ [daĕad] **দায়াদি** দায়াদি [daĕadi]
দায়িক (দায়ী) দাইক্‌ [daik]
দায়িত্ব (দায় ; কর্তব্যভার) দাইৎতো [daittò]
দায়ী (দায়ক ; অপরাধী) দায়ি/দাই [dai]
দায়ের (মামলা রুজু) দাএর্‌/দায়ের্‌ [daer]
দার (স্ত্রী) দার্‌ [da:r] **দার-পরিগ্রহ** ~পোরিগ্‌গ্রোহো [~pòriggròɦò]
দারচিনি (cinnamon) দার্‌চিনি [darcʃini]
দারিদ্র, দারিদ্র্য (অভাব) দারিদ্‌দ্রো [dariddrò]
দারু¹ (মদ) দারু [daru]
দারু² (কাঠ) দারু [doru] **দারুময়** ~ময়্‌ [~mɔĕ] **দারুশিল্প** ~শিল্‌পো [~ʃilpò]
দারুচিনি (cinnamon) দারুচিনি [darucʃini]
দারুণ (ভীষণ ; খুব) দারুন্‌ [darun]
দারোগা (পুলিশ কর্মচারী-বিশেষ) দারোগা [daroga]
দারোয়ান (দরজার প্রহরী) দারোআন্‌ [daroan]
'দার্জিলিং' দার্‌জিলিং [dar(ɟ)ɟʒiliŋ]
দার্ঢ্য (দৃঢ়তা) দার্‌ড্‌ঢো [dar(ḍ)ḍɦò]
দার্শনিক (দর্শনশাস্ত্রবিদ ; তত্ত্বজ্ঞানী) দার্‌শোনিক্‌ [dar(ʃ)ʃònik] **দার্শনিকতা** দার্‌শোনিকতা [dar(ʃ)ʃònikɔta]
দাল (ডাল) দাল্‌ [da:l]
দালান (পাকাবাড়ি) দালান্‌ [dalan]
দালাল (যে ব্যাবসায় মধ্যস্থতা করে, broker) দালাল্‌ [dalal] **দালালি** দালালি [dalali]
দাশরথি (দশরথের পুত্র) দাশোরোথি [daʃòròthi]
দাস (ভৃত্য, ক্রীতদাস) দাশ্‌ [da:ʃ] **দাসখত** ~খৎ [~khɔt] **দাসত্ব** দাশোৎতো [daʃòttò] **দাসপ্রথা** ~প্রোথা [~pròtha] **দাসব্যবসায়** ~ব্যাবোশায়্‌ [~bæbòʃaĕ] **দাসানুদাস** দাশানুদাশ্‌ [daʃanudaʃ] **দাসী** দাশি [daʃi]
দাসী দাস দ্র
দাস্ত (উদরাময়) দাস্‌তো [dastò]
দাস্য (দাসত্ব) দাশ্‌শো [daʃʃò] **দাস্যবৃত্তি** ~ব্রিৎতি [~(b)britti]
দাহ (পোড়ানো ; জ্বলন) দাহো [daɦò] **দাহক** ~ক্‌ [~k] **দাহন** ~ন্‌ [~n] **দাহিকা** দাহিকা [daɦika]
দাহ্য (দহনযোগ্য) দাজ্‌ঝো [daɟɟʒɦò]
দিক, দিক্‌ (দশ দিক) দিক্‌ [di:k] **দিকচক্র** ~চক্‌ক্রো [~cʃɔkkrò] **দিকপতি** ~পোতি [~pòti] **দিকপাল** (মহিমান্বিত ব্যক্তি) ~পাল্‌ [~pal]
দিগ্‌গজ (পণ্ডিত) দিগ্‌গজ্‌ [diggɔɟʒ]
দিগঙ্গনা (দিগ্‌বধূ) দিগংগনা/দিগংগোনা [digɔŋgɔna/digɔŋgòna]
দিগ্‌জ্ঞান (বিচারবোধ) দিগ্‌গাঁন্‌ [diggæ̃n]
দিগন্ত (দিকের সীমা) দিগন্‌তো [digɔntò]
দিগন্তর (অন্য দিক) দিগন্‌তর্‌ [digɔntɔr]
দিগ্‌দর্শন (দিক নির্ণয়) দিগ্‌দর্‌শোন্‌ [digdɔr(ʃ)ʃòn]
দিগ্‌দিগন্ত (সবদিক) দিগ্‌দিগন্‌তো [digdigɔntò]
দিগ্‌বধূ (আকাশের দেবী) দিগ্‌বোধু [digbòdɦu]

দিগ্‌বলয় (দিগন্ত) দিগ্‌বলয় [digbɔlɔĕ]
দিগ্‌বসন (নগ্ন) দিগ্‌বশোন্ [digbɔʃòn] **দিগ্‌বসনা** দিগ্‌বশোনা [digbɔʃòna]
দিগ্‌বিজয় (সব দিক জয় করা) দিগ্‌বিজয় [digbiɟʒɔĕ] **দিগ্‌বিজয়ী** দিগ্‌-বিজোয়ি/দিগ্‌বিজোই [digbiɟʒòi]
দিগ্‌বিদিক্‌ (হিতাহিত) দিগ্‌বিদিক্‌ [digbidik]
দিগ্‌ভ্রম (তাল ঠিক না থাকা) দিগ্‌ভ্রোম্ [digbɦròm] **দিগ্‌ভ্রান্ত** দিগ্‌ভ্রান্‌তো [digbɦrantò] **দিগ্‌ভ্রান্তি** দিগ্‌ভ্রান্‌তি [digbɦranti]
দিগম্বর (বিবস্ত্র) দিগম্‌বর্ [digɔmbɔr] **দিগম্বরী** দিগম্‌-বোরি/দিগোম্‌বোরি [digɔmbòri/digòmbòri]
দিঘল (দীর্ঘ) দিঘোল্/দিঘল্ [digɦòl/digɦɔl]
দিঘি, দীঘি (বড় পুকুর) দিঘি [digɦi]
'দিঙ্‌নাগ' (বৌদ্ধ দার্শনিক) দিংনাগ্ [diŋnag]
দিঙ্‌নির্ণয় (দিক স্থির করা) দিংনির্‌নয় [diŋnirnɔĕ]
দিঙ্‌মণ্ডল (চক্রবাল) দিংমোন্‌ডোল্/দিংমন্‌ডোল্ [diŋmònḍòl/diŋmɔnḍòl]
দিৎসা (দানের ইচ্ছা) দিৎশা [ditʃa]
দিদি (বড় বোন) দিদি [didi] **দিদিমা** ~মা [~ma]
দিদৃক্ষা (দেখার ইচ্ছা) দিদ্রিক্‌খা [di(d)drikkha] **দিদৃক্ষু** দিদ্রিক্‌খু [di(d)drikkhu]
দিন (দিবস) দিন্ [di:n] **দিনকাল** ~কাল্ [~kal] **দিনক্ষণ** ~খোন্ [~khòn] **দিনক্ষয়** দিনোক্‌খয় [dinòkkhɔĕ] **দিনগত পাপক্ষয়** (শুষ্ক কর্তব্যপালন) দিনোগতো পাপোক্‌খয় [dinògɔtò papòkkhɔĕ] **দিননাথ** দিনোনাথ্ [dinònat(h)] **দিনমজুর** ~মোজুর্ [~mòɟʒur] **দিনমণি** (সূর্য) দিনোমোনি [dinòmòni] **দিনমান** দিনোমান্ [dinòman]
'দিনহাটা' দিন্‌হাটা [dinɦaṭa]
দিনাঙ্ক (তারিখ) দিনাংকো [dinaŋkò]
'দিনাজপুর' দিনাজ্‌পুর্ [dinaɟʒpur]
দিনানুদিন (প্রতিদিন) দিনানুদিন্ [dinanudin]
দিনান্ত (দিনের শেষ) দিনান্‌তো [dinantò]
দিনাবসান (দিনের শেষ) দিনাবোশান্ [dinabòʃan]
দিনেন্দ্র (সূর্য) দিনেন্‌দ্রো [dinendrò]
দিনেমার (ডেনীয়) দিনেমার্ [dinemar]
দিনেশ (সূর্য) দিনেশ্ [dineʃ]
দিবস (দিন) দিবশ্ [dibɔʃ] **দিবসব্যাপী** ~ব্যাপি/দিবশোব্যাপি [~bæpi/dibɔʃòbæpi] **দিবসরজনী** ~রজোনি/ দিবশোরজোনি [~rɔɟʒòni/dibɔʃòrɔɟʒòni]
দিবা (দিবস, দিনের বেলা) দিবা [diba] **দিবাকর** ~কর্ [~kɔr] **দিবানাথ** (সূর্য) ~নাথ্ [~nat(h)] **দিবানিদ্রা** ~নিদ্‌রা [~niddra] **দিবানিশি** ~নিশি [~niʃi] **দিবাবসান** ~বোশান্ [~bòʃan] **দিবাভাগ** ~ভাগ্ [~bɦag] **দিবারাত্র** ~রাৎত্রো [~rattrò] **দিবারাত্রি** ~রাৎত্রি [~rattri] **দিবালোক** ~লোক্ [~lok] **দিবাস্বপ্ন** ~শপ্‌নো [~ʃɔpnò]
দিব্য (স্বর্গীয় ; সুন্দর) দিব্‌বো [dibbò] **দিব্যচক্ষু** ~চোক্‌খু [~cʃòkkhu] **দিব্যজ্ঞান** ~গ্‌গাঁন্ [~ggæ̃n] **দিব্যদৃষ্টি** ~দ্রিশ্‌টি [~(d)driʃṭi] **দিব্যনেত্র** ~নেৎত্রো [~nettrò] **দিব্যরথ** ~রথ্ [~rɔt(h)] **দিব্যলোক** ~লোক্ [~lok] **দিব্যাস্ত্র** দিব্‌বাস্‌ত্রো [dibbastrò]
দিব্যাস্ত্র দিব্য দ্র
দিব্যি (শপথ ; সুন্দর) দিব্‌বি [dibbi]
দিব্যোদক (বৃষ্টি ; শিশির) দিব্‌বোদক্ [dibbodɔk]
দিয়া (সাহায্যে, দ্বারা) দিয়া [dia]
দিয়াড়ি (প্রদীপ) দিয়াড়ি [diaṛi]
দিয়াশলাই (দীপশলাকা) দিয়াশলাই [diaʃɔlai]
দিয়ে (দ্বারা, সাহায্যে) দিয়ে [die]
দিল (প্রাণ, মন) দিল্ [di:l] **দিলখুশ** ~খুশ্ [~khuʃ] **দিলখোলসা** ~খোল্‌শা [~kholʃa] **দিলখোলা** ~খোলা [~khola] **দিলদরিয়া** (দরাজ) ~দোরিয়া [~dòria] **দিলদার** (প্রিয় ; উদার) ~দার্ [~dar]
'দিল্লি' 'দিল্লী' দিল্‌লি [dilli]
দিশ (দিক্) দিশ্ [di:ʃ] **দিশপাশ** ~পাশ্ [~paʃ]
দিশা (হদিস) দিশা [diʃa] **দিশারি, দিশারী** ~রি [~ri] **দিশাহারা** ~হারা [~ɦara]
দিশি (দিক্) দিশি [diʃi] **দিশিদিশি** ~দিশি [~diʃi]
দিস্তা (২৪ তা কাগজ) দিস্‌তা [dista] **দিস্তে** দিস্‌তে [diste]
দীক্ষক (গুরু) দিক্‌খক্/দিক্‌খোক্ [dikkhɔk/dikkhòk]
দীক্ষণীয় (দীক্ষা দিতে হবে এমন) দিক্‌খোনিয়ো/দিক্‌খোনিও [dikkhòniò]

দীক্ষা (মন্ত্রদান, মন্ত্রগ্রহণ) দিক্‌খা [dikkha] **দীক্ষাগুরু** ~গুরু [~guru]
দীক্ষিত (দীক্ষা দেওয়া হয়েছে এমন) দিক্‌খিতো [dikkhitò]
দীঘল (দীর্ঘ) দিঘল্/দিঘোল্ [digɦɔl/digɦòl]
দীঘি দিঘি দ্র
দীধিতি (ন্যায়গ্রন্থবিশেষ) দিধিতি [didɦiti]
দীন (দরিদ্র ; কাতর) দিন্ [di:n] **দীনতা** দিনতা/দিনোতা [dinɔta/dinòta] **দীন-দরিদ্র** ~দোরিদ্‌দ্রো [~dòriddrò] **দীনদুঃখী** ~দুক্‌খি [~dukkhi] **দীননাথ** (ভগবান) দিনোনাথ্ [dinònat(h)] **দীনবন্ধু** দিনোবোন্‌ধু [dinòbòndɦu] **দীনহীন** ~হিন্/দিনোহিন্ [~ɦin/dinòɦin]
দীনেশ (ভগবান) দিনেশ্ [dineʃ]
দীপ (প্রদীপ, বাতি) দিপ্ [di:p] **দীপক** দিপক্ [dipɔk] **দীপন** দিপন্/দিপোন্ [dipɔn/dipòn] **দীপপুঞ্জ** দিপোপুন্‌জো [dipòpunɟʒò] **দীপবর্তিকা** দিপোবোর্‌তিকা [dipòbòr(t)tika] **দীপশলাকা** (দিয়াশলাই) দিপোশলাকা/~শলাকা [dipòʃɔlaka/~ʃɔlaka] **দীপশিখা** দিপোশিখা [dipòʃikha]
দীপক দীপ দ্র
দীপন দীপ দ্র
দীপপুঞ্জ, দীপবর্তিকা, দীপশলাকা, দীপশিখা দীপ দ্র
দীপাধার (পিলসুজ) দিপাধার্ [dipadɦar]
দীপান্বিতা (দেওয়ালি) দিপান্‌নিতা [dipannita]
দীপাবলি (দেওয়ালি) দিপাবোলি [dipabòli]
দীপালি (দেওয়ালি) দিপালি [dipali]
দীপালোক (প্রদীপের আলো) দিপালোক্ [dipalok]
দীপিকা (জ্যোৎস্না) দিপিকা [dipika]
দীপিত (উদ্ভাসিত) দিপিতো [dipitò]
দীপ্ত (আলোকিত) দিপ্‌তো [diptò] **দীপ্তকীর্তি** ~কির্‌তি [~kir(t)ti]
দীপ্তি (প্রভা) দিপ্‌তি [dipti] **দীপ্তিময়** ~ময় [~mɔè] **দীপ্তিময়ী** ~মোই [~mòi] **দীপ্তিমান, দীপ্তিমান্** ~মান্ [~man]
দীপ্য (প্রজ্বলনযোগ্য) দিপ্‌পো [dippò] **দীপ্যমান** (দীপ্তিমান) ~মান্ [~man]
দীপ্র (দীপ্তিমান) দিপ্‌প্রো [dipprò]
দীয়মান (দেওয়া হচ্ছে এমন) দিয়োমান্/দিওমান্ [diòman]
দীর্ঘ (লম্বা ; প্রসারিত) দির্‌ঘো [dir(g)gɦò] **দীর্ঘকায়** ~কায়্ [~kaè] **দীর্ঘকাল** ~কাল্ [~kal] **দীর্ঘজীবন** ~জিবোন্ [~ɟʒibòn] **দীর্ঘজীবী** ~জিবি [~ɟʒibi] **দীর্ঘদেহী** ~দেহি [~deɦi] **দীর্ঘনিঃশ্বাস** ~নিশ্‌শাশ্ [~niʃʃaʃ] **দীর্ঘমেয়াদি** ~মেয়াদি/~মেআদি [~meadi] **দীর্ঘশ্বাস** ~শ্‌শাশ্ [~ʃʃaʃ] **দীর্ঘসূত্র** ~শুৎত্রো [~ʃuttrò] **দীর্ঘসূত্রী** ~শুৎত্রি [~ʃuttri] **দীর্ঘস্থায়ী** ~স্থায়ি/~স্থাই [~sthai] **দীর্ঘাকৃতি** দির্‌ঘাক্রিতি [dir(g)gɦa(k)kriti] **দীর্ঘায়ত** দির্‌ঘায়তো/দির্‌ঘায়োতো [dir(g)gɦaèɔtò/dir(g)gɦaèòtò] **দীর্ঘায়ু** দির্‌ঘায়ু [dir(g)gɦaèu]
দীর্ঘিকা (দীঘি) দির্‌ঘিকা [dir(g)gɦika]
দীর্ণ (ভাঙা) দির্‌নো [dir(n)nò]
দু (দুই) দু [du:] **দুআনা** ~আনা [~ana] **দুএক, দুয়েক** ~অ্যাক্/য়্যাক্ [~(è)æk] **দুখানা** ~খানা [~khana] **দুগুণ** ~গুন্ [~gun] **দুচার** ~চার্ [~cʃar] **দুচালা** ~চালা [~cʃala] **দুচোখ** ~চোখ্ [~cʃok(h)] **দুটি** ~টি [~ṭi] **দুদণ্ড** ~দন্‌ডো [~dɔnḍò] **দুধার** ~ধার্ [~dɦar] **দুপাশ** ~পাশ্ [~paʃ] **দুমুখো** ~মুখো [~mukho] **দুমুঠো** ~মুঠো [~muṭho] **দুরকম** ~রকোম্ [~rɔkòm]
দুই (২ সংখ্যা বা তার পূরক) দুই্ [duĭ]
দুঃখ (শোক ; মনঃকষ্ট) দুক্‌খো [dukkhò] **দুঃখকষ্ট** ~কশ্‌টো [~kɔʃṭò] **দুঃখবাদী** ~বাদি [~badi] **দুঃখময়** ~ময়্ [~mɔè] **দুঃখহর** ~হরো [~ɦɔrò] **দুঃখিত** দুক্‌খিতো [dukkhitò] **দুঃখী** দুক্‌খি [dukkhi]
দুঃখিত দুঃখ দ্র
দুঃখী দুঃখ দ্র
'দুঃশাসন' দুশ্‌শাশোন্ [duʃʃaʃòn]
দুঃশীল (দুষ্ট) দুশ্‌শিল্ [duʃʃil]
দুঃসময় (অসময়) দুশ্‌শময়্/দুশ্‌শোময়্ [duʃʃɔmɔè/duʃʃòmɔè]
দুঃসহ (অসহ্য) দুশ্‌শহো [duʃʃɔɦò]
দুঃসাধ্য (অসাধ্য) দুশ্‌শাদ্‌ধো [duʃʃaddɦò]
দুঃসাহস (অত্যধিক বা অনুচিত সাহস) দুশ্‌শাহোশ্ [duʃʃaɦòʃ] **দুঃসাহসিক** দুশ্‌শাহোশিক্ [duʃʃaɦòʃik] **দুঃসাহসী** দুশ্‌শাহোশি [duʃʃaɦòʃi]
দুঃস্থ, দুস্থ (দরিদ্র) দুস্‌থো [dusthò]

দুঃস্বপ্ন (অশুভ স্বপ্ন) দুশ্‌শপ্‌নো [duʃʃɔpnò]
দুঁদে (ঝানু) দুঁদে [dũde]
দুঁহু, দুহুঁ (দুই ; দুইজন) দুঁহুঁ [dũɦũ]
দুকূল (একূল ও ওকূল) দুকূল্ [dukul]
দুখিনী (দুঃখিনী) দুখিনি [dukhini]
দুগ্ধ (দুধ) দুগ্‌ধো [dugdɦò] **দুগ্ধপোষ্য** ~পোশ্‌শো [~poʃʃò] **দুগ্ধফেননিভ** (দুধের ফেনার মতো সাদা ও নরম) ~ফেনোনিভো [~phenònibɦò] **দুগ্ধবতী** ~বোতি [~bòti]
দুড়দাড় (দুমদাম শব্দ) দুড়্‌দাড়্ [durdar]
দুড়ুম (আওয়াজ) দুড়ুম্ [durum]
দুত্তোর (ধুত্তোর) দুৎতোর্ [duttor]
দুদ্দাড় (দুড়দাড়) দুদ্‌দাড়্ [duddar]
দুধ (দুগ্ধ) দুধ্ [du:d(ɦ)] **দুধওয়ালা** ~ওআলা [~oala] **দুধভাত** দুদ্‌ভাৎ/দুধ্‌ভাৎ [dud(ɦ)bɦat] **দুধেল** দুধেল্ [dudɦel]
দুন (সংগীতের দ্রুত লয়বিশেষ) দুন্ [du:n]
দুনি (ডোঙা) দুনি [duni]
দুনিয়া (পৃথিবী) দুনিয়া [dunia] **দুনিয়াদার** (সাংসারিক বিষয়ে সচেতন) ~দার্ [~dar] **দুনিয়াদারি** ~দারি [~dari]
দুন্দুভি (দামামা) দুন্‌দুভি [dundubɦi]
দুপাশ (দুই ধার) দুপাশ্ [dupaʃ]
দুপুর (দ্বিপ্রহর) দুপুর্ [dupur]
দুপেয়ে (দুই পায়াযুক্ত) দুপেয়ে/দুপেএ [dupe(ẽ)e]
দুফালা (দুই খণ্ড) দুফালা [duphala]
দুবলা (দুর্বল) দুব্‌লা [dubla]
দুম (শব্দবিশেষ) দুম্ [du:m] **দুমদাম** ~দাম্ [~dam]
'দুমকা' (বিহারের শহরবিশেষ) দুম্‌কা [dumka]
দুমড়ানো (মোচড়ানো) দুম্‌ড়ানো [dumrano]
দুমদাম দুম দ্র
দুমুখো দু দ্র
দুমুঠো দু দ্র
দুম্বা (ভেড়া) দুম্‌বা [dumba] **দুম্বো** দুম্‌বো [dumbo]
দুয়ার (দরজা, দোর) দুআর্ [duar] **দুয়ারি** দুআরি [duari] **দুয়োর** দুওর্ [duor]
দুয়ো (ভাগ্যহীনা ; ধিক্কারসূচক শব্দ) দুও [duo] **দুয়োরানী** ~রানি [~rani]
দুরতিক্রম (অতিকষ্টে পার হওয়া) দুরোতিক্‌ক্রোম্ [duròtikkròm] **দুরতিক্রমণ** দুরোতিক্‌ক্রোমোন্ [duròtikkròmòn] **দুরতিক্রমণীয়** দুরোতিক্‌ক্রোমোনিয়ো [duròtikkròmòniò] **দুরতিক্রম্য** দুরোতিক্‌ক্রোম্‌মো [duròtikkròmmò]
দুরত্যয় (দুর্লঙ্ঘ্য) দুরোৎতয় [duròttɔẽ]
দুরদুর (বুক কাঁপার অব্যক্ত আওয়াজ) দুর্‌দুর্ [du(r)dur] **দুরু দুরু** দুরু দুরু [duruduru]
দুরদৃষ্ট (দুর্ভাগ্য) দুরদ্রিশ্‌টো [durɔ(d)driʃtò]
দুরধিগম্য (দুর্গম ;দুর্বোধ্য) দুরোধিগোম্‌মো [duròdɦigòmmò]
দুরন্ত (অশান্ত ; প্রচণ্ড) দুরন্‌তো/দুরোন্‌তো [durɔntò/duròntò] **দুরন্তপনা** ~পনা~পোনা [~pɔna/~pòna]
দুরন্বয় (ভ্রান্ত অন্বয়) দুরন্‌নয় [durɔnnɔẽ]
দুরপনেয় (সহজে যা মোচন করা যায় না) দুরপোনেও [durɔpòneò]
দুরবগাহ (দুর্বোধ্য ; গভীর) দুরবোগাহো [durɔbògaɦò]
দুরবস্থ (দুর্দশাগ্রস্ত) দুরবোস্‌থো/দুরবস্‌থো [durɔbòsthò/durɔbɔsthò] **দুরবস্থা** দুরবোস্‌থা/দুরোবস্‌থা [durɔbòstha/duròbɔstha]
দুরভিসন্ধি (কুমতলব) দুরোভিশোন্‌ধি [duròbɦiʃòndɦi]
দুরমুশ (পেটাই করার মুষলবিশেষ) দুর্‌মুশ্ [durmuʃ]
দুরস্ত (পরিপাটি) দুরস্‌তো/দুরোস্‌তো [durɔstò/duròstò]
দুরাকাঙ্ক্ষা (দুরাশা) দুরাকাংখা [durakaŋkha]
দুরাচরণীয় (পালন বা আচরণ করা কষ্টকর এমন) দুরাচরোনিয়ো/দুরাচোরোনিয়ো [dura-cʃɔròniò/ducacʃòròniò]
দুরাচার (দুর্বৃত্ত) দুরাচার্ [duracʃar]
দুরাত্মা (পাপিষ্ঠ) দুরাৎতাঁ/দুরাঁৎতা [durattã/durãtta]
দুরারোগ্য (আরোগ্য হওয়া কঠিন এমন) দুরারোগ্‌গো [duraroggò]
দুরারোহ (সহজে আরোহণ করা যায় না এমন) দুরারোহো [duraroɦò]
দুরাশয় (কুমতলব) দুরাশয় [duraʃɔẽ]
দুরাশা (অবাস্তব আকাঙ্ক্ষা) দুরাশা [duraʃa]

দুরি (দুই-ফোঁটা-চিহ্নিত তাস) দুরি [duri]
দুরিত (পাপ ; ক্ষতি) দুরিতো [duritò]
দুরুক্তি (কটুবাক্য) দুরুক্‌তি [durukti]
দুরুচ্চার (অকথ্য) দুরুচ্‌চার্ [durucc∫ar] **দুরুচ্চার্য** দুরুচ্‌চার্‌জো [durucc∫ar(ɟ)ɟʒò]
দুরূহ (কঠিন) দুরুহো [duruɦò] **দুরূহতা** ~তা [~ta]
দুর্গ (কেল্লা, fort) দুর্‌গো [dur(g)gò]
দুর্গত (দুর্দশাগ্রস্ত) দুর্‌গতো [dur(g)gɔtò]
দুর্গতি (দুর্দশা) দুর্‌গোতি [dur(g)gòti]
দুর্গতিনাশিনী (দুর্গাদেবী) দুর্‌গোতিনাশিনি [dur(g)gòtina∫ini]
দুর্গম (যেখানে যাওয়া কষ্টকর) দুর্‌গম্ [dur(g)gɔm] **দুর্গমতা** দুর্‌গমোতা [dur-(g)gɔmòta]
'দুর্গা' দুর্‌গা [dur(g)ga] **দুর্গাপূজা** ~পুজা [puɟʒa]
'দুর্গাপুর' দুর্‌গাপুর্ [dur(g)gapur]
দুর্গেশ (শিব) দুর্‌গেশ্ [dur(g)ge∫] **'দুর্গেশনন্দিনী'** ~নোন্‌দিনি [~nòndini]
দুর্গোৎসব (দুর্গাপূজা) দুর্‌গোৎশব্ [dur(g)got∫ɔb]
দুর্গ্রহ (অশুভ গ্রহ) দুর্‌গ্রোহো [durggròɦò]
দুর্ঘট (দুষ্প্রাপ্য) দুর্‌ঘট্ [dur(g)gɦɔt]
দুর্ঘটনা (আকস্মিক বিপৎপাত, accident) দুর্‌ঘটোনা [dur(g)gɦɔtòna]
দুর্জন (মন্দ লোক) দুর্‌জোন্ [dur(ɟ)ɟʒòn]
দুর্জয় (অজেয়) দুর্‌জয় [dur(ɟ)ɟʒɔe̯]
দুর্জ্ঞেয় (দুর্বোধ্য) দুর্‌গেঁয়ো [dur(g)gẽò] **দুর্জ্ঞেয়তা** ~তা [~ta]
দুর্দম (অদম্য) দুর্‌দম্ [dur(d)dɔm] **দুর্দমনীয়** দুর্‌দমোনিয়ো [dur(d)dɔmònio] **দুর্দম্য** দুর্‌দোম্‌মো [dur(d)dòmmò]
দুর্দশা (দুরবস্থা) দুর্‌দশা [dur(d)dɔ∫a] **দুর্দশাগ্রস্ত** ~গ্‌গ্রোস্‌তো [~ggròstò]
দুর্দান্ত (দমন করা যায় না এমন) দুর্‌দান্‌তো [dur-(d)dantò]
দুর্দিন (অশুভ সময় ; দুর্যোগের দিন) দুর্‌দিন্ [dur(d)din]
দুর্দৈব (দুরদৃষ্ট) দুর্‌দৈবো [dur(d)doibò]
দুর্ধর্ষ (পরাক্রান্ত) দুর্‌ধর্‌শো [dur(d)dɦɔr(∫)∫ò]
দুর্নাম (বদনাম) দুর্‌নাম্ [dur(n)nam]
দুর্নিবার (দুর্বার) দুর্‌নিবার্ [dur(n)nibar]
দুর্নিমিত্ত (কুলক্ষণ) দুর্‌নিমিৎতো [dur(n)nimittò]
দুর্নিরীক্ষ্য (যা নিরীক্ষণ করা দুঃসাধ্য) দুর্‌নিরিক্‌খো [dur(n)nirikkhò]
দুর্নীতি দুর্‌নিতি [dur(n)niti] **দুর্নীতিপরায়ণ** ~পরায়োন্ [~pɔracòn]
দুর্বচন (কুকথা) দুর্‌বচোন্ [dur(b)bɔc∫òn]
দুর্বৎসর (মন্দ বছর) দুর্‌বৎশোর্ [dur(b)bɔt∫òr]
দুর্বল (শক্তিহীন) দুর্‌বল্ [dur(b)bɔl] **দুর্বলতা** দুর্‌বলোতা [dur-(b)bɔlòta]
দুর্বহ (অসহ্য) দুর্‌বহো [dur(b)bɔɦò]
দুর্বাক (কটুভাষী) দুর্‌বাক্ [dur(b)bak]
দুর্বাক্য (কটুকথা) দুর্‌বাক্‌কো [dur(b)bakkò]
দুর্বার (অদম্য) দুর্‌বার্ [dur(b)bar]
'দুর্বাসা' দুর্‌বাশা [dur(b)ba∫a]
দুর্বিনীত (উদ্ধত) দুর্‌বিনিতো [dur(b)binitò]
দুর্বিপাক (সংকট ; বিড়ম্বনা) দুর্‌বিপাক্ [dur(b)bipak]
দুর্বিষহ (অসহ্য) দুর্‌বিশহো [dur(b)bi∫ɔɦò]
দুর্বুদ্ধি (কুবুদ্ধি ; দুর্মতি) দুর্‌বুদ্‌ধি [dur(b)buddɦi]
দুর্বৃত্ত (দুরাত্মা) দুর্‌ব্রিৎতো [dur(b)brittò]
দুর্বোধ (সহজে বোঝা যায় না এমন) দুর্‌বোধ্ [dur(b)bod(ɦ)] **দুর্বোধ্য** দুর্‌বোদ্‌ধো [dur(b)boddɦò]
দুর্ব্যবহার (অভদ্র ব্যবহার) দুর্‌ব্যাবোহার্ [dur(b)bæbòɦar]
দুর্ভক্ষ্য (খাওয়া যায় না এমন) দুর্‌ভোক্‌খো [dur-(b)bɦokkhò]
দুর্ভর (দুঃসহ) দুর্‌ভর্ [dur(b)bɦɔr]
দুর্ভাগা (দুঃখী, ভাগ্যহীন) দুর্‌ভাগা [dur(b)bɦaga]
দুর্ভাগ্য (মন্দ ভাগ্য) দুর্‌ভাগ্‌গো [dur(b)bɦaggò]
দুর্ভাবনা (দুশ্চিন্তা) দুর্‌ভাবোনা [dur(b)bɦabòna]
দুর্ভিক্ষ (আকাল) দুর্‌ভিক্‌খো [dur(b)bɦikkhò]
দুর্ভেদ (ভেদ করা যায় না এমন) দুর্‌ভেদ্ [dur(b)bɦed] **দুর্ভেদ্য** দুর্‌ভেদ্‌দো [dur(b)bɦeddò]
দুর্ভেদ্য দুর্ভেদ দ্র
দুর্ভোগ (দুর্গতি) দুর্‌ভোগ্ [dur(b)bɦog]
দুর্মতি (মন্দ বুদ্ধি) দুর্‌মোতি [dur(m)mòti]
দুর্মদ (দুর্দান্ত) দুর্‌মদ্ [dur(m)mɔd]
দুর্মর (অতি সংরক্ষণশীল) দুর্‌মর্ [dur(m)mɔr]
দুর্মুখ (কটুভাষী) দুর্‌মুখ্ [dur(m)muk(h)]

দুর্মূল্য (আক্রা) দুর্‌মুল্‌লো [dur(m)mullò] **দুর্মূল্যভাতা** ~ভাতা [~bɦata]
দুর্যোগ (দুঃসময় ; প্রতিকূল আবহাওয়া) দুর্‌জোগ্ [dur(ɟ)ɟʒog]
'দুর্যোধন' দুর্‌জোধোন্/দুর্‌জোধন্ [dur(ɟ)ɟʒodɦòn/dur(ɟ)ɟʒodɦɔn]
দুর্লক্ষণ (অশুভ লক্ষণ) দুর্‌লোক্‌খোন্ [dur(l)lòkkhòn] **দুর্লক্ষণা** দুর্‌লোক্‌খোনা /দুর্‌লক্‌খোনা [dur(l)òk-khòna/dur(l)lɔkkhòna]
দুর্লক্ষ্য (দেখা বা লক্ষ করা দুঃসাধ্য এমন) দুর্‌লোক্‌খো [dur(l)lòkkhò]
দুর্লঙ্ঘ,দুর্লঙ্ঘ্য (অতিক্রম করা যায় না এমন) দুর্‌লোংঘো [dur(l)lòŋgɦò]
দুর্লভ (দুষ্প্রাপ্য) দুর্‌লভ্ [dur(l)lɔb(ɦ)]
দুল (কানের অলংকারবিশেষ) দুল্ [du:l]
দুলকি (মৃদু গমনভঙ্গি) দুল্‌কি [dulki]
দুলাল (স্নেহের পাত্র) দুলাল্ [dulal] **দুলালী** দুলালি [dulali]
দুলুনি (দোলন) দুলুনি [duluni]
দুশমন (শত্রু) দুশ্‌মন/দুশ্‌মোন্ [duʃmɔn/duʃmòn] **দুশমনি** দুশ্‌মোনি [duʃmòni]
দুশ্চর (দুর্গম) দুশ্‌চর্ [duʃcʃɔr]
দুশ্চরিত্র (যার চরিত্র খারাপ) দুশ্‌চোরিৎত্রো [duʃcʃòritrò]
দুশ্চিকিৎস্য (চিকিৎসার বাইরে) দুশ্‌চিকিৎশো [duʃcʃikitʃò]
দুশ্চিন্তা (উদ্বেগ) দুশ্‌চিন্‌তা [duʃcʃinta] **দুশ্চিন্তাগ্রস্ত** ~গ্‌গ্রোস্‌তো [~ggròstò]
দুশ্ছেদ্য (যা ছেদ করা যায় না) দুশ্‌ছেদ্‌দো [duʃ-cʃheddò]
দুষমন দুশমন দ্র
দুষ্কর (দুঃসাধ্য) দুশ্‌কর্ [duʃkɔr]
দুষ্কর্ম (কুকাজ) দুশ্‌কর্‌মো [duʃkɔr(m)mò] **দুষ্কর্মা** দুশ্‌কর্‌মা [duʃkɔr(m)ma]
দুষ্কার্য (কুকাজ) দুশ্‌কার্‌জো [duʃkar(ɟ)ɟʒò]
দুষ্কৃত (দুষ্কর্ম) দুশ্‌ক্রিতো [duʃkritò] **দুষ্কৃতকারী** ~কারি [~kari]
দুষ্কৃতি (দুষ্কর্ম) দুশ্‌ক্রিতি [duʃkriti]
দুষ্কৃতী (পাপী) দুশ্‌ক্রিতি [duʃkriti]
দুষ্ক্রিয়া (কুকর্ম) দুশ্‌ক্রিয়া [duʃkria]
দুষ্ট (দূষিত ; মন্দ ; অসৎ) দুষ্‌টো [duʃṭò] **দুষ্টকর্মা** ~কর্‌মা [~kɔr(m)ma] **দুষ্টগ্রহ** ~গ্‌গ্রোহো [~ggròɦò] **দুষ্টচক্র** ~চক্‌ক্রো [~cʃɔkkrò] **দুষ্টবুদ্ধি** ~বুদ্‌ধি [~buddɦi] **দুষ্টব্রণ** ~ব্‌ব্রোনো [~bbrònò]
দুষ্টামি (চঞ্চলতা) দুষ্‌টামি [duʃṭami]
দুষ্টাশয় (দুষ্ট) দুষ্‌টাশয়্ [duʃṭaʃɔẽ]
দুষ্টি (দোষ) দুষ্‌টি [duʃṭi]
দুষ্টু (অশান্ত) দুষ্‌টু [duʃṭu] **দুষ্টুমি** ~মি [~mi]
দুষ্পাচ্য (যা হজম হয় না) দুশ্‌পাচ্‌চো [duʃpaccʃò] **দুষ্পাচ্যতা** ~তা [~ta]
দুষ্প্রবৃত্তি (মন্দ বিষয়ে রুচি) দুশ্‌প্রোব্রিৎতি [duʃprò(b)briti]
দুষ্প্রবেশ (দুর্গম) দুশ্‌প্রোবেশ্ [duʃpròbeʃ] **দুষ্প্রবেশ্য** ~শো [~ʃò]
দুষ্প্রাপ্য (সহজে পাওয়া যায় না এমন) দুশ্‌প্রাপ্‌পো [duʃprappò] **দুষ্প্রাপ্যতা** ~তা [~ta]
'দুষ্মন্ত' দুশ্‌শঁন্‌তো [duʃʃɔ̃ntò]
দুস্তর (অনতিক্রম্য) দুস্‌তর্ [dustɔr] **দুস্তরতা** দুস্‌তরোতা [dustɔròta]
দুস্থ (দরিদ্র ; দীন) দুস্‌থো [dusthò]
দুহিতা (কন্যা) দুহিতা [duɦita]
দুহ্য (দোহনের যোগ্য) দুজ্‌ঝো [duɟɟʒɦò]
দূত (সংবাদবাহক, চর) দুৎ [du:t] **দূতগিরি** ~গিরি [~giri]
দূতাবাস (embassy) দুতাবাশ্ [dutabaʃ]
দূতালি (দৌত্য) দুতালি [dutali] **দূতিয়ালি** দুতিয়ালি/দুতিআলি [dutiali]
দূতী, দূতি (সংবাদবাহিকা) দুতি [duti]
দূর (ব্যবধান ; দূরের স্থান) দুর্ [du:r] **দূরগ** দুরগো [durɔgò] **দূরগামী** দুরোগামি [durògami] **দূরগামিনী** দুরোগামিনি [durògamini] **দূরত্ব** দুরৎতো/দুরোৎতো [durɔttò/duròttò] **দূরদর্শন** দুরোদর্‌শোন্ [duròdɔr(ʃ)ʃòn] **দূরদর্শী** (বিচক্ষণ) দুরোদোর্‌শি [duròdòr(ʃ)ʃi] **দূরদর্শিতা** দুরোদোর্‌শিতা [duròdòr(ʃ)ʃita] **দূরদৃষ্টি** দুরোদ্রিষ্‌টি [durò(d)driʃṭi] **দূরপ্রাচ্য** ~প্রাচ্‌চো [~praccʃò] **দূরবর্তী** দুরোবোর্‌তি [duròbòr(t)ti] **দূরবর্তিনী**

দুরোবোর্‌তিনি [durobor(t)tini] **দূরবীক্ষণ** (telescope) দুরোবিক্‌খন/দুরোবিক্‌খোন্ [durobikkhon/durobikkhon] **দূরবীন, দূরবিন** ~বিন্ [~bin] **দূরভাষ** (telephone) দুরোভাশ্ [durobhaʃ] **দূরস্থ** দুরস্‌থো/ দুরোস্‌থো [durostho/durostho] **দূরস্থিত** দুরোস্‌থিতো [durosthito] **দূরাগত** (যা দূর থেকে এসেছে) দুরাগতো [duragoto]

দূরান্তর (বিরাট ব্যবধান) দুরান্‌তর্/দুরান্‌তোর্ [durantor/durantor]

দূরীকরণ (দূর করা, বিতাড়ন) দুরিকরোন্ [durikoron] **দূরীকৃত** দুরিক্রিতো [duri(k)krito]

দূরীভবন (দূর হওয়া, অপসরণ) দুরিভবোন্ [duribhobon]

দূরীভূত (অপসৃত ; বিতাড়িত) দুরিভুতো [duribhuto]

দূরেক্ষণ (দূরদর্শন) দুরেক্‌খন/দুরেক্‌খোন্ [durekkhon/durekkhon]

দূর্বা (ঘাস) দুর্‌বা [dur(b)ba] **দূর্বাদল** ~দল্ [~dol] **দূর্বাদলশ্যাম** (দূর্বাপাতার মতো শ্যামবর্ণযুক্ত) ~দলোশ্যাম্ [~dolo(ʃ)ʃæm]

দূষক (নিন্দুক) দুশক্/দুশোক্ [duʃok/duʃok]

দূষণ (অপবিত্র বা কলুষিত করা) দুশন/দুশোন্ [duʃon/duʃon] **দূষণীয়** দুশোনিয়ো [duʃonio] **দূষিত** দুশিতো [duʃito] **দূষ্য** দুশ্‌শো [duʃʃo]

দৃক্‌পাত (ভ্রূক্ষেপ) দ্রিক্‌পাৎ [drikpat]

দৃঢ় (কঠিন, শক্ত) দ্রিড়্‌হো/দ্রিড়ো [drir(h)o/drir(h)o] **দৃঢ়তা** ~তা [~ta] **দৃঢ়নিশ্চয়** ~নিশ্‌চয় [~niʃcoe] **দৃঢ়প্রতিজ্ঞ** ~প্রোতিগ্‌গোঁ [~protiggo] **দৃঢ়মুষ্টি** ~মুশ্‌টি [~muʃti] **দৃঢ়মূল** ~মুল্ [~mul] **দৃঢ়ীকরণ** দ্রিড়্‌হিকরোন্/ দ্রিড়িকরোন্ [drir(h)ikoron]

দৃঢ়ীকৃত (শক্ত বা মজবুত করা হয়েছে এমন) দ্রিড়্‌হিক্রিতো/দ্রিড়িক্রিতো [drir(h)i(k)krito]

দৃঢ়ীভবন (দৃঢ় হওয়া) দ্রিড়্‌হিভবোন্/দ্রিড়িভবোন্ [drir(h)ibhobon] **দৃঢ়ীভূত** দ্রিড়্‌হিভুতো/দ্রিড়িভুতো [drir(h)ibhuto]

দৃপ্ত (তেজঃপূর্ণ) দ্রিপ্‌তো [dripto]

দৃপ্য (দৃপ্ত) দ্রিপ্‌পো [drippo]

দৃশ্য (দর্শনীয় বা দেখা যাচ্ছে এমন বস্তু ; নাটকের ভাগ) দ্রিশ্‌শো [driʃʃo] **দৃশ্যকাব্য** ~কাব্‌বো [~kabbo] **দৃশ্যত, দৃশ্যতঃ** দ্রিশ্‌শতো/~তো [driʃʃoto/~to] **দৃশ্যপট** ~পট্ [~pot] **দৃশ্যমান** ~মান্ [~man]

দৃশ্যান্তর (ভিন্ন দৃশ্য) দ্রিশ্‌শান্‌তর্ [driʃʃantor]

দৃষ্ট (লক্ষিত) দ্রিশ্‌টো [driʃto] **দৃষ্টপূর্ব** ~পুর্‌বো [~pur(b)bo]

দৃষ্টান্ত (উদাহরণ) দ্রিশ্‌টান্‌তো [driʃtanto] **দৃষ্টান্তস্থল** ~স্‌থল্ [~sthol]

দৃষ্টি (দর্শন ; নজর ; লক্ষ্য) দ্রিশ্‌টি [driʃti] **দৃষ্টিকৃপণ** ~ক্রিপোন্ [~(k)kripon] **দৃষ্টিকোণ** ~কোন্ [~kon] **দৃষ্টিক্ষুধা** (চোখের খিদে) ~খুধা [~khudha] **দৃষ্টিগোচর** ~গোচর্/~গোচোর্ [~gocʃor/~gocʃor] **দৃষ্টিনন্দন** (সুন্দর) ~নন্‌দোন্ [~nondon] **দৃষ্টিপথ** ~পথ্ [~pot(h)] **দৃষ্টিপাত** ~পাৎ [~pat] **দৃষ্টিভঙ্গি** ~ভোংগি [~bhoŋgi] **দৃষ্টিসীমা** ~শিমা [~ʃima] **দৃষ্টিহীন** ~হিন্ [~hin] **দৃষ্টিহীনতা** ~হিনতা/~হিনোতা [~hinota/~hinota]

দেউটি (প্রদীপ) দেউটি [deuti]

দেউড়ি (ফটক ; প্রবেশদ্বার) দেউড়ি [deuri]

দেউল (মন্দির) দেউল্ [deul]

দেউলিয়া (নিঃস্ব) দেউলিয়া [deulia]

দেউলে (নিঃস্ব) দেউলে [deule]

দেওয়া (দান করা) দেও্আ [deoa] **দেওয়ানো** ~নো [~no] **দেয়** দ্যায় [dæe] **দিই** দিই্ [dii] **দিচ্ছি** দিচ্‌ছি [diccʃhi] **দিল** দিলো [dilo] **দিয়ে** দিয়ে [die]

'দেওঘর' দেও্ঘর্ [deoghor]

দেওয়ান (কর্মচারী-বিশেষ) দেও্আন্ [deoan]

দেওয়ানা (বিবাগী) দেও্আনা [deoana]

দেওয়ানি, দেওয়ানী দেও্আনি [deoani]

দেওয়াল (প্রাচীর) দেও্আল্ [deoal]

দেওয়ালি, দেওয়ালী (কালীপূজার রাত্রে আলোকোৎসব) দেও্আলি [deoali]

দেওর (দেবর) দ্যাওর্ [dæor]

দেঁতো (আন্তরিকতাহীন) দেঁতো [deto]

দেখ (দর্শন কর) দ্যাখো [dækho]

দেখন (দর্শন) দ্যাখোন্ [dækhon] **দেখনহাসি** ~হাশি [~haʃi]

দেখা (দর্শন করা) দ্যাখা [dækha] **দেখি** দেখি [dekhi] **দেখে** দ্যাখে [dækhe] **দেখল** দেখ্‌লো [dek(h)lò] **দেখছে** দেখ্‌ছে [dek(h)eʃhe] **দেখবে** দেখ্‌বে [dek(h)be]

দেখাদেখি (পরস্পর দেখা) দ্যাখাদেখি [dækhadekhi]

দেখানো (দর্শন করানো) দ্যাখানো [dækhano]

দেখাশুনা (তত্ত্বাবধান) দ্যাখাশুনা [dækhaʃuna]

দেখাশোনা (দেখাশুনা) দ্যাখাশোনা [dækhaʃona]

দেখাসাক্ষাৎ (পরস্পর দেখা ও আলাপ) দ্যাখাশাক্‌খাৎ [dækhaʃakkhat]

দেখো[১] (তাকাও, অনুজ্ঞায়) দ্যাখো [dækho]

দেখো[২] (দেখিও) দেখো [dekho]

দেড় (এক ও আধ) দেড় [deːr]

দেড়ে (দাড়িওয়ালা) দেড়ে [dere]

দেড়েল দাড়ি দ্র

দেদার (প্রচুর) দেদার্‌ [dedar]

দেদীপ্যমান (জাজ্বল্যমান) দেদিপ্‌পোমান্‌ [dedippòman]

দেনদার দেনা দ্র

দেনা (ঋণ) দেনা [dena] **দেনাদার** ~দার্‌ [~dar] **দেনাপাওনা** ~পাওনা [~paòna] **দেনদার** দেন্‌দার্‌ [dendar]

দেব (দেবতা) দেব্‌ [deːb] **দেবকাষ্ঠ** দেবোকাশ্‌ঠো [debòkaʃṭhò] **দেবকুল** দেবোকুল্‌ [debòkul] **দেবগুরু** ~গুরু/দেবোগুরু [~guru/debòguru] **দেবগৃহ** দেবোগ্রিহো [debò(g)grifiò] **দেবতা** দেবোতা [debòta] **দেবতুল্য** ~তুল্‌লো/দেবোতুল্‌লো [~tullò/debòtullò] **দেবত্ব** দেবোৎতো [debòttò] **দেবত্র** দেবোৎত্রো [debòttrò] **দেবদত্ত** দেবোদৎতো/~দৎতো [debòdɔttò/~dɔttò] **দেবদারু** (গাছবিশেষ) ~দারু [~daru] **দেবদাসী** ~দাশি/দেবোদাশি [~daʃi/debòdaʃi] **দেবদুর্লভ** দেবোদুর্‌লভ্‌ [debòdur(l)lɔb(fi)] **দেবদূত** ~দুৎ/দেবোদুৎ [~dut/debòdut] **দেবদ্বেষী** দেবোদ্‌দেশি [debòddeʃi] **দেবনাগরী** (নাগরী লিপি) ~নাগোরি/দেবোনাগোরি [~nagòri/debònagòri] **দেবপুরী** দেবোপুরি [debòpuri] **দেববাক্য** দেবোবাক্‌কো [debòbakkò] **দেববাণী** দেবোবানি [debòbani] **'দেবব্রত'** (ভীষ্ম) দেবোব্রোতো [debòbbròtò] **দেবভাষা** (সংস্কৃত) দেবোভাশা [debòbfiaʃa] **দেবযান** দেবোজান্‌ [debòɟʒan] **দেবযানী** দেবোজানি [debòɟʒani] **'দেবযানী'** দেব্‌জানি [debɟʒani] **দেবরাজ** দেবোরাজ্‌ [debòraɟʒ] **দেবলোক** ~লোক্‌/দেবোলোক্‌ [~lok/debòlok] **দেবসেনাপতি** (কার্তিকেয়) ~শেনাপোতি/ দেবো-শেনাপোতি [~ʃenapòti/debòʃenapòti]

দেবস্থান (মন্দির) দেবোস্‌থান্‌ [debòsthan]

'দেবকী' (কৃষ্ণের মাতা) দেবোকি [debòki]

দেবর (স্বামীর ভ্রাতা) দেবর্‌ [debɔr]

দেবর্ষি (নারদ) দেবোর্‌শি [debòr(ʃ)ʃi]

দেবাত্মা (দেবতুল্য) দেবাৎতাঁ/দেবাঁৎতা [debattã/debãtta]

দেবাদিদেব (শিব) দেবাদিদেব্‌ [debadideb]

দেবারি (দৈত্য ; অসুর) দেবারি [debari]

দেবালয় (মন্দির) দেবালয়্‌ [debalɔě]

দেবাশ্রিত (দেবতার দ্বারা রক্ষিত) দেবাস্‌স্রিতো [debassritò]

দেবী (পরমেশ্বরী ; দুর্গা) দেবি [debi] **দেবীপুরাণ** ~পুরান্‌ [~puran] **দেবীমাহাত্ম্য** ~মাহাৎতোঁ/~মাহাৎতো [~mafiattõ/~mafiattò]

দেবেন্দ্র (ইন্দ্র) দেবেন্‌দ্রো [debendrò]

দেবেশ (শিব) দেবেশ্‌ [debeʃ]

দেবোত্তর (দেবত্র) দেবোৎতোর্‌ [debottòr]

দেবোপম (দেবতুল্য) দেবোপমো/দেবোপম্‌ [debopɔmò/debopɔm]

দেমাক (দম্ভ) দেমাক্‌ [demak]

দেয় (দানযোগ্য) দেয়ো/দেও [deo]

দেয়া[১] (দেওয়া) দেআ [dea]

দেয়া[২] (মেঘ) দেআ [dea]

দেয়াল (প্রাচীর) দেআল্‌ [deal]

দেয়ালা (ঘুমন্ত শিশুর হাসিকান্না) দেআলা [deala]

দেরকো (কাঠের পিলসুজ) দের্‌কো [derko]

দেরাজ (drawer) দেরাজ্‌ [deraɟʒ]

দেরি (বিলম্ব) দেরি [deri]

দেশ (ভৌগোলিক বিভাগবিশেষ ; রাষ্ট্র ; প্রদেশ) দেশ্‌ [deːʃ] **দেশকাল** ~কাল্‌ [~kal] **দেশজ** দেশোজো [deʃòɟʒò] **দেশজোড়া** ~জোড়া [~ɟʒora] **দেশত্যাগ** দেশোৎত্যাগ্‌ [deʃòttæg] **দেশদ্রোহী**

দেশোদ্‌দ্রোহি [deʃòddrofii] **দেশপ্রেম** দেশোপ্‌প্রেম্ [deʃòpprem] **দেশবন্ধু** ~বোন্‌ধু/দেশোবোন্‌ধু [~bòndfiu/deʃòbòndfiu] **দেশবাসী** দেশোবাশি [deʃòbaʃi] **দেশবিদেশ** ~বিদেশ্ [~bideʃ] **দেশব্যাপী** দেশোব্‌ব্যাপি/~ব্যাপি [deʃòbbæpi/ ~bæpi] **দেশমাতৃকা** দেশোমাত্রিকা [deʃòma(t)trika] **দেশহিতব্রত** দেশোহিতোব্‌ব্রোতো [deʃòfiitòbbròtò] **দেশহিতৈষী** দেশোহিতৈশি [deʃòfiitoiʃi]

দেশলাই (দিয়াশলাই) দেশ্‌লাই্ [deʃlai]

দেশস্থ (দেশের) দেশোস্‌থো [deʃòsthò]

দেশাচার (দেশে প্রচলিত প্রথা) দেশাচার্ [deʃacʃar]

দেশাধিপতি (রাজা) দেশাধিপোতি [deʃadfiipòti]

দেশাত্মবোধ (স্বদেশপ্রেম) দেশাঁৎতোবোধ্ /দেশাৎতোঁবোধ্ [deʃãttòbod(fi)/ deʃattõbod(fi)] **দেশাত্মবোধক** দেশাঁৎতোবোধোক্ /দেশাৎতোঁবোধোক্ [deʃãttòbodfiòk/ deʃattõbodfiòk]

দেশান্তর (অন্য দেশ) দেশান্‌তর্ [deʃantɔr] **দেশান্তরী** দেশান্‌তোরি [deʃantòri] **দেশান্তরিত** দেশান্‌তোরিতো [deʃantòritò]

দেশি (দেশে তৈরি ; রাগবিশেষ) দেশি [deʃi]

দেশীয় (দেশের ; দেশসম্বন্ধীয়) দেশিয়ো/দেশিও [deʃiò]

দেশোয়ালি (দেশ-চলতি) দেশোআলি [deʃoali]

দেহ (শরীর ; অঙ্গ) দেহো [defiò] **দেহকোষ** ~কোশ্ [~koʃ] **দেহক্ষয়** ~ক্‌খয়্ [~kkhɔe] **দেহচর্চা** ~চর্‌চা [~cɔr(c)cʃa] **দেহজ** ~জো [~ɟɟò] **দেহতত্ত্ব** ~তৎতো [~tɔttò] **দেহত্যাগ** ~ ৎত্যাগ্ [~ttæg] **দেহরক্ষা** ~রোক্‌খা [~ròkkha] **দেহরক্ষী** ~রোক্‌খি [~ròkkhi] **দেহশ্রী** ~স্‌স্রি [~ssri] **দেহসৌষ্ঠব** ~শৌশ্‌ঠব্/~শৌশ্‌ঠোব্ [~ʃouʃthɔb/ ~ʃouʃthòb]

দেহলি, দেহলী (বারান্দা ; দাওয়া) দেহোলি [defiòli]

দেহাত (পাড়াগাঁ) দেহাৎ [defiat]

দেহাতীত (দেহের অতীত) দেহাতিতো [defiatitò]

দেহাত্মবাদ (দেহই আত্মা এই মত) দেহাঁৎতোবাদ্/দেহাৎতোঁবাদ্ [defiãttòbad/ defiattõbad] **দেহাত্মবাদী** দেহাঁৎতোবাদি/ দেহাৎতোঁবাদি [defiãttòbadi/defiattõbadi]

দেহান্ত (মৃত্যু) দেহান্‌তো [defiantò]

দেহান্তর (পুনর্জন্ম) দেহান্‌তর্ [defiantɔr]

দেহাবসান (মৃত্যু) দেহাবোশান্/দেহাবশান্ [defiabòʃan/defiabɔʃan]

দেহী (শরীরী) দেহি [defii]

দেহোপজীবিনী (বেশ্যা) দেহোপোজিবিনি [defiopòɟʒibini]

দৈ দই দ্র

দৈত্য (দানব ; অসুর) দৈৎতো [doittò] **দৈত্যকুল** ~কুল্ [~kul] **দৈত্যগুরু** ~গুরু [~guru]

দৈত্যারি (দেবতা) দৈৎতারি [doittari]

দৈন (দৈনিক ; দৈন্য) দৈনো [doinò]

দৈনন্দিন (প্রতিদিনের) দৈনোন্‌দিন্ [doinòndin]

দৈনিক (প্রতিদিনের) দৈনিক্ [doinik]

দৈন্য (দীনতা) দৈন্‌নো [doinnò] **দৈন্যদশা** ~দশা [~dɔʃa]

দৈব (দেব-সম্বন্ধীয় ; ভাগ্য) দৈবো [doibò] **দৈবক্রমে** ~ক্‌ক্রোমে [~kkròme] **দৈবগতিকে** ~গোতিকে [~gòtike] **দৈবজ্ঞ** ~গ্‌গোঁ [~ggõ] **দৈবদুর্বিপাক** (ভাগ্যবিপর্যয়) ~দুর্‌বিপাক্ [~dur(b)bipak] **দৈববশে** ~বশে [~bɔʃe] **দৈববাণী** ~বানি [~bani] **দৈবশক্তি** ~শোক্‌তি [~ʃòkti]

দৈবাৎ (হঠাৎ) দৈবাৎ [doibat]

দৈবী (দেবী-সম্বন্ধীয়) দৈবি [doibi] **দৈবীশক্তি** ~শোক্‌তি [~ʃòkti]

দৈর্ঘ্য (দীর্ঘতা ; লম্বাই) দৈর্‌ঘো [doir(g)gfiò]

দৈহিক (দেহগত) দৈহিক্ [doifiik]

দো (দুই) দো [do:] **দোআঁশ** ~আঁশ/দোঁআঁশ্ [~ãʃ/ dõãʃ] **দোআঁশলা** ~আঁশলা/দোঁআঁশ্‌লা [~ãʃla/ dõãʃla] **দোকলা** ~কলা [~kla] **দোতলা** ~তলা [~tɔla] **দোতারা** ~তারা [~tara] **দোনলা** ~নলা [~nɔla] **দোপাট্টা** ~পাট্‌টা [~patta] **দোভাষী** ~ভাশি [~bfiaʃi] **দোমনা** ~মনা/~মোনা [~mɔna/ ~mòna] **দোয়াব, দোআব** ~আব্ [~ab]

দোঁহা (দুই চরণবিশিষ্ট পদ) দোঁহা/দোঁহাঁ [dõfia/ dõfiã]

দোকলা দো দ্র
দোকান (ক্রয়-বিক্রয়ের স্থান) দোকান্ [dokan] **দোকানদার**~দার্ [~dar] **দোকানপাট**~পাট্ [~pat]
দোজবর (দ্বিতীয়বার বিবাহিত) দোজ্‌বর্/দোজোবর্ [doɟʒbɔr/doɟʒòbɔr] **দোজবরে** দোজ্‌বোরে [doɟʒbòre]
দোক্তা (তামাকপাতাচূর্ণ) দোক্‌তা [dokta]
দোদমা (আতসবাজিবিশেষ) দোদ্‌মা/দোদোমা [dodɔma/dodòma]
দোদুল (দোলায়মান) দোদুল্ [dodul]
দোদুল্যমান (দুলছে এমন) দোদুল্‌লোমান্ [dodullòman]
দোপাটি (ফুলবিশেষ) দোপাটি [dopati]
দোপেঁয়াজি (মাংসের ব্যঞ্জনবিশেষ) দোপেঁয়াজি [dopẽaɟʒi]
দোমড়ানো (মোচড়ানো) দোম্‌ড়ানো [domrano]
দোয়া (আশীর্বাদ ;দোহন করা) দোআ [doa]
দোয়াত (কালির পাত্র, inkpot) দোআৎ [doat]
দোয়েল (পাখিবিশেষ) দোএল্ [doel]
দোর (দরজা) দোর্ [do:r]
দোরঙা (দুই রঙবিশিষ্ট) দোরঙা [dorɔŋa]
দোরমা, দোর্মা (খাবারবিশেষ) দোর্‌মা [dorma]
দোরোখা (দুদিকেই কারুকার্য করা) দোরোখা [dorokha]
দোর্দণ্ড (লাঠির মতো শক্ত বাহু) দোর্‌দন্‌ডো [dor(d)dɔndò] **দোর্দণ্ডপ্রতাপ** ~প্‌প্রোতাপ্ [~ppròtap]
দোল (দোলা ;হোলি) দোল্ [do:l] **দোলযাত্রা** ~জাৎত্রা [~ɟʒattra]
দোলক (যা দোলে) দোলোক্ [dolòk]
দোলন (দোলা ; দোল খাওয়া) দোলোন্ [dolòn]
দোলনচাঁপা (ফুলবিশেষ) দোলোন্‌চাঁপা [dolònʃãpa]
দোলনা (ঝুলনা ; cradle) দোল্‌না [dolna]
দোলমা (দোরমা) দোল্‌মা [dolma]
দোলা[১] (শিবিকা) দোলা [dola]
দোলা[২] (দোল খাওয়া বা দেওয়া) দোলা [dola] **দোলানো** ~নো [~no]
দোলাই (শীতবস্ত্রবিশেষ) দোলাই্ [dolai]
দোলায়মান (দুলছে এমন) দোলায়োমান্ [dolaẽòman]
দোলায়িত (দুলছে এমন) দোলাইতো [dolaitò]
দোষ (অপরাধ ; ত্রুটি, খুঁত) দোশ্ [do:ʃ] **দোষস্খালন**~খালোন্/ দোশোক্‌খালোন্ [~khalòn/doʃòkkhalòn] **দোষাবহ** দোশাবহো [doʃabɔɦò] **দোষারোপ** দোশারোপ্ [doʃarop] **দোষী** দোশি [doʃi]
দোসর (সহযোগী) দোশোর্ [doʃòr]
দোসরা (মাসের ২ তারিখ) দোশোরা/দোশ্‌রা [doʃòra/doʃra]
দোসা (দক্ষিণ ভারতীয় খাবার-বিশেষ) দোসা [dosa]
দোস্ত (বন্ধু) দোস্‌ৎ/দোস্‌তো [do:st/dostò]
দোহক (দোহনকারী) দোহোক্/দোহক্ [doɦòk/doɦɔk]
দোহন (দুধ দোয়া) দোহোন্ [doɦòn]
দোহা (দুই চরণবিশিষ্ট পদবিশেষ) দোহা [doɦa]
দোহাই দোহাই্ [doɦai]
দোহানো (দুধ দোয়া, দোয়ানো) দোহানো [doɦano]
দোহার (সহকারী গায়ক) দোহার্ [doɦar]
দোহারা (মাঝারি গড়নবিশিষ্ট) দোহারা [doɦara]
দৌড় (ছুট ; বেগে গমন) দৌড়্ [dour] **দৌড়ঝাঁপ** ~ঝাঁপ্ [~ɟʒɦãp] **দৌড়াদৌড়ি** দৌড়া দৌড়ি [doŭra doŭri] **দৌড়ানো** দৌড়ানো [doŭrano]
দৌত্য (দূতের কাজ) দৌৎতো [douttò]
দৌবারিক (দারোয়ান) দৌবারিক্ [doŭbarik]
দৌরাত্ম্য (উৎপীড়ন) দৌরাৎতোঁ/দৌরাঁৎতো [doŭrattõ/doŭrãttò]
দৌর্গন্ধ্য (দুর্গন্ধময়তা) দৌর্‌গন্‌ধো [dour(g)gɔndɦò]
দৌর্বল্য (দুর্বলতা) দৌর্‌বোল্‌লো [doŭr(b)bòllò]
দৌলত (ঐশ্বর্য) দৌলৎ/দৌলোৎ [doŭlɔt/doŭlòt]
দৌহিত্র (কন্যার পুত্র) দৌহিৎত্রো [doŭɦittrò] **দৌহিত্রী** দৌহিৎত্রি [doŭɦittri]
দ্বন্দ্ব (বিবাদ ; সমাসবিশেষ) দন্‌দো [dɔndò] **দ্বন্দ্বযুদ্ধ** ~জুদ্‌ধো [~ɟʒuddɦò]
দ্বয় (দুই ; উভয়) দয় [dɔ:ẽ]
দ্বাচত্বারিংশ (বিয়াল্লিশ) দাচৎতারিংশো [dacʃɔttariŋʃò] **দ্বাচত্বারিংশত্তম** ~ৎতমো [~ttɔmò]

দ্বাত্রিংশ (বত্রিশ, ৩২) দাত্রিংশো [dattriŋʃò]
দ্বাদশ (বারো, ১২) দাদশ্ [dadɔʃ] **দ্বাদশী** (তিথিবিশেষ) দাদোশি [dadòʃi]
দ্বাপর (পৌরাণিক যুগবিশেষ) দাপোর্ [dapòr]
দ্বাবিংশ (বাইশ, ২২) দাবিংশো [dabiŋʃò] **দ্বাবিংশতিতম** ~তিতমো [~titɔmò]
দ্বার (দরজা) দার্ [da:r] **দ্বারদেশ** দারোদেশ্ [daròdeʃ] **দ্বারপ্রান্ত** দারোপ্প্রান্তো [daròpprantò] **দ্বাররক্ষী** দারোরোক্খি/~রোক্খি [daròròkkhi/~ròkkhi]
'**দ্বারকা**' (হিন্দুতীর্থবিশেষ) দারোকা [daròka]
দ্বারকানাথ (শ্রীকৃষ্ণ) দারোকানাথ্ [daròkanat(h)]
দ্বারকাপতি (শ্রীকৃষ্ণ) দারোকাপোতি [daròka-pòti]
দ্বারা (কর্তৃক, সাহায্যে) দারা [dara]
দ্বারী (দারোয়ান) দারি [dari]
দ্বাষষ্টি (৬২) দাশোষ্‌টি [daʃòʃṭi]
দ্বাসপ্ততি (৭২) দাশপ্‌তোতি [daʃɔptòti]
দ্বি (২ সংখ্যা) দি [di:] **দ্বিকর্মক** ~করমোক্ [~kɔr-(m)mòk] **দ্বিখণ্ডিত** ~খোন্‌ডিতো [~khònḍitò] **দ্বিগু** ~গু [~gu] **দ্বিগুণ** ~গুন্ [~gun] **দ্বিগুণিত** ~গুনিতো [~gunitò] **দ্বিঘাত** (quadratic) ~ঘাৎ [~gɦat] **দ্বিচারিণী** ~চারিনি [~cʃarini] **দ্বিজ** (ব্রাহ্মণ) ~জো [~ɟʒò] **দ্বিজপতি** ~জোপোতি [~ɟʒòpòti] **দ্বিজিহ্ব** (সাপ) ~জিউ্‌ভো [~ɟʒiubɦò] **দ্বিজেন্দ্র** ~জেন্‌দ্রো [~ɟʒendrò] **দ্বিতল** ~তল্ [~tɔl] **দ্বিতীয়** ~তিয়ো/তিও [~tiò] **দ্বিতীয়া** ~তিয়া/~তিআ [~tia] **দ্বিত্ব** ~ৎতো [~ttò] **দ্বিধা** ~ধা [~dɦa] **দ্বিধাগ্রস্ত** ~ধাগ্‌গ্রোস্‌তো [~dɦag-gròstò] **দ্বিনবতি** (বিরানব্বই, ৯২) ~নবোতি [~nɔbòti] **দ্বিপদ** ~পদ্ [~pɔd] **দ্বিপদী** ~পোদি [~pòdi] **দ্বিপাক্ষিক** ~পাক্‌খিক্ [~pakkhik] **দ্বিপাদ** ~পাদ্ [~pad] **দ্বিপ্রহর** ~প্প্রোহোর্ [~ppròɦòr] **দ্বিবচন**~বচোন্ [~bɔcʃòn] **দ্বিবার্ষিক** ~বার্‌শিক্ [~bar(ʃ)ʃik] **দ্বিবিধ** ~বিধো [~bidɦò] **দ্বিমত** ~মৎ [~mɔt] **দ্বিরাগমন** (অষ্টমঙ্গলা) ~রাগমোন্/~রাগোমোন্ [~ragɔmòn/~ragòmòn] **দ্বিরুক্তি** (আপত্তি, অমত) ~রুক্‌তি [~rukti] **দ্বিরেফ** (ভ্রমর) ~রেফ্ [~rep(h)] **দ্বিশত** ~শতো [~ʃɔtò]
দ্বিষৎ (হিংসুক ; শত্রু) দিশৎ [diʃɔt]
দ্বিষ্ট (হিংসিত) দিষ্‌টো [diʃṭò]
দ্বীপ (জলবেষ্টিত ভূভাগ) দিপ্ [di:p] **দ্বীপান্তর** দিপান্‌তর্ [dipantɔr] **দ্বীপান্তরিত** দিপান্‌তোরিতো [dipantòritò]
দ্বীপী (বাঘ) দিপি [dipi]
দ্বেষ (হিংসা) দেশ্ [de:ʃ] **দ্বেষণ** দেশন্/দেশোন্ [deʃɔn/deʃòn] **দ্বেষী** দেশি [deʃi] **দ্বেষিণী** (হিংসাকারিণী) দেশিনি [deʃini] **দ্বেষ্য** (দ্বেষ বা হিংসার পাত্র) ~শো [~ʃò]
দ্বৈত (দ্বিত্ব ; যুগ্মভাব) দৈতো [doitò] **দ্বৈতবাদ** ~বাদ্ [~bad] **দ্বৈতবাদী** ~বাদি [~badi] **দ্বৈতশাসন** ~শাশোন্ [~ʃaʃòn] **দ্বৈতসংগীত** ~শোংগিৎ [~ʃòŋgit]
দ্বৈধ (বিরোধ) দৈধো [doidɦò]
দ্বৈপ (দ্বীপ সম্বন্ধীয়) দৈপো [doipò]
'**দ্বৈপায়ন**' (ব্যাসদেব) দৈপায়োন্ [doipaĕòn]
দ্বৈবার্ষিক (দুই বৎসর অন্তর যা ঘটে) দৈবার্‌শিক্ [doibar(ʃ)ʃik]
দ্বৈরথ (দুই রথারূঢ় যোদ্ধার যুদ্ধ) দৈরথ্ [doirɔt(h)]
দ্বৈরাজ্য (diarchy) দৈরাজ্‌জো [doiraɟɟʒò]
দ্ব্যক্ষর (দুই অক্ষর বা বর্ণ বা সিলেবল-বিশিষ্ট) দক্‌খোর্ [dɔkkhòr]
দ্ব্যর্থ (দুই অর্থ) দর্‌থো/দ্যার্‌থো [dɔr(t)thò/dær-(t)thò]
দ্ব্যশীতি (বিরাশি, ৮২) দশিতি/দ্যাশিতি [dɔʃiti/dæʃiti]
দ্যু (স্বর্গ ; আকাশ) দু [du:]
দ্যুতি (দীপ্তি) দুতি [duti]
দ্যুলোক (স্বর্গ) দুলোক্ [dulok]
দ্যূত (পাশাখেলা) দুৎ [du:t] **দ্যূতক্রীড়া** দুতোক্‌ক্রিড়া [dutòkkriṛa]
দ্যোতক (ব্যঞ্জক) দোতক্/দোতোক্ [dotɔk/dotòk]
দ্যোতনা (ব্যঞ্জনা) দোতোনা [dotòna]
দ্রব (তরল ; গলিত) দ্রোবো [dròbò] **দ্রবণ** ~ন্ [~n] **দ্রবণীয়** ~নিয়ো [~niò] **দ্রবত্ব** ~ৎতো [~ttò]

দ্রবীকরণ দ্রোবিকরোন্ [dròbikɔròn] **দ্রবীভবন** দ্রোবিভবোন্ [dròbibɦɔbòn] **দ্রবীভূত** দ্রোবিভুতো [dròbibɦutò]

দ্রব্য (জিনিস) দ্রোব্‌বো [dròbbò] **দ্রব্যগুণ** ~গুন্ [~gun]

দ্রষ্টব্য (দর্শনী, লক্ষণীয়) দ্রোষ্‌টোব্‌বো [dròʃ-ṭòbbò]

দ্রষ্টা (যে দেখে) দ্রোষ্‌টা [dròʃṭa]

দ্রাক্ষা (আঙুর) দ্রাক্‌খা [drakkha]

দ্রাঘিমা (longitude) দ্রাঘিমা [dragɦima]

দ্রাবক (দ্রবকারক ; solvent) দ্রাবোক্ [drabòk]

দ্রাবণ (দ্রবীকরণ) দ্রাবোন্ [drabòn]

দ্রাবিড় (দক্ষিণ ভারতের প্রাচীন অধিবাসী ও তাদের ভাষা) দ্রাবিড় [drabiṛ]

দ্রাব্য (দ্রবণীয়) দ্রাব্‌বো [drabbò]

দ্রুত (শীঘ্র, ক্ষিপ্র) দ্রুতো [drutò] **দ্রুতগামী** ~গামি [~gami] **দ্রুততা** ~তা [~ta]

দ্রুম (গাছ) দ্রুম্/দ্রুমো [dru: m/drumò]

দ্রোণ (কলসী) দ্রোনো/দ্রোন্ [dronò/dro:n] **'দ্রোণাচার্য'** দ্রোনাচার্‌জো [dronacʃar(ɟ)ɟʒò]

দ্রোহ (শত্রুতা) দ্রোহো [droɦò] **দ্রোহিতা** দ্রোহিতা [droɦita] **দ্রোহী** দ্রোহি [droɦi]

দ্রৌণি (দ্রোণের পুত্র) দ্রৌনি [droŭni]

'দ্রৌপদী' দ্রৌপোদি [droŭpòdi]

ধ

ধ (ব্যঞ্জনবর্ণ-বিশেষ) ধ [dɦɔ:]

ধকল (কাজের চাপ) ধকোল্ [dɦɔkòl]

ধক (হৃৎপিণ্ডের শব্দবিশেষ) ধক্ [dɦɔ:k] **ধকধকানি** ~ধকানি [~dɦɔkani]

ধটি, ধটী (কৌপীন) ধোটি [dɦòṭi]

ধড় (মস্তকহীন দেহ) ধড় [dɦɔ:ṛ]

ধড়ফড়ানি (জোর কম্পন) ধড়্‌ফড়ানি [dɦɔṛphɔṛani]

ধড়মড় (হঠাৎ লাফিয়ে ওঠার সূচক) ধড়্‌মড়্ [dɦɔṛmɔṛ]

ধড়া (চীর, নেকড়া) ধড়া [dɦɔṛa] **ধড়াচূড়া** (সাজগোজ) ~চুড়া [~cʃuṛa]

ধড়াম (জোরে দরজা জানালা বন্ধ করার শব্দ) ধড়াম্ [dɦɔṛam]

ধড়াস (বুক জোরে কেঁপে ওঠার শব্দ) ধড়াশ্ [dɦɔṛaʃ]

ধড়িবাজ (ধূর্ত) ধোড়িবাজ্ [dɦòṛibaɟʒ]

ধন (সম্পদ, ঐশ্বর্য) ধোন্/ধন্ [dɦò:n/dɦɔ:n] **ধনকুবের** ধনোকুবের্ [dɦɔnòkuber] **ধনগর্ব** ধনোগর্‌বো [dɦɔnògɔr(b)bò] **ধনগৌরব** ধনোগৌরব্ [dɦɔnògoŭrɔb] **ধনঞ্জয়** ধনোন্‌জয়্ [dɦɔnònɟʒɔĕ] **ধনতন্ত্র** (পুঁজিবাদ) ধনোতন্‌ত্রো [dɦɔnòtɔntrò] **ধনতৃষা** ধনোত্রিশা [dɦɔnò(t)triʃa] **ধনদাতা** ধনোদাতা [dɦɔnòdata] **ধনদৌলত** ~দৌলৎ [~doŭlɔt] **ধনধান্য** ধনোধান্‌নো [dɦɔnòdɦannò] **ধনপতি** ধনোপোতি [dɦɔnòpòti] **ধনপিপাসা** ধনোপিপাশা [dɦɔnòpipaʃa] **ধনবতী** ধনোবোতি [dɦɔnòbòti] **ধনবান** ধনোবান্ [dɦɔnòban] **ধনবিজ্ঞান** (অর্থনীতি) ধনোবিগ্‌গ্যান্/ধনোবিগ্‌গ্যাঁন্ [dɦɔnòbiggæn/dɦɔnòbiggæ̃n] **ধনবৃদ্ধি** ~ব্রিদ্‌ধি/ ধনোব্রিদ্‌ধি [~briddɦi/dɦɔnò(b)briddɦi] **ধনভাণ্ডার** ধনোভান্‌ডার্ [dɦɔnòbɦanḍar] **ধনশালী** ধনোশালি [dɦɔnòʃali] **ধনসম্পত্তি** ধনোশম্‌পোৎতি [dɦɔnòʃɔmpòtti] **ধনসম্পদ** ধনোশম্‌পদ্ [dɦɔnòʃɔmpɔd] **ধনহীন** ধনোহিন্ [dɦɔnòɦin]

ধনাকাঙ্ক্ষা (অর্থের লোভ) ধনাকাংখা [dɦɔna-kaŋkha]

ধনাগম (ধনলাভ) ধনাগম্/ধনাগোম্ [dɦɔnagɔm/dɦɔnagòm]

ধনাগার (অর্থভাণ্ডার) ধনাগার্ [dɦɔnagar]

ধনাঢ্য (ধনী) ধনাড্‌ঢো [dɦɔnaḍḍɦò]

ধনাধিপ (কুবের) ধনাধিপ্/ধনাধিপো [dɦɔnadɦip/dɦɔnadɦipò]

ধনার্জন (অর্থ উপার্জন) ধনার্‌জোন্ [dɦɔnar(ɟ)ɟʒòn]

ধনি (রমণী, সম্বোধনে) ধোনি [dɦòni]

ধনিক (পুঁজিপতি) ধোনিক্ [dɦònik]

ধনী (ঐশ্বর্যশালী) ধোনি [dɦòni]

ধনু (ধনুক) ধোনু [dɦònu]

ধনুঃশর (তিরধনুক) ধোনুশ্‌শর্ [dɦònuʃʃɔr]

ধনুক (ধনু, bow) ধোনুক্ [dɦònuk]
ধনুর্গুণ (ধনুকের জ্যা) ধোনুর্গুন্ [dɦònur(g)gun]
ধনুর্ধর (তিরন্দাজ) ধোনুর্ধর্ [dɦònur(d)dɦɔr]
ধনুর্বাণ (তির, শর) ধোনুর্বান্ [dɦònur(b)ban]
ধনুর্বিদ্যা (তিরন্দাজি) ধোনুর্বিদ্দা [dɦònur-(b)bidda]
ধনুর্ভঙ্গ (ধনুক ভাঙা) ধোনুর্ভংগো [dɦònur-(b)bɦɔŋgò]
'ধনুষ্কোটি' (হিন্দুতীর্থ-বিশেষ) ধোনুশ্কোটি [dɦònuʃkoṭi]
ধনুষ্টঙ্কার (রোগবিশেষ) ধোনুষ্টংকার্ [dɦònuʃ-ṭɔŋkar]
ধনে (মশলা-বিশেষ) ধোনে [dɦòne]
'ধনেখালি' [dɦònekhali]
ধনেশ (পাখি-বিশেষ) ধনেশ্ [dɦɔneʃ]
ধন্দ (ধাঁধা) (ধন্দো) [dɦɔndò]
ধন্ধ (ধাঁধা) ধন্ধো/ধন্দো [dɦɔnd(ɦ)ò]
ধন্না (ধরনা) ধন্না [dɦɔnna]
'ধন্বন্তরি' ধন্নোন্তোরি [dɦɔnnòntòri]
ধন্য (কৃতার্থ) ধোন্নো [dɦònnò]
ধন্যবাদ (সাধুবাদ) ধোন্নোবাদ্ [dɦònnòbad]
ধন্যাক (ধনে) ধোন্নাক্ [dɦònnak]
ধপ (আওয়াজ বিশেষ) ধপ্ [dɦɔːp]
ধপধপে (উজ্জ্বল সাদা) ধপ্ধোপে [dɦɔpdɦòpe]
ধপাৎ (পতনের শব্দ) ধপাৎ [dɦɔpat]
ধপাস (পতনের শব্দ) ধপাশ্ [dɦɔpaʃ]
ধবল (সাদা) ধবোল্ [dɦɔbòl] ধবলিত ধবোলিতো [dɦɔbòlitò] ধবলিমা ধবোলিমা [dɦɔbòlima]
ধবলী (সাদা গাই) ধবোলি [dɦɔbòli]
ধমক (তিরস্কার, বকুনি) ধমোক্ [dɦɔmòk]
ধমকানি (ধমক) ধম্কানি [dɦɔmkani]
ধমকানো (বকুনি দেওয়া) ধম্কানো [dɦɔmkano]
ধমনী (artery) ধমোনি [dɦɔmòni]
ধরণী (পৃথিবী) ধরোনি [dɦɔròni] ধরণীতল ~তল্ [~tɔl] ধরণীধর ~ধর্ [~dɦɔr] ধরণীপতি ~পোতি ~[pòti]
ধরতা (গানের ধরতি) ধর্তা [dɦɔrta]
ধরতি (ছাড়; সহকারী গায়কের ধরা গানের পদ) ধোর্তি [dɦòrti]
ধরতাই (ধরতি) ধর্তাই [dɦɔrtai]
ধরন (রকম) ধরোন্ [dɦɔròn] ধরনধারণ~ধারোন্ [~dɦaròn]
ধরনা (দাবি বা প্রার্থনা পূরণের আশায় অবস্থান) ধর্না [dɦɔrna]
ধরপাকড় (গ্রেপ্তার) ধর্পাকোড়্ [dɦɔrpakòṛ]
ধরা¹ (পৃথিবী) ধরা [dɦɔra]
ধরা² (ধারণ করা) ধরা [dɦɔra] ধরে [dɦɔre] ধর ধরো [dɦɔro] ধরি ধোরি [dɦòri] ধরছে ধোর্ছে [dɦòrcʃhe] ধরছ ধোর্ছো [dɦòrcʃhò] ধরছি ধোর্ছি [dɦòrcʃhi] ধরল ধোর্লো [dɦòrlò] ধরলে ধোর্লে [dɦòrle] ধরলাম ধোর্লাম্ [dɦòrlam] ধরবে ধোর্বে [dɦòrbe] ধরব ধোর্বো [dɦòrbò]
ধরাছোঁয়া (নাগাল) ধরাছোঁআ [dɦɔra cʃhõ(õ)a]
ধরাট (বাটা; কমিশন) ধরাট্ [dɦɔraṭ]
ধরাতল (ভূপৃষ্ঠ, মাটি) ধরাতল্ [dɦɔratɔl]
ধরাধরি (পরস্পরকে ধরা) ধরাধোরি [dɦɔrad-ɦòri]
ধরাধাম (পৃথিবী) ধরাধাম্ [dɦɔradɦam]
ধরাবাঁধা (নির্দিষ্ট) ধরাবাঁধা [dɦɔrabãdɦa]
ধরাশায়ী (ভূতলে পতিত) ধরাশায়ি [dɦɔraʃai]
ধরিত্রী (পৃথিবী) ধোরিৎত্রি [dɦòrittri]
ধরে (ধারণ করে) ধরে [dɦɔre] ধরে রাখা ধোরে রাখা [dɦòre rakha] ধরিয়ে ধোরিয়ে [dɦòrie]
ধর্তব্য (বিবেচ্য) ধর্তোব্বো [dɦɔr(t)tòbbò]
ধর্ম (ঈশ্বরোপাসনা-পদ্ধতি; পুণ্যকর্ম) ধর্মো [dɦɔr(m)mò] ধর্মকর্ম~কর্মো [~kɔr(m)mò] ধর্মক্ষেত্র ~খেৎত্রো/~ক্খেৎত্রো [~khettrò/~(k)khettrò] ধর্মগ্রন্থ ~গ্রোন্থো [~(g)grònthò] ধর্মঘট ~ঘট্ [~gɦɔṭ] ধর্মঘটী ~ঘোটি [~gɦòṭi] ধর্মচক্র ~চক্ক্রো [~cʃɔkkrò] ধর্মচর্চা ~চর্চা [~cʃɔr(c)cʃa] ধর্মচ্যুত ~চ্চুতো [~ccʃutò] ধর্মঠাকুর (মঙ্গলদেবতা-বিশেষ) ~ঠাকুর্ [~ṭhakur] ধর্মত, ধর্মতঃ ~তো [~tò] ধর্মনিষ্ঠ ~নিষ্ঠো [~niʃṭhò] ধর্মনিষ্ঠা ~নিষ্ঠা [~niʃṭha] ধর্মপত্নী (স্ত্রী) ~পোৎনি [~pòtni] ধর্মপুত্র ~পুৎত্রো [~puttrò] ধর্মপ্রাণ ~প্প্রান্ [~ppran] ধর্মভীরু ~ভিরু [~bɦiru] ধর্মভ্রষ্ট ~ব্ভ্রোষ্টো [~bbɦròʃṭò] ধর্মমঙ্গল

(ধর্মঠাকুরের মাহাত্ম্য) ~মোংগোল্ [~mòŋgòl] **ধর্মমত** ~মৎ [~mɔt] **ধর্মযুদ্ধ** ~জুদ্‌ধো[~ɟɡuddɦò] **ধর্মরাজ** ~রাজ্ [~raɟɡ] **ধর্মরাজ্য** ~রাজ্‌জো [~raɟɟɡò] **ধর্মশালা** ~শালা [~ʃala] **ধর্মশাস্ত্র** ~শাস্‌ত্রো [~ʃastrò] **ধর্মসংস্কার** ~শংশ্‌কার্ [~ʃɔŋʃkar] **ধর্মসঙ্গত, ধর্মসংগত** ~শংগতো [~ʃɔŋgɔtò] **ধর্মসভা** ~শভা [ʃɔbɦa] **ধর্মসাক্ষী** ~শাক্‌খি [~ʃakkhi] **ধর্মহানি** ~হানি [~ɦani] **ধর্মহীন** ~হিন্ [~ɦin]

ধর্মাচরণ (ধর্মসংগত বা পুণ্য কাজ করা) ধর্‌মাচরোন্ [dɦɔr(m)macʃɔròn]

ধর্মাত্মা (ধার্মিক) ধর্‌মাৎতাঁ/ধর্‌মাঁৎতা [dɦɔr(m)mattā/dɦɔr(m)māttɑ]

ধর্মাধর্ম (ধর্ম ও অধর্ম) ধর্‌মাধর্‌মো [dɦɔr(m)madɦɔr(m)mò]

ধর্মাধিকরণ (আদালত) ধর্‌মাধিকরোন্ [dɦɔr(m)madɦikɔròn]

ধর্মাধিকারী (বিচারক) ধর্‌মাধিকারি [dɦɔr(m)madɦikari]

ধর্মানুষ্ঠান (ধর্মসংগত অনুষ্ঠান) ধর্‌মানুশ্‌ঠান্ [dɦɔr(m)manuʃʈhan]

ধর্মান্তর (ভিন্ন ধর্ম) ধর্‌মান্‌তর্ [dɦɔr(m)mantɔr] **ধর্মান্তরিত** ধর্‌মান্‌তোরিতো [dɦɔr(m)mantòritò]

ধর্মান্ধ (ধর্মবিশ্বাসে গোঁড়া) ধর্‌মান্‌ধো [dɦɔr(m)mandɦò] **ধর্মান্ধতা** ~তা [~ta]

ধর্মাবতার (বিচারক) ধর্‌মাবোতার্ [dɦɔr(m)mabòtar]

ধর্মাবলম্বী (ধর্মসম্প্রদায়ভুক্ত) ধর্‌মাবোলোম্‌বি [dɦɔr(m)mabòlòmbi]

ধর্মার্থ (ধর্ম ও অর্থ ; ধর্মের জন্য) ধর্‌মার্‌থো [dɦɔr(m)mar(t)thò]

ধর্মিষ্ঠ (ধার্মিক) ধোর্‌মিশ্‌ঠো [dɦòr(m)miʃʈhò]

ধর্মী (ধার্মিক) ধোর্‌মি [dɦòr(m)mi]

ধর্মীয় (ধর্মসম্বন্ধীয়) ধোর্‌মিয়ো [dɦòr(m)miò]

ধর্মোন্মাদ (ধর্মান্ধ) ধর্‌মোন্‌মাদ্ [dɦɔr(m)monmad]

ধর্মোপদেশ (ধর্ম-সম্বন্ধীয় শিক্ষা) ধর্‌মোপোদেশ্ [dɦɔr(m)mopòdeʃ]

ধর্ষ (পীড়ন) ধর্‌শো [dɦɔr(ʃ)ʃò] **ধর্ষকাম** ~কাম্ [~kam] **ধর্ষণ** ~ন্ [~n] **ধর্ষিত** ধোর্‌শিতো [dɦòr(ʃ)ʃitò] **ধর্ষিতা** ধোর্‌শিতা [dɦòr(ʃ)ʃita]

ধলা (সাদা) ধলা [dɦɔla]

'ধলেশ্বরী' ধলেশ্‌শোরি [dɦɔleʃʃòri]

ধলো (সাদা) ধলো [dɦɔlo]

ধস (পাথর ইত্যাদি ভেঙে পড়া) ধশ্ [dɦɔ:ʃ]

ধসানো (ধসিয়ে বা ভেঙে দেওয়া) ধশানো [dɦɔʃano]

ধস্তাধস্তি (হাতাহাতি) ধস্‌তাধোস্‌তি [dɦɔstadɦòsti]

ধাই (ধাত্রী) ধাই্ [dɦai]

ধাওয়া (ছুটে যাওয়া) ধাও্‌আ [dɦaŏa] **ধাওয়ান, ধাওয়ানো** ~নো [~no] **ধায়** ধায়্ [dɦaĕ] **ধাও** ধাও্ [dɦaŏ] **ধাই** ধাই্ [dɦaĭ] **ধাইল** ধাই্‌লো [dɦaĭlò] **ধাইলাম** ধাই্‌লাম্ [dɦaĭlam] **ধেয়েছে** ধেএছে [dɦe(ĕ)eccʃhe] **ধেয়েছিল** ধেএছিলো [dɦe(ĕ)eccʃhilò]

ধাঁ (চট করে কোনো কাজ করার সূচক) ধাঁ [dɦã:] **ধাঁই** (জোরে মারার শব্দ) ~ই্ [~i]

ধাঁচ (আদল) ধাঁচ্ [dɦã:cʃ]

ধাঁচা (ধাঁচ) ধাঁচা [dɦãcʃa]

ধাঁধা (হেঁয়ালি) ধাঁধা [dɦãdɦa]

ধাঁধানো (দৃষ্টিভ্রম ঘটানো) ধাঁধানো [dɦãdɦano]

ধাক্কা (ঠেলা ; সংঘর্ষ) ধাক্‌কা [dɦakka] **ধাক্কাধাক্কি** ~ধাক্‌কি [~dɦakki]

ধাঙড়, ধাঙ্গড় (ঝাড়ুদার) ধাঙোড়্ [dɦaŋòɽ]

ধাড়ি (বয়স্থ) ধাড়ি [dɦaɽi]

ধাত (প্রকৃতি) ধাৎ [dɦa:t] **ধাতস্থ** ধাতোস্‌থো [dɦatòsthò]

ধাতব (ধাতুর তৈরি) ধাতোবো/ধাতবো [dɦatòbò/dɦatɔbò]

ধাতা (বিধাতা) ধাতা [dɦata]

ধাতানো (ধমকানো) [dɦatano] **ধাতানি** ধাতানি [dɦatani]

ধাতু (সোনা রূপা ইত্যাদি খনিজ পদার্থ) ধাতু [dɦatu] **ধাতুবিজ্ঞান** ~বিগ্‌গ্যান্/~বিগ্‌গাঁন্ [~biggæn/~biggæ̃n] **ধাতুবিদ্যা** ~বিদ্‌দা [~bidda] **ধাতুরূপ** ~রুপ্ [~rup]

ধাত্রী (পালনকর্ত্রী) ধাৎত্রি [dɦattri] **ধাত্রীবিদ্যা** ~বিদ্‌দা [~bidda]

ধাত্রেয়ী (ধাত্রী) ধাৎত্রেই [dɦatrei]
ধান (ধান্য, paddy) ধান্ [dɦa:n] **ধানদূর্বা** ~দুর্‌বা [~dur(b)ba] **ধানভানা** ~ভানা [~bɦana]
ধানশ্রী (রাগিণীবিশেষ) ধানোস্‌স্রি [dɦanòssri]
ধানাই-পানাই (আজেবাজে কথা) ধানাই্ পানাই্ [dɦanai panai]
ধানী, ধানি (ছোট) ধানি [dɦani]
ধানুকী (ধনুর্ধর) ধানুকি [dɦanuki]
ধানুষ্ক (ধনুর্ধর) ধানুশ্‌কো [dɦanuʃkò]
ধান্দা (ফিকির) ধান্‌দা [dɦanda] **ধান্দাবাজ** ~বাজ্ [~baɟʒ]
ধান্য (ধান) ধান্‌নো [dɦannò] **ধান্যবীজ** ~বিজ্ [~biɟʒ]
ধান্যেশ্বরী (ধেনো মদ) ধান্‌নেশ্‌শোরি [dɦanneʃʃòri]
ধাপ (সোপান) ধাপ্ [dɦa:p]
ধাপা (জঞ্জাল ফেলার জায়গা) ধাপা [dɦapa]
ধাপ্পা (প্রবঞ্চনা) ধাপ্‌পা [dɦappa]
ধাবক (যে ছোটে) ধাবোক্ / ধাবক্ [dɦabòk/dɦabɔk]
ধাবড়া (বড় দাগ) ধাব্‌ড়া [dɦabɽa]
ধাবন (ধোওয়া) ধাবোন্ [dɦabòn]
ধাবমান (ছুটন্ত) ধাবোমান্ [dɦabòman]
ধাবিত (ছুটছে বা ছুটেছে এমন) ধাবিতো [dɦabitò]
ধাম (গৃহ) ধাম্ [dɦa:m]
ধামসা (দলিত করা) ধাম্‌শা [dɦamʃa] **ধামসানি** ~নি [~ni]
ধামা (বড় ঝুড়ি) ধামা [dɦama] **ধামাচাপা** ~চাপা [~cʃapa] **ধামাধরা** ~ধরা [~dɦɔra]
ধামার (সংগীতের তালবিশেষ) ধামার্ [dɦamar]
ধামালী (কৃত্রিম কলহ ; চতুরালি) ধামালি [dɦamali]
ধামি, ধামী (ছোট ধামা) ধামি [dɦami]
ধার (তীক্ষ্ণতা) ধার্ [dɦa:r]
ধারক (ধারণকারী) ধারোক্ [dɦaròk]
ধারণ (ধরা, গ্রহণ) ধারোন্ [dɦaròn]
ধারণা (বোধ ; বিশ্বাস) ধারোনা [dɦaròna] **ধারণাতীত** ~তিতো [~titò]
ধারণীয় (ধারণযোগ্য) ধারোনিয়ো [dɦaròniò]
ধারয়িতা (ধারণকারী) ধারোইতা [dɦaròita]
ধারয়িত্রী (ধারণকারিণী) ধারোইৎত্রি [dɦaròittri]
ধারা (স্রোত, প্রবাহ ; নিয়ম) ধারা [dɦara] **ধারাক্রমে** ~ক্ক্রোমে [~kkròme] **ধারাঙ্কুর** ~ংকুর্ [~ŋkur] **ধারাপাত** ~পাৎ [~pat] **ধারাবর্ষণ** ~বর্‌শোন্ [~bɔr(ʃ)ʃòn] **ধারাবাহিক** (ক্রমিক) ~বাহিক্ [~baɦik] **ধারাবাহিকতা** ~বাহিকতা/ ~বাহিকোতা [~baɦikɔta/~baɦikòta] **ধারা-সম্পাত** (প্রবল বর্ষণ) ~শম্‌পাৎ [~ʃɔmpat] **ধারাস্নান** ~স্নান্ [~snan]
ধারাল, ধারালো (তীক্ষ্ণ) ধারালো [dɦaralo]
ধারাভাষ্য (running commentary) ধারাভাশ্‌শো [dɦarabhaʃʃò]
ধারিণী (ধারণকারিণী) ধারিনি [dɦarini]
ধারিত (বাহিত) ধারিতো [dɦaritò]
ধারী, ধারি (মাটির ঘরের উঁচু বারান্দা) [dɦari]
ধার্তরাষ্ট্র (ধৃতরাষ্ট্রের পুত্র) ধার্‌তোরাষ্‌ট্রো [dɦar(t)tòraʃʈrò]
ধার্মিক (ধর্ম অনুসরণকারী) ধার্‌মিক্ [dɦar(m)mik] **ধার্মিকতা** ধার্‌মিকতা [dɦar(m)mikɔta]
ধার্য (নির্ধারিত) ধার্‌জো [dɦar(ɟ)ɟʒò] **ধার্যমাণ** ~মান্ [~man]
ধিক্কার (ভর্ৎসনা) ধিক্‌কার্ [dɦikkar]
ধিকৃত, ধিক্‌কৃত (নিন্দিত) ধিক্‌ক্রিতো [dɦikkritò]
ধিঙ্গি (বেহায়া) ধিংগি [dɦiŋgi]
ধী (বুদ্ধি) ধি [dɦi:] **ধীগুণ** ~গুন্ [~gun] **ধীমান, ধীমান্** ~মান্ [~man] **ধীমতী** ~মোতি [~mòti] **ধীশক্তি** ~শোক্‌তি [~ʃòkti]
ধীবর (জেলে) ধিবর্ [dɦibɔr]
ধীমান ধী দ্র
ধীর (স্থির ; শান্ত) ধির্ [dɦi:r] **ধীরতা** ধিরোতা [dɦiròta] **ধীরা** ধিরা [dɦira]
ধীরোদাত্ত (অবিচলিত) ধিরোদাৎতো [dɦirodattò]
ধীরোদ্ধত (ধীর কিন্তু সময়ে সময়ে উদ্ধত) ধিরোদ্‌ধতো [dɦiroddɦɔtò]
ধুঁদুল (ঝিঙেজাতীয় আনাজ) ধুঁদুল্ [dɦũdul]
ধুকধুক (হৃৎপিণ্ডের কম্পনের শব্দ) ধুক্‌ধুক্

[dɦukdɦuk] **ধুকধুকুনি** ধুক্‌ধুকুনি [dɦukdɦukuni]

ধুকপুক (ধুকধুক) ধুক্‌পুক্‌ [dɦukpuk]

ধুচনি (ছাকনি-বিশেষ) ধুচ্‌নি [dɦucʃni] **ধুচুনি** ধুচুনি [dɦucʃuni]

ধুতরা (বিষাক্ত ফল-বিশেষ) ধুৎরা [dɦutra] **ধুতরো** ধুৎরো [dɦutro] **ধুতুরা** ধুতুরা [dɦutura]

ধুতি (পরিধেয় বস্ত্রবিশেষ) ধুতি [dɦuti]

ধুতুরা ধুতরা দ্র

ধুত্তোর (বিরক্তি-প্রকাশক উক্তি) ধুৎতোর্‌ [dɦuttor]

ধু-ধু (শূন্যতা, ব্যাপ্তি প্রভৃতির সূচক) ধুধু [dɦudɦu]

ধুনরি (যে তুলো ধোনে) [dɦunòri] **ধুনারি** ধুনারি [dɦunari] **ধুনুরী, ধুনুরি** ধুনুরি [dɦunuri]

ধুনা (শালগাছের নির্যাস) ধুনা [dɦuna] **ধুনো** ধুনো [dɦuno]

ধুনাচি (ধুনা জ্বালার পাত্র) ধুনাচি [dɦunacʃi] **ধুনচি** ধুনোচি [dɦunòcʃi] **ধুনুচি** ধুনুচি [dɦunucʃi]

ধুনারি ধুনরি দ্র

ধুনি (সন্ন্যাসীর অগ্নিকুণ্ড) ধুনি [dɦuni]

ধুনুচি ধুনাচি দ্র

ধুনুরি, ধুনুরী (যে তুলো ধোনে) ধুনরি দ্র

ধুন্দুল (ঝিঙের মতো ফলবিশেষ) ধুনদুল্‌ [dɦundul]

ধুন্ধুমার (তুমুল) ধুন্‌ধুমার্‌/ধুনদুমার্‌ [dɦund(ɦ)umar]

ধুপ[১] (রোদ) ধুপ্‌ [dɦu:p] **ধুপছায়া** ~ছায়া [~cʃhaĕa]

ধুপ[২] (শব্দবিশেষ) ধুপ্‌ [dɦu:p] **ধুপধাপ** ~ধাপ্‌ [~dɦap]

ধুপচি (ধুনুচি) ধুপ্‌চি [dɦupcʃi]

ধুম (শব্দবিশেষ) ধুম্‌ [dɦu:m] **ধুমধাড়াক্কা** ~ধাড়াক্‌কা [~dɦaṛakka] **ধুমধাম** ~ধাম্‌ [~dɦam]

ধুমসো (মোটা ও কালো) ধুম্‌শো [dɦumʃo] **ধুমসী** ধুম্‌শি [dɦumʃi]

ধুয়া (ধ্রুবপদ) ধুআ [dɦua] **ধুয়ো** ধুও [dɦuo]

ধুরন্ধর (ওস্তাদ) ধুরন্‌ধর্‌/ধুরোন্‌ধর্‌ [dɦurɔndɦɔr/dɦuròndɦɔr]

ধুরা (জোয়াল) ধুরা [dɦura]

ধুল (ধুলো ; কড়ার ভগ্নাংশবিশেষ) ধুল্‌ [dɦu:l] **ধুলপরিমাণ** ~পোরিমান্‌ [~pòriman]

ধুলট (গান সংকীর্তন ইত্যাদির পর ধুলো মাখামাখি) ধুলোট্‌ [dɦulòṭ]

ধুলা (শুকনো মাটির গুঁড়ো, dust) ধুলা [dɦula] **ধুলো** ধুলো [dɦulo]

ধুলোপড়া (মন্ত্রপূত ধুলো) ধুলোপড়া [dɦulopɔṛa]

ধুস্তুর, ধুস্তূর (ধুতরো) ধুস্‌তুর্‌ [dɦustur]

ধূপ (গন্ধদ্রব্যবিশেষ) ধুপ্‌ [dɦu:p]

ধূপচি (ধুনুচি) ধুপ্‌চি [dɦupcʃi]

ধূম (ধোঁয়া) ধুম্‌ [dɦu:m] **ধূমকেতু** ~কেতু [~ketu] **ধূমপান** ~পান্‌ [~pan] **ধূমপায়ী** ~পাই [~pai] **ধূমল** ধুমল্‌/ ধুমোল্‌ [dɦumɔl/dɦumòl] **ধূমাভ** ধুমাভো [dɦumabɦò] **ধূমাবতী** (দশমহবিদ্যার অন্যতম) ধুমাবোতি [dɦumabòti] **ধূমায়মান** ধুমায়োমান্‌ [dɦumaĕòman] **ধূমায়িত** ধুমাইতো [dɦumaitò]

ধূম্র (ধূমল ; মলিন) ধুম্‌ম্রো [dɦummrò] **ধূম্রলোচন** ~লোচোন্‌ [~locʃòn]

ধূর্জটি (শিব) ধুর্‌জোটি [dɦur(ɟ)ɟɜòṭi]

ধূর্ত (শঠ ; ধড়িবাজ) ধুর্‌তো [dɦur(t)tò] **ধূর্ততা** ~তা [~ta] **ধূর্তামি** ধুর্‌তামি [dɦur(t)tami]

ধূলি (ধুলা ; dust) ধুলি [dɦuli] **ধূলিধূসর** ~ধুশর [~dɦuʃɔr] **ধূলিধূসরিত** ~ধুশোরিতো [~dɦuʃòritò] **ধূলিময়** ~ময়্‌ [~mɔĕ] **ধূলিসাৎ** ~শাৎ [~ʃat]

ধূসর (ছাই রং) ধুশর্‌ [dɦuʃɔr] **ধূসরিত** ধুশোরিতো [dɦuʃòritò] **ধূসরিমা** ধুশোরিমা [dɦuʃòrima]

ধৃত (ধরা হয়েছে এমন) ধ্রিতো [dɦritò] **'ধৃতরাষ্ট্র'** ~রাষ্‌ট্রো [~raʃṭrò]

ধৃতি (ধারণ ; ধৈর্য) ধ্রিতি [dɦriti] **ধৃতিমান** ~মান্‌ [~man]

ধৃষ্ট (উদ্ধত) ধ্রিষ্‌টো [dɦriʃṭò] **ধৃষ্টতা** ~তা [~ta]

'ধৃষ্টদ্যুম্ন' ধ্রিষ্‌টোদ্‌দুম্‌নো [dɦriʃṭòddumnò]

ধৃষ্য (দমনযোগ্য) ধ্রিশ্‌শো [dɦriʃʃò]

ধেই ধেই (নাচের ভঙ্গিবিশেষ) ধেই্‌ধেই্‌ [dɦeidɦei]

ধেড়ানো (কাজ নষ্ট করা) ধ্যাড়ানো [dɦæṛano]

ধেড়ে (ভোঁদড় ; ধাড়ি) ধেড়ে [dɦeṛe]

ধেৎ (ধুৎ-এর রূপভেদ) ধেৎ/ধ্যাৎ [dɦe:t/dɦæ:t]

ধেনু (গাভী) ধেনু [dɦenu]

ধেনো (ধান থেকে তৈরি) ধেনো [dɦeno]
ধেবড়া (কালি কাদা প্রভৃতির মোটা ছাপ) ধ্যাব্ড়া [dɦæbɽa] **ধেবড়ানো** ~নো [~no]
ধেয় (জ্ঞেয়) ধেয়ো/ধেও [dɦeò]
ধেয়ান (ধ্যান) ধেয়ান্/ধেআন্ [dɦean]
ধৈবত (সংগীতের ধা স্বর) ধৈবৎ [dɦoibɔt]
ধৈর্য (সহিষ্ণুতা) ধৈর্জো [dɦoir(ɟ)ɟʒò] **ধৈর্যচ্যুত** ~চ্চুতো [~ccʃutò] **ধৈর্যচ্যুতি** ~চ্চুতি [~ccʃuti] **ধৈর্যধারণ** ~ধারোন্ [~dɦaròn] **ধৈর্যশীল** ~শিল্ [~ʃil] **ধৈর্যহানি** ~হানি [~ɦani] **ধৈর্যাবলম্বন** ধৈর্জাবোলম্বোন্ [dɦoir(ɟ)ɟʒabòlɔmbòn]
ধোঁকা (প্রবঞ্চনা) ধোঁকা [dhõka] **ধোঁকাবাজ** ~বাজ্ [~baɟʒ] **ধোঁকাবাজি** ~বাজি [~baɟʒi]
ধোঁয়া (ধূম) ধোঁআ/ধোঁআঁ [dɦõa/dɦõã] **ধোঁয়াটে** ~টে [~ʈe] **ধোঁয়াশা** ~শা [~ʃa]
ধোপ (কাচা ; কাচানো) ধোপ্ [dɦo:p] **ধোপদুরস্ত** ~দুরোস্তো/~দুরস্তো [~duròstò/~durɔstò]
ধোপা (রজক) ধোপা [dɦopa] **ধোপানী** ~নি [~ni]
ধোয়া (ধৌত করা) ধোআ [dɦoa] **ধোয়ানো** ~নো [~no]
ধোলাই (ধৌত করা) ধোলাই [dɦolaĭ]
ধোসা (দক্ষিণ ভারতীয় খাবারবিশেষ) ধোসা [dɦosa]
ধৌত (ধোয়া হয়েছে এমন) ধৌতো [dɦoŭtò]
ধৌতি (যৌগিক প্রক্রিয়াবিশেষ) ধৌতি [dɦoŭti]
ধৌমক (ধূম থেকে উৎপন্ন) ধৌমোক্/ধৌমক্ [dɦoŭmòk/dɦoŭmɔk]
'ধৌম্য' (পাণ্ডবদের পুরোহিত) ধৌম্মো [dɦoummò]
ধ্বংস (বিনাশ, সর্বনাশ) ধংশো [dɦɔŋʃò] **ধ্বংসক** ~ক্ [~k] **ধ্বংসন** ~ন্ [~n] **ধ্বংসনীয়** ~নিয়ো [~niò] **ধ্বংসপ্রাপ্ত** ~প্প্রাপ্তো [~ppraptò] **ধ্বংসলীলা** ~লিলা [~lila] **ধ্বংসাবশেষ** ধংশাবোশেশ্/ধংশাবশেশ্ [dɦɔŋʃa-bòʃeʃ/dɦɔŋʃabɔʃeʃ] **ধ্বংসিত** ধোংশিতো [dɦòŋʃitò] **ধ্বংসোন্মুখ** ~ন্মুখ্ [~nmuk(h)]
ধ্বজ (পতাকা ; পুরুষাঙ্গ) ধজো [dɦɔɟʒò] **ধ্বজদণ্ড** ~দনডো [~dɔndò] **ধ্বজভঙ্গ** ~ভংগো [~bɦɔŋgò]
ধ্বজা (পতাকা) ধজা [dɦɔɟʒa] **ধ্বজাধারী** ~ধারি [~dɦari]
ধ্বনি (আওয়াজ, শব্দ) ধোনি [dɦòni] **ধ্বনিত** ~তো [~tò] **ধ্বনিতত্ত্ব** ~তত্তো [~tɔttò] **ধ্বনিরেখা** ~রেখা [~rekha] **ধ্বনিভোট** ~ভোট্ [~bɦoʈ]
ধ্বন্যাত্মক (ধ্বনিমূলক, ধ্বনিগত) ধোন্নাৎতোঁক্/ধোন্নাঁৎতোক্ / ধোন্নাৎতঁক্ [dɦònnattõk / dɦònnãttòk/dɦònnattɔ̃k]
ধ্বস্ত (বিনষ্ট) ধস্তো [dɦɔstò]
ধ্যাত (ভাবিত ; চিন্তিত) ধ্যাতো [dɦætò]
ধ্যাতা (ধ্যানকারী) ধ্যাতা [dɦæta]
ধ্যান (একাগ্রভাবে গভীর চিন্তা) ধ্যান্ [dɦæ:n] **ধ্যানগম্ভীর** ধ্যানোগোম্ভির্/ ~গোম্ভির্ [dɦænògòmbɦir/~gòmbɦir] **ধ্যানজ্ঞান** ~গ্যাঁন্/~গ্যান্ [~gæ̃n/~gæn] **ধ্যানধারণা** (ভাবনাচিন্তা) ~ধারোনা [~dɦaròna] **ধ্যানভঙ্গ** ~ভংগো/ ধ্যানোভংগো [~bɦɔŋgò/dɦænòbɦɔŋgò] **ধ্যানমগ্ন** ধ্যানোমগ্নো [dɦænòmɔgnò] **ধ্যানযোগ** ধ্যানোজোগ্ [dɦænòɟʒog] **ধ্যানরত** ধ্যনোরতো [dɦænòrɔtò] **ধ্যানস্থ** ধ্যানোস্থো [dɦænòsthò]
ধ্যানী (ধ্যানরত) ধ্যানি [dɦæni]
ধ্যাবড়া ধেবড়া-র অনুরূপ
ধ্যেয় (চিন্তনীয়) ধেয়ো/ধেও [dɦeò]
ধ্রিয়মাণ (ধারণ করা হচ্ছে এমন) ধ্রিয়োমান্ [dɦriòman]
ধ্রুপদ (সংগীত পদ্ধতিবিশেষ) ধ্রুপদ্ [dɦrupɔd] **ধ্রুপদাঙ্গ** ধ্রুপোদাংগো/ধ্রুপদাংগো [dɦrupòdaŋgò/dɦrupɔdaŋgò] **ধ্রুপদী** ধ্রুপোদি [dɦrupòdi]
ধ্রুব (স্থির) ধ্রুবো [dɦrubò] **ধ্রুবক** ধ্রুবক্/ধ্রুবোক্ [dɦrubɔk/dɦrubòk] **ধ্রুবতারা** ~তারা [~tara] **ধ্রুবত্ব** ~ত্তো [~ttò] **ধ্রুবনক্ষত্র** ~নোক্খোৎত্রো [~nòkkhòttrò] **ধ্রুবপদ** (ধুয়ো, স্থিরপদ) ~পদ্ [~pɔd] **ধ্রুবরেখা** ~রেখা [~rekha] **ধ্রুবলোক** ~লোক্ [~lok] **ধ্রুবসত্য** (নিশ্চিত সত্য) ~শোৎতো [~ʃòttò]
ধ্রুবা ধ্রুবা [dɦruba]

ন

ন (ব্যঞ্জনবর্ণ-বিশেষ) ন [nɔ:]
নই (নহি) নোই [nò:ĭ]

নইলে (নাহলে) নোইলে [nòile]
নউই (৯ই) নোউই/নউই [nòui/nɔui]
নও (নহ) নও [nɔ:ŏ]
নওজোয়ান (তরুণ) নওজোআন [nɔŏɟʒoan]
নওরোজ (পারসিকমতে বছরের প্রথম দিন) নওরোজ [nɔŏroɟʒ]
নওল (নবীন) নওল [nɔol] **নওলকিশোর** ~কিশোর/নওলোকিশোর [~kiʃor/nɔolòkiʃor]
নকড়া-ছকড়া (অবহেলা) নকড়া ছকড়া [nɔkɔɽa cʃhɔkɔɽa]
নকল (অনুকরণ) নকোল [nɔkòl] **নকলনবিশ, নকলনবিস** ~নোবিশ [~nòbiʃ]
নকশা, নক্সা (রেখাচিত্র ; খসড়া) নকশা [nɔkʃa] **নকশা-কাটা** ~কাটা [~kaṭa] **নকশাকার** ~কার [~kar] **নকশাদার**~দার [~dar] **নকশাপাড়** ~পাড় [~paɽ]
নকশাল (চরমপন্থী কমিউনিস্টবিশেষ) নকশাল [nɔkʃal] **'নকশালবাড়ি'**~বাড়ি [~baɽi] **নকশালি** নকশালি [nɔkʃali]
নকশি, নকশী (নকশা-করা) নোকশি [nòkʃi] **নকশিকাঁথা** ~কাঁথা [~kãtha]
নকিব, নকীব (ঘোষক) নোকিব [nòkib]
নকুল (বেজি ; চতুর্থ পাণ্ডব) নোকুল [nòkul] **নকুলেশ্বর** নোকুলেশশর [nòkuleʃʃɔr]
নকুলদানা (ছোট দানার আকারের মিষ্টান্নবিশেষ) নোকুলদানা [nòkuldana]
নকুলে (নকলনবিশ) নোকুলে [nòkule]
নকুলেশ্বর নকুল দ্র
নক্ত (রাত্রি) নকতো [nɔktò]
নক্র (কুমির) নক্রো [nɔkkrò]
নক্ষত্র (তারকা, তারা) নোকখোৎত্রো [nòkkhòttrò] **নক্ষত্রগতি** (অতিদ্রুত বেগ) ~গোতি [~gòti] **নক্ষত্রপতি** ~পোতি [~pòti] **নক্ষত্রবিদ্যা** ~বিদ্দা [~bidda] **নক্ষত্রবেগ** ~বেগ [~beg] **নক্ষত্রলোক** (মহাকাশ) ~লোক [~lok]
নক্সা নকশা দ্র
নখ (নখর, nail) নোখ/নখ [nò:k(h)/nɔ:k(h)] **নখকুনি** নোখকুনি/ নোককুনি [nòk(h)kuni] **নখদর্পণ** (নিখুঁত ও স্পষ্টজ্ঞান) নখোদরপোন/ নোখোদরপোন [nɔkhòdɔr(p)pòn/nòkhòdɔr(p)pòn] **নখশূল** নোখশুল [nòk(h)ʃul] **নখাঘাত** নখাঘাৎ [nɔkhaɡɦat]
নখর (নখ) নখোর [nɔkhòr]
নখরঞ্জনী (নরুন) নখোরনজোনি [nɔkhòrɔnɟʒòni]
নগ (পর্বত) নগো [nɔgò]
নগণ্য (তুচ্ছ) নগোননো [nɔgònnò]
নগদ (উপস্থিত, মূল্য, cash) নগোদ [nɔgòd] **নগদ-বিদায়** ~বিদায় [bidaĕ] **নগদা-নগদি** নগদানোগদি [nɔgdanògdi]
নগপতি (হিমালয়) নগোপোতি [nɔgòpòti]
নগর (শহর, বড় শহর) নগোর [nɔgòr] **নগর-কীর্তন** ~কিরতোন [~kir(t)tòn] **নগরপাল** ~পাল [~pal] **নগর-সংকীর্তন** ~শংকিরতোন [~ʃɔŋkir(t)tòn] **নগরস্থ** নগোরোসথো [nɔgòròsthò]
নগরাজ (হিমালয়) নগোরাজ [nɔgòraɟʒ]
নগরী (নগর) নগোরি [nɔgòri]
নগাধিপ (হিমালয়) নগাধিপ/নগাধিপো [nɔgadɦip/nɔgadɦipò]
নগেন্দ্র (হিমালয়) নগেনদ্রো [nɔgendrò]
নগ্ন (বিবস্ত্র) নগনো [nɔ(g)gnò]
নগ্না (বিবস্ত্রা) নগনা [nɔ(g)gna]
নগ্নিকা (বিবস্ত্রা) নোগনিকা [nò(g)gnika]
নঙর, নোঙর (নৌকা জাহাজ প্রভৃতি বাঁধার অঙ্কুশবিশেষ) নোঙোর [noŋòr]
'নচিকেতা' (ঋষিবিশেষ) নোচিকেতা [nòcʃiketa]
নচেৎ (নইলে) নচেৎ [nɔcʃet]
নচ্ছার (দুষ্ট ; অপদার্থ) নচ্ছার [nɔccʃhar]
নজর (লক্ষ্য, দৃষ্টি) নজোর [nɔɟʒòr] **নজরদার** ~দার [~dar] **নজরদারি** ~দারি [~dari] **নজরবন্দি, নজরবন্দী** ~বোনদি [~bòndi] **নজরানা** নজরানা [nɔɟʒrana]
নজির (দৃষ্টান্ত) নোজির [nòɟʒir]
নঞতৎপুরুষ (সমাসবিশেষ) নোইংতৎপুরুশ/ নংতৎপুরুশ [nòiŋtɔtpuruʃ/nɔŋtɔtpuruʃ]
নঞর্থক (নেতিবাচক) নঙরথোক/নোইঁয়রথোক [nɔŋɔ(t)thòk/nòĩɔr(t)thòk]

নট (নর্তক ; অভিনেতা) নট্ [nɔːʈ] **নটী** নোটি [nòʈi]

নটকান (ছোট গাছবিশেষ বা তার বাসন্তী রঙের বীজ) নট্কান্ [nɔʈkan]

নটখটি (ছোট ঝঞ্ঝাট) নট্খোটি [nɔʈkhòʈi]

নটখটে (গোলমেলে) নট্খোটে [nɔʈkhòʈe]

নটঘট (কলঙ্কজনক ঘটনা) নট্ঘট্/নটোঘটো [nɔʈgɦɔʈ/nɔʈògɦɔʈò]

নটঘটি (নটঘট) নট্ঘোটি [nɔʈgɦòʈi]

নটবর (শ্রীকৃষ্ণ ; লম্পট) নটোবর্ [nɔʈòbɔr]

নটভৈরব (রাগবিশেষ) নট্ভৈরব্/নটোভৈরব্ [nɔʈ-bɦoirɔb/nɔʈòbɦoirɔb]

নটরাজ (শিব) নটোরাজ্ [nɔʈòraɟʒ]

নটিনী (নর্তকী ; বারাঙ্গনা) নোটিনি [nòʈini]

নটিয়া (নটেশাক) নোটিয়া [nòʈia]

নটী নট দ্র

নটে (শাকবিশেষ) নোটে [nòʈe]

নড়চড় (নড়া ; অন্যথা) নড়্চড় [nɔɽcʃɔɽ]

নড়বড় (নড়তে থাকার ভাব) নড়্বড় [nɔɽbɔɽ] **নড়বড়ে** নড়্বোড়ে [nɔɽbòɽe]

নড়া (আন্দোলিত হওয়া ; সরা) নড়া [nɔɽa] **নড়াচড়া** ~চড়া [~cʃɔɽa] **নড়ানো** ~নো [~no]

'নড়াইল' নড়াইল্ [nɔɽail]

নড়ি, নড়ী (যষ্টি ; অবলম্বন) নোড়ি [nòɽi]

নত (হেঁট, নিচু ; প্রণত) নতো [nɔt̪ò] **নতজানু** ~জানু [~ɟʒanu] **নতমস্তক** ~মস্তোক্ [~mɔst̪òk] **নতমুখ** ~মুখ্ [~muk(h)] **নতশির** ~শির্ [~ʃir]

নতি (প্রণাম ; নত অবস্থা) নোতি [nòt̪i]

নতুন, নোতুন (নবীন ; অভিনব) নোতুন্ [not̪un]

নতুবা (নয়তো) নোতুবা [nòt̪uba]

নতোদর (যার মধ্যভাগ নত) নতোদর্ [nɔt̪odɔr]

নথ (নাকের অলংকারবিশেষ) নথ্ [nɔːt̪(h)]

নথি (দলিল) নোথি [nòt̪hi] **নথিপত্র** ~পৎত্রো [~pɔt̪trò] **নথিভুক্ত** ~ভুক্তো [~bɦukt̪ò]

নদ (নদী) নদ্ [nɔːd] **নদনদী** ~নোদি [~nòdi]

নদী (স্রোতস্বিনী, river) নোদি [nòdi] **নদীগর্ভ** ~গর্ভো [~gɔr(b)bɦò] **নদীবহুল** ~বোহুল্ [~bòɦul]

নদীমাতৃক ~মাত্রিক [~ma(t̪)t̪rik]

'নদীয়া' নোদিয়া [nòdia]

নদেরচাঁদ (শ্রীচৈতন্য) নোদের্চাঁদ্ [nòdercʃãd]

নধর (হৃষ্টপুষ্ট) নধোর্ [nɔdɦòr]

ননদ (স্বামীর ভগিনী) ননোদ্/নোনোদ্ [nɔnòd/nònòd] **ননদাই, নন্দাই** (ননদের স্বামী) নন্দাই [nɔndai] **ননদী** ননোদি/নোনোদি [nɔnòdi/nònòdi] **ননদিনী** ননোদিনি/নোনোদিনি [nɔnòdini/nònòdini]

ননি, ননী (মাখন) নোনি [nòni] **ননীচোরা** (শ্রীকৃষ্ণ) ~চোরা [~cʃora]

'নন্দ' (শ্রীকৃষ্ণের পালকপিতা) নন্দো/নোন্দো [nɔndò/nòndò]

নন্দন (পুত্র ; ইন্দ্রের উদ্যান) নন্দোন্/নোন্দোন্ [nɔndòn/nòndòn] **নন্দনকানন** ~কানোন্ [~kanòn] **নন্দনতত্ত্ব** ~তৎতো [~t̪ɔt̪t̪ò]

নন্দবংশ (মগধের রাজবংশ-বিশেষ) নন্দোবংশো [nɔndòbɔŋʃò]

নন্দা (ননদ) নন্দা [nɔnda]

নন্দাই ননদ দ্র

'নন্দি' 'নন্দী' (শিবের অনুচরবিশেষ) নোন্দি [nòndi]

নন্দিত (প্রশংসিত) নোন্দিতো [nòndit̪ò] **নন্দিতা** নোন্দিতা [nòndit̪a]

নন্দিনী (কন্যা) নোন্দিনি [nòndini]

'নন্দী' 'নন্দি' দ্র

'নন্দীভৃঙ্গী' (শিবের দুই অনুচর) নোন্দিভ্রিংগি [nòndi(b)bɦriŋgi]

নন্দোৎসব (শ্রীকৃষ্ণের উৎসববিশেষ) নন্দোৎশব্/নোন্দোৎশব্ [nɔndot̪ʃɔb/nòndot̪ʃɔb]

নপুংসক (ক্লীব ; খোজা) নপুংশক্/নপুংশোক্ [nɔpuŋʃɔk/nɔpuŋʃòk]

নফর (চাকর) নফোর্ [nɔphòr]

নব[১] (নতুন) নবো [nɔbò] **নবকার্তিক** ~কার্তিক্ [~kar(t̪)t̪ik] **নবজাত** ~জাতো [~ɟʒat̪ò] **নবজীবন** ~জিবোন্ [~ɟʒibòn] **নববিধান** ~বিধান্ [~bidɦan] **নবমল্লিকা** ~মোল্লিকা [~mòllika] **নবমালিকা** ~মালিকা [~malika] **নবযুবক** ~জুবক্ [~ɟʒubɔk] **নবযুবতী** ~জুবোতি [~ɟʒubòt̪i] **নবযৌবন** ~জৌবোন্/~জৌবন্ [~ɟʒoŭbòn/~ɟʒoŭbɔn]

নব[২] (নয়) নবো [nɔbò] **নবগ্রহ** ~গ্রোহো [~ggròɦò] **নবদুর্গা** ~দুর্গা [~dur(g)ga] **নবপত্রিকা** ~পোৎত্রিকা

[~pòurika] **নবরত্ন** ~রৎনো [~rɔtnò] **নবরত্ন-সভা** ~রৎনোশভা [~rɔtnò∫ɔbĥa] **নবরস** ~রশ্ [~rɔ∫]

নবতি (৯০ সংখ্যা) নবোতি [nɔbòti] **নবতিতম** ~তমো [~tɔmò]

'নবদ্বীপ' নবোদ্‌দিপ্ [nɔbòddip]

নবনী (মাখন) নবোনি [nɔbòni] **নবনীত** ~তো [~tò]

নবম (৯ সংখ্যার পূরক) নবোম্ [nɔbòm] **নবমী** নবোমি [nɔbòmi]

নবাগত (নতুন এসেছে যে) নবাগতো [nɔbagɔtò]

নবান্ন (নতুন চালের ভাত খাওয়ার উৎসব) নবান্‌নো [nɔbannò]

নবাব (শাসকবিশেষ) নবাব্ [nɔbab] **নবাবজাদা** ~জাদা [~ɟʒada] **নবাবপুত্তুর** ~পুৎতুর্ [~puttur] **নবাবি, নবাবী** নবাবি [nɔbabi]

নবিশ, নবিস, নবীশ (লেখক ; নতুন শিক্ষার্থী) নোবিশ্ [nòbi∫] **নবিশি, নবীশি** নোবিশি [nòbi∫i]

নবী (পয়গম্বর) নোবি [nòbi]

নবীকরণ (নতুন করা, renew) নোবিকরোন্ [nòbikɔròn] **নবীকৃত** নোবিক্রিতো [nòbi(k)kritò]

নবীন (নতুন ; নব্য) নোবিন্ [nòbin] **নবীনা** নোবিনা [nòbina] **নবীনতা** নোবিনতা [nòbinɔta] **নবীনত্ব** নোবিনৎতো [nòbinɔttò]

নবীভবন (নতুন হওয়া) নোবিভবোন্ [nòbibĥɔbòn]

নবোঢ়া (নববিবাহিতা) নবোড়্‌হা/নবোড়া [nɔboṛ(ĥ)a/nɔboṛa]

নবোদয় (সদ্য উদয়) নবোদয়্ [nɔbodɔě]

নবোদিত (সদ্য প্রকাশিত) নবোদিতো [nɔboditò]

নবোদ্যম (নতুন উদ্যম) নবোদ্‌দম্ [nɔboddɔm]

নব্বই (৯০ সংখ্যা) নোব্‌বোই/নব্‌বোই [nòbbòi/nɔbbòi]

নব্বুই (৯০) নোব্‌বুই [nòbbui]

নব্য (নতুন) নোব্‌বো [nòbbò]

নভ, নভঃ (আকাশ) নভো [nɔbĥò] **নভশ্চর** ~শ্‌চর্ [~∫c∫ɔr] **নভস্তল** ~স্‌তল্ [~stɔl] **নভস্থল** ~স্‌থল্ [~sthɔl] **নভস্থ** ~স্‌থো [~sthò] **নভস্থিত** ~স্‌থিতো [~sthitò]

'নভেম্বর' নভেম্‌বর্ [nɔbĥembɔr]

নভেল (উপন্যাস) নভেল্ [nɔbĥel]

নভোনীল (আকাশের নীল রং) নভোনিল্ [nɔbĥonil]

নভোমণ্ডল (আকাশ) নভোমন্‌ডোল্/নভোমোন্‌ডোল্ [nɔbĥomɔnḍòl/nɔbĥomònḍòl]

নমঃশূদ্র, নমশূদ্র (নিম্ন হিন্দু শ্রেণীবিশেষ) নোমোশুদ্‌দ্রো [nòmò∫uddrò]

নমনীয় (পরিবর্তন করা যায় এমন) নমোনিয়ো [nɔmònio] **নমনীয়তা** ~তা [~ta]

নমশূদ্র নমঃশূদ্র দ্র

সুবিধা (সহজ উপায় ; সুযোগ) শুবিধা [ʃubidɦa] **সুবিধাজনক** ~জনোক্ [~ɟɟɔnòk] **সুবিধাবাদী** ~বাদি [~badi]
সুবিনয়, সুবিমল, সুবিশাল, সুবুদ্ধি, সুবৃহৎ, সুবোধ, সুব্যবস্থা, সুব্রত, সুভগ, সুভদ্র, সুভদ্রা, সুভাষ, সুভাষিত, সুমতি, সুমনা সুমহান সু দ্র
সুমেরু (উত্তর মেরু ; পৌরাণিক পর্বতবিশেষ) শুমেরু [ʃumeru] **সুমেরুবৃত্ত** ~ব্রিত্তো [~(b)brittò]
সুযোগ (সুবিধা, অনুকূল সময় বা পরিস্থিতি) শুজোগ্ [ʃuɟɟog] **সুযোগসন্ধানী** (সুযোগ খোঁজে এমন) ~শন্ধানি [~ʃɔndɦani]
সুয়োরানী (সৌভাগ্যবতী রানী) শুওরানি [ʃuorani]
সুর[1] (স্বর ; সংগীতের নিয়ন্ত্রিত ধ্বনি) শুর্ [ʃuːr] **সুরতরঙ্গ** শুরোতরোংগো [ʃuròtɔròŋgò] **সুরবাহার** (বাদ্যযন্ত্রবিশেষ) ~বাহার্ [~baɦar] **সুরবোধ** শুরোবোধ্ [ʃuròbod(ɦ)]
সুর[2] (দেবতা ; সূর্য) শুর্ [ʃuːr] **সুরকন্যা** শুরোকোন্না [ʃuròkònna] **সুরধুনী** (গঙ্গা, স্বর্গের নদী) শুরোধুনি [ʃuròdɦuni] **সুরলোক** শুরোলোক্ [ʃuròlok] **সুরসুন্দরী** শুরোশুন্দোরি [ʃuròʃundòri] **সুরাসুর** শুরাশুর্ [ʃuraʃur]
সুরকি (ইটের গুঁড়ো) শুর্কি [ʃurki]
সুরঙ্গ (সুড়ঙ্গ) শুরোংগো/শুরংগো [ʃuròŋgò/ʃurɔŋgò]
সুরত, সুরৎ (আকৃতি) শুরোৎ/শুরৎ [ʃuròt/ʃurɔt] **সুরতহাল** (অবস্থা ; এজাহার) ~হাল্ [~ɦal]
সুরতি[1] (লটারি ; জুয়া খেলাবিশেষ) শুর্তি [ʃurti]
সুরতি[2] (আলিঙ্গন ; রতি) শুরোতি [ʃuròti]
সুরবল্লী (আয়ুর্বেদীয় ওষুধে ব্যবহৃত গুল্মবিশেষ) শুরোবোল্লি [ʃuròbòlli]
সুরভি (সৌরভ ; সুগন্ধ) শুরোভি [ʃuròbɦi] **সুরভিত** (সুগন্ধযুক্ত) ~তো [~tò]
সুরমা[1] (অত্যন্ত রমণীয়া) শুরমা/শুরোমা [ʃurɔma/ʃuròma]
সুরমা[2] **সুর্মা** (কাজলবিশেষ) শুর্মা [ʃurma]
সুরা (মদ্য) শুরা [ʃura]
সুরাহা (ভালো উপায় ; সমাধান) শুরাহা [ʃuraɦa]
'সুরেন্দ্র' (ইন্দ্র) শুরেন্দ্রো [ʃurendrò]
'সুরেশ' (ইন্দ্র) শুরেশ্ [ʃureʃ]
সুরেলা (মধুর সুরবিশিষ্ট) শুরেলা [ʃurela]
'সুরেশ্বর' (মহাদেব) শুরেশ্শর্ [ʃureʃʃɔr]
সুর্মা সুরমা[2] দ্র
সুলতান (মুসলমান শাসকবিশেষ) শুল্তান্ [ʃultan] **সুলতানি, সুলতানী** (সুলতান সম্বন্ধীয় ; সুলতানের শাসন) শুল্তানি [ʃultani]
সুলভ (সহজলভ্য) শুলভ্ [ʃulɔb(ɦ)]
সুলেখক, সুলোচনা, সুশিক্ষিত, সুশীতল, সুশীল, সুশৃঙ্খল, সুশোভন, সুশোভিত, সুশ্রাব্য সু দ্র
'সুশ্রুত' (আয়ুর্বেদজ্ঞ ঋষিবিশেষ) শুস্স্রুতো [ʃussrutò]
সুষনি (জলজ শাকবিশেষ) শুশ্নি [ʃuʃni]
সুষম (সুসংগতিপূর্ণ) শুশমো [ʃuʃɔmò]
সুষমা (সৌন্দর্য) শুশমা/শুশোমা [ʃuʃɔma/ʃuʃòma]
সুষুপ্ত (গভীর নিদ্রায় মগ্ন) শুশুপ্তো [ʃuʃuptò]
সুষুম্না (নাড়িবিশেষ) শুশুম্না [ʃuʃumna]
সুষ্ঠু (নিখুঁত ; শ্রেষ্ঠ) শুষ্ঠু [ʃuʃṭhu]
সুসংবাদ, সুসজ্জিত, সুসভ্য, সুসময়, সুসম্পন্ন, সুসহ সু দ্র
সুসার (প্রাচুর্য ; সচ্ছলতা) শুশার্ [ʃuʃar]
সুস্থ (নীরোগ) শুস্থো [ʃusthò]
সুস্থিত, সুস্থির, সুস্পষ্ট, সুস্মিতা, সুস্বপ্ন, সুস্বাদু, সুহাস, সুহাসিনী সু দ্র
সুহৃৎ (বন্ধু) শুর্হিৎ [ʃurɦit] **সুহৃদ্** শুর্হিদ্ [ʃurɦid]
সূক্ত (শ্লোকসমষ্টি ; স্তোত্র) শুক্তো [ʃuktò]
সূক্ষ্ম (মিহি ; তীক্ষ্ম) শুক্খো [ʃukkhò] **সূক্ষ্মকোণ** (সমকোণের চেয়ে ক্ষুদ্রতর কোণ) ~কোন্ [~kon] **সূক্ষ্মতা** ~তা [~ta] **সূক্ষ্মাতিসূক্ষ্ম** (অতি সূক্ষ্ম) শুক্খাতিশুক্খো [ʃukkhatiʃukkhò]
সূচক (জ্ঞাপক) শুচক্ [ʃucɔk]
সূচনা (আরম্ভ, শুরু ; ইঙ্গিত) শুচোনা/শুচনা [ʃucòna/ʃucɔna] **সূচিত** (জ্ঞাপিত) শুচিতো [ʃucitò]

সূচিকা (সূচ) শুচিকা [ʃucʃika]
সূচিকাভরণ (আয়ুর্বেদীয় ওষুধবিশেষ) শুচিকাভরোন্ [ʃucʃikabɦɔròn]
সূচী[১], **সূচি**[১] (সূচ) শুচি [ʃucʃi] **সূচীকর্ম** ~কর্‌মো [~kɔr(m)mò] **সূচীভেদ্য** ~ভেদ্‌দো [~bɦeddò]
সূচী[২], **সূচি**[২] (নির্ঘণ্ট) শুচি [ʃucʃi] **সূচীপত্র, সূচিপত্র** ~পৎত্রো [~pɔttrò]
সূচ্যগ্র (সূচের আগা) শুচ্‌চগ্‌গ্রো [ʃuccʃɔggrò]
সূত (উৎপন্ন) শুতো [ʃutò]
সূতপুত্র (সারথির পুত্র) শুতোপুৎত্রো [ʃutòputtrò]
সূতি (প্রসব) শুতি [ʃuti] **সূতিকা** (নবপ্রসূতা) ~কা [~ka] **সূতিকাগার** (প্রসবঘর) ~কাগার্ [~kagar]
সূত্র (সুতো ; তন্ত্র ; আরম্ভ) শুৎত্রো [ʃuttrò] **সূত্রধর** (ছুতোর) ~ধর্ [~dɦɔr] **সূত্রপাত** (আরম্ভ) ~পাৎ [~pat]
সূদন (বধ, নিধন) শুদোন্/শুদন্ [ʃudòn/ʃudɔn]
সূপকার (পাচক) শুপোকার্ [ʃupòkar]
সূরি (কবি, পণ্ডিত) শুরি [ʃuri]
সূরী[১] (জ্ঞানী, পণ্ডিত) শুরি [ʃuri]
সূরী[২] (সূর্যপত্নী) শুরি [ʃuri]
সূর্য (যে জ্যোতিষ্কের চারদিকে পৃথিবী ঘুরছে, রবি, sun) শুর্‌জো [ʃur(ɟ)ɟʒò] **সূর্যকরোজ্জ্বল** ~করোজ্‌জল্ [~kɔroɟɟʒɔl] **সূর্যগ্রহণ** ~গ্‌গ্রোহোন্ [~ggròɦòn] **সূর্যবংশ** ~বংশো [~bɔŋʃò] **সূর্যমুখী** (ফুলবিশেষ) ~মুখি [~mukhi] **সূর্যরশ্মি** ~রোশ্‌শি [~ròʃʃi] **সূর্যালোক** শুর্‌জালোক্ [ʃur(ɟ)ɟʒalok] **সূর্যাস্ত** শুর্‌জাস্‌তো [ʃur(ɟ)ɟʒastò] **সূর্যোদয়** শুর্‌জোদয়্ [ʃur(ɟ)ɟʒodɔĕ]
সৃক্কণ (ঠোঁটের প্রান্ত, কশ) স্রিক্‌কন্/স্রিক্‌কোন্ [srikkɔn/srikkòn] **সৃক্কণী** (ঠোঁটের প্রান্ত, কশ) স্রিক্‌কোনি [srikkòni]
সৃজন (সৃষ্টি) স্রিজোন্/স্রিজন্ [sriɟʒòn/sriɟʒɔn] **সৃজনধর্মী** ~ধোর্‌মি [~dɦòr(m)mi] **সৃজনশীল** ~শিল্ [~ʃil] **সৃজনীশক্তি** স্রিজোনিশোক্‌তি [sriɟʒòniʃòkti] **সৃজিত** (সৃষ্ট) স্রিজিতো [sriɟʒitò]
সৃষ্ট (সৃষ্টি করা হয়েছে এমন) স্রিশ্‌টো [sriʃṭò]
সৃষ্টি (নতুন কিছুর উৎপাদন বা নির্মাণ ; রচনা) স্রিশ্‌টি [sriʃṭi] **সৃষ্টিকর্তা** (ঈশ্বর) ~কর্‌তা [~kɔr(t)ta] **সৃষ্টিকর্ম** ~কর্‌মো [~kɔr(m)mò] **সৃষ্টিছাড়া** ~ছাড়া [~cʃhaṛa] **সৃষ্টিতত্ত্ব** (বিশ্ব-সৃষ্টির তত্ত্ব) ~তৎতো [~tɔttò] **সৃষ্টিধর** ~ধর্ [~dɦɔr] **সৃষ্টিধর্মী** (নতুন সৃষ্টির গুণ বা প্রয়াসযুক্ত) ~ধোর্‌মি [~dɦòr(m)mi]
সেঁউতি (নৌকোর জল সেচার পাত্রবিশেষ) শেঁউতি [ʃẽuti]
সেঁকা (তাপ দেওয়া) শ্যাঁকা [ʃæ̃ka]
সেঁকো (বিষবিশেষ) শেঁকো [ʃẽko]
সেঁজুতি (সন্ধ্যাপ্রদীপ) শেঁজুতি [ʃẽɟʒuti]
সেঁতসেঁতে, স্যাঁতসেঁতে (ভেজা-ভেজা) শ্যাঁৎশেঁতে [ʃæ̃tʃẽte]
সেকরা, স্যাকরা (স্বর্ণকার) শ্যাক্‌রা [ʃækra]
সেকাল (আগেকার কাল ; সেই কাল) শেকাল্ [ʃekal]
সেকেলে (পুরনো) শেকেলে [ʃekele]
সেকেন্ড (second) সেকেন্‌ড্ [sekenḍ]
সেখান (সেই জায়গা) শেখান্ [ʃekhan] **সেখানকার** ~কার্ [~kar]
সেগুন (দামি কাঠবিশেষ) শেগুন্ [ʃegun]
সেচ (সিঞ্চন) শেচ্ [ʃe:cʃ] **সেচন** শেচোন্/শেচন্ [ʃecʃòn/ʃecʃɔn] **সেচনী** (জল সেচার পাত্রবিশেষ, ডোঙা) শেচোনি [ʃecʃòni]
সেজ[১] **শেজ** (বিছানা) শেজ্ [ʃe:ɟʒ] **সেজতুলুনি** ~তুলুনি [~tuluni]
সেজ[২], **সেজো** (পরিবারের তৃতীয়) শেজো [ʃeɟʒo] **সেজদা** শেজ্‌দা/শেড়্‌দা [ʃeɟʒda/ʃezda] **সেজমা** শেজোমা [ʃeɟʒoma]
সেট (দফা) সেট্ [se:ṭ]
সেতার (বাদ্যযন্ত্রবিশেষ) শেতার্ [ʃetar]
সেতু (পুল, ব্রিজ) শেতু [ʃetu]
সেন (পদবিবিশেষ) শেন্ [ʃe:n] **সেনবংশ** ~বংশো [~bɔŋʃò]
সেনা (সৈন্য) শেনা [ʃena] **সেনাধ্যক্ষ** ~দ্‌ধোক্‌খো [~ddɦòkkhò] **সেনানায়ক** ~নায়োক্ [~naĕòk] **সেনানিবাস** (সৈন্যদের থাকার জায়গা) ~নিবাশ্ [~nibaʃ] **সেনাপতি** ~পোতি [~pòti]
সেপাই (সৈনিক ; শান্ত্রি) শেপাই [ʃepaĭ]
সেবক (সেবাকারী) শেবক্/শেবোক্ [ʃebɔk/ʃebòk]
সেবন (ওষুধ ইত্যাদি খাওয়া ; উপভোগ)

শেবন্/শেবোন্ [ʃebɔn/ʃebòn] **সেবনীয়** (খাওয়ার যোগ্য, সেব্য) শেবোনিয়ো [ʃebònio̊] **সেব্য** শেব্‌বো [ʃebbò]
সেবা (শুশ্রূষা, পরিচর্যা) শেবা [ʃeba]
সেবাইত (মন্দিরের পূজারি) শেবাইৎ [ʃebait]
সেবাদাসী (পরিচর্যাকারিণী দাসী) শেবাদাশি [ʃebadaʃi]
সের (ওজনের মাপবিশেষ) শের্ [ʃe:r]
সেরা (শ্রেষ্ঠ) শেরা [ʃera]
সেরেফ (কেবল, স্রেফ) সেরেফ্ [serep(h)]
সেরেস্তা (অফিস ; কার্যালয়) শেরেস্‌তা [ʃeresta]
সেলাই (সীবন, ছুচ-সুতো দিয়ে জোড়া দেওয়া) শেলাই্ [ʃelaĭ]
সেলাম (নমস্কার, অভিবাদন) সেলাম্/শেলাম্ [selam/ʃelam] **সেলামি, সেলামী** সেলামি/শেলামি [selami/ʃelami]
সৈকত (সমুদ্রের বালুময় তীর) শৈকৎ [ʃoĭkɔt]
সৈনাপত্য (সেনাপতির পদ বা কাজ) শৈনাপোৎতো [ʃoĭnapòtto̊]
সৈনিক (সিপাই, সৈন্য) শৈনিক্ [ʃoĭnik]
সৈন্ধব (সমুদ্রজাত) শৈন্‌ধোব্ [ʃoindɦòb]
সৈন্য (সিপাই ; যোদ্ধা) শৈন্‌নো [ʃoinnò]
সৈয়দ (হজরত মহম্মদের দৌহিত্রের বংশের পদবি) সৈয়দ্ [soĭɔd]
'সৈরিন্ধ্রী' (অজ্ঞাতবাসকালে দ্রৌপদীর নাম) শৈরিন্‌ধ্রি [ʃoĭrindɦri]
সোঁতা (ক্ষীণ স্রোত) শোঁতা [ʃõta]
সোঁদা (মাটির গন্ধ) শোঁদা [ʃõda]
সোঁদাল (ফুলের গাছবিশেষ) শোঁদাল্ [ʃõdal]
সোচ্চার (মুখর ; উচ্চরবে ব্যক্ত) শোচ্‌চার্ [ʃoccʃar]
সোজা (সরল ; ঋজু ; সহজ) শোজা [ʃoɟʒa] **সোজাসুজি** (স্পষ্টাস্পষ্টি) ~শুজি [~ʃuɟʒi]
সোৎপ্রাস (শ্লেষবাক্য ; পরিহাসযুক্ত) শোৎপ্রাশ্ [ʃotpraʃ]
সোৎসাহ (উৎসাহযুক্ত) শোৎশাহো [ʃotʃaɦò] **সোৎসাহে** শোৎশাহে [ʃotʃaɦe]
সোনা (স্বর্ণ) শোনা [ʃona] **সোনামুখী** ~মুখি [~mukhi] **সোনামুগ** (ডালবিশেষ) ~মুগ্ [~mug] **সোনালি, সোনালী** (সোনার মতো হলুদ আভাযুক্ত) ~লি [~li]
সোপর্দ (বিচারের জন্য প্রেরিত) শোপর্‌দো [ʃopɔrdò]
সোপান (সিঁড়ি) শোপান্ [ʃopan]
সোম (চন্দ্র ; সোমলতার রস ; সপ্তাহের বারবিশেষ) শোম্ [ʃo:m] **সোমনাথ** (শিব) ~নাথ্ [~nat(h)] **সোমবার** ~বার্ [~bar] **সোমরাজ** (ওষধিবিশেষ) ~রাজ্ [~raɟʒ] **সোমলতা** (মাদকরসযুক্ত লতাবিশেষ) ~লতা [~lɔta]
সোমত্ত (যৌবনপ্রাপ্ত) শোমোৎতো/শোমৎতো [ʃomòtto̊/ʃomɔtto̊]
সোয়ামি (স্বামী) শোআমি [ʃoami]
সোয়াস্তি (স্বস্তি) শোআস্‌তি [ʃoasti]
সোরাই (জলের কুঁজো) শোরাই্ [ʃoraĭ]
সোলা (হালকা নরম কাঠবিশেষ) শোলা [ʃola]
সোল্লাস (উল্লাসযুক্ত) শোল্‌লাশ্ [ʃollaʃ]
সোহাগ (আদর) শোহাগ্ [ʃoɦag] **সোহাগিনী** (আদরিণী) শোহাগিনি [ʃoɦagini] **সোহাগী** (আদরিণী) শোহাগি [ʃoɦagi]
সোহাগা (borax) শোহাগা [ʃoɦaga]
সোহিনী শোহিনী দ্র
সৌকর্য (সহজসাধ্যতা) শৌকোর্‌জো [ʃoŭkòr(ɟ)ɟʒò]
সৌকুমার্য (কমনীয়তা) শৌকুমার্‌জো [ʃoŭkumar(ɟ)ɟʒò]
সৌখিন শৌখিন দ্র
সৌগত (বৌদ্ধ) শৌগতো [ʃoŭgɔtò]
সৌগন্ধ, সৌগন্ধ্য (সৌরভ) শৌগন্‌ধো [ʃoŭgɔndɦò]
সৌজন্য (ভদ্রতা) শৌজোন্‌নো [ʃoŭɟʒònnò]
সৌদামিনী (বিদ্যুৎ) শৌদামিনি [ʃoŭdamini]
সৌধ (অট্টালিকা) শৌধো [ʃoŭdɦò]
সৌন্দর্য (রূপ ; সুন্দরতা) শৌন্‌দোর্‌জো [ʃoundòr(ɟ)ɟʒò]
সৌপ্তিক (নৈশ যুদ্ধ ; মহাভারতের পর্ববিশেষ) শৌপ্‌তিক্ [ʃouptik]
'সৌবীর' (সিন্ধুর তীরবর্তী প্রাচীন দেশ) শৌবির্ [ʃoŭbir]
সৌভাগ্য (শুভ অদৃষ্ট) শৌভাগ্‌গো [ʃoŭbɦaggò] **সৌভাগ্যবতী** ~বোতি [~bòti] **সৌভাগ্যবান** ~বান্ [~ban]
সৌভিক (জাদুকর) শৌভিক্ [ʃoŭbɦik]

সৌভ্রাত্র (ভাইয়ে-ভাইয়ে সদ্ভাব) শৌভ্রাৎত্রো [ʃoŭbɦrattrò]
সৌমিত্র (সুমিত্রার পুত্র) শৌমিৎত্রো [ʃoŭmittrò]
সৌম্য (প্রশান্ত ; সুন্দর) শৌম্‌মো [ʃoummò]
সৌর (সূর্য-সম্বন্ধীয়) শৌরো [ʃoŭrò] **সৌরজগৎ** ~জগোৎ [~ɟɜɔgòt]
সৌরভ (সুগন্ধ) শৌরভ্ [ʃoŭrɔb(ɦ)]
'**সৌরাষ্ট্র**' (পশ্চিমভারতের প্রদেশবিশেষ) শৌরাষ্‌ট্রো [ʃoŭraʃṭrò]
সৌরি (সূর্য-সম্বন্ধীয়) শৌরি [ʃoŭri]
সৌষ্ঠব (উৎকর্ষ ; সুগঠন) শৌষ্ঠব্ [ʃouʃṭhɔb]
সৌসাদৃশ্য (সম্পূর্ণ মিল) শৌশাদ্রিশ্‌শো [ʃoŭʃa-(d)driʃʃò]
সৌহার্দ, সৌহার্দ্য (প্রীতি) শৌহার্‌দো [ʃoŭɦar(d)dò]
'**স্কন্দ**' (কার্তিকেয়) স্কন্‌দো [skɔndò]
স্কন্ধ (কাঁধ) স্কন্‌ধো [skɔndɦò]
স্খলন (পতন, চ্যুতি) স্খলোন্ [skhɔlòn] **স্খলিত** স্খোলিতো [skhòlitò]
স্তন (কুচ, পয়োধর) স্তন্ [stɔ:n] **স্তনাগ্র** স্তনাগ্‌গ্রো [stɔnaggrò]
স্তন্য (মাতৃস্তনের দুধ) স্তোন্‌নো [stònnò] **স্তন্যপায়ী** ~পাই [~pai]
স্তব (স্তুতি) স্তব্ [stɔ:b]
স্তবক (গুচ্ছ) স্তবোক্ [stɔbòk]
স্তব্ধ (নিশ্চল, গতিহীন ; নিবারিত) স্তব্‌ধো [stɔbdɦò]
স্তম্ভ (থাম, খুঁটি) স্তম্‌ভো [stɔmbɦò]
স্তম্ভিত (বিস্ময়ে নির্বাক) স্তোম্‌ভিতো [stòmbɦitò]
স্তর (থাক ; স্তবক) স্তর্ [stɔ:r]
স্তরমেঘ (স্তরে স্তরে সাজানো মেঘ) স্তর্‌মেঘ্/স্তরোমেঘ্ [stɔrmeg(ɦ)/stɔròmeg(ɦ)]
স্তাবক (খোসামুদে) স্তাবোক্ [stabòk]
স্তিমিত (নিশ্চল ; ক্ষীণ) স্তিমিতো [stimitò]
স্তুতি (স্তব ; প্রশংসা) স্তুতি [stuti]
স্তূপ (রাশি) স্তুপ্ [stu:p] **স্তূপাকার** স্তুপাকার্ [stupakar] **স্তূপীকৃত** (রাশীকৃত) স্তুপিক্রিতো [stupi(k)kritò]
স্তোক (মিথ্যা প্রবোধ) স্তোক [sto:k]
স্তোত্র (শ্লোক) স্তোৎত্রো [stottrò]
স্ত্রী (পত্নী ; নারী) স্ত্রি [stri:] **স্ত্রীআচার** (বিবাহে নারীদের মঙ্গল আচার) ~য়াচার্ [~acʃar] **স্ত্রীপ্রত্যয়** (স্ত্রীলিঙ্গ-বোধক প্রত্যয়) ~প্রোৎতয় [~pròttɔĕ] **স্ত্রীরত্ন** ~রৎনো [~rɔtnò] **স্ত্রীলিঙ্গ** ~লিংগো [~liŋgò] **স্ত্রীসংসর্গ** (স্ত্রীলোকের সঙ্গে মেলামেশা বা সহবাস) ~শংশর্‌গো [~ʃɔŋʃɔr(g)gò] **স্ত্রীস্বাধীনতা** ~শাধিনতা [~ʃadɦinɔta]
স্ত্রৈণ (স্ত্রীর বাধ্য) স্ত্রৈনো [stroĭnò]
স্থগিত (ক্ষান্ত ; মুলতুবি) স্থোগিৎ/স্থোগিতো [sthògit/sthògitò]
স্থপতি (architect) স্থপোতি [sthɔpòti]
স্থবির (জরাগ্রস্ত) স্থোবির্ [sthòbir]
স্থল (ডাঙ্গা, ভূমি ; স্থান) স্থল্ [sthɔ:l] **স্থলকমল** ~কমোল্/স্থলোকমোল্ [~kɔmòl/sthɔlòkɔmòl] **স্থলচর** (ভূমিতে বিচরণকারী) স্থলোচর্ [sthɔlòcʃɔr] **স্থলপথ** (যে পথ ভূমির উপর দিয়ে গেছে) স্থলোপথ্/~পথ্ [sthɔlòpɔt(h)/~pɔt(h)] **স্থলবাণিজ্য** (স্থলপথের বাণিজ্য) স্থলোবানিজ্‌জো [sthɔlòbaniɟɟɜò]
স্থাণু (স্থির ; স্তম্ভ) স্থানু [sthanu]
স্থান (জায়গা, স্থল) স্থান্ [stha:n] **স্থানচ্যুত** স্থানোচ্‌চুতো [sthanòccʃutò] **স্থানভ্রষ্ট** স্থানোব্‌ভ্রোষ্‌টো [sthanòbbɦròʃṭò] **স্থানাঙ্ক** (co-ordinate) **স্থানাংকো** [sthanaŋkò] **স্থানান্তর** স্থানান্‌তর্ [sthanantɔr] **স্থানান্তরিত** স্থানান্‌তোরিতো [sthanantòritò] **স্থানাভাব** স্থানাভাব্ [sthanabɦab] **স্থানিক** (স্থানীয়) স্থানিক্ [sthanik] **স্থানীয়** (স্থান-সম্বন্ধীয় ; স্থানের) স্থানিয়ো [sthaniò]
স্থাপত্য (গৃহনির্মাণ শিল্প, architecture) স্থাপোৎতো [sthapòttò]
স্থাপন (রাখা ; প্রতিষ্ঠা) স্থাপোন্ [sthapòn] **স্থাপক** স্থাপোক/স্থাপক্ [sthapòk/sthapɔk] **স্থাপয়িতা** স্থাপোইতা [sthapòita] **স্থাপিত** স্থাপিতো [sthapitò]
স্থাবর (অচল ; স্থিতিশীল) স্থাবোর/ স্থাবর্ [sthabòr/sthabɔr]
স্থায়িত্ব স্থায়ী দ্র
স্থায়ী (স্থিতিশীল) স্থাই [sthai] **স্থায়িত্ব** স্থাইৎতো

[sthaittò] **স্থায়িভাব, স্থায়ীভাব** ~ভাব্ [~bɦab]
স্থিত (রয়েছে এমন) স্থিতো [sthitò] **স্থিতাবস্থা** (যেমন ছিল বা আছে তেমন অবস্থা) স্থিতাবস্থা [sthitabɔstha]
স্থিতি (অবস্থান) স্থিতি [sthiti] **স্থিতিস্থাপক** (elastic, নমনীয়) ~স্থাপোক্ [~sthapòk] **স্থিতিশীল** (স্থায়ী) ~শিল্ [~ʃil]
স্থির (নির্দিষ্ট) স্থির্ [sthi:r] **স্থিরতা** স্থিরতা/স্থিরোতা [sthirɔta/sthiròta] **স্থিরীকৃত** স্থিরিক্রিতো [sthiri(k)kritò]
স্থূল (মোটা) স্থুল্ [sthu:l] **স্থূলকায়** স্থুলোকায় [sthulòkae̯] **স্থূলকোণ** (সমকোণের চেয়ে বৃহত্তর কোণ) স্থুলোকোন্ [sthulòkon]
স্থৈর্য (স্থিরতা ; দৃঢ়তা) স্থৈর্জো [sthoir(ɟ)ɟʒò]
স্নাত (স্নান করেছে এমন) স্নাতো [snatò] **স্নাতক** (যে স্নান করে ; graduate) ~ক্ [~k] **স্নাতকোত্তর** (post-graduate) ~কোৎতর্/~কোৎতোর্ [~kottɔr/~kottòr]
স্নান (নাওয়া, অবগাহন) স্নান্ [sna:n]
স্নায়ু (অস্থিবন্ধনী, sinew) স্নায়ু [snae̯u] **স্নায়ুযুদ্ধ** ~জুদ্‌ধো [~ɟʒuddɦò] **স্নায়বিক** স্নায়োবিক্ [sn-ae̯òbik]
স্নিগ্ধ (স্নেহপূর্ণ) স্নিগ্‌ধো [snigdɦò]
স্নেহ (ভালোবাসা, বাৎসল্য ; প্রীতি) স্নেহো [sneɦò] **স্নেহাশিস্** স্নেহাশিশ্ [sneɦaʃiʃ]
স্পন্দন (কম্পন) স্পন্‌দোন্ [spɔndòn] **স্পন্দিত** স্পোন্‌দিতো [spònditò]
স্পর্ধা (দুঃসাহস ; বড়াই) স্পর্‌ধা [spɔr(d)dɦa] **স্পর্ধিত** স্পোর্‌ধিতো [spòr(d)dɦitò] **স্পর্ধী** স্পোর্‌ধি [spòr(d)dɦi]
স্পর্শ (ছোঁয়া) স্পর্‌শো [spɔr(ʃ)ʃò] **স্পর্শকাতর** (তুচ্ছ কারণেই আঘাত পায় এমন) ~কাতোর্ [~katòr] **স্পর্শবর্ণ** (বর্গীয় বর্ণ) ~বর্‌নো [~bɔr(n)nò] **স্পর্শেন্দ্রিয়** স্পর্‌শেন্‌দ্রিয়ো [spɔr(ʃ)ʃendriò] **স্পৃষ্ট** (স্পর্শ করা হয়েছে এমন) স্প্রিষ্‌টো [spriʃṭò] **স্পৃশ্য** স্প্রিশ্‌শো [spriʃʃò]
স্পষ্ট (প্রকাশিত ; খোলাখুলি) স্পষ্‌টো [spɔʃṭò] **স্পষ্টত** ~তো [~tò] **স্পষ্টবক্তা** ~বক্‌তা [~bɔkta] **স্পষ্টবাদী** ~বাদি [~badi] **স্পষ্টভাষী** ~ভাশি [~bɦaʃi] **স্পষ্টাক্ষরে** স্পষ্‌টাক্‌খোরে [spɔʃṭakk-hòre]
স্পৃষ্ট স্পর্শ দ্র
স্পৃহা (আকাঙ্ক্ষা) স্প্রিহা [spriɦa] **স্পৃহণীয়** স্প্রি-হোনিয়ো [spriɦònio]
স্ফটিক (স্বচ্ছ পাথরবিশেষ, crystal) স্ফোটিক্ [sphòṭik]
স্ফীত (ফুলে উঠেছে এমন) স্ফিতো [sphitò] **স্ফীতি** স্ফিতি [sphiti]
স্ফুট (স্পষ্ট ; বিশদ) স্ফুটো [sphuṭò] **স্ফুটন** ~ন্/স্ফুটন্ [~n/sphuṭɔn] **স্ফুটনাঙ্ক** (boiling point) ~নাংকো [~naŋkò]
স্ফুরণ (স্পন্দন ; বিকাশ) স্ফুরন্/স্ফুরোন্ [sphurɔn/sphuròn] **স্ফুরিত** স্ফুরিতো [sphu-ritò]
স্ফুলিঙ্গ (অগ্নিকণা) স্ফুলিংগো [sphuliŋgò]
স্ফূর্তি (হর্ষ ; বিকাশ) স্ফুর্‌তি [sphur(t)ti]
স্ফোটক (ফোড়া) স্ফোটোক্/স্ফোটক্ [sphoṭòk/sphoṭɔk]
স্ফোটবাদ (শব্দার্থ বিষয়ক মতবিশেষ) স্ফোটোবাদ্ [sphoṭòbad]
স্ব (স্বয়ং ; নিজের) শ [ʃɔ:] **স্বকর্ম** ~কর্‌মো [~kɔr(m)mò] **স্বকীয়** ~কিয়ো/শোকিয়ো [~kiò/ʃòkiò] **স্বকৃত** ~ক্রিতো [~(k)kritò] **স্বখাত** (নিজের দ্বারা খনন করা হয়েছে এমন)~খাতো [~khatò] **স্বগত** (নিজের মনে মনে কথিত) ~গতো/~গোতো [~gɔtò/~gòtò] **স্বগতোক্তি** ~গোতোক্‌তি [~gòtokti] **স্বগৃহ** ~গ্রিহো [~(g)griɦò] **স্বচক্ষে** ~চোক্‌খে [~cʃòkkhe] **স্বজন** ~জোন্ [~ɟʒòn] **স্বজনপোষণ** (অন্যায়ভাবে নিজের লোকদের পোষণ করা) ~জোন্‌পোশোন্ [~ɟʒònpoʃòn] **স্বজাতি** ~জাতি [~ɟʒati] **স্বত্ব** (অধিকার) ~ৎতো [~ttò] **স্বদল** ~দল্ [~dɔl] **স্বদলীয়** ~দোলিয়ো [~dòliò] **স্বদেশ** ~দেশ্ [~deʃ] **স্বদেশী** ~দেশি [~deʃi] **স্বধর্ম** ~ধর্‌মো [~dɦɔr(m)mò] **স্বনাম** ~নাম্ [~nam] **স্বনামখ্যাত** ~নামোক্‌খ্যাতো [~namòkkhætò] **স্বনামধন্য** (বিখ্যাত) ~নামোধোন্‌নো/নাম্‌ধোন্‌নো

[~namòdfiònnò/namdfiònnò] **স্বনির্ভর** ~নির্ভর্ [~nir(b)bfiɔr] **স্বপক্ষ** ~পোক্খো [~pòkkhò] **স্ববশ** ~বশ্ [~bɔʃ] **স্বমত** ~মৎ [~mɔt] **স্বরচিত** ~রোচিতো [~ròcʃitò]

স্বচ্ছ (নির্মল ; দৃষ্টি বা আলো ভেদ করতে পারে এমন) শচ্ছো [ʃɔccʃhò]

স্বচ্ছন্দ (অবাধ) শচ্ছন্দো/শচ্ছোন্দো [ʃɔccʃhɔndò/ʃɔccʃhòndò]

স্বতঃপ্রবৃত্ত (স্বেচ্ছায় প্রবৃত্ত বা নিযুক্ত) শতোপ্প্রোব্রিৎতো [ʃɔtòppr(b)brittò]

স্বতঃপ্রমাণিত (আপনা থেকেই প্রমাণিত) শতোপ্-প্রোমানিতো [ʃɔtòppròmanitò]

স্বতঃসিদ্ধ (যার সত্যতা প্রমাণ করার দরকার হয় না) শতোশ্শিদ্ধো [ʃɔtòʃʃiddfiò]

স্বতঃস্ফূর্ত (নিজে থেকেই প্রকাশিত) শতোশ্ফুর্তো [ʃɔtòʃphur(t)tò]

স্বতন্ত্র (স্বাধীন ; আলাদা) শতোন্ত্রো [ʃɔtòntrò]

স্বত্ব (অধিকার, মালিকানা) শৎতো [ʃɔttò] **স্বত্বাধিকারী** শৎতাধিকারি [ʃɔttadfiikari]

স্বদেশ (নিজের দেশ) শদেশ্ [ʃɔdeʃ] **স্বদেশপ্রেম** ~প্রেম্ [~prem] **স্বদেশী** শদেশি [ʃɔdeʃi]

স্বনিত (ধ্বনিত) শোনিতো [ʃònitò]

স্বপ্ন (ঘুমন্ত অবস্থায় দেখা বা কল্পনা, dream) শপ্নো [ʃɔpnò] **স্বপ্নজাল** ~জাল্ [~ɟʒal] **স্বপ্নদোষ** (স্বপ্নের মধ্যে রেতঃপাত) ~দোশ্ [~doʃ] **স্বপ্নবৎ** ~বৎ [~bɔt] **স্বপ্নময়** ~ময় [~mɔĕ] **স্বপ্নময়ী** ~মোই [~moi] **স্বপ্নরাজ্য** (অলীক অথচ সুন্দর রাজ্য) ~রাজ্জো [~raɟɟʒò] **স্বপ্নলোক** (স্বপ্নরাজ্য) ~লোক্ [~lok] **স্বপ্নাবিষ্ট** শপ্নাবিশ্টো [ʃɔpna-biʃṭò]

স্বভাব (স্বরূপ ; চরিত্র ; আচরণ) শভাব্ [ʃɔbfiab] **স্বভাবকবি** (স্বাভাবিকভাবে কবিত্বশক্তিসম্পন্ন) ~কোবি [~kòbi] **স্বভাবকৃপণ** ~ক্রিপোন্ [~kripòn] **স্বভাবগত** ~গতো [~gɔtò] **স্বভাবত** শভাবতো/শভাবোতো [ʃɔbfiabɔtò/ʃɔbfiabòtò] **স্বভাববিরুদ্ধ** ~বিরুদ্ধো [~biruddfiò] **স্বভাবসিদ্ধ** ~শিদ্ধো [~ʃiddfiò] **স্বভাবোক্তি** (কাব্যের অলংকার বিশেষ) শভাবোক্তি [ʃɔbfiabokti]

স্বয়ং (নিজে) শয়োং [ʃɔĕòŋ] **স্বয়ংকৃত** ~ক্রিতো [~kritò] **স্বয়ংপ্রকাশ** ~প্রোকাশ্ [~pròkaʃ] **স্বয়ংবর** (স্বয়ং পতি নির্বাচন) ~বর্ [~bɔr] **স্বয়ংসিদ্ধ** (কারও কাছে শিক্ষা ছাড়াই সিদ্ধিলাভ করেছে এমন) ~শিদ্ধো [~ʃiddfiò]

স্বয়ম্বর (স্বয়ংবর) শয়োম্বর্ [ʃɔĕòmbɔr] **স্বয়ম্বরা** শয়োম্বরা [ʃɔĕòmbɔra]

স্বয়ম্ভর (আত্মনির্ভর) শয়োম্ভর্ [ʃɔĕòmbfiɔr]

স্বয়ম্ভু, স্বয়ম্ভূ (নিজে নিজেই সৃষ্ট) শয়োম্ভু [ʃɔĕòmbfiu]

স্বর (কণ্ঠধ্বনি ; স্বয়ং উচ্চরিত ধ্বনি ; সুর) শর্ [ʃɔːr] **স্বরগ্রাম** (সুরসপ্তক) শরোগ্গ্রাম্ [ʃɔròggram] **স্বরবর্ণ** শরোবর্নো [ʃɔròbɔr(n)nò] **স্বরভক্তি** (বিপ্রকর্ষ) শরোভোক্তি [ʃɔròbfiòkti] **স্বরসংগতি** শরোশংগোতি [ʃɔròʃɔŋgòti] **স্বরসন্ধি** (স্বরধ্বনির সঙ্গে স্বরধ্বনির সন্ধি) শরোশোন্ধি [ʃɔròʃòndfii]

স্বরাজ্য (স্বাধীন রাজ্য) শরাজ্জো [ʃɔraɟɟʒò]

স্বরান্ত (অন্তে স্বরধ্বনি আছে এমন) শরান্তো [ʃɔrantò]

স্বরাষ্ট্র (স্বরাজ্য ; রাজ্যের অভ্যন্তরীণ শাসন) শরাশ্ট্রো [ʃɔraʃṭrò]

স্বরূপ (প্রকৃতি) শরুপ্/শোরুপ্ [ʃɔrup/ʃòrup]

স্বর্গ (দেবলোক) শর্গো [ʃɔr(g)gò] **স্বর্গত** ~তো [~tò] **স্বর্গদ্বার** ~দ্দার্ [~ddar] **স্বর্গপ্রাপ্তি** ~প্প্রাপ্তি [~pprapti] **স্বর্গলাভ** ~লাভ্ [~lab(fi)] **স্বর্গসুখ** (অতুলনীয় বা অপার্থিব সুখ) ~শুখ্ [~ʃuk(h)] **স্বর্গারোহণ** শর্গারোহোন্ [ʃɔr(g)garofiòn] **স্বর্গীয়** শোর্গিয়ো [ʃòr(g)giò]

স্বর্ণ (সোনা) শর্নো [ʃɔr(n)nò] **স্বর্ণকমল** (রক্তপদ্ম) ~কমোল্ [~kɔmòl] **স্বর্ণকার** (স্যাকরা) ~কার্ [~kar] **স্বর্ণবণিক** ~বোনিক্ [~bònik] **স্বর্ণমুদ্রা** ~মুদ্রা [~muddra] **স্বর্ণমৃগ** (সোনার হরিণ) ~ম্রিগো [~(m)mrigò] **স্বর্ণাক্ষর** শর্নাক্খোর্ [ʃɔr(n)nakkhòr] **স্বর্ণালংকার** শর্নালংকার্/শর্নালোংকার্ [ʃɔr(n)nalɔŋkar/ʃɔr(n)nalòŋkar]

স্বল্প (অল্প) শল্পো [ʃɔlpò] **স্বল্পায়ু** (অল্পকাল বাঁচে এমন) শল্পায়ু [ʃɔlpaĕu] **স্বল্পাহারী** (অল্প আহার করে এমন) শল্পাহারি [ʃɔlpafiari]

স্বসা (ভগিনী) শশা [ʃɔʃa]

স্বস্তি (শুভ ; সন্তোষ) শোস্‌তি [ʃòsti] **স্বস্তিবাচন** (শুভকর্মের সূচনায় মঙ্গলবাক্য উচ্চারণ) ~বাচোন্‌ [~bacʃòn]

স্বস্তিকা (মাঙ্গলিক চিহ্নবিশেষ) শোস্‌তিকা [ʃòs-tika]

স্বস্ত্যয়ন (আপৎশান্তির পূজাবিশেষ) শোস্‌তয়োন্‌/শস্‌তয়োন্‌ [ʃòstɔĕòn/ʃɔstɔĕòn]

স্বাক্ষর (সই, signature) শাক্‌খোর্‌ [ʃakkhòr] **স্বাক্ষরিত** শাক্‌খোরিতো [ʃakkhòritò]

স্বাগত (শুভাগমন) শাগোতো/শাগতো [ʃagòtò/ʃagɔtò]

স্বাচ্ছন্দ্য (স্বচ্ছন্দতা) শাচ্‌ছোন্‌দো/শাচ্‌ছন্‌দো [ʃacc-ʃhòndò/ʃaccʃhɔndò]

স্বাজাতিক (স্বজাতি সম্বন্ধীয়) শাজাতিক্‌ [ʃaɟʒatik] **স্বাজাত্য** শাজাৎতো [ʃaɟʒattò]

স্বাতন্ত্র্য (স্বাধীনতা ; পার্থক্য) শাতোন্‌ত্রো [ʃatòn-trò]

'স্বাতি', 'স্বাতী' (নক্ষত্রবিশেষ ; সূর্যপত্নী) শাতি [ʃati]

স্বাদ (আস্বাদন, রসগ্রহণ ; taste) শাদ্‌ [ʃa:d] **স্বাদু** (সুস্বাদযুক্ত) শাদু [ʃadu] **স্বাদুতা** শাদুতা [ʃaduta]

স্বাদেশিকতা (স্বদেশপ্রীতি) শাদেশিকতা [ʃade-ʃikɔta]

স্বাধিকার (নিজের অধিকার) শাধিকার্‌ [ʃadɦikar]

স্বাধীন (অবাধ ; মুক্ত) শাধিন্‌ [ʃadɦin] **স্বাধীনতা** শাধিনতা [ʃadɦinɔta]

স্বাবলম্বন (আত্মনির্ভরশীলতা) শাবোলম্‌বোন্‌ [ʃabò-lɔmbòn] **স্বাবলম্বী** (স্বনির্ভর) শাবোলোম্‌বি [ʃabòlòmbi]

স্বাভাবিক (প্রকৃতিজাত ; প্রকৃতিগত) শাভাবিক্‌ [ʃabɦabik]

স্বামী (পতি) শামি [ʃami]

স্বায়ত্ত (নিজের নিয়ন্ত্রণাধীন) শায়োৎতো [ʃaĕòttò] **স্বায়ত্তশাসন** ~শাশোন্‌ [~ʃaʃòn]

স্বার্থ (নিজের প্রয়োজন) শার্‌থো [ʃar(t)thò] **স্বার্থচিন্তা** ~চিন্‌তা [~cʃinta] **স্বার্থত্যাগ** ~ৎত্যাগ্‌ [~ttæg] **স্বার্থপর** ~পর্‌ [~pɔr] **স্বার্থপরতা** ~পরোতা [~pɔròta] **স্বার্থসিদ্ধি** ~শিদ্‌ধি [~ʃiddɦi]

স্বার্থান্ধ শার্‌থান্‌ধো [ʃar(t)thandɦò] **স্বার্থান্বেষী** শার্‌থান্‌নেশি [ʃar(t)thanneʃi]

স্বাস্থ্য (শারীরিক অবস্থা ; সুস্থতা) শাস্‌থো [ʃasthò] **স্বাস্থ্যকর** ~কর্‌ [~kɔr] **স্বাস্থ্যপ্রদ** ~প্‌প্রোদো [~ppròdò] **স্বাস্থ্যরক্ষা** ~রোক্‌খা [~ròkkha] **স্বাস্থ্যহানি** ~হানি [~ɦani] **স্বাস্থ্যোদ্ধার** ~দ্‌ধার্‌ [~ddɦar]

স্বীকার (মেনে নেওয়া, সম্মতি) শিকার্‌ [ʃikar] **স্বীকার্য** ~জো [~(ɟ)ɟʒò] **স্বীকৃত** শিক্রিতো [ʃi(k)kritò] **স্বীকৃতি** শিক্রিতি [ʃi(k)kriti]

স্বীয় (নিজের) শিয়ো [ʃiò]

স্বেচ্ছা (নিজের ইচ্ছা) শেচ্‌ছা [ʃeccʃha] **স্বেচ্ছাকৃত** ~ক্রিতো [~(k)kritò] **স্বেচ্ছাচার** ~চার্‌ [~cʃar] **স্বেচ্ছাচারী** (নিজের ইচ্ছামতো চলে এমন) ~চারি [~cʃari] **স্বেচ্ছাধীন** ~ধিন্‌ [~dɦin] **স্বেচ্ছাপ্রণোদিত** (নিজের ইচ্ছায় প্রবৃত্ত) ~প্‌প্রোনোদিতো [~pprònoditò] **স্বেচ্ছাসেবক** (volunteer) ~শেবক্‌/ ~শেবোক্‌ [~ʃebɔk/~ʃebòk]

স্বেদ (ঘাম) শেদ্‌ [ʃe:d] **স্বেদাক্ত** শেদাক্‌তো [ʃedaktò]

স্বৈর (স্বেচ্ছাচার) শৈরো [ʃoĭrò] **স্বৈরাচার** শৈরাচার্‌ [ʃoĭcʃar] **স্বৈরাচারী** শৈরাচারি [ʃoĭracʃari]

স্বৈরিণী (ব্যভিচারিণী) শৈরিনি [ʃoĭrini]

স্বোপার্জিত (নিজের দ্বারা অর্জিত) শোপার্‌জিতো [ʃopar(ɟ)ɟʒitò]

'স্মরজিৎ' (শিব) শঁরোজিৎ [ʃɔ̃ròɟʒit]

স্মরণ (স্মৃতি ; মনে রাখা বা মনে রাখার ক্ষমতা) শঁরোন্‌ [ʃɔ̃ròn] **স্মরণশক্তি** ~শোক্‌তি [~ʃòkti] **স্মরণাতীত** (মনে করা যায় না এমন অতীত) শঁরোনাতিতো [ʃɔ̃ronatitò] **স্মরণীয়** শঁরোনিয়ো [ʃɔ̃ròniò] **স্মর্তব্য** শঁর্‌তোব্‌বো [ʃɔ̃r(t)tòbbò]

স্মারক (স্মরণ করিয়ে দেয় এমন) শাঁরোক্‌ [ʃãròk]

স্মার্ত (স্মৃতিশাস্ত্রজ্ঞ) শাঁর্‌তো [ʃãr(t)tò]

স্মিত (মৃদু হাসি) শিঁতো/স্মিতো [ʃĩtò/smitò]

স্মৃতি (স্মরণ ; ধর্মশাস্ত্র) স্রিঁতি [srĩti] **স্মৃতিকথা** ~কথা [~kɔtha] **স্মৃতিচারণা** ~চারোনা [~cʃaròna] **স্মৃতিচিহ্ন** (স্মারকচিহ্ন) ~চিন্‌নহো [~cʃinn(ɦ)ò] **স্মৃতিভ্রংশ** ~ব্‌ভ্রোংশো [~bbɦròŋʃò] **স্মৃতিরক্ষা**

~রোক্খা [~rokkha] **স্মৃতিশক্তি** ~শোক্তি [~ʃòkti] **স্মৃতিশাস্ত্র** ~শাস্ত্রো [~ʃastrò]
স্যন্দ (স্রাব, ক্ষরণ) শন্দো [ʃɔndò] **স্যন্দিত** শোন্দিতো [ʃònditò]
স্যমন্তক (পৌরাণিক মণিবিশেষ) শ্যামোন্তক/ শমোন্তক্ [ʃæmòntɔk/ʃɔmòntɔk]
'**স্যমন্তপঞ্চক**' (কুরুক্ষেত্রের প্রাচীন নাম) শ্যামোন্তো-পন্চক/শ্যামোন্তোপন্চোক[ʃæmòntòpɔncʃɔk/ʃæmòntòpɔncʃòk]
স্যাঁতসেঁতে সেঁতেসেঁতে দ্র
স্যাঙাত (সাঙ্গোপাঙ্গ ; অনুচর) শ্যাঙাৎ [ʃæŋat]
স্রবণ (ক্ষরণ) স্রোবোন্ [sròbòn]
স্রষ্টা (সৃষ্টিকর্তা ; ঈশ্বর) স্রোষ্টা [sròʃṭa]
স্রস্ত (স্খলিত ; বিচ্যুত) স্রোস্তো [sròstò]
স্রাব (ক্ষরণ) স্রাব্ [sra:b] **স্রাবক** স্রাবোক্ [srabòk] **স্রাবিত** স্রাবিতো [srabitò]
স্রেফ (সেরেফ ; কেবল) স্রেফ্ [sre:p(h)]
স্রোত (প্রবাহ, ধারা) স্রোৎ [sro:t] **স্রোতস্বতী** (নদী) স্রোতোশ্শোতি [srotòʃʃòti] **স্রোতস্বিনী** (নদী) স্রোতোশ্শিনি [srotòʃʃini]

হ

হ (বাংলা ব্যঞ্জনবর্ণবিশেষ) হ [ɦɔ:]
হইচই, হৈচৈ (গোলমাল) হৈচৈ [ɦoĭcʃoĭ]
হইহই, হৈ হৈ (গোলমাল) হৈহৈ [ɦoĭɦoĭ]
হওয়া (বর্তমান থাকা ; ঘটা ; উৎপন্ন হওয়া) হওআ [ɦɔŏa] **হই** হোই [ɦòĭ] **হও** হও [ɦɔ:ŏ] **হয়** হয় [ɦɔ:ĕ] **হত** হোতো [ɦòtò] **হল** হোলো [ɦòlò]
হংস (হাঁস) হংশো [ɦɔŋʃò] **হংসগমন** ~গমোন্ [~gɔmòn]
হংসধ্বনি (সংগীতের রাগবিশেষ) হংশোদ্ধোনি [ɦɔŋʃòddɦòni]
হক[১] (ন্যায্য ; যথার্থ) হক্ [ɦɔ:k] **হকদার** (ন্যায্য দাবিদার) ~দার্ [~dar] **হকিকত** (সঠিক বিবরণ) হোকিকৎ [ɦòkikɔt]
হক[২], **হোক** (হউক) হোক্ [ɦo:k]
হকচকানো (ঘাবড়ে যাওয়া) হক্চকানো [ɦɔk-eʃɔkano]
হকার (ফেরিওয়ালা) হকার্ [ɦɔkar] **হকারি** হকারি [ɦɔkari]
হকি (খেলা বিশেষ) হকি [ɦɔki]
হকিকত হক্ দ্র
হজ (বিশেষ তিথিতে মুসলমানদের মক্কা দর্শন) হজ্ [ɦɔ:ɟʒ]
হজম (পরিপাক) হজোম্ [ɦɔɟʒòm] **হজমি হজমী** হোজ্মি [ɦòɟʒmi]
হজরত (প্রভু) হজ্রৎ/হজোরৎ [ɦɔɟʒrɔt/ɦɔɟʒòrɔt]
হটা (সরে বা পিছিয়ে যাওয়া) হটা [ɦɔṭa] **হটানো** ~নো [~no]
হট্টগোল (গোলমাল) হট্টোগোল্ [ɦɔṭṭògol]
হট্টমন্দির (হাটের চালাঘর) হট্টোমোন্দির্ [ɦɔṭṭòmòndir]
হঠকারী (অবিবেচক) হঠোকারি [ɦɔṭhòkari]
হঠযোগ (যোগবিশেষ) হঠোজোগ্ [ɦɔṭhòɟʒog]
হঠা (হটা ; সরে যাওয়া) হঠা [ɦɔṭ(h)a]
হঠাৎ (আচমকা ; অকস্মাৎ) হঠাৎ [ɦɔṭ(h)at]
হড়কানো (পিছলে যাওয়া) হড়্কানো [ɦɔṛkano]
হড়বড় (তাড়াহুড়ো) হড়্বড়্ [ɦɔṛbɔṛ]
হড়হড়ে (পিছল) হড়্হোড়ে [ɦɔṛɦòṛe]
হত (নিহত) হতো [ɦɔtò] **হতচেতন** ~চেতোন্ [~cʃetòn] **হতচ্ছাড়া** (লক্ষ্মীছাড়া) ~চ্ছাড়া [~ccʃhaṛa] **হতবাক** (অবাক ; বিমূঢ়) ~বাক্ [~bak] **হতভম্ব** ~ভম্বো [~bɦɔmbò] **হতবুদ্ধি** ~বুদ্ধি [~buddɦi] **হতভাগ্য** ~ভাগ্গো [~bɦaggò] **হতমান** (অপমানিত) ~মান্[~man] **হতশ্রী** (শ্রীহীন) ~স্স্রি [~ssri]
হতাশ (আশাহীন) হতাশ্ [ɦɔtaʃ] **হতাশা** হতাশা [ɦɔtaʃa]
হতাশ্বাস (ভরসাহীন) হতাশ্শাশ্ [ɦɔtaʃʃaʃ]
হতাহত (নিহত ও আহত) হতাহতো/হতাহোতো [ɦɔtaɦɔtò/ɦɔtaɦòtò]
হতে (হইতে) হোতে [ɦòte]
হতোদ্যম (হতাশ) হতোদ্দম্ [ʃɔtoddɔm]
হত্যা (নিধন, বধ) হোৎতা [ɦòtta] **হত্যাকাণ্ড** ~কান্ডো [~kanḍò] **হত্যাকারী** ~কারি [~kari]
হদিস (সন্ধান ; খোঁজ) হোদিশ্ [ɦòdiʃ]

হদ্দ (সীমা ; চরম) হদ্‌দো [ɦɔddò] **হদ্দমুদ্দ** (চরম) ~মুদ্‌দো [~muddò]
হনন (হত্যা) হনোন্ [ɦɔnòn]
হনহন (দ্রুতবেগে চলার ভাব) হন্‌হন্ [ɦɔnɦɔn] **হনহনিয়ে** হন্‌হোনিয়ে [ɦɔnɦònie]
হনু (চোয়াল ; হনুমান) হোনু [ɦònu] **হনুমান** ~মান্ [~man]
হন্তদন্ত (অতিব্যস্ত ও ব্যাকুল) হন্‌তোদন্‌তো [ɦɔntòdɔntò]
হন্তব্য (বধের যোগ্য) হন্‌তোব্‌বো [ɦɔntòbbò]
হন্তা (হত্যাকারী) হন্‌তা [ɦɔnta] **হন্তারক** (হত্যাকারী) ~রক্/~রোক্ [~rɔk/~ròk] **হন্ত্রী** (হত্যাকারিণী) হোন্‌ত্রি [ɦòntri]
হন্দর (ওজনের পরিমাণবিশেষ) হন্‌দোর্ [ɦɔndòr]
হন্যমান (নিহত হচ্ছে এমন) হোন্‌নোমান্ [ɦònnòman]
হন্যে (ব্যাকুলভাবে ধাবমান) হোন্‌নে [ɦònne]
হপ্তা (সপ্তাহ) হপ্‌তা [ɦɔpta]
হবিষ্য (যজ্ঞ বা পূজার ঘৃতান্ন) হোবিশ্‌শো [ɦòbiʃʃò]
হবু (ভাবী, যা হবে) হোবু [ɦòbu]
হবুচন্দ্র (গল্পের বোকা রাজা) হোবুচন্‌দ্রো [ɦòbucʃɔndrò]
হম্বিতম্বি (তর্জন ; আস্ফালন) হোম্‌বিতোম্‌বি [ɦòmbitòmbi]
হয়[১] (বিদ্যমান থাকে ; ঘটে) হয়্ [ɦɔ:ĕ]
হয়[২] (ঘোড়া) হয়্ [ɦɔ:ĕ]
হয়তো, হয়ত (সম্ভবত) হয়্‌তো [ɦɔĕto]
হয়রান, হয়রাণ (নাকাল) হয়্‌রান্ [ɦɔĕran] **হয়রানি** হয়্‌রানি [ɦɔĕrani]
হর[১] (শিব ; বিভাজক অঙ্ক) হর্ [ɦɔ:r] **হরগৌরী** হরোগৌরি [ɦɔrògoŭri] **হরপার্বতী** হরোপার্‌বোতি [ɦɔròpar(b)bòti]
হর[২] (প্রত্যেক) হর্ [ɦɔ:r] **হরদম** (প্রায়ই) ~দোম্ [~dòm] **হরবোলা** (পশুপাখির ডাক নকল করতে পারে এমন) ~বোলা [~bola]
হরকত, হরকৎ (বাধা) হর্‌কৎ [ɦɔrkɔt]
হরকরা (ডাকপিয়ন) হর্‌করা [ɦɔrkɔra]
হরণ (চুরি ; মোচন) হরোন্ [ɦɔròn]
হরতন (তাসের রং-বিশেষ) হর্‌তোন্ [ɦɔrtòn]
হরতাল (ধর্মঘট ; কর্মবিরতি) হর্‌তাল্ [ɦɔrtal]
হরদম হর[২] দ্র
হরফ (বর্ণমালার অক্ষর) হরোফ্ [ɦɔròp(h)]
হরবোলা হর[২] দ্র
হরষ (আনন্দ, হর্ষ) হরোশ্ [ɦɔròʃ] **হরষিত** হরোশিতো [ɦɔròʃitò]
হরি (নারায়ণ ; বিষ্ণু) হোরি [ɦòri] **হরিনাম** ~নাম্ [~nam] **হরিপ্রিয়া** ~প্‌প্রিয়া [~ppria] **হরিবোল** ~বোল্ [~bol] **হরিভক্তি** ~ভোক্‌তি [~bɦòkti] **হরিহর** ~হর্ [~ɦɔr] **হরিহরাত্মা** (অভিন্নহৃদয়) ~হরাৎতাঁ/~হরাঁৎতা [~ɦɔrattã/~ɦɔrãtta]
হরিণ (মৃগ) হোরিন্ [ɦòrin]
হরিৎ (সবুজ বর্ণ) হোরিৎ [ɦòrit]
হরিতাল (বিষাক্ত ধাতব পদার্থবিশেষ ; হরিয়াল পাখি) হোরিতাল্ [ɦòrital]
'হরিদ্বার' (বিখ্যাত হিন্দু তীর্থ) হোরিদ্‌দার্ [ɦòriddar]
হরিদ্রা (মসলা হিসাবে ব্যবহৃত হলুদ) হোরিদ্‌দ্রা [ɦòriddra]
'হরিপাল' হোরিপাল্ [ɦòripal]
'হরিশ্চন্দ্র' (পৌরাণিক রাজাবিশেষ) হোরিশ্‌চন্‌দ্রো [ɦòriʃcʃɔndrò]
হরীতকী (কষায় ফলবিশেষ) হোরিতোকি [ɦòritòki]
হরেক (নানান রকম) হরেক্ [ɦɔrek]
হরেদরে (মোটামুটি) হরেদরে [ɦɔredɔre]
হর্তা (হরণকর্তা) হর্‌তা [ɦɔr(t)ta] **হর্তাকর্তা** ~কর্‌তা [~kɔr(t)ta] **হর্তা-কর্তা-বিধাতা** (সর্বোচ্চ ক্ষমতার অধিকারী) ~কর্‌তাবিধাতা [~kɔr(t)tabidɦata]
হর্ম্য (অট্টালিকা) হোর্‌মো [ɦòr(m)mò]
হর্ষ (আনন্দ) হর্‌শো [ɦɔr(ʃ)ʃò]
হল[১] (হইল) হোলো [ɦòlò]
হল[২] (লাঙল) হল্ [ɦɔ:l] **হলকর্ষণ** (লাঙল দিয়ে চাষ) হলোকর্‌শোন্ [ɦɔlòkɔr(ʃ)ʃòn] **হলধর** হলোধর্ [ɦɔlòdɦɔr] **হলায়ুধ** (বলরাম) হলায়ুধ্ [ɦɔlaĕud(ɦ)]
হলকা (গরম প্রবাহ) হল্‌কা [ɦɔlka]

হলদি (হলুদ) হোল্‌দি [ɦòldi]

হলধর হল¹ দ্র

হলন্ত (হসন্ত, ব্যঞ্জনান্ত) হলোন্‌তো [ɦɔlòntò]

হলফ (শপথ, দিব্যি) হলোফ্ [ɦɔlòp(h)]

হলহলে (ঢিলা, আলগা) হল্‌হোলে [ɦɔlɦòle]

হলাহল (বিষ) হলাহল্ [ɦɔlaɦɔl]

হলুদ (পীতবর্ণের কন্দবিশেষ, হরিদ্রা ; পীত) হোলুদ্ [ɦòlud]

হল্লা (গোলমাল) হল্‌লা [ɦɔlla]

হসন্ত (হস্-চিহ্ন শেষে আছে এমন) হশোন্‌তো [ɦɔʃòntò]

হসন্তিকা (অগ্নিপাত্র) হশোন্‌তিকা [ɦɔʃòntika]

হস্-চিহ্ন (হসন্ত-চিহ্ন) হশ্‌চিন্‌নহো [ɦɔʃcʃinn(ɦ)ò]

হস্ত (হাত) হস্‌তো [ɦɔstò] **হস্তক্ষেপ** ~ক্‌খেপ্ [~kkhep] **হস্তগত**~গতো [~gɔtò] **হস্তচ্যুত**~চ্চুতো [~ccʃutò] **হস্তরেখা** ~রেখা [~rekha] **হস্তলাঘব** (হাতসাফাই) ~লাঘোব্ [~lagɦòb] **হস্তলিপি** ~লিপি[~lipi] **হস্তাক্ষর**হস্‌তাক্‌খোর্[ɦɔstakkhòr] **হস্তান্তর** (হাতবদল) হস্‌তান্‌তর্ [ɦɔstantɔr] **হস্তান্তরিত** হস্‌তান্‌তোরিতো [ɦɔstantòritò] **হস্তাবলেপ** (হাত বুলানো) হস্‌তাবোলেপ্ [ɦɔstabòlep]

হস্তবুদ (হিসাব ; জমাবন্দি) হস্‌তোবুদ্ [ɦɔstòbud]

'হস্তিনাপুর' (কৌরবদের রাজধানী) হোস্‌তিনাপুর্ [ɦòstinapur]

হস্তী (হাতি) হোস্‌তি [ɦòsti] **হস্তিদন্ত** ~দন্‌তো [~dɔntò] **হস্তিনী** ~নি [~ni] **হস্তিমূর্খ** (আকাট মূর্খ) ~মুর্‌খো [~mur(k)khò]

হাউই (ঊর্ধ্বগামী আতশবাজিবিশেষ) হাউই্ [ɦaui̯]

হাউস (শখ) হাউশ্ [ɦauʃ]

হাওড় (বিল, জলময় স্থান) হাওড়্ [ɦaoṛ]

'হাওড়া' (পশ্চিমবঙ্গের শহরবিশেষ) হাও্ড়া [ɦaŏṛa]

হাওদা (হাতির পিঠের আসন) হাও্দা [ɦaŏda]

হাওয়া (বাতাস) হাও্আ [ɦaŏa] **হাওয়াগাড়ি** (মোটরগাড়ি) ~গাড়ি [~gaṛi]

হাওলা (জিম্মা, তত্ত্বাবধান) হাও্লা [ɦaŏla]

হাওলাত (ধার, কর্জ) হাও্লাৎ [ɦaŏlat]

হাঁক (জোরে ডাক) হাঁক্ [ɦã:k] **হাঁকডাক** ~ডাক্ [~ḍak]

হাঁকপাঁক (অত্যন্ত ব্যস্ততা বা আগ্রহ প্রকাশ) হাঁক্‌পাঁক্ [ɦãkpãk]

হাঁকানো (তাড়ানো, চালানো) হাঁকানো [ɦãkano]

হাঁকাহাঁকি (ডাকাডাকি) হাঁকাহাঁকি [ɦãkaɦãki]

হাঁচা (sneeze) হাঁচা [ɦãcʃa] **হাঁচি** হাঁচি [ɦãcʃi]

হাঁটা (পায়ে চলা) হাঁটা [ɦãṭa] **হাঁটত** হাঁট্‌তো [ɦãṭṭò] **হাঁটবে** হাঁট্‌বে [ɦãṭbe] **হাঁটল** হাঁট্‌লো [ɦãṭlò]

হাঁটু (জানু) হাঁটু [ɦãṭu] **হাঁটুজল** (হাঁটু পর্যন্ত জল) ~জল্ [~ɟʒɔl]

হাঁড়ি (পাত্রবিশেষ) হাঁড়ি [ɦãṛi] **হাঁড়িকুড়ি** ~কুড়ি [~kuṛi]

হাঁড়িচাঁচা (পাখিবিশেষ) হাঁড়িচাঁচা [ɦãṛicʃãcʃa]

হাঁদা (বোকা) হাঁদা [ɦãda] **হাঁদারাম**~রাম্ [~ram]

হাঁপানি (রোগবিশেষ ; asthma) হাঁপানি [ɦãpani]

হাঁপানো (ভয় উত্তেজনা ক্লান্তি প্রভৃতির জন্য দ্রুত নিশ্বাস) হাঁপানো [ɦãpano]

হাঁস (হংস) হাঁশ্ [ɦã:ʃ] **হাঁসকল** ~কল্ [~kɔl]

হাঁসফাঁস (অতি কষ্টে শ্বাস গ্রহণ ও ত্যাগ) হাঁশ্‌ফাঁশ্ [ɦãʃphãʃ]

হাঁসুলি (অলংকারবিশেষ) হাঁশুলি [ɦãʃuli]

হাকিম (বিচারক ; মুসলমান চিকিৎসকবিশেষ) হাকিম্ [ɦakim] **হাকিমি** হাকিমি [ɦakimi]

হাগা (মলত্যাগ করা) হাগা [ɦaga]

হাঘরে (যার ঘরে হাহাকার ; দীনহীন) হাঘোরে [ɦagɦòre]

হাঙর, হাঙ্গর (হিংস্র সামুদ্রিক জন্তুবিশেষ, shark) হাঙোর্ [ɦaŋòr]

হাঙ্গাম (ঝামেলা ; উৎপাত) হাংগাম্ [ɦaŋgam] **হাঙ্গামা** হাংগামা [ɦaŋgama]

হাজত (কারাগার) হাজোৎ [ɦaɟʒòt]

হাজরি (হাজিরা ; ভোজন) হাজ্‌রি [ɦaɟʒri]

হাজা (জলে ভিজে নষ্ট হওয়া ; চর্মরোগবিশেষ) হাজা [ɦaɟʒa]

হাজার (সহস্র, দশ শত) হাজার্ [ɦaɟʒar] **হাজারি, হাজারী** হাজারি [ɦaɟʒari]

হাজি (যিনি হজ করেছেন ; পুণ্যবান) হাজি [ɦaɟʒi]

হাজির (উপস্থিত) হাজির্ [ɦaɟɟir] **হাজিরা** (উপস্থিতি) হাজিরা [ɦaɟɟira]

হাট (অস্থায়ী ও নির্দিষ্ট দিনের বাজারবিশেষ) হাট্ [ɦa:ʈ] **হাটবার** ~বার্/হাড্‌বার্ [~bar/ɦaɖbar] **হাটহদ্দ** (খবর, খবরাখবর) ~হদ্‌দো [~ɦɔddò]

হাটুরে (হাটের ক্রেতা বা বিক্রেতা) হাটুরে [ɦaʈure]

হাড্ডাহাড্ডি (জোর, তীব্র) হাড্‌ডাহাড্‌ডি [ɦaɖɖaɦaɖɖi]

হাড্ডি (হাড়) হাড্‌ডি [ɦaɖɖi] **হাড্ডিসার** ~শার্ [~ʃar]

হাড় (অস্থি, bone) হাড়্ [ɦa:ɽ] **হাড়কৃপণ** ~ক্রিপোন্ [~kripòn] **হাড়গোড়** ~গোড়্ [~goɽ] **হাড়জ্বালানো** (অত্যন্ত জ্বালাতন করে এমন) ~জালানো [~ɟɟalano] **হাড়ভাঙা** (অতি পরিশ্রমসাধ্য) ~ভাঙা [~bɦaŋa] **হাড়-মাস** ~মাশ্ [~maʃ] **হাড়-হদ্দ** (সম্পূর্ণ, আগা গোড়া) ~হদ্‌দো [~ɦɔddò]

হাড়গিলা (পাখিবিশেষ) হাড়্‌গিলা [~ɦaɽgila] **হাড়গিলে** ~হাড়্‌গিলে [~ɦaɽgile]

হাড়ি, হাড়ী (অনুন্নত হিন্দু সম্প্রদায়বিশেষ) হাড়ি [ɦaɽi]

হাড়িকাঠ (যূপকাষ্ঠ) হাড়িকাট্/হাড়িকাঠ্ [ɦaɽikaʈ(h)]

হাত (হস্ত) হাৎ [ɦa:t] **হাতকড়া** ~কড়া [~kɔɽa] **হাতকড়ি** (handcuffs) ~কোড়ি [~kòɽi] **হাতখরচ** ~খরোচ্ [~khɔròcʃ] **হাতখরচা** ~খরচা [~khɔrcʃa] **হাতঘড়ি** ~ঘোড়ি [~gɦòɽi] **হাতছাড়া** ~ছাড়া [~cʃhaɽa] **হাতছানি** (হাত দিয়ে ইশারা) ~ছানি [~cʃhani] **হাতটান** (চুরির অভ্যাস) ~টান্ [~ʈan] **হাততালি** ~তালি [~tali] **হাতবদল** ~বদোল্/হাদ্‌বদোল্ [~bɔdòl/ɦadbɔdòl] **হাতযশ** (নামডাক, খ্যাতি) ~জশ্ [~ɟɟɔʃ] **হাতসাফাই** ~সাফাই [~saphai]

হাতড়ানো (হাত বুলিয়ে বুলিয়ে খোঁজা) হাৎড়ানো [ɦatɽano]

হাতল (হাত দিয়ে ধরবার কড়া, আংটা ইত্যাদি ; handle) হাতোল্ [ɦatòl]

হাতা (এলাকা ; বড় চামচ) হাতা [ɦata]

হাতানো (হস্তগত করা) হাতানো [ɦatano]

হাতাহাতি (হাত দিয়ে মারামারি) হাতাহাতি [ɦataɦati]

হাতি (হস্তি) হাতি [ɦati]

হাতিয়ার (অস্ত্র) হাতিয়ার্ [ɦatiar]

হাতুড়ি (শক্ত জিনিস ভাঙবার হাত-যন্ত্রবিশেষ, hammer) হাতুড়ি [ɦatuɽi]

হাতুড়ে (অশিক্ষিত ; আনাড়ি) হাতুড়ে [ɦatuɽe]

হানা (আঘাত করা, নিক্ষেপ করা ; আক্রান্ত) হানা [ɦana] **হানাদার** ~দার্ [~dar] **হানাবাড়ি** (ভুতুড়ে বাড়ি) ~বাড়ি [~baɽi] **হানাহানি** (মারামারি) ~হানি [~ɦani]

হানি (নাশ ; ক্ষতি) হানি [ɦani]

হাপর (ধাতু গলাবার চুল্লিবিশেষ) হাপোর্ [ɦapòr]

হাপিত্যেশ (আকুল প্রত্যাশা) হাপিৎতেশ্ [ɦapitteʃ]

হাপুস (হাপ-হুপ শব্দবিশেষ ; অশ্রুপূর্ণ) হাপুশ্ [ɦapuʃ] **হাপুসনয়ন** ~নয়োন্ [~nɔĕòn]

হাফ (আধাআধি ; অর্ধেক half) হাফ্ [ɦa:p(h)] **হাফ-আখড়াই** (প্রাচীন বাংলা গানবিশেষ বা তার আসর) ~আখ্‌ড়াই [~ak(h)ɽai] **হাফ-গেরস্ত** (গৃহস্থের মতো জীবনযাপনকারী বেশ্যা) ~গেরোস্‌তো [~geròstò]

হাবড়া[১] (অকর্মণ্য) হাব্‌ড়া [ɦabɽa]

'হাবড়া'[২] (উত্তর চব্বিশ পরগনার শহরবিশেষ) হাব্‌ড়া [ɦabɽa]

হাবভাব (ভাবভঙ্গি ; রকমসকম) হাব্‌ভাব্ [ɦabbɦab]

হাবশি, হাবসি (কাফরি, নিগ্রো) হাব্‌শি [ɦabʃi]

হাবা (বোবা ; বোকা) হাবা [ɦaba] **হাবাগোবা** ~গোবা [~goba]

হাবিজাবি (আজেবাজে জিনিস) হাবিজাবি [ɦabiɟɟabi]

হাবিলদার (সিপাইদের নায়ক) হাবিল্‌দার্ [ɦabildar]

হাবুডুবু (জলে অসহায়ভাবে ডোবা-ওঠা) হাবুডুবু [ɦabuɖubu]

হাবেলি (পাকা বাড়ি ; বাসগৃহ) হাবেলি [ɦabeli]

হাভাত (অন্নহীন অবস্থা ; দীনদরিদ্র ব্যক্তি) হাভাৎ [ɦabɦat] **হাভাতে** (ভাতের জন্য হাহাকার করে এমন ; অতি লোভী) হাভাতে [ɦabɦate]

হাম (মিলমিলে রোগ, measles) হাম্ [ɦa:m]

হামবড়া (অহংকারী) হাম্‌বড়া [ɦambɔṛa]
হামলা (আক্রমণ ; চড়াও) হাম্‌লা [ɦamla]
হামা (হাঁটু ও হাতের চেটো দিয়ে চলা) হামা [ɦama] **হামাগুড়ি** ~গুড়ি [~guṛi]
হামানদিস্তা (দ্রব্যাদি পিটিয়ে গুঁড়ো করার যন্ত্রবিশেষ, mortar and pestle) হামান্‌দিস্‌তা [ɦamandista]
হামেশা (প্রায়ই ; হরদম) হামেশা ɦameʃa]
হাম্বির (সংগীতের রাগবিশেষ) হাম্‌বির্‌ [ɦambir]
হায় (খেদসূচক ধ্বনিবিশেষ) হায়্‌ [ɦa:ĕ]
হায়া (লজ্জা) হায়া [ɦaĕa]
হার (কণ্ঠভূষণবিশেষ ; দর, অনুপাত, পরাজয়) হার্‌ [ɦa:r]
হারজিৎ (জয়-পরাজয়) হার্‌জিৎ [ɦarɟʒit]
হারমোনিয়াম (অর্গ্যানজাতীয় বাদ্যযন্ত্রবিশেষ) হার্‌মোনিয়াম্‌ [ɦarmoniam]
হারা (পরাজিত হওয়া) হারা [ɦara] **হারাহারি** ~হারি [~ɦari]
হারাম (অবৈধ ; অপবিত্র) হারাম্‌[ɦaram] **হারামজাদা** ~জাদা [~ɟʒada] **হারামজাদী** ~জাদি [~ɟʒadi]
হারিকেন (লণ্ঠনবিশেষ ; hurricane lantern) হারিকেন্‌ [ɦariken]
হারিত[১] (পরাজিত) হারিতো [ɦaritò]
হারিত[২] (সবুজ রঙের) হারিৎ [ɦarit]
হারীত (শুকপাখি ; মুনিবিশেষ) হারিৎ [ɦarit]
হারেম (অন্দরমহল) হারেম্‌ [ɦarem]
হার্দ, হার্দ্য (আন্তরিক) হার্‌দো [ɦar(d)dò]
হার্দিক (স্নেহযুক্ত) হার্‌দিক্‌ [ɦar(d)dik]
হাল[১] (লাঙল ; নৌকার কর্ণ) হাল্‌ [ɦa:l]
হাল[২] (অবস্থা ; বর্তমান ; নতুন) হাল্‌ [ɦa:l] **হালখাতা** (নতুন খাতা) ~খাতা [~khata] **হালচাল** ~চাল্‌ [~cʃal] **হালহদিস** (হালচাল ; খোঁজ-খবর) ~হোদিশ্‌ [~ɦòdiʃ]
হালকা (লঘু ; আলতো) হাল্‌কা [ɦalka]
হালখাতা, হালচাল, হালহদিস হাল[২] দ্র
হালফিল (সম্প্রতি) হাল্‌ফিল্‌ [ɦalphil]
হালাল (বৈধ, পবিত্র ; জবাই) হালাল্‌ [ɦalal]
'হালিশহর' হালিশহোর্‌ [ɦaliʃɔɦòr]
হালুইকর (ময়রা) হালুই্‌কর্‌ [ɦaluĭkɔr]
হালুম (বাঘের ডাক) হালুম্‌ [ɦalum]
হালুয়া (সুজি দিয়ে তৈরি খাবারবিশেষ) হালুআ [ɦalua]
'হাসনাবাদ' হাশ্‌নাবাদ্‌ [ɦaʃnabad]
হাসনুহানা (সুগন্ধ ফুলবিশেষ) হাশ্‌নুহানা [ɦaʃnuɦana]
হাসপাতাল (চিকিৎসাগার) হাশ্‌পাতাল্‌ [ɦaʃpatal]
হাসা (হাস্য করা) হাশা [ɦaʃa] **হাসানো** ~নো [~no] **হাসাহাসি** ~হাশি [haʃi]
হাসি (হাস্য) হাশি [ɦaʃi] **হাসিখুশি** ~খুশি [~khuʃi] **হাসিঠাট্টা** (রঙ্গতামাশা) ~ঠাট্‌টা [~ṭhaṭṭa] **হাসিতামাশা** ~তামাশা [~tamaʃa] **হাসিমুখ** ~মুখ্‌ [~muk(h)]
হাসিল (পূর্ণ, সিদ্ধ) হাশিল্‌ [ɦaʃil]
হাস্য (হাসি) হাশ্‌শো [ɦaʃʃò] **হাস্যকর** ~কর্‌ [~kɔr] **হাস্যকৌতুক** ~কৌতুক্‌ [~koŭtuk] **হাস্যপরিহাস** ~পোরিহাশ্‌ [~pòriɦaʃ] **হাস্যরস** ~রশ্‌[~rɔʃ] **হাস্যাস্পদ** হাশ্‌শাশ্‌পদো/হাশ্‌শাশ্‌পদ্‌ [ɦaʃʃaʃpɔdò/ɦaʃʃaʃpɔd]
হাহাকার (বিলাপধ্বনি) হাহাকার্‌ [ɦaɦakar]
হিংসক (হিংসাকারী ; হিংস্র) হিংশক্‌/হিংশোক্‌ [ɦaŋʃɔk/ɦiŋʃòk]
হিংসা (ঈর্ষা ; বধ, হনন) হিংশা [ɦiŋʃa] **হিংসাত্মক** ~ৎতঁক্‌/~ৎতোঁক্‌ [~ttɔ̃k/~ttõk] **হিংসাশ্রয়ী** ~স্স্রোই [~ssròi]
হিংসুক (ঈর্ষাকাতর) হিংশুক্‌ [ɦiŋʃuk]
হিংসুটে (ঈর্ষাকাতর) হিংশুটে [ɦiŋʃuṭe]
হিংস্র (হিংসাকারী) হিংস্রো [ɦiŋsrò] **হিংস্রতা** ~তা [~ta]
হিকমত (ক্ষমতা) হিক্‌মৎ [ɦikmɔt]
হিক্কা (হেঁচকি ; hiccup) হিক্‌কা [ɦikka]
হিঙুল (পারদ ও গন্ধক মিশ্রিত পদার্থবিশেষ) হিংগুল্‌ [ɦiŋgul]
হিজড়া (নপুংসক) হিজ্‌ড়া [ɦiɟʒṛa] **হিজড়ে** হিজ্‌ড়ে [ɦiɟʒṛe]
হিজরি (অব্দবিশেষ) হিজ্‌রি [ɦiɟʒri]
হিজল (গাছবিশেষ) হিজোল্‌/হিজল্‌ [ɦiɟʒòl/ɦiɟʒɔl]

হিজিবিজি (অর্থহীন, অবোধ্য) হিজিবিজি [ɦiɟʒi-biɟʒi]

হিড়িক (হুজুগ) হিড়িক্ [ɦiṛik]

হিত (উপকার ; কল্যাণ) হিতো/হিৎ [ɦitò/ɦi:t] **হিতকর** হিতোকর্ [ɦitòkɔr] **হিতকারী** হিতোকারি [ɦitòkari] **হিতবাদী** (সদুপদেশ দেয় এমন) হিতোবাদি [ɦitòbadi] **হিতাকাঙ্ক্ষী** হিতাকাংখি [ɦitakaŋkhi] **হিতাহিত** হিতাহিৎ [ɦitaɦit] **হিতৈষণা** (কল্যাণ করার ইচ্ছা) হিতৈশনা [ɦitoiʃɔna] **হিতৈষী** হিতৈশি [ɦitoiʃi] **হিতোপদেশ** (কল্যাণকর উপদেশ) হিতোপোদেশ্ [ɦitopòdeʃ]

হিন্দি, হিন্দী (ভাষাবিশেষ) হিন্দি [ɦindi]

হিন্দু (ভারতের বেদাশ্রিত সনাতন ধর্ম বা জাতি) হিন্দু [ɦindu] **হিন্দুধর্ম** ~ধরমো [~dɦɔr(m)mò] **হিন্দুয়ানা** (হিন্দুসুলভ আচরণ) ~আনা [~ana] **হিন্দুস্থান** (ভারত) ~স্থান্ [~sthan] **হিন্দুস্থানি** (হিন্দুস্থানের অধিবাসী ; উর্দুমিশ্রিত হিন্দিভাষা) ~স্থানি [~sthani]

'হিন্দুকুশ' (পর্বতবিশেষ) হিন্দুকুশ্ [ɦindukuʃ]

'হিন্দোল' (সংগীতের রাগবিশেষ ; ঝুলনযাত্রা) হিন্দোল্ [ɦindol]

হিব্রু (ইহুদিজাতি ; তাদের ভাষা) হিব্রু [ɦibbru]

হিম (শীতঋতু ; শীতল ; তুষার) হিম্ [ɦi:m] **হিমগিরি** (হিমালয়) হিমোগিরি [ɦimògiri] **হিমবাহ** (glacier) হিমোবাহো [ɦimòbaɦò] **হিমরেখা** (snow-line) হিমোরেখা [ɦimòrekha] **হিমশীতল** ~শিতোল্/~শিতল্ [~ʃitòl/~ʃitɔl] **হিমশৈল** হিমোশৈলো [ɦimòʃoĭlò] **হিমাংশু** (চাঁদ) হিমাংশু [ɦimaŋʃu] **হিমাচল** হিমাচল্ [ɦimacʃɔl] **হিমাদ্রি** হিমাদ্দ্রি [ɦimaddri] **হিমানী** (বরফ, তুষার) হিমানি [ɦimani] **'হিমালয়'** হিমালয় [ɦimalɔĕ] **হিমেল** (অতি ঠাণ্ডা) হিমেল্ [ɦimel]

হিমশিম (নাজেহাল) হিম্শিম্ [ɦimʃim]

হিম্মত, হিম্মৎ (ক্ষমতা ; সাহস) হিম্মৎ [ɦimmɔt]

হিয়া (হৃদয়) হিয়া [ɦia]

হিরণ (স্বর্ণ) হিরন্/হিরোন্ [ɦirɔn/ɦiròn]

হিরণ্ময় (স্বর্ণনির্মিত) হিরোন্ময়/হিরন্ময় [ɦiròn-mɔĕ/ɦirɔnmɔĕ]

হিরণ্য (স্বর্ণ) হিরোন্নো [ɦirònnò]

'হিরণ্যকশিপু' (দৈত্যরাজবিশেষ) হিরোন্নোকোশিপু [ɦirònnòkòʃipu]

হিরাকস (লোহার উপরসবিশেষ ; iron sulphate) হিরাকশ্ [ɦirakɔʃ]

হিল্লে (উপায় ; গতি) হিল্লে [ɦille]

হিল্লোল (তরঙ্গ) হিল্লোল্ [ɦillol] **হিল্লোলিত** হিল্লোলিতো [ɦillolitò]

হিসাব (গণনা ; জমাখরচ নির্ধারণ) হিশাব্ [ɦiʃab]

হিসেব (হিসাব) হিশেব্ [ɦiʃeb] **হিসেবি, হিসেবী** (হিসাব করে চলে এমন) হিশেবি [ɦiʃebi]

হিস্যা, হিস্সা (বখরা ; প্রাপ্য ভাগ) হিশ্শা [ɦiʃʃa]

হীন (বিরহিত, শূন্য ; নীচ ; দুর্দশাগ্রস্ত) হিন্ [ɦi:n] **হীনতা** হিনোতা [ɦinòta] **হীনবল** হিনোবল্ [ɦinòbɔl] **হীনমন্যতা** (নিজের সম্পর্কে হীনতা বোধ) হিনোমোন্নোতা [ɦinòmònnòta] **হীনযান** (বৌদ্ধধর্মের প্রাচীন শাখাবিশেষ) হিনোজান্ [ɦinòɟʒan]

হীরক (বহুমূল্য রত্নবিশেষ ;diamond) হিরক্ [ɦirɔk] **হীরকজয়ন্তী** (ষাট বৎসর পূর্ণ হওয়ার উৎসব) ~জয়োন্তি [~ɟʒɔĕònti]

হীরা (হীরক) হিরা [ɦira] **হীরে, হিরে** হিরে [ɦire]

হীরামন (রূপকথার পাখিবিশেষ) হিরামোন্ [ɦiramòn]

হুংকার, হুঙ্কার (গর্জন) হুংকার্ [ɦuŋkar]

হুঁকো (তামাক সেবনের যন্ত্রবিশেষ) হুঁকো [ɦũko]

হুঁশ (চেতনা) হুঁশ্ [ɦũ:ʃ] **হুঁশিয়ার** হুঁশিয়ার্ [ɦũʃiar]

হুকুম (আদেশ) হুকুম্ [ɦukum]

'হুগলি' হুগ্লি [ɦugli]

হুজুগ (ব্যাপক মাতামাতি) হুজুগ্ [ɦuɟʒug]

হুজুর (সম্মানসূচক সম্বোধন) হুজুর্ [ɦuɟʒur]

হুজ্জত (কলহ) হুজ্জৎ/হুজ্জোৎ [ɦuɟɟʒɔt/ɦuɟɟʒòt] **হুজ্জতি** হুজ্জোতি [ɦuɟɟʒòti]

হুটোপাটি (লাফালাফি ও গোলমাল) হুটোপাটি [ɦuṭopaṭi]

হুড়কো (দরজার খিল) হুড়্কো [ɦuṛko]

হুড়মুড় (ভিড় ঠেলে দ্রুত প্রবেশ) হুড়মুড় [ɦuṛmuṛ]

হুতাগ্নি (হোমের আগুন) হুতাগ্নি [ɦutagni]
হুতাশ (হতাশার ভাব) হুতাশ্ [ɦutaʃ]
হুতাশন (আগুন ; হোমাগ্নি) হুতাশন্/হুতাশোন্ [ɦutaʃɔn/ɦutaʃòn]
হুতোম (প্যাঁচাবিশেষ) হুতোম্ [ɦutom]
হুপো (পাখিবিশেষ) হুপো [ɦupo]
হুবহু (অবিকল) হুবোহু [ɦubòɦu]
হুমকি (ধমক ; ভয়প্রদর্শন) হুম্‌কি [ɦumki]
হুমড়ি (উপুড়) হুম্‌ড়ি [ɦumṛi]
হুলস্থুল (তুমুল কাণ্ড) হুলোস্‌থুল্ [ɦulòsthul]
হুলো (পুরুষ বিড়াল) হুলো [ɦulo]
হুলিয়া (গ্রেপ্তারি পরোয়ানা) হুলিয়া [ɦulia]
হুল্লোড় (দলবেঁধে হইহই) হুল্‌লোড় [ɦullor̤]
হুশিয়ার, হুঁশিয়ার হুঁশ দ্র
হুন, হুণ (প্রাচীন জাতিবিশেষ) হুন্ [ɦu:n]
হৃত (অপহৃত) রিহিতো/রিতো [r(ɦ)itò/ritò] **হৃতসর্বস্ব** (যার সর্বস্ব খোয়া গেছে) ~শর্‌বোশ্‌শো [~ʃɔr(b)bòʃʃò]
হৃৎকমল (হৃদয়রূপ পদ্ম) রিহিৎকমোল্ [r(ɦ)itkɔmòl]
হৃৎকম্প (ভয়হেতু হৃৎপিণ্ডের কম্পন) রিহিৎকম্‌পো [r(ɦ)itkɔmpò]
হৃৎপিণ্ড (heart) রিহিৎপিন্‌ডো [r(ɦ)itpinḍò]
হৃদয় (বক্ষঃস্থল ; মন) রিহিদয় [r(ɦ)idɔĕ] **হৃদয়গ্রাহী** (চিত্তাকর্ষক) ~গ্রাহি/রিহিদয়োগ্‌গ্রাহি [~graɦi/r(ɦ)idɔĕòggraɦi] **হৃদয়ঙ্গম** (বোধগম্য) রিহিদয়ংগম্ [r(ɦ)idɔĕɔŋgɔm] **হৃদয়বান** ~বান্ [~ban] **হৃদয়হীন** ~হিন্ [~ɦin] **হৃদয়াবেগ** (অন্তরের আবেগ) রিহিদয়াবেগ্ [r(ɦ)idɔĕabeg] **হৃদয়েশ** (প্রাণেশ্বর, স্বামী ; প্রভু) রিহিদএশ্ [r(ɦ)idɔeʃ]
হৃদি (হৃদয়) রিহিদি/রিদি [r(ɦ)idi/ridi]
হৃদ্য (প্রিয়) রিহিদ্‌দো [r(ɦ)iddò] **হৃদ্যতা** ~তা [~ta]
হৃষীকেশ (বিষ্ণু) রিহিশিকেশ্ [r(ɦ)iʃikeʃ]
হৃষ্ট (আনন্দিত) রিহিষ্‌টো [r(ɦ)iʃṭò]
হেঁচকা, হ্যাঁচকা (হঠাৎ টান) হ্যাঁচ্‌কা [ɦæ̃cʃka]
হেঁচকি (হিক্কা) হেঁচ্‌কি [ɦẽcʃki]
হেঁজিপেঁজি (তুচ্ছ) হেঁজিপেঁজি [ɦẽɟʒipẽɟʒi]
হেঁট (নত, অবনত) হেঁট্ [ɦe:ṭ]
হেঁড়ে (কর্কশ ও মোটা) হেঁড়ে [ɦẽr̤e]
হেঁয়ালি (ধাঁধা) হেঁআলি [ɦẽali]
হেঁশেল, হেঁসেল (রান্নাঘর) হেঁশেল্ [ɦẽʃel]
'হেতমপুর' হেতোম্‌পুর্ [ɦetòmpur]
হেতু (কারণ) হেতু [ɦetu]
হেত্বাভাস (ভুলতর্ক, কুতর্ক) হেৎতাভাশ্ [ɦet-tabɦaʃ]
হেথা (এখানে) হেথা [ɦetha] **হেথায়** ~য় [~ĕ]
হেন (এমন) হ্যানো [ɦænò]
হেনস্তা (নাকাল) হ্যানোস্‌তা [ɦænòsta]
হেনা (মেহেদি গাছ) হেনা [ɦena]
হেফাজত (দায়িত্ব) হেফাজৎ [ɦep(h)aɟʒɔt]
হেম (সুবর্ণ) হেম্ [ɦe:m] **হেমকান্তি** (স্বর্ণের কান্তিযুক্ত) হেমোকান্‌তি [ɦemòkanti] **হেমকূট** (সুমেরু পর্বত) হেমোকুট্ [ɦemòkuṭ] **হেমাঙ্গ** (স্বর্ণের কান্তিযুক্ত) হেমাংগো [ɦemaŋgò] **হেমাঙ্গিনী** হেমাংগিনি [ɦemaŋgini]
হেমন্ত (ঋতুবিশেষ) হেমোন্‌তো [ɦemòntò]
হেয় (অবজ্ঞেয়) হেও [ɦeò]
হেরফের (অদলবদল ; তফাত) হের্‌ফের্ [ɦer-pher]
'হেরম্ব' (গণেশ) হেরোম্‌বো [ɦeròmbò]
হেরা (দেখা) হ্যারা [ɦæra] **হের, হেরো** হ্যারো [ɦæro] **হেরেছ** হেরেছো [ɦerecʃhò]
হেলা[১] (ঝোঁকা, একদিকে নড়া) হ্যালা [ɦæla] **হেলন** হেলন্/হেলোন্ [ɦelɔn/ɦelòn]
হেলা[২] (অবজ্ঞা) হ্যালা [ɦæla] **হেলাফেলা** ~ফ্যালা [~phæla]
হেলেঞ্চা (শাকবিশেষ) হেলেন্‌চা/হ্যালেন্‌চা [ɦe-lencʃa/ɦælencʃa]
হেস্তনেস্ত (শেষ নিষ্পত্তি) হেস্‌তোনেস্‌তো/হ্যাস্‌তো-ন্যাস্‌তো [ɦestònestò/ɦæstònæstò]
হৈম (স্বর্ণময়) হৈমো [ɦoĭmò]
হৈমন্তিক (হেমন্তকালীন) হৈমোন্‌তিক্ [ɦoĭmòn-tik]
'হৈমবতী' (দুর্গা ; গঙ্গা ; শতদ্রু) হৈমোবোতি [ɦoĭmòbòti]
হোঁচট (চলতে চলতে হঠাৎ পায়ে ধাক্কা লাগা) হোঁচোট্ [ɦõcʃòṭ]

হোঁতকা (বিশ্রীরকম মোটা) হোঁৎকা [ɦõtka]
হোঁদলকুতকুত (ভুঁড়িওয়ালা ও ঘোর কালো) হোঁদোল্‌কুৎকুৎ [ɦõdòlkutkut]
হোগলা (জলাভূমিজাত উদ্ভিদবিশেষ) হোগ্‌লা [ɦogla]
হোতা (উদ্‌যোক্তা ; যজ্ঞকারী) হোতা [ɦota]
হোত্র (হোম) হোৎত্রো [ɦottrò]
হোত্রী (হোমকর্তা) হোৎত্রি [ɦottri]
হোম (ঘৃতাহুতি) হোম্ [ɦo:m] **হোমানল** (যজ্ঞের আগুন) হোমানল্ [ɦomanɔl]
হোমরাচোমরা (প্রতিপত্তিসম্পন্ন) হোম্‌রাচোম্‌রা [ɦomracʃomra]
হোলি (দোলখেলা) হোলি [ɦoli]
হ্যাংলা (লোভী) হ্যাংলা [ɦæŋla] **হ্যাংলাপনা** ~পনা/~পোনা [~pɔna/~pòna]
হ্যাঁচকা হেঁচকা দ্র
হ্রদ (চতুর্দিকে স্থলবেষ্টিত জলাশয়, lake) র্‌হদ্ [r(ɦ)ɔ:d]
হ্রস্ব (ছোট ; কম ; লঘু) র্‌হশ্‌শো [r(ɦ)ɔʃʃò]
হ্রাস (হ্রস্বতা) র্‌হাশ্ [r(ɦ)a:ʃ]
হ্রী (লজ্জা) র্‌হি [r(ɦ)i:]
হ্রেষা (ঘোড়ার ডাক) র্‌হেশা [r(ɦ)eʃa]
হ্লাদিত (আনন্দিত) ল্‌হাদিতো [l(ɦ)aditò]
হ্লাদিনী (আনন্দিতা) ল্‌হাদিনি [l(ɦ)adini]